PRESIDENCY ALUMNI ASSOCIATION

# AUTUMN ANNUAL

VOLUME XLVI 2017-2018

*Bicentennial Issue*



PRESIDENCY ALUMNI ASSOCIATION

# AUTUMN ANNUAL

VOLUME XLVI 2017-18

*Bicentennial Issue*

*The Autumn Annual is published once a year. Views expressed by the authors are their own and do not necessarily represent those of Presidency Alumni Association or members of its Executive Council or the Editorial Board. We invite members of the Association and alumni to contribute articles for the next issue.*

EDITOR-IN-CHIEF

*NABANEETA DEV SEN*

*an Addon production*
*www.addon.in.net*

*Published by*

*PRESIDENCY ALUMNI ASSOCIATION CALCUTTA, 86/1 COLLEGE STREET KOLKATA 700 073 INDIA*
*+91 33 2219 2391 | www.presidencyalumni.com | presi.alumni@gmail.com*

*Registered under the West Bengal Societies Registration Act 1961 Registration # S/63071 of 1989-90*

# CONTENTS
## Autumn Annual 2017-2018

1
Presidency Alumni Association
Office Bearers | Members of
the Executive Council | 2017-2018

2
Subcommittees

3
Bicentennial Celebration Committee

4
Past Presidents | Vice Presidents
Secretaries | Joint Secretaries

8
Former Editors-in-Chief & Editors

10
Endowment List of Presidency Alumni Association

11
Endowment List of Presidency College/University

15
সম্পাদকীয়। দুইশত হেমন্তের লিপি ২০১৮
নবনীতা দেব সেন

17
From the Secretary's Desk | Looking beyond
the Looks
Bivas Chaudhuri

20
গ্যালিলিও, নিউটন,আইনস্টাইন ও অভিকর্ষ-তরঙ্গ
গৌতম মণ্ডল

24
ব্যায়ামবীর বাঙালী
তরুণকুমার গোস্বামী

28
সিভিল সার্ভিস ও বিমুখ বাঙালি
অনিতা অগ্নিহোত্রী

31
উত্তর অয়নে বিবস্বান
মনোতোষ দাশগুপ্ত

36
Marxism, Socialist Economics and Development
Parimal K Brahma

39
ক্লান্ত-পাঠকের আত্মবীক্ষণ
যশোধরা রায়চৌধুরী

44
হরি হে মাধব... স্নান বা না-স্নানের ইতিবৃত্ত
দীপঙ্কর চৌধুরী

48
কোন অভিমুখে মিডিয়া?
দেবাশিস চক্রবর্তী

50
From the Archives...

51
Some eminent teachers...

52
Hindu College
Narendra Krishna Sinha

55
1817-1967
Subodhchandra Sen Gupta

58
পরলোকগত
অধ্যাপক মনোমোহন ঘোষের স্মৃতিসভায় সভাপতি
রবীন্দ্রনাথ ঠাকুরের অভিভাষণ
সুধেন্দুরঞ্জন রায়

60
সুশোভন সরকারের রবীন্দ্রচর্চা
নিত্যপ্রিয় ঘোষ

65
হিন্দু অথবা প্রেসিডেন্সি কলেজের ইতিবৃত্ত
রাজনারায়ণ বসু

75
Obsessed...or Compelled!!!
Urmi Chatterji

78
শতবর্ষে কবি-অধ্যাপক হরপ্রসাদ মিত্র
মঞ্জুভাষ মিত্র

82
Forgotten Barrackpore
Monabi Mitra

86
Odd Tales about the Geniuses
Chhanda Chakraborti

90
Moving with the Times
Kathakali Jana

94
বাল্মীকি-রামায়ণ-কাব্য-কথা
শামিম আহমেদ

97
দিনগুলি মোর সোনার খাঁচায় রইলো না
চৈতালী ব্রহ্ম

99
স্বর্ণকুমারীর ব্রোচ
রাজশ্রী মুখোপাধ্যায়

102
Social Media – Death by Opinion
Paroma Roy Chowdhury

104
চেতনা'র অরুণ আলোয়
নাট্যব্যক্তিত্ব অরুণ মুখোপাধ্যায়ের মুখোমুখি সুকৃতি লহরী সিন্‌হা

110
Highlights
Bicentennial Celebration

111
Executive Council with Hon'ble President of India, Hon'ble Governor of West Bengal and Hon'ble Education Minister, Govt. of West Bengal

112
Speech by Shri Pranab Mukherjee
Hon'ble President of India
at the Bicentennial Celebration

115
Speech by Dr. Manmohan Singh
Hon'ble Former Prime Minister of India
at the 200th Founders' Day Celebration

118
The Events of the Bicentenary Celebrations

120
From the Album

138
About Us... Executive Council 2017-2018

140
From the Desk of...



Presidency Alumni Association | Office Bearers | Members of the Executive Council | 2017-2018

§ SITTING LEFT TO RIGHT Dilip-da (Roy) | Madhusree Ghosh | Alak Banerjee | Jayanta Kumar Mitra | Anuradha Lohia | Anindya Kumar Mitra | Animesh Sen | Lopamudra Dutta Gupta | Kamal Kanti Ghosh | Kamal Kali Kundu

§ STANDING LEFT TO RIGHT Sayantan Adhikari | Rahul Saha | Turna Pain | Bivas Chaudhuri | Urmi Chatterji | Amit Choudhury | Kathakali Jana | Milan Bhowmik | Sanchita Mukherjee | Champak Bhattacharyya | Jayanta Aikat

# Presidency Alumni Association

## Office Bearers | Members of the Executive Council | 2017-2018

### Chief Patron
Anuradha Lohia

### President
Jayanta Kumar Mitra

### Vice Presidents
Alak Banerjee
Prasanta Ray

### Secretary
Bivas Chaudhuri

### Joint Secretary
Urmi Chatterji

### Assistant Secretaries
Devasish Sen
Jayanta Aikat
Lopamudra Dutta Gupta

### Treasurer
Milan Bhowmik

### Members
Ajanta Dey
Amit Choudhury
Animesh Sen
Anindya Kumar Mitra
Champak Bhattacharyya
Kamal Kali Kundu
Kamal Kanti Ghosh
Kanchan Datta
Kathakali Jana
Kaushick Saha
Madhusree Ghosh
Patrali Ghosh
Rahul Saha
Sanchita Mukherjee
Sandip Kar
Sanjay Rai
Sayantan Adhikary
Subha Sankar Sarkar
Swati Thakur Chakrabarty
Turna Pain

# Subcommittees

## Editorial & Publication Board

**Editor-in-chief**
Nabaneeta Dev Sen

**Members-in-charge**
Kathakali Jana
Urmi Chatterji

**Editorial Board**
Biswanath Das
Prasanta Roy
Prasad Ranjan Ray
Mamata Ray Chaudhuri
Dipankar Chowdhury
Chaitali Brahma
Tathagata Dasgupta
Turna Pain

## Global Outreach & Alumni Relations

**Chairperson**
Sandip Kar

**Convenor**
Anindya Dutta

**Jt Convenor (Website & IT)**
Amit Choudhury

## Seminar & Debate

**Chairperson**
Ashutosh Ghosh

**Convenor**
Madhusree Ghosh

**Members**
Sakti Bhattacharyya
Rupa Bandyopadhyay
Pradip Gooptu
Sayantan Adhikari

## Reunion & Sports

**Chairperson**
Champak Bhattacharyya

**Convenor**
Biswarup De

**Members**
Sayantan Adhikari
Bibaswan Basu
Rahul Saha
Sumalya Mukhopadhyay
Turna Pain

## Cultural

**Chairperson**
Kamal Kali Kundu

**Convenor**
Kathakali Jana

**Members**
Bitanbindu Bandyopadhyay
Mainak Sengupta
Swati Thakur Chakrabarty
Syamasri Roy Chowdhury
S Venkatramani
Biswajit Dutta
Durba Bandyopadhyay

## Membership

**Chairperson**
Kaushick Saha

**Convenor**
Sanchita Mukherjee

**Members**
Kaushik Roy Chaudhury
Debirupa Basu
Roshni Chakraborty
Ashis Dey
Shibendu Bikash Guha
Patrali Ghosh
Patralekha Mitra
Sandip Kar
Saubhik Ghosh
Surajit Ghosh

## Social Responsibility

**Chairperson**
Ajanta Dey

**Convenor**
Swati Thakur Chakrabarty

**Members**
Biswarup De
Partha Paul
Subhra Saha
Sanjay Rai
Tathagata Dasgupta
Piyali Neogi (Sengupta)
Nandini Das
Sanjay Bhattacharyya
Aparna Roy
Bishakha Ghatak
Subhra Mukhopadhyay Ganguly

## Finance

**Advisor**
Kanchan Datta

## Merchandise & Office Management

**Chairperson**
Lopamudra Duttagupta

**Convenor**
Patrali Ghosh

**Members**
Sanjay Rai
Sanchita Bhowmick
Debarati Bhar
Asish Dey

**Note:** President,Vice-Presidents are permanent invitees, Secretary and Joint Secretary are *ex-officio* members of all sub-committees.

# Bicentennial Celebration Committee

**Chairman**
Anindya Kumar Mitra

**Convenor**
Bivas Chaudhuri

**Jt Convenors**
Urmi Chatterji
Sandip Kar

**Members**
Chief Patron and all members of the Executive Council
Presidency Alumni Association
Representatives from the Chapters

## ADVISORY BOARD, BICENTENNIAL CELEBRATION

Satya Brata Mookherjee
*Senior advocate & former Union Minister*

Rakhi Sarkar
*Director & Curator, Centre for International Modern Art (CIMA)*

Aparna Sen
*Indian filmmaker, screenwriter and actress*

Sutirtha Bhattacharya
*Former Chairman, Coal India Ltd.*

Rudrangshu Mukherjee
*Founding Vice Chancellor & Professor of History, Ashoka University*

Sugata Bose
*Gardiner Professor of Oceanic History & Affairs, Harvard University*

Ram Ray
*Chairman & Managing Director, Response India (P) Ltd.*

**Note: Advisory Board - arranged in increasing order of seniority as members to the Association**

# Past Presidents, Vice Presidents, Secretaries and Joint Secretaries

| Year | President | Vice President | Secretary | Joint Secretary |
|---|---|---|---|---|
| 1951-52 | Atul Chandra Gupta | Satinath Roy<br>Shyamaprasad Mookerjee | JC Gupta | Umaprasad Mookerjee<br>Benoyendra Nath Banerjee |
| 1952-53 | Atul Chandra Gupta | Satinath Roy<br>Shyamaprasad Mookerjee | JC Gupta | Umaprasad Mookerjee<br>Bijan Behari Mitter |
| 1953-54 | Atul Chandra Gupta | Satinath Roy<br>Shyamaprasad Mookerjee | JC Gupta | Biren Roy<br>Bijan Behari Mitter |
| 1954-55 | Atul Chandra Gupta | Satinath Roy<br>Saila Kumar Mukherjee | JC Gupta | Biren Roy<br>Bijan Behari Mitter |
| 1955-56 | Atul Chandra Gupta | Satinath Roy<br>Saila Kumar Mukherjee | JC Gupta | Biren Roy<br>Nilratan Banerjee |
| 1956-57 | Atul Chandra Gupta | Satinath Roy<br>Narendra Kumar Basu | FJ Friend-Pereira | Biren Roy<br>Nilratan Banerjee |
| 1957-58 | Atul Chandra Gupta | Narendra Kumar Basu<br>Satinath Roy | FJ Friend-Pereira | Biren Roy<br>Nilratan Banerjee |
| 1958-59 | Atul Chandra Gupta | Narendra Kumar Basu<br>Satinath Roy | Sanat Kumar Basu | Biren Roy<br>Nilratan Banerjee |
| 1959-60 | Atul Chandra Gupta | Narendra Kumar Basu<br>Satinath Roy | Sanat Kumar Basu | Biren Roy<br>Nilratan Banerjee |
| 1961 | Charu Chandra Bhattacharya | Narendra Kumar Basu<br>Satinath Roy | Sanat Kumar Basu | Biren Roy<br>Nilratan Banerjee |
| 1962 | Hemanta Prasad Ghosh | Narendra Kumar Basu<br>Satinath Roy | Sanat Kumar Basu | Biren Roy<br>Nilratan Banerjee |
| 1963-64 | Radhabinode Pal | Narendra Kumar Basu<br>Satinath Roy | Sanat Kumar Basu | Biren Roy<br>Nilratan Banerjee |
| 1964-65 | Radhabinode Pal | Jnanendra Nath Banerjee<br>Srikumar Banerjee | Sanat Kumar Basu | Bikash Chandra Ghosh<br>Aparanath Ganguly |
| 1965-66 | Radhabinode Pal | Jnanendra Nath Banerjee<br>Srikumar Banerjee | Sanat Kumar Basu | Bikash Chandra Ghosh<br>Brindaban Chandra Sinha |
| 1966-67 | Radhabinode Pal | Jnanendra Nath Banerjee<br>Srikumar Banerjee | Sanat Kumar Basu | Bikash Chandra Ghosh<br>Amalendralal Kar |
| 1967-68 | Srikumar Banerjee | Suniti Kumar Chatterjee | Sanat Kumar Basu till 31.08.67 | Bikash Chandra Ghosh |

| Year | President | Vice President | Secretary | Joint Secretary |
|---|---|---|---|---|
| | | Hemendra Chandra Sen | Rajendralal Sengupta from 01.09.67 | Amalendralal Kar |
| 1974-75 | Hemendra Chandra Sen | Saibal Kumar Gupta<br>Nirmal Chandra Bhattacharya | Pratul Chandra Mukherjee | Alak Banerjee<br>Parthasarathi Sengupta |
| 1975-76 | Hemendra Chandra Sen | Saibal Kumar Gupta<br>Nirmal Chandra Bhattacharya | Pratul Chandra Mukherjee<br>Sudhir Chandra Shome from 07.11.75 | Alak Banerjee<br>Parthasarathi Sengupta |
| 1976-77 | Nirmal Chandra Bhattacharya | Saibal Kumar Gupta<br>Pratul Chandra Datta | Pratul Chandra Mukherjee | Alak Banerjee<br>Parthasarathi Sengupta |
| 1977-78 | Nirmal Chandra Bhattacharya | Saibal Kumar Gupta<br>Pratul Chandra Datta | Pratul Chandra Mukherjee | Tarit Kumar Ghosh<br>Sanat Kumar Basu |
| 1978-79 | Nirmal Chandra Bhattacharya | Saibal Kumar Gupta<br>Pratul Chandra Datta | Pratul Chandra Mukherjee till 06.12.78<br>Bijoy Sankar Basak from 07.12.78 | Tarit Kumar Ghosh<br>Sanat Kumar Basu |
| 1980-81 | Jogendra Nath Maitra | Bikash Chandra Ghosh<br>Surojit Kumar Nandy | Bijoy Sankar Basak | Tarit Kumar Ghosh<br>Sanat Kumar Basu |
| 1981-82 | Jogendra Nath Maitra till 03.05.81<br>Saibal Kumar Gupta | Tarit Kumar Ghosh<br>Satya Charan Pain | Bijoy Sankar Basak | Sanat Kumar Basu<br>Mihir Mukherjee |
| 1982-83 | Saibal Kumar Gupta | Tarit Kumar Ghosh<br>Satya Charan Pain | Bijoy Sankar Basak | Sanat Kumar Basu<br>Mihir Mukherjee |
| 1983-84 | Bikash Chandra Ghosh | Bijoy Sankar Basak<br>Sudhis Chandra Guha | Achintya Kumar Mukherjee | Saibal Kumar Gupta<br>Parthasarathi Sengupta |
| 1984-85 | Bikash Chandra Ghosh | Bijoy Sankar Basak<br>Sudhis Chandra Guha | Achintya Kumar Mukherjee | Saibal Kumar Gupta<br>Parthasarathi Sengupta |
| 1985-86 | Bikash Chandra Ghosh | Bijoy Sankar Basak<br>Sudhis Chandra Guha | Achintya Kumar Mukherjee | Saibal Kumar Gupta<br>Parthasarathi Sengupta |
| 1986-87 | Tarit Kumar Ghosh | Pratap Chandra Chunder<br>Provat Kumar Sengupta | Achintya Kumar Mukherjee | Parthasarathi Sengupta<br>Sanat Kumar Basu |
| 1987-88 | Satya Charan Pain | Pratap Chandra Chunder<br>Provat Kumar Sengupta | Sunil Rai Choudhury | Sanat Kumar Basu<br>Jibanlal Deb |
| 1988-89 | Satya Charan Pain | Pratap Chandra Chunder<br>Sanat Kumar Basu | Sunil Rai Choudhury | Panchanan Kumar Mukherjee<br>Kajal Sengupta |

| Year | President | Vice President | Secretary | Joint Secretary |
|---|---|---|---|---|
| 1989-90 | Pratap Chandra Chunder | Pratul Chandra Datta<br>Sanat Kumar Basu | Sunil Rai Choudhury | Panchanan Kumar Mukherjee<br>Kajal Sengupta |
| 1990-91 | Pratap Chandra Chunder | Pratul Chandra Datta<br>Hirendra Nath Neogi | Sunil Rai Choudhury | Panchanan Kumar Mukherjee<br>Kajal Sengupta |
| 1991-92 | Pratap Chandra Chunder | Hirendra Nath Neogi<br>Asoke Krishna Dutt | Sunil Rai Choudhury till 02.10.91<br>Amal Kumar Mukhopadhyay from 03.10.91 | Panchanan Kumar Mukherjee<br>Kajal Sengupta |
| 1992-93 | Pratap Chandra Chunder | Sunil Rai Choudhury<br>Asoke Krishna Dutt | Amal Kumar Mukhopadhyay | Panchanan Kumar Mukherjee<br>Kajal Sengupta |
| 1993-94 | Pratap Chandra Chunder | Sudhindranath Gupta<br>Asoke Krishna Dutt | Amal Kumar Mukhopadhyay | Ranjan Kumar Ray<br>Alak Banerjee |
| 1994-95 | Asok Mitra | Hirendra Nath Neogi<br>Sujay Gupta | Amal Kumar Mukhopadhyay | Nirode Baran Banerjee<br>Debabrata Ghosh |
| 1995-96 | Sachidananda Banerjee | Arun Charan Neogi<br>Sujay Gupta | Amal Kumar Mukhopadhyay | Manotosh Dasgupta<br>Alak Banerjee |
| 1996-97 | Sachidananda Banerjee | Jyotirmoy Pal Chaudhuri<br>Sujay Gupta | Amal Kumar Mukhopadhyay till 31.01.97<br>Nitai Charan Mukherjee from 01.02.97 | Manotosh Dasgupta<br>Alak Banerjee |
| 1997-98 | Sachidananda Banerjee | Jyotirmoy Pal Chaudhuri<br>Sujay Gupta | Nitai Charan Mukherjee | Manotosh Dasgupta<br>Alak Banerjee |
| 1998-99 | Sachidananda Banerjee | Jyotirmoy Pal Chaudhuri<br>Sujay Gupta | Nitai Charan Mukherjee | Manotosh Dasgupta<br>Alak Banerjee |
| 1999-2000 | Pratap Chandra Chunder | Arun Charan Mukherji<br>Jyotirmoy Pal Chaudhuri | Nitai Charan Mukherjee till 31.12.2000<br>Amitava Chatterjee from 01.01.2001 | Manotosh Dasgupta<br>Parthasarathi Sengupta |
| 2000-2001 | Pratap Chandra Chunder | Arun Charan Mukherji<br>Jayanta Mitra | Amitava Chatterjee | Manotosh Dasgupta<br>Dipika Majumdar |
| 2001-2002 | Pratap Chandra Chunder | Arun Charan Mukherji<br>Jayanta Mitra | Amitava Chatterjee | Manotosh Dasgupta<br>Dipika Majumdar |
| 2002-2003 | Pratap Chandra Chunder | Arun Charan Mukherji<br>Jayanta Mitra | Amitava Chatterjee | Dipika Majumdar<br>Devashish Sen |
| 2003-2004 | Pratap Chandra Chunder | Chittatosh Mookerjee<br>Jayanta Mitra | Amitava Chatterjee | Dipika Majumdar<br>Devashish Sen |

| Year | President | Vice President | Secretary | Joint Secretary |
|---|---|---|---|---|
| 2004-2005 | Pratap Chandra Chunder | Chittatosh Mookerjee<br>Jyotirmoy Pal Chaudhuri | Amitava Chatterjee | Dipika Majumdar<br>Aneek Chatterjee |
| 2005-2006 | Ramaprasad Goenka | Jyotirmoy Pal Chaudhuri<br>Parthasarathi Sengupta | Mamata Ray | Aneek Chatterjee<br>Bivas Chaudhuri |
| 2006-2007 | Ramaprasad Goenka | Jyotirmoy Pal Chaudhuri<br>Parthasarathi Sengupta | Mamata Ray | Bivas Chaudhuri<br>Shanta Sen |
| 2007-2008 | Ramaprasad Goenka | Jyotirmoy Pal Chaudhuri<br>Parthasarathi Sengupta | Mamata Ray | Bivas Chaudhuri<br>Shanta Sen |
| 2008-2009 | Jyotirmoy Pal Chowdhury | Alak Banerjee (Sr.)<br>Parthasarathi Sengupta | Sanjib Ghosh | Bivas Chaudhuri<br>Urmi Chatterji |
| 2009-2010 | Jyotirmoy Pal Chowdhury | Alak Banerjee (Sr.)<br>Parthasarathi Sengupta | Sanjib Ghosh | Surya Sankar Chaudhuri<br>Kaushick Saha |
| 2010-2011 | Anindya Kumar Mitra | Jayanta Mitra<br>Animesh Sen | Amitava Chatterjee | Bivas Chaudhuri<br>Surya Sankar Chaudhuri |
| 2011-2012 | Anindya Kumar Mitra | Animesh Sen<br>Jayanta Mitra | Bivas Chaudhuri | Surya Sankar Chaudhuri |
| 2012-2013 | Anindya Kumar Mitra | Animesh Sen<br>Jayanta Mitra | Bivas Chaudhuri | Prabir Dasgupta |
| 2013-2014 | Jayanta Mitra | Animesh Sen<br>Bhaskar Roy Chowdhury | Bivas Chaudhuri | Devashish Sen |
| 2014-2015 | Jayanta Mitra | Animesh Sen<br>Satyabrata Chowdhury | Bivas Chaudhuri | Devashish Sen |
| 2016-2018 | Jayanta Mitra | Alak Banerjee<br>Prasanta Roy | Bivas Chaudhuri | Urmi Chatterji |

# Former Editors-in-Chief and Editors

| Year | Editor-in-Chief | Editor |
|---|---|---|
| 1960 | Atul Chandra Gupta | Amulyadhan Mukherjee |
| 1961 | Srikumar Banerjee | Amulyadhan Mukherjee |
| 1962 | Srikumar Banerjee | Amulyadhan Mukherjee |
| 1963 | Srikumar Banerjee | Subodh Chandra Sengupta |
| 1964 | Srikumar Banerjee | Subodh Chandra Sengupta |
| 1965 | Srikumar Banerjee | Subodh Chandra Sengupta |
| 1967 | Srikumar Banerjee | Subodh Chandra Sengupta |
| 1968 | Srikumar Banerjee | Subodh Chandra Sengupta |
| 1980-81 | Subodh Chandra Sengupta | – |
| 1981-82 | Subodh Chandra Sengupta | Pratap Chandra Chunder |
| 1982-83 | Subodh Chandra Sengupta | Pratap Chandra Chunder |
| 1983-84 | Subodh Chandra Sengupta | Hiranmay Banerjee<br>Pratap Chandra Chunder |
| 1984-85 | Subodh Chandra Sengupta | Hiranmay Banerjee<br>Pratap Chandra Chunder |
| 1985-86 | Subodh Chandra Sengupta | Pratap Chandra Chunder<br>Sankarsan Roy |
| 1987-88<br>1988-89 | Subodh Chandra Sengupta | Pratap Chandra Chunder<br>Asok Mitra |
| 1989-90 | Subodh Chandra Sengupta | Pratap Chandra Chunder<br>Sankarsan Roy |
| 1990-91 | Subodh Chandra Sengupta | Pratap Chandra Chunder<br>Sankarsan Roy |
| 1991-92 | Subodh Chandra Sengupta | Pratap Chandra Chunder<br>Debajyoti Das |
| 1992-93 | Subodh Chandra Sengupta | Debajyoti Das<br>Atindra Mohan Gun |

# Former Editors-in-Chief and Editors

| Year | Editor-in-Chief | Editor |
|---|---|---|
| 1993-94 | Subodh Chandra Sengupta | Debajyoti Das<br>Atindra Mohan Gun<br>Kajal Sengupta |
| 1994-95 | Subodh Chandra Sengupta | Debajyoti Das |
| 199596 | Subodh Chandra Sengupta | Debajyoti Das |
| 1996-97 | Subodh Chandra Sengupta | Debajyoti Das |
| 1998-99 | Amalendu Das Gupta | Manotosh Das Gupta |
| 1999-2000 | Amalendu Das Gupta | Nityapriya Ghosh |
| 2000-01 | Amalendu Das Gupta | Anjali Mookherjee |
| 2001-02 | Amalendu Das Gupta | Anjali Mookherjee |
| 2002-03 | Amalendu Das Gupta | Anjali Mookherjee |
| 2003-04 | Amalendu Das Gupta | Anjali Mookherjee |
| 2004-05 | Amalendu Das Gupta | Nityapriya Ghosh |
| 2005-06 | Tapan Raychaudhuri | Nityapriya Ghosh |
| 2006-07 | Tapan Raychaudhuri | Nityapriya Ghosh |
| 2007-08 | Tapan Raychaudhuri | Nityapriya Ghosh |
| 2008-09 | Tapan Raychaudhuri | Nityapriya Ghosh |
| 2009-10 | Tapan Raychaudhuri | Nityapriya Ghosh |
| 2010-11 | Nabaneeta Dev Sen | Shyamaprasad Mukherjee |
| 2011-12 | Nabaneeta Dev Sen | Shyamaprasad Mukherjee |
| 2012-13 | Nabaneeta Dev Sen | Shyamaprasad Mukherjee |
| 2013-14 | Nabaneeta Dev Sen | Shyamaprasad Mukherjee |
| 2014-15 | Nabaneeta Dev Sen | Mamata Ray |
| 2015-16 | Nabaneeta Dev Sen | Mamata Ray |
| 2016-17 | Nabaneeta Dev Sen | Editorial Board |
| 2017-18 | Nabaneeta Dev Sen | Editorial Board |

# ENDOWMENT LIST OF PRESIDENCY ALUMNI ASSOCIATION

| Sl. No. | Endowment Name | Value (₹) | Criteria | Type of Prize | Endowed by |
|---|---|---|---|---|---|
| 1 | Satyabrata Ghosh Memorial Prize | 1,00,000 | Highest marks in BSc Part-II Physics<br><br>Highest CGPA in BSc final Physics | Two cash prizes | Dalia Datta |
| 2. | Balai Charan Roy Memorial Prize | 30,000 | Highest marks in MSc Physics | Book prize | Gopendra Nath Roy |
| 3 | Sisir Kumar Mazumder Endowment Lecture | 1,00,000 | Oration in Science & Humanities | Honorarium to lecturer | Sisir Kumar Mazumder |
| 4 | Sumit Kumar Roy Memorial Prize | 1,00,000 | Highest marks in BSc Life Sciences | Cash prize | Swapna Roy |
| 5 | Panchanan Pal Memorial Prize | 15,000 | Highest marks in BSc Maths | Cash prize | Prasanta Pal |
| 6 | Anathnath Dey Memorial Prize | 50,000 | Highest mark in MSc Maths | Cash prize | Amarnath Dey |
| 7 | Ramani Mohan Ghosh & Kamala Moni Basu Prize | 1,00,000 | Highest marks in BA Philosophy | Gold medal | Sanghamitra Mukherjee |
| 8 | Sudhansu Dasgupta Memorial Debate | 3,00,000 | Annual Inter College Debate | Cash prize | Nandita Dasgupta |
| 9 | Presidency Alumni Association Gold Medal | 4,65,000 | Highest marks in BA (Hons.)<br><br>Highest marks in BSc (Hons.) | Gold medal & Cash prize | Presidency Alumni Trust Fund |
| 10 | Ahindra Nath Das & Nilima Das Gold Medal | 1,00,000 | Highest marks in MSc Life Sciences | Gold medal | Swapan Kumar Das |

# ENDOWMENT LIST OF PRESIDENCY COLLEGE/UNIVERSITY

| Name of the Endowment Fund | Name & Address of the Donor |
|---|---|
| Amal Bhattacharji Memorial Fund | Smt. Sukumari Bhattacharji, 239A, Netaji Subhas Chandra Bose Road, Kolkata-700047 |
| Tarapada Mukherjee Memorial Fund | Prof. Asoke Kumar Mukherjee, Prof. of English, Presidency College, Kolkata, 30B Anil Roy Road, Kolkata-29 |
| Bivabati Sarkar Memorial Fund | Manjari Basu, 53/1, Badan Roy Lane, Kolkata-10 |
| Bani Basu Memorial Prize | Not available |
| Bani Basu Memorial Prize | Not available |
| Himani Devi Memorial Prize | Sri Kamal Kumar Ghatak, P-60, C.I.T. Road, Scheme-52 Kolkata-14 |
| Ajoy Chandra Banerjee Memorial Fund | Smt. Manju Banerjee, 57, Pataldanga Street, Kolkata-9 |
| Suryya Kumar Das Memorial Prize | Smt. Manjusree Das, Sri Amit Kumar Das, Sri Sumit Kumar Das, EE-193, Flat No.-3, Sector-II, Salt Lake, Kolkata-91 |
| Nitish Ch. Chakraborti Memorial Fund | Debanjan Chakrabarti, A-11/10, E.C.T.P. Phase-II, Kolkata-78 |
| Rajendra Kishore Memorial Prize | N.C Basu Roy Chowdhury, D/A/87 Sector 1, Salt Lake, Kolkata-64 |
| Chandan Kr. Bhattacharyya Memorial Fund | Atasi Bhattacharyya, Flat No.-12, Surendranath Buildings, 238, Maniktala Main Road, Kolkata- 54 |
| Naresh Chandra Chakraborti Memorial Fund | Debanjan Chakrabarti, A-11/10, E.C.T.P. Phase-II, Kolkata-78 |
| Lilabati Ray Memorial Fund | Debanjan Chakrabarti, A-11/10, E.C.T.P. Phase-II, Kolkata-78 |
| Nirmal Kanti Majumdar Endowment Fund | Mukul Kumar Majumdar, Uris Hall, 4th Floor, Cornell University, Itahaca, New York, mukul_majumdar@yahoo.com |
| Dr. Haraprasad Mitra Memorial Prize | Dr. Namita Mitra, W2B Type of House (Phase-III), Flat No. -B/16/2, Golf Green Urban Complex, Kolkata-45 |
| Dr. Pravas Jiban Chaudhuri Memorial Fund | Smt. Ashabari Chaudhuri, 82B, Bondel Road, Kolkata-19 |
| Late Shyamapada Bhattacharyya Memorial Fund | Ajit Kumar Bhattacharyya, 2/11, Hazarhat Kalitala Lane, Howrah-711104 |
| Deptt. of Sociology Foundation Commemoration Fund | Dr. Prasanta Roy, BK 365 Salt Lake, Sector II, Kolkata 91 |
| Prof. Nirmal Ch. Basu Roy Chaudhury Memorial Fund | Bela Basu Roy Chaudhury, DA-87, Sector-I, Salt Lake City, Kolkata-64 |
| Dr. Satinath Bagchi Memorial Fund | Sri Pratul Kumar Bagchi, 1, Haripada Dutta Lane, P.O. - Beadon Street, Kolkata-6 |
| The Late Ramanuja Pattu Aiyenger Memorial Fund | Sarayu Aiyenger, 49/1, I Main Road, Raja Annamalaipuram, Chennai-600028; Satyavrata Samavedi, Assistant Professor, IIT Hyderabad, satyavratas@gmail.com (9444008633) |
| Makhan Lal Sarkar Memorial Fund | Manjari Basu, 53/1, Badan Roy Lane, Kolkata-10 |
| Parthasarathi Gupta Memorial Fund | Dr. Parimal Krishna Sen, Ex- head of the Department of Chemistry, Presidency College; 22875809 |
| Priyada Ranjan Roy Memorial Book Prize | Sri Dilip Kumar Roy, Bejoy Tower, Flat-C-1, 9, Hindusthan Park, Kolkata-29 |
| Prof. Pratul Ch. Rakshit Fund | P.C. Rakshit Birthday Celebration Committee of Presidency College |
| Cunninghum Memorial Prize | Not available |
| Acharyya Prafulla Ch. Ray Centenary Prize | Not available |
| Prof. S C Mahalanabish Memorial Prize | Dr. Sachchidananda Banerjee, 23B, Tarasankar Sarani, Kolkata-37 |
| Aparajita Chattopadhyay Memorial Fund | Arun Kumar Chattopadhyay & Purabi Chattopadhyay, CK-245, Sector-II, Salt Lake, Kolkata-91 |
| Dhirendra Nath Chatterjee Memorial fund | Dr. Tarapada Chatterjee, 46/11-T, Becharam Chatterjee Road, Kolkata-34 |
| Prof. Sivatosh Mookherjee Memorial Fund | Re-Union Committee of the Deptt. Of Zoology of Presidency College |
| U N Ghoshal Prize | Not available |
| Debasish Chandra Memorial Prize | Not available |

| Name of the Endowment Fund | Name & Address of the Donor |
|---|---|
| Konkana Chakraborty Memorial Book Prize | Runa Chakraborty & Nirmalansu Chakraborty, P-190/B 93, Diamond Park, Diamond Harbour Road, Kolkata-104 |
| Geographical Institute Book Prize | Geographical Institute, Deptt. of Geography, Presidency College, Kolkata |
| Nihar Ranjan Dutta Memorial Prize | Not available |
| Prof Achintya Kr. Mukherjee Memorial Fund | Physiological Institute of the Deptt. of Physiology, Presidency College, Kolkata |
| Chitralekha Mukherjee Memorial Book Prize | Smt. Debatri Banerjee, 21, Sandford Road, Bristol, B.S.84 QG, UK |
| Shivatosh Mukherjee Memorial Prize for Mol. Bio. & Genetics | Zoology Deptt. of Presidency College |
| Nirode Baran Bakshi Memorial Prize | Not available |
| Nirode Baran Bakshi Memorial Prize | Not available |
| Scindia silver medal and Gwalior book prize | Not available |
| Ashin Dasgupta Book Prize | Smt. Uma Dasgupta, 4 / 104, Udita Apartments, 1050 /1, Survey Park, Kolkata-700 075 |
| Narayan Chandra Ghosh Memorial Trust Fund | Smt. Bina Ghosh, 1/2, Hindusthan Road, Kolkata-29 |
| Late Jyotish Chandra Roy Memorial Prize | Sri Syamal Kumar Roy, Amrit Kutir, 673, Diamond Harbour Road, Behala, Kolkata-34 |
| Late Satish Chandra Banerjea Memorial Prize | Sri Atish Ranjan Banerjea, 28 B, Kalicharan Ghosh Road, Kolkata-50 |
| Prof. Amulyadhan Mukherjee Birth Centenary Prize | Prof. Amit Mukherjee, Uttarayan Housing Estate, Flat No.-B-8-5, 102, B.T.Road, Kolkata-108 |
| Dr. Syamal Kumar Chattopadhyay Memorial Fund | Pradip Kumar Chattapadhyay, 61/1, Moore Avenue, Kolkata-40 |
| Late Punyalekha Banerjea Memorial Prize | Sri Atish Ranjan Banerjea, 28 B, Kalicharan Ghosh Road, Kolkata-50 |
| Kuruvila Zachariah Memorial Prize | Miss Sheila Zachariah, 167, Crookston Road, London,U.K. |
| Late Khagendra Pal Chaudhuri Memorial Fund | Jyotirmoy Palchaudhuri, BC-155, Sector-I, Salt Lake, Kolkata-64 |
| Netaji Subhas Chandra Bose Fund | Sri Shyam Sundar Basak, C/O Ashok Kr. Basu, 32, Sri Gopal Mallick Lane, Kolkata-12 |
| Sir Ashutosh Mukherjee Memorial Fund | Sri Shyam Sundar Basak, C/O Ashok Kr. Basu, 32, Sri Gopal Mallick Lane, Kolkata-12 |
| Dipak Chandra Ghosh Memorial Prize | Smt. Bina Ghosh, 1/2, Hindusthan Road, Kolkata-29 |
| Akhil Bhartiya Pragatishil Sultanpur Samaj Fund | Dr. Mata Prasad Singh, 12, Raja Subodh Mallick Square, Kolkata- 13 |
| Manoranjan Mitra Memorial Fund | Dr. Manindra Mitra, 14/2, Hindusthan Road, Kolkata-29 |
| Monindranath Saha Memorial Prize | Dr. Binata Roy Chowdhury, 16, Manmatha Dutta Road, Kolkata-37 |
| Upendra Nath Brahmachari Memorial Fund | A.Banerjee, Secretary, Dr. U.N. Brahmachari Memorial Trust, 19, Dr. U.N. Brahmachari Street, kolkata-17 |
| Ram Gopal Bhattacharyya Memorial Endowment Fund | Purnima Bhattacharyya, P-212, J.U. Employees Housing Co-operative, Panchasayar, Kolkata-94 |
| Samir Kr. Ganguly Memorial Fund in Applied Economics | Smt. Shanta Ganguly, "DARPAN", 50A, Purna Das Road, Flat No.- 409, Kolkata-29 |
| Dr. Megnath Saha Memorial Prize | Sri Shyam Sundar Basak, C/O Ashok Kr. Basu, 32, Sri Gopal Mallick Lane, Kolkata-12 |
| Bibhuti Bhusan Sen Memorial Fund | Dr. Manindra Mitra, 14/2, Hindusthan Road, Kolkata-29 |
| Shovana Devi & Upendra Narayan Bhattacharya Annual Award | Sri Dip Bhattacharya, Bidhan Nivas: N6 W2, 4, Bidhan Sishu Sarani, Kolkata-54 |
| Prof. P.C. Mahalanabish Memorial Prize Fund | Statistics Deptt. Students' Re-Union Committee, 1974 |
| Ahibhusan Chatterjee Memorial Fund | Smt. Samprit Chatterjee, C/O- Mrs. Ipsita Gupta, Superintendent's Quarters, Technology Hall, 35, B.C. Road, Kolkata-19 |

| Name of the Endowment Fund | Name & Address of the Donor |
|---|---|
| Kamalmani Sarma Memorial Prize | Dr. Manindra Das, 11B, Port Land Park, Alipore, Kolkata-27 |
| Samir Kr. Ganguly Memorial Fund in Physiology | Smt. Shanta Ganguly, "DARPAN", 50A, Purna Das Road, Flat No.- 409, Kolkata-29 |
| Prof. Narendra Mohon Basu Memorial Prize | Physiological Institute of the Deptt. of Physiology, Presidency College, Kolkata |
| Lt. Phanindra Nath Mukherjee Memorial Fund | Smt. Shanta Ganguly, "DARPAN", 50A, Purna Das Road, Flat No.- 409, Kolkata-29 |
| Centenary Scholarship Fund-Govt. Eden Hindu Hostel | Barun Kumar Chattopadhyay, Ex-Supdt. Govt. Eden Hindu Hostel, 1/2 A Premchand Baral Street, Kolkata-700012 |
| Prof. Anil Kumar Bhattacharya Memorial Prize | Millennium Re-Union Committee of the Statistics Dpartment of Presidency College |
| Arnab Biswas Memorial Prize | Saraswati Misra, Ex- Librarian, Presidency College, Dawnagazi Road, P.O.- Bally, Howrah-711201 |
| Paramesh Chandra Bhattacharya Memorial Prize | Dr. Pushpak Bhattacharyya, B-187, ANANTA, IIT Campus, POWAI, Mumbai-400076 |
| Dr. Atul Ch. Biswas Memorial Fund | Dr. Anjan Biswas, 188/62, Prince Anwar Shah Road, Lake Gardens, Kolkata-45 |
| Shovik Banerjee Memorial Prize | Ex- Students of the Department of Geology (1996-1999) of Presidency College |
| Lt. Mahadev Maity Memorial Book Prize | Sri Shyamal Kumar Maity, Govt. Rental Housing Estate, 193, Andul Road, Howrah-711109 |
| Arijit Sengupta Memorial Prize | Miss Arati Roy, 18, Garcha 1st Lane, Kolkata-19 |
| Prof. Kartik Ch. Mukherjee Memorial Fund | Smt. Sumita Mukherjee, 11C, Dhawalgiri, Anushakti Nagar, Bombay-400094 |
| Jayanta Bijoy De Memorial Scholarship Fund | Sukla De, 1900 Oro Drive, Fremont, CA 94539, USA |
| Parimal Krishna Sen Memorial Prize | Mrs. Ranu Sen, 11/3, Old Ballygunge 2nd Lane, Saptrang, Flat No.-22, Kolkata-19 |
| Prof. Sukhamoy Chakraborty Memorial Fund | Smt. Lalita Chakraborty- Sukhamoy Chakraborty Memorial Trust, 7, University Marg, University Enclave, New Delhi-110007 |
| Prof. Arun Kr. Ray Memorial Fund | Smt. Rita Ray, 37 A, Hindusthan Park, Kolkata-29 |
| Rajsekhar Bose Memorial Fund | Sri Dipankar Basu, 72, Raj Sekhar Bose Sarani, Kolkata-25 |
| Prof. Sukhamoy Chakraborty Memorial Fund | Smt. Lalita Chakraborty- Sukhamoy Chakraborty Memorial Trust, 7, University Marg, University Enclave, New Delhi-110007 |
| Bani Bakshi Foundation Endowment | P.R. Bakshi, Chairman, Bani bakshi Foundation, Happy Villa, 6, Mall Road, Dum Dum, Kolkata-80 |
| Dr. Syamal Kumar Chattopadhyay Memorial fund | Pradip Kumar Chattapadhyay, 61/1, Moore Avenue, Kolkata-40 |
| Taraprasad Mukherjee Memorial Fund | Prof. S.P. Mukherjee, Centenary Prof. of Statistics, University College of Science, 35, Ballygunge Circular Road, Kolkata-19 |
| Aparajita Memorial Fund | Dr. D.K. Chakraborty, Aparajita Memorial Charitable Trust, E-13/1, Karunamoyee Housing Estate, Salt Lake, Kolkata-91 |
| Sushil Kumar Banerji Memorial Fund | Smt. Ranu Banerji & Dr. Purabi Mukherji, CA-17, Sector-I, Salt Lake, Kolkata-64 |
| Bholanath Das Memorial Fund | Biswanath Das, Head, Deptt. of Statistics, Presidency College, Bholanath Dham, 41/1 K Hazra Para Lane, PO Bali, Howrah 711201 |
| Arabinda Mukhopadhyay Memorial Fund | Dr. Purabi Mukherji & Sri Rabibrata Mukherji, CA-17, Sector-I, Salt Lake, Kolkata-64 |
| Dr. Syama Prasad Mookherjee Gold Medal | Mrs. Arati Bhattacharji, 98-40, 64th Avenue, Apartment-8B, Rego Park, New York-11374, USA |
| Ila Mukhopadhyay Memorial Fund | Dr. Amal Kumar Mukhopadhyay, 140/20E, South Sinthee Road, (1st Floor) Kolkata-50 |



।। সম্পাদকীয় ।।

# দুইশত হেমন্তের লিপি ২০১৮

## নবনীতা দেব সেন

"আহা! অদ্য কী আনন্দের দিন! সেই সকল পুরাতন মুখশ্রী, পুর্বে যাহা কলেজে দর্শন করিতাম তাহা আজি সন্দর্শন করিয়া অতিশয় তৃপ্তি লাভ করিতেছি। আজি বোধ হইতেছে যে আমরা যেন পুনরায় যৌবন লাভ করিয়াছি।" রাজনারায়ণ বসু এক্কেবারে আমাদের প্রাণের কথা বলে গিয়েছেন। "১৮৭৫ এর এই উক্তি প্রেসিডেন্সির প্রথম কলেজ সম্মিলনে পড়া। তিনি আরো বলেছেন আমাদের মর্মের বাণী, তাঁর নিবন্ধের বিষয়, "হিন্দু অথবা প্রেসিডেন্সি কলেজের ইতিবৃত্ত।" নরেন্দ্রকৃষ্ণ সিংহ লিখেছেন সেই ইতিহাস, প্রেসিডেন্সি কলেজ, হিন্দু স্কুল মিলিয়ে। আমাদের পিছন ফিরে তাকানোতেই যা উজ্জ্বল ধনধান্যে ভরা স্মৃতি, সোনার স্বপ্ন দিয়ে গড়া প্রাসাদ, সামনে তাকালে আজকের দিনের প্রেসিডেন্সির চেহারা শুধু কাঁটাঝোপ আর ইঁট কাঠের অট্টালিকা। সেই দেখাতে কি বিভ্রান্তি আছে? এই হেমন্তের পত্রিকা গোছাতে বসলেই মন খারাপ হয়ে যাচ্ছে। কী ছিল, কি হয়ে গেল। নেই নেই নেই করে প্রাণ কাঁদে। সেই জ্যোতি কোথায়, কোথায় সেই গৌরব? আগে প্রেসিডেন্সিতে ভর্তি হওয়াটা ছিল কঠিন, তাই বিশেষ অহংকারের কথা, সাফল্যের সম্মান অর্জনের প্রমাণ। এখন কয়েক বছর দেখছি ছেলেমেয়েরা "ভালো জায়গায়" আসন না জুটলে অগত্যা প্রেসিডেন্সিতে যায়। এই অকল্পনীয় পরিবর্তনে আমাদের উঁচুমাথা হেঁট!

এই মানের অবনয়নের সঙ্গে খাপ খাইয়ে আমাদের প্রাক্তন স্মৃতিচিহ্নগুলি একটি একটি করে ভেঙ্গে দেওয়া হচ্ছে। বড় গাড়ি ঢুকবে বলে মস্ত বড় গেট হল, আমাদের সেই চিরকালের গেট ভেঙ্গে ফেলে, সেই চিরকালের বটগাছ, যার ছায়ায় আমাদের কৈশোর যৌবনের স্মৃতি মাখানো ছিল, যার নিচে দরোয়ানের ঘরের মৌরসিপাট্টা, আমাদের প্রিন্সিপ্যাল ডঃ জে সি সেনগুপ্তের গাড়ির রাজস্থানী পাগড়ি পরা রাজার মতো সারথি বসে দরোয়ানের সঙ্গে দেশের গল্পগাছা করতেন খইনি খেতে খেতে, সেই গাছ কী অপরাধ করেছিল? আর সেই প্রাচীন আবেশ ঘেরা গেট গুঁড়িয়ে ফেলে শতাব্দীর ছায়াধন্য প্রবেশপথের বিনাশ ঘটিয়ে এই নবীন প্রশস্ত খরকরোজ্জ্বল পথে কাদের আহ্বান জানানো হবে? প্রমোদের ক্যান্টিনের বদলে সেখানে যে বিলিতি কায়দার ক্যান্টিন হলো তাদের বুঝি যন্ত্রপাতির যাতায়াতের জন্যে বড় গেট দরকার? বিশ্ববিখ্যাত মহাজ্ঞানী মহাজন যে পথে করে গমন হয়েছেন চিরস্মরণীয় সেই পথের যাত্রীদের কি তবে সময় শেষ? বড় গেট আলো করে প্রবেশের জন্য যে বড় মানুষগুলি চাই, তারা কোথায়? নিঃস্পম্পর্কিত, অনাত্মীয় শাসনকর্তাদের হাতে পড়ে প্রেসিডেন্সি কলেজের যা কিছু স্নেহমাখা ছায়া মায়া ঘুচে মুছে গেছে। তাঁরা কী করে বুঝবেন এই কলেজের পুরোনো স্মৃতির মূল্য? গেট, ঘন্টা, বটগাছ তো চিরদেনের বলেই ধরে নিয়েছিলুম। সেগুলো কোন অসুবিধে ঘটাচ্ছিল শাসনে? প্রমোদের ক্যান্টিন উঠিয়ে দিয়ে ছাত্রদের কোনও উপকার হয়নি তারাই শতমুখে বলছে, কলেজ ক্যান্টিনের সংস্কৃতি আর কফি-শপের সংস্কৃতি এক নয়। চৈতালী ব্রহ্মর প্রাণবন্ত লেখাটির মধ্যে এই ছবি স্পষ্ট।

রবীন্দ্রনাথ লিখেছেন ইংরিজির কিংবদন্তী কবি-অধ্যাপক মনোমোহন ঘোষের ওপরে বক্তৃতা। (তিনি ইংরিজিতে নিজে লিখতেন মন মোহন ঘোষ। আমাদের পড়াতে গিয়ে অধ্যাপক তারকনাথ সেন দুটি ন-তে হসন্ত দিয়ে কাব্যপাঠের মতো সুরেলা ছন্দে আবৃত্তি করেছিলেন নামটি, "মন্-মোহন্-ঘোষ" আমি মুগ্ধ হয়ে গিয়েছিলুম। উচ্চারণটি এখনো কানে ছুঁয়ে রয়েছে।) রবীন্দ্রনাথ লিখছেন, মনো মোহন যদিও দেশ সেবার উদ্দেশ্য নিয়ে দেশে ফিরেছিলেন, কিন্তু তাতে তাঁর নিজের ক্ষতি হয়েছিল। ইংলন্ডে তাঁর সমমনস্ক কবিকুল ছেড়ে এসে তিনি বাংলাভাষীদের মধ্যে একক, অসম্পূর্ণ হয়ে পড়েছিলেন, যে-একাকিত্ব তাঁর চিরপরিচিত লন্ডনে থাকতই না। কবিগুরুর মতে, "তাঁকে বিশ্ববিদ্যালয়ের খাঁচায় বন্দী করা হয়েছিল বিধাতার অভিপ্রায়ের বিরুদ্ধে।"

এবারের বিশেষ প্রাপ্তি আর্কাইভ থেকে নেওয়া দুস্প্রাপ্য কিছু পুরোনো ছবি, দুশো বছরের স্মৃতি উদযাপন সংখ্যায় মানানসই। সুবোধচন্দ্র সেনগুপ্তের সযত্নে লেখা কলেজের ইতিহাস (১৮১৭-১৯৬৭) এখানে রইল। এবারের সংখ্যায় আমরা কী না শিখি? গ্যালিলিওর কীর্তি থেকে শুরু করে জেনে ফেলেছি যে ব্যায়ামবীর বাঙ্গালির উৎস

আর স্যান্ডো গেঞ্জির উৎপত্তি একই, জেনেছি ব্রিলিয়ান্ট বাঙ্গালিরা কেন সিভিল সার্ভিসে বিমুখ, আর স্বামী বিবেকানন্দ তাঁর শিকাগোর বক্তৃতায় হিন্দু ধর্মকে ধর্মাধর্মের বিচার থেকে মুক্ত করে এক বিশ্বজনীন মানবতায় উন্নীত করেছিলেন। কবি মঞ্জুভাষ মিত্র শ্রদ্ধা জানিয়েছেন কবি-অধ্যাপক হরপ্রসাদ মিত্রকে, নিজের স্মৃতিকথায়। এর পর আমরা পেয়েছি মার্ক্সীস্ট সোশ্যালিস্ট অর্থনীতি আর উন্নয়ন বিষয়ে আলোচনার পাশাপাশি, ফেস বুকের ফাঁকা কবিত্বের গল্প, মানবসভ্যতায় স্নান-বিলাস, স্নান-পরিহার, জল-শৌচের হ্যাঁ এবং না। আছে সংবাদ মাধ্যমের বিবেক বিচার, আমাদের ইতিহাসের অধ্যাপক সুশোভন সরকারের রবীন্দ্রচর্চা নিয়ে নিত্যপ্রিয় ঘোষের সন্ধানী প্রবন্ধ। এই সব থেকে একটু আলাদা চরিত্রের, অবসেসিভ কম্পালসিভ ডিসরডার নিয়ে স্বচ্ছ, বোধযোগ্য প্রবন্ধটি। এর পরে আমরা পাচ্ছি হারিয়ে যাওয়া ব্যারাকপুরের বিস্মৃত ইতিহাস, যা আমাদের অজানাই ছিল। জিনিয়াসদের বিষয়ে নানা কিম্ভুত কাহিনী শুনিয়েছেন ছন্দা চক্রবর্তী, প্রধানত যুগ যুগান্তের দার্শনিকদের নিয়েই। একটি চিত্তাকর্ষক প্রবন্ধ আছে কথাকলি জানার, বিশ্বের আধুনিক ও ধ্রুপদী নৃত্যকলা নিয়ে বিস্তারিত আলোচনা। আর আছে শামিম আহমেদের বাল্মীকীর রামায়ণ বিষয়ে একটি উজ্জ্বল, বহুমুখী, জরুরি প্রবন্ধ। ''স্বর্ণকুমারীর ব্রোচ'' এক অসাধারণ স্মৃতিকথা, ঠাকুরবাড়ির মেয়েদের গল্প। আমাদের যুগটা সোশ্যাল মিডিয়ার। তাই ফেসবুকের ফক্কিকারির পরে আসে ফলের চিন্তাবিহীন সোশ্যাল মিডিয়ার উদ্দামতায় মানবজীবনের ক্ষয়ক্ষতির কাহিনী। শেষ হয়েছে আমাদের প্রাক্তন, ''চেতনা''-র অরুণ মুখোপাধ্যায়ের সঙ্গে আলাপন দিয়ে। পত্রিকাটির পাতা উল্টোতে উল্টোতে, পড়তে পড়তে গায়ে কাঁটা দেয়, এই আমাদের শিক্ষাভূমি, এইখানেই ঘটেছে আমাদের চেতনার উন্মেষ!

হৈ হৈ রৈ রৈ করে গোটা বছরটা ধরেই আমাদের দুশো বছরের জন্মদিন উদ্যাপিত হয়ে গেল। আমাদের অভিভাবক স্থানীয় শ্রীসোমনাথ চট্টোপাধ্যয়ের চেষ্টায় কে আসেন নি নমন্তন্ন রাখতে? রাষ্ট্রপতি প্রণব কুমার মুখোপাধ্যায়, প্রাক্তন প্রধানমন্ত্রী মনমোহন সিং, আমাদের শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়, আরো অনেক গণ্যমান্য মানুষ। প্রাক্তনীদের নিয়ে অনেকগুলি বিশেষ বক্তৃতার আয়োজন হয়েছিল, অমর্ত্য সেন, গায়ত্রী স্পিভাক ছিলেন তাঁদের মধ্যে। প্রেসিডেন্সির, প্রাণের প্রেসিডেন্সির দুশো পূর্ণ হোলো। সোজা কথা? সারা শহর মেতে উঠেছিল!

কিন্তু মন প্রাণ খুলে আনন্দ করতে পারছি কই? সময়টা উৎসবের নয়। সারা ভারতবর্ষ জুড়ে যে বিশৃংখলা, যে হিংস্রতা, ধর্ম-বিধর্মের নির্লজ্জ অত্যাচার, সামাজিক অনাচার, স্ত্রী আর শিশু নির্যাতন সমানেই বেড়ে চলেছে, তাতে সকলেই দিব্যি টের পাচ্ছি সময়টা আসলে ভয়ের। ভয়ের আর স্বেচ্ছাচারিতার। দেশের সংস্কৃতি যখন পতনশীল, তখনই এমনটা ঘটে। গণতন্ত্রের পায়ের নিচে মাটি টলোমলো। মানবতার নীল আকাশ কালিমাখা। ভবিষ্যৎ বজ্রবিদ্যুৎ পীড়িত, ঝঞ্ঝাঝংকৃত। আমরা কি অসহায় দর্শক? শেষ অবধি গা এলিয়ে থেকে অশুভ শক্তিমান, মানবধর্ম বিরোধীদের মুঠোয় ক্রীড়নক হয়ে যাবো? প্রেসিডেন্সি কলেজের দীর্ঘ ইতিহাস কি তাই বলে? ভয়ের বিরুদ্ধে, অবিচারের বিরুদ্ধে, অন্যায়ের বিরুদ্ধে আমাদের ছাত্রেরা চিরকাল মাথা তুলেছে। বর্তমান সময়ে সে কথা বারংবার পরস্পরকে স্মরণ করিয়ে দেওয়া দরকার। এই দুঃসময়ে আমাদের এত গা-ছাড়া ভাব কেন? স্বার্থনিমগ্ন, পতনশীল সমাজকে টেনে তুলতে মানবতার মুখে নতুন করে আলো ফেলা খুব দরকার। পথভ্রষ্ট সমাজকে উদ্ধার করে ঘরে বাইরে শান্তিরক্ষার জরুরি দিকেই যদি আমাদের নজর না পড়লো, কী হবে ঝলমলে ডিগ্রি গুলো বাক্সে পুষে রেখে দিয়ে? ভবিষ্যৎ প্রজন্মের কোনো প্রয়োজনেই লাগবে না!

সমাজ তো আমাদেরই, ঘরসংসার তো আমাদেরই, এই দলিত, এই ''বিধর্মী'' নাগরিকেরা, এ সকল ধর্ষিত মেয়েরা, শিশুরা তো আমাদেরই নিজস্ব। তাদের দিকে নজর না দিয়ে আলাদা করে বিশুদ্ধ বিদ্যাচর্চা আর অতীতচর্চা করে নিজেদের ভবিষ্যৎ আমরা কি রক্ষা করতে পারবো?

আমরা প্রাক্তনীরা অতীত আর ভবিষ্যতের মাঝখানের সেতু।

দুশো বছর ধরে প্রেসিডেন্সি আমাদের মধ্যে মানবতার বীজ বপন করেছে, অন্যায়ের বিরুদ্ধে মাথা তুলে দাঁড়াতে শিখিয়েছে। ক্ষুদ্র স্বার্থের পাঁকে ডুবে যাওয়া কি আমাদের, প্রেসিডেনশিয়ানদের মানায়? এইবারে উত্তিশষ্ঠত, জাগ্রত, বলে আমাদের পরস্পরের ঘুম ভাঙ্গাতে হবে। নিজেকে নিয়ে চিন্তাভাবনার গভীরতর মানে, নিজের দেশ আর সেই দেশের মানুষদের জন্যে ভাবনা করা। নইলে মানুষ হিসেবে আমিও টিঁকব না, আমার পরবর্তী প্রজন্মও না। তাহলে আর আমাদের আদরের কলেজের তিনশো বছরের জন্মদিনের আশা থাকবে কেমন করে, কাদের নিয়ে?

|| From the Secretary's Desk ||

# Looking beyond the Looks

BIVAS CHAUDHURI

It is a matter of great satisfaction and pride for us that we could celebrate the bicentenary of our alma mater befittingly, on our much-loved campus, and were able to involve the entire Presidency community of students, teachers, alumni and the staff. On the 200th Founders' Day, that is 20th Janury 2017, Shri Pranab Mukherjee, the then President of India, Dr Manmohan Singh, former Prime Minister of India, Shri Keshari Nath Tripathi, Governor, West Bengal, and Shri Partha Chatterjee, Education Minister, Government of West Bengal, graced the inaugural function at Derozio Hall. The programme was primarily organised by the Alumni Association in collaboration with the University. I would signify this event as the most momentous programme ever organised by the Alumni Association.

We are, therefore, entitled to a feeling of satisfaction, given the present strength and capabilities of the Alumni Association. However, we can hardly afford to rest on our laurels. The Alumni Association has to continue to maintain and promote this standard and enthusiasm. Though many alumni were unhappy about the University's 'inaugural function' for the bicentennial celebrations on 5th January, 2017, at the Prinsep Ghat, as it took place away from the main Presidency heritage campus, they appreciated the subsequent events, organized within the campus.

The Alumni Association took a stand. The Bicentennial Celebration Committee under the chairmanship of Shri Anindya Mitra strongly proposed that the 200th Founders' Day should be inaugurated only on the Presidency Campus on 20th January, 2017, and by none other than the President of India as had been done in the last two celebrations held in 1955 and 1996. Although we faced several challenges regarding fulfilling our plans, the support from the Hon'ble Education Minister of the Government of West Bengal Shri Partha Chatterjee changed the scenario. Shri Pranab Mukherjee, the then President of India, and Dr Manmohan Singh, former Prime Minister, both confirmed their gracious presence in the function, thanks to the initiative of our alumni Shri Somnath Chatterjee and Shri Sutirtha Bhattacharyya.

Now, it was a tall order for us to handle such an event involving VVIPs with high security protocol and regimented formalities. The Alumni Association is run by volunteers who are otherwise busy in their own domains. The office is manned by only one assistant. But the entire Executive Council of the Alumni Association and the indomitable Dilip-da rose to the occasion. A team of alumni burnt midnight oil and worked almost round the clock to make the event successful. The most tiring and intricate formalities of security arrangement for the President of India and Dr Singh were addressed by a team within the Alumni Association. The event was flawless except for minors slips during the food distribution at lunch time.

Morning does not always show the day. The bicentennial year 2017 in many ways has hinted that all that glitters may not be gold. While we were gearing up for the closing ceremony, some alarming news about Presidency University started pouring in. After altering the Portico and the Professors' Common Room in the main building, replacing the iconic Iron Gate at the entrance, felling the

*It is nice to see the glittering exteriors and corridors of the University buildings. But was it necessary to demolish small but important parts of it that were cherished by so many generations of students and teachers who passed through its hallowed precincts?*

century-old banyan tree near the entrance and so on, the authorities suddenly evicted Shri Pramod Swain (aka Pramod da), from the students' canteen and placed an open tender notice to bid for canteen with eligibility criteria that would only be met by big corporates. The Alumni Association requested the authorities to rescind the tender and organised joint protests with the students; however, all efforts were futile. There was a lot of buzz in the media and in social networking sites regarding this. Excerpts from our letter to the Vice Chancellor are reproduced below:

> "As is true of many other features of the Presidency ecosystem, you may be aware that the current arrangement by the above mentioned Pramod da has a deep connect with the Presidencian community over decades. This association is well documented.
>
> It was to celebrate this connect that we had cherished his company in our Bicentennial Heritage Walk a few months back. Pramod da, along with Dilip Da rode with us on a horse drawn carriage from the house of alumnus Swami Vivekananda to the Presidency Campus, clearly enjoying a very special status. Even University marketed bicentennial merchandise with Pramod da branding.
>
> The Association has been truly overwhelmed by the feedback both from Alumni and students, and therefore, requests to facilitate his continuance as manager of the existing canteen at Presidency. This will not only be conducive to the preservation and maintenance of a heritage so long nurtured, but also beneficial to the community of the students at large.
>
> He cannot match the financial parameters of the tender (i.e. turnover etc.) which are fit for a corporate setup. Nor can any corporate set up match the pricing and affordability of the food items sold in Pramodda's canteen. Not to speak of the bonding and nostalgia with which he connects the past to the present in a whole that is 'Brand Presidency' that comes without a cost.
>
> On behalf of the Presidency community and in the interest of those who constitute it, I place my request to reconsider the decision to uproot such a remarkable institution and allow the students and occasionally visiting alumni their share of laughter over tea and finger food that is sold at Pramodda's canteen."

The University's lack of response brought forth several other issues portraying a negative image about Presidency in the social media. There was pressure on the Alumni Association to perform the role of a civil society to save Presidency from ignominy.

In this background, a Bijoya Sammelani was held at the Bengal Club on 4th November 2017. Other than the joy and merriment associated with an event like this, there was a serious discussion entitled '#Looking Beyond The Looks' where Shri Prasanta Roy, Shri Jawhar Sircar, Shri Arunabha Ghosh, Shri Suman Chattopadhyay, Sm. Paula Banerjee, Shri Satyaki Chatterjee and Shri Sohail Abdi pointed towards various activities of the University administration which were not conducive to the preservation and maintenance of academic excellence and heritage. The changes were merely cosmetic in nature, meant to hide a more sordid reality behind a glossy exterior. Shri Jayanta Mitra moderated the discussion. The audience desired that the Alumni Association should initiate action by approaching the State Government in this regard. There was a huge uproar in print and e-media supporting the Alumni Association's move to save the heritage institution from further erosion.

Shri Partha Chatterjee, Education Minister, invited a team of Alumni Association members. Shri Jayanta Mitra, Shri Prasanta Roy, Shri Jawhar Sircar, Shri Amit Chaudhuri, Sm Urmi Chatterji, Sm Kathakali Jana and I met him on 11th November 2017 at the Bidhan Sabha Bhavan. He acknowledged our concern and promised to initiate corrective measures.

While we acknowledge the immense support, funding and facilities that the present Government has provided to our alma mater — this is undoubtedly higher than those given by previous governments — we cannot but notice the anomaly in the university's approach in fulfilling the

desired objectives. The Presidency community and the public at large are concerned at what is being perceived as a deterioration of Presidency's historic standards.

The institution has a heritage that has been created by the unstinting labour of countless visionaries for two centuries. Those who are in current (and temporary) charge cannot be permitted to damage or fritter away the treasures that have been built by so many.

Moreover, one needs to address the question as to what went wrong in the academic domain to attract and retain talented teachers. After all, it is the talent as well as the richness of the teaching faculty that serves as a prime attraction for students. The fact that the posts of Chair Professors are mostly lying vacant in Presidency is widely known and criticized. We are worried about the negative image, now portrayed all over the media and social network.

It is nice to see the glittering exteriors and corridors of the University buildings. But was it necessary to demolish small but important parts of it that were cherished by so many generations of students and teachers who passed through its hallowed precincts? There appears to be too much focus on buildings and looks alone. The unilateral actions of the administration in altering the inheritance of centuries without consulting stake holders are shocking. The reasons for such changes, in the name of recommendations from expert committee, appear unresolving. We were amazed to see some superfluous sculptures erected within the quadrangle of the heritage main building with public funds.

The outlook must change. The sentiments of the alumni should be appreciated. Most of the new generation of teachers and administrators who have taken the reigns of Presidency University were not associated with it earlier either as student or teacher. They need to be more sensitive and appreciate the feelings of the alumni.

The Alumni Association is an integral part of an Institution. Therefore, we cannot but hope that the name of Alumni Association will be mentioned in the University website and the signages on the campus will bear the name of the Association.

The bicentennial celebration will come to an end on 20th January, 2018, but the journey will continue. Younger generations of alumni have joined the Association and we are optimistic about our future and that of our beloved Presidency.

# গ্যালিলিও, নিউটন, আইনস্টাইন ও অভিকর্ষ–তরঙ্গ

গৌতম মণ্ডল

ফেব্রুয়ারি ১১,২০১৬ ঃ ওয়াশিংটন ডিসি'র এক বিজ্ঞান–সম্মেলনের লাইভ টেলিকাস্ট হচ্ছে, আর টাইমজোন নির্বিশেষে সমগ্র বিশ্বের অগণিত পদার্থবিদ দুরুদুরু বক্ষে টিভি খুলে বসে আছেন!

আমরা কেউ কেউ গুজবটা শুনেছিলাম বটে, কিন্তু সত্যি কিনা জানা যাবে এক্ষুণই....

হ্যাঁ, একেবারে সত্যি!

লুইজিয়ানা ও ওয়াশিংটন রাজের দুই মানমন্দিরের বিজ্ঞানীরা এক অতি গুরুত্বপূর্ণ আবিষ্কার করেছেন, যার নাম 'অভিকর্ষ–তরঙ্গ'! বিজ্ঞানীদের উত্তেজনা তাই তুঙ্গে। অনেকে এই যুগান্তকারী আবিষ্কারকে টেলিস্কোপ দিয়ে গ্যালিলিওর প্রথম গ্রহ দর্শনের সঙ্গে তুলনা করছেন।

কিন্তু, এতো উত্তেজনার কারণ কি?

'অভিকর্ষ–তরঙ্গ' বস্তুটি আসলে কী?

এতোদিনে এই বিষয় নিয়ে ইংরেজি ও অন্যান্য ভাষায় অনেক নিবন্ধ লেখা হয়ে গেছে। আমরা আজ বাংলা ভাষায় এবং একটু ভিন্ন দৃষ্টিকোণ থেকে 'অভিকর্ষ–তরঙ্গ' নিয়ে দু'এক কথা বলবার চেষ্টা করবো।

'অভিকর্ষ–তরঙ্গ'–কে সাধারণত 'স্থান–কালের কাঠামো বা বুনুনিতে এক মৃদু কম্পন' (ripple in the spacetime fabric) বলে বর্ণনা করা হয়। সংজ্ঞাটি যথার্থ সন্দেহ নেই, তবে এ'হেন সব চমকপ্রদ শব্দের হয়ত সরলতর ব্যাখ্যা হলে ভাল হয়। এক কাজ করা যাক, এ সব তথ্য বোঝার আগে আমরা অভিকর্ষ বলের গোড়ার কথা কিছু বোঝার চেষ্টা করি। বলে রাখা ভাল, এই প্রসঙ্গে যে সমস্ত তথ্যের আমরা অবতারণা করব, তার ইতিহাসের খুঁটিনাটিতে অল্পবিস্তর খুঁত থাকা অসম্ভব নয়, তবে অভিকর্ষ বলের গল্প অনুসরণ করতে তা খুব একটা প্রাসঙ্গিক হবে না।

আমাদের কাহিনীর শুরু ষোড়শ শতকের শেষ দশকের একদিনে, যেদিন প্রফেসর গ্যালিলিও গ্যালিলেই পিসা বিশ্ববিদ্যালয়ে করেছিলেন এক যুগান্তকারী পরীক্ষা। আপাতঃ দৃষ্টিতে এ ছিলো এক সামান্য পরীক্ষা। পিসার হেলানো টাওয়ারের চূড়া থেকে উনি ভিন্ন ভিন্ন ভরের দুইটি গোলক একই সঙ্গে নিচে ফেলেন, এবং ভূমি স্পর্শ করতে গোলক দুটির কী কী সময় লাগে, তা নথিবদ্ধ করেন (কারো কারো মতে, উনি বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরে এক ঢালু পথে এই পরীক্ষাটি করেছিলেন)।

আচ্ছা, দাঁড়ান, এখানে একটা প্রশ্ন করি ঃ বলুন তো, কোন বলটি প্রথম ভূমি স্পর্শ করবে? ভারি বলটি, না হাল্কা বলটি ? ভারিটি নিশ্চয়ই?

সাধারণ বোধবুদ্ধিতে তো তা–ই বলে, নয়কি? বস্তুত, সেই অ্যারিস্টটলের কাল থেকে চলে আসা 'বৈজ্ঞানিক' মতও তো তারই সমর্থনে, যা বলে, পতনের গতি বস্তুটির ভরের সঙ্গে সমানুপাতিক।

সকলকে আশ্চর্য করে দিয়ে গ্যালিলিও কিন্তু আবিষ্কার করলেন যে, দুটি বলই একই সময়ে ভূমি স্পর্শ করল, ভারি ও হাল্কা বল মাটিতে পৌঁছতে নিল সমান সময়! বস্তুতঃ, এরই ভিত্তিতে গ্যালিলিও তাঁর 'অবাধ পতনের তত্ত্ব'র (Law of Free Fall) প্রণয়ন করলেন, যাতে বলা হল, ''ভর ও অন্য বৈশিষ্ট্য নির্বিশেষে, বস্তুর পতনের গতি সর্বদাই সমান হবে''।

আচ্ছা, এমন কি হতে পারে যে গ্যালিলিওর পরীক্ষাটি হয়ত নির্ভুল ছিলো না? উঁহু, আমরা সে সম্ভাবনা অনায়াসে উড়িয়ে দিতে পারি, কারণ এই পরীক্ষাটি সাম্প্রতিক কাল অবধি বারংবার করা হয়েছে, এবং করা হয়েছে নিখুঁতভাবে (যেমন, যথাসম্ভব বায়ুশূন্য টিউবের মধ্যে বল দুটি ফেলে)। অর্থাৎ, গ্যালিলিও ছিলেন নির্ভুল।

তাহলে? কেন এমন হয়? আকারে আয়তনে ভরে ও অন্যান্য নিরিখে ভিন্ন ভিন্ন হওয়া সত্ত্বেও দুটি বল একই সময়ে ভূমি স্পর্শ করে কেন? আশ্চর্যের কথা, এ' প্রশ্নের উত্তর পরবর্তী তিন শতাব্দীতেও পাওয়া যায়নি, যদিও এক শতাব্দীর মধ্যেই গ্যালিলিওর পরীক্ষার এই বিষয়টি 'পৃথিবী ছেড়ে বহির্বিশ্বে পাড়ি' দিয়েছিল! ১৬৭৯ খৃ. নাগাদ কেম্ব্রিজ বিশ্ববিদ্যালয়ে বসে প্রফেসর আইজাক নিউটন ভাবছিলেন যোহানেস কেপলার আবিষ্কৃত কয়েকটি বৈজ্ঞানিক সূত্রের কথা। কেপলারের গুরু টাইকো ব্রাহে বহু অধ্যবসায়ে সৌরমণ্ডলের গ্রহরাজির অবস্থান নিয়ে ব্যাপক তথ্য সংগ্রহ করেছিলেন।

কেপলার আবিষ্কার করেন যে, সমস্ত গ্রহেরই গতি একই সাথে তিন খানি অতি সরল নিয়ম মেনে চলে। এ' যেন এক মহাজাগতিক বৃন্দ নৃত্যের প্রদর্শনা! কোথা থেকে এল এই নিয়ম?

কেপলারের সূত্রের একটি সারমর্ম ছিলো এই যে, কোনো গ্রহের আবর্তনের গতি তার ভর নিরপেক্ষ। এ যেন শত বৎসর পূর্বে গ্যালিলিওর সেই পর্যবেক্ষণের অনুরণন!

এইখানে বিজ্ঞান-ইতিহাসের এক অনন্য দূরদর্শিতায় স্যর আইজাক নিউটন ঘোষণা করলেন, সৌর জগতের গ্রহরাজির গতি ও এই ভূপৃষ্ঠে কোনো বস্তুর পতন – এই দুটোই একই কারণে ঘটে থাকে। আর, সে হলো এই বিশ্বচরাচরের যে কোনো দুই বস্তুর মধ্যেকার পারস্পরিক আকর্ষণ। নিউটন এই অদৃশ্য বলের (force) নাম দিলেন 'অভিকর্ষ' (gravitation)। গ্রহরাজির ক্ষেত্রে এই আকর্ষণের উৎস হলো সূর্য, যা তাদের সূর্যের চারিদিকে নিয়মমাফিক আবর্তনে বাধ্য করে। পৃথিবীতে অবস্থিত কোনো বস্তুর ক্ষেত্রে এই আকর্ষণের উৎস হলো পৃথিবী, যার ফলে গ্যালিলিওর গোলকগুলি বা গাছের আপেল সবই নিচের দিকে পড়ে। এর থেকে নিউটন প্রণয়ন করেন তাঁর 'অভিকর্ষের তত্ত্ব'ঃ

(ক) অভিকর্ষবলের (gravitational force) প্রভাবে ঘটিত কোনো বস্তুর ত্বরণ (acceleration) তার ভর ও অন্যান্য বৈশিষ্ট্যের উপর নির্ভরশীল নয়।

(খ) দু'টি বস্তুর মধ্যেকার পারস্পরিক বল তাদের দূরত্বের বর্গের ব্যস্ত-সমানুপাতিক (the force between two objects is inversely proportional to the square of the distance between them)।

নিউটন গাণিতিক প্রমাণ করে দেখালেন যে, কেপলারের সূত্র তাঁর অভিকর্ষের সূত্রেরই ফলশ্রুতি। (অবিশ্বাস্য এই যে, এই প্রমাণ করতে গিয়ে আবার নিউটন আর একটি যুগান্তকারী আবিষ্কার করে বসলেন, যেটি ক্যালকুলাস নামক এক নতুন গণিতশাস্ত্র!) দ্বিতীয়ত, গ্যালিলিওর পরীক্ষায় যেহেতু গোলক (ball) দুটি একই উচ্চতা থেকে ফেলা হয়েছিলো, অভিকর্ষের সূত্র তাই পরিষ্কার প্রমাণ করে যে তাদের ভর, আকার, আয়তন ও গঠন নির্বিশেষে পড়ন্ত গোলকদুটির ত্বরণ (acceleration) এবং ফলত, গতিবেগ, একই হবে।

তাহলে কি নিউটনের সূত্র সত্যিই গ্যালিলিওর পর্যবেক্ষণের রহস্য উন্মোচন করলো? না। বরং নিউটন 'অভিকর্ষের 'ক' ধর্মটির অবতারণা করে গ্যালিলিওর পর্যবেক্ষণকে এক মহাজাগতিক সার্বভৌমত্বে উন্নীত করলেন!

পরবর্তী শতাব্দীগুলিতে অন্যান্য নানান বলের (force) উদ্ভাবনা ও পরিমাপন করা হলো ঃ বিদ্যুৎ ও চৌম্বকত্বের পরিচিত বল, অথবা পরমাণু কেন্দ্রকের আভ্যন্তরীণ বল। কিন্তু এর মধ্যে কোনও বলেরই উপরিবর্ণিত 'ক' ধর্মটি নেই।

ঘটনাটি ভাল করে বুঝতে আপনার বাড়িতেই সামান্য এই পরীক্ষাটি করে দেখতে পারেন। মাটিতে এক খণ্ড চুম্বক রাখুন (ফ্রিজের গায়ের স্টিকারও হতে পারে)। মাটিটা মসৃণ হলে ভাল হয়, নৈলে ঘর্ষণজনিত বাধা বেড়ে যাবে। চুম্বকটি থেকে সমান দূরত্বে একটি কাগজের বল, একটি ছোট স্টিল সেফটিপিন ও দরোজার একটি স্টিলের চাবি রাখুন। দেখা যাবে, কাগজের বলটি নড়লোইনা, সেফটিনপিনটাহুস্ করে গিয়ে চুম্বকের গায়ে সেঁটে গেলো, আর চাবিটি অপেক্ষাকৃত ধীরে চুম্বকের দিকে যেতে লাগলো। কিন্তু আশ্চর্য এই যে, এই একই তিন বস্তুকে যদি ওপর থেকে মটিতে ফেলে দেওয়া হতো তো তিনটি একই সময়ে ভূপাতিত হতো। অর্থাৎ, অভিকর্ষের কাছে অব্যাপ্য কিছুই নেই ঃ ভারি স্টিলের চাবি ও হালকা কাগজের বলে সে পার্থক্য করে না।

অতএব, গ্যালিলিও সাহেবের পরীক্ষার রহস্য থেকে আবির্ভূত হল এক গভীরতর রহস্যঃ 'সকল জ্ঞাত বলের থেকে অভিকর্ষ বল অন্য প্রকার কেন?'

এই রহস্যের সমাধান অবশেষে করলেন, আইজ্যাক নিউটনের কালের প্রায় দুই শতাব্দী পরে, ১৯১৫তে, অ্যালবার্ট আইইস্টাইন তাঁর 'সাধারণ আপেক্ষিকতা তত্ত্ব' (General Theory of Relativity) প্রয়োগ করে। কি করে, তা বুঝতে হলে, আমাদের বিশেষ আপেক্ষিকতার তত্ত্বে'(Special Theory of Relativity) একবার উঁকি দিতে হবে, যা দশ বছর আগেই (১৯০৫ খৃ.) আইনস্টাইন আবিষ্কার করেছিলেন। 'বিশেষ আপেক্ষিকতা' তত্ত্ব কী? একটি উদাহরণ দিয়ে শুরু করা যাক ঃ

দু'টি ট্রেন, ধরুন সমান গতিতে বিপরীত দিক থেকে এসে এক প্ল্যাটফর্মকে অতিক্রম করছে। একটি কচ্ছপ, ধরা যাক, প্ল্যাটফর্মে দাঁড়িয়ে দুটি ট্রেনকেই ঘণ্টায় ষাট কিলোমিটার গতি বেগে ধাবিত দেখছে। এবার ধরুন, প্রথম ট্রেনে বসে আছে একটি খরগোশ, যে দ্বিতীয় ট্রেনটিকে পাশ দিয়ে চলে যেতে দেখছে। খরগোশটির কাছে দ্বিতীয় ট্রেনটির গতিবেগ কী হবে?

আমাদের অভিজ্ঞতা থেকে আমরা জানি যে দ্বিতীয় ট্রেনটি ঝাঁ করে প্রথম ট্রেনটিকে অতিক্রম করে চলে যাবে। ১৯০৫-এর পূর্বের জ্ঞান বলবে খরগোশটির কাছে দ্বিতীয় ট্রেনটির গতি হবে ৬০+৬০ = ১২০ কিমি / ঘণ্টা। কিন্তু এই তত্ত্বের খামতি হলো এই যে, দ্বিতীয় ট্রেনটির জায়গায় আমরা যদি এক আলোকরশ্মির কথা ভাবি তাহলে খরগোশটির কাছে আলোকের গতি কচ্ছপের মাপা গতি থেকে দ্রুততর হবে। কিন্তু এটা তো অসম্ভব, কারণ পরীক্ষা করে দেখা গেছে যে, যে কোনও দুই ত্বরণবিহীন পর্যবেক্ষকের কাছে, তাদের মধ্যে আপেক্ষিক গতি থাকলেও, আলোকের গতি এক হতে বাধ্য! আইনস্টাইনের যুগান্তকারী সিদ্ধান্ত ছিলো এই যে দুই আপেক্ষিক গতিশীল ব্যক্তির ঘড়ি দু'রকম গতিতে চলবে! শুধু তাই নয়, তাদের দূরত্বের মাপকাঠিও দুরকম হবে। ঠিক এমনভাবে তা হবে যে, আমদের উদাহরণে খরগোশ আর কচ্ছপ তাদের নিজস্ব ঘড়ি আর রুলার ব্যাবহার করে দেখবে, আলোকের গতি দুজনের কাছেই একই! শুধু তাই নয়, ওই যে ১২০ কিমি / ঘণ্টার হিসেব দিয়েছিলাম, আইনস্টাইনের তত্ত্ব অনুযায়ী ওটি ভুল, বস্তুত খরগোশ দেখবে দ্বিতীয় ট্রেন যাচ্ছে ঘণ্টায় ১২০ কিলোমিটারের ৪০ সেন্টিমিটার কম! দুই পর্যবেক্ষকের মধ্যে এই যে সময় আর দূরত্বের মাপের পার্থক্য, এ এক সুনির্দিষ্ট গাণিতিক নিয়ম মেনে চলে। এই নিয়ম

যাকে বলা হয় Lorentz transformation, তার বিস্তারিত আলোচনা বর্তমান নিবন্ধের আওতার বাইরে, তাই দুটি ডায়াগ্রাম দিয়ে ব্যাপারটা একটু বোঝার চেষ্টা করা যাকঃ







এখানে উপরের ছবিতে x বোঝাচ্ছে স্থান আর t বোঝাচ্ছে সময়, যা কোনও স্থিত ব্যক্তির (যেমন আমাদের উদাহরণের শ্রীযুক্ত কচ্ছপের) পরিমাপ অনুযায়ী। নীচের ছবিতে গতিশীল ব্যক্তির (যথা আমাদের শ্রীযুক্ত খরগোশের) বর্ণনা অনুযায়ী স্থান এবং কালের পরিমাপ বদল হয়ে দাঁড়িয়েছে x' এবং t'। দুটি অক্ষেরই বেঁকে যাওয়া হল এই পরিবর্তনের মূল কথা, যার ফল হয় আশ্চর্য। বাঁ দিকের ছবির বিন্দুগুলির দ্বারা খরগোশের ১,২,৩ এবং ৪ সেকেন্ডের অবস্থান দেখানো হয়েছে লক্ষ্যণীয় এই যে খরগোশের ১ সেকেন্ড কচ্ছপের ১ সেকেন্ডের চাইতে বড়! এরই ফলে, পৃথিবীপৃষ্ঠের পাঁচ মিনিট হয় উড়ন্ত মহাকাশযানে অবস্থানকারীর পাঁচ মিনিটের চেয়ে আলাদা। অর্থাৎ, সময়ের কোনও বিশেষ ভূমিকা নেই, সে রয়েছে অবিচ্ছেদ্যভাবে জড়িয়ে স্থানের সঙ্গে। এইভাবে আইনস্টাইনের 'বিশেষ আপেক্ষিকতাবাদতত্ত্ব' সম্পূর্ণ বদলে দিয়েছিল স্থান-ও-কালের ধারণাটিকে, এসে পড়েছিল 'স্থান-কাল'-এর নব্য ধারণা!

১৯১৫তে 'ত্বরণশীল পর্যবেক্ষকের (accelerated observer) ধারণা এনে আইনস্টাইন তাঁর এই আপেক্ষিকতা তত্ত্বকে 'সাধারণ' (generalized) রূপ দিলেন। এটি বুঝতে, আবার একটি কাল্পনিক পরীক্ষা করা যাক্। ধরুন, মহাশূন্যে একটি ছোট স্পেস-ক্যাপসুল রয়েছে, যার মধ্যে একটি গোলক (ball) স্থির বসানো রয়েছে। তার উপর কোনো বল (force) ক্রিয়াশীল না হলে গোলকটি স্থিরভাবেই ভাসতে থাকবে। এখন, ভাবুন, হঠাৎ যদি সেই স্পেস-ক্যাপসুলটি উপরের দিকে উঠতে থাকে, তবে কী হবে? স্পেস-ক্যাপসুলের বাইরে

> নিউটন গাণিতিক প্রমাণ করে দেখালেন যে, কেপলারের সূত্র তাঁর অভিকর্ষের সূত্রেরই ফলশ্রুতি। (অবিশ্বাস্য এই যে, এই প্রমাণ করতে গিয়ে আবার নিউটন আর একটি যুগান্তকারী আবিষ্কার করে বসলেন, যেটি ক্যালকুলাস নামক এক নতুন গণিতশাস্ত্র!)

স্থিত একজন নভশ্চারীর (ধরা যাক, নাম মাইকেল) চোখে গোলকটি কিন্তু সেই এক জায়গাতেই স্থির হয়ে থাকবে কারণ তার উপর কোনো হল ক্রিয়াশীল নয়, কিন্তু ক্যাপসুলের মেঝেটি (floor) উঠে এসে গোলকটিকে স্পর্শ করবে। এখন আরেকজন নভশ্চারী, ধরা যাক নাম এডউইন, যে কি না ক্যাপসুলের মেঝেতে বসে রয়েছে, সে কি দেখবে? তার চোখে গোলকটি সহসা গতিপ্রাপ্ত হয়ে মেঝের দিকে ধেয়ে আসবে, যেন ঐ অভিমুখে একটি বল (force) ক্রিয়াশীল হয়েছে। এখন, ভাবুন তো, এই নিরীক্ষাটি যদি বিভিন্ন আকার, আকৃতি, চরিত্র, ও ভর-সম্বলিত অনেকগুলি গোলক (ball) নিয়ে করা হয়? সব গোলকগুলি যদি মেঝে থেকে সমদূরত্বে থাকে তবে মাইকেলের চোখে মেঝেটি উঠে এসে তাদের একই সঙ্গে স্পর্শ করবে। আবার, এডউইনের চোখে কোনো অদৃশ্য বলের ক্রিয়াশীলতার কারণে সব গোলকগুলিই একই সঙ্গে সম গতিতে মেঝেতে এসে পড়বে। কী, আমাদের আগের অভিকর্ষ-বলের আলোচনার সঙ্গে বড্ড মিল পাওয়া যাচ্ছে এই কাল্পনিক পরীক্ষাটির, না? আইনস্টাইনের 'সাধারণ আপেক্ষিকতাতত্ত্ব' বলছে, হ্যাঁ, এই হলো অভিকর্ষ-বলের প্রকৃত রূপ। অভিকর্ষ বলের প্রভাবে গতিশীল কোনও বস্তুকে ক্ষুদ্র ক্ষুদ্র সময়কালের জন্যে সত্যি সত্যিই এক একটি ত্বরণশীল পর্যবেক্ষকের আওতায় (accelerated frame of reference) বলে ভাবা যায় (আমাদের এডউইনের মতো)।

উপরের আলোচনার সারমর্ম দাঁড়ালো, অভিকর্ষ-বল হলো সর্বজনীন। চরিত্র/প্রকৃতি নির্বিশেষে সকল বস্তুই এর দ্বারা সমভাবে ত্বরান্বিত (accelerated) হয়। গ্যালিলিওর তিন শতাব্দী প্রাচীন রহস্যের সমাধান এইভাবেই করলেন আইনস্টাইন।

আপেক্ষিকতাবাদের 'বিশেষ' আর 'সাধারণ' তত্ত্বের মধ্যে একটি গুরুত্বপূর্ণ পার্থক্য হল, বিশেষ তত্ত্বের ক্ষেত্রে আমরা স্থান-কালকে সাধারণ গ্রাফ পেপারের মতো চৌকো গ্রিড রূপে উপস্থাপিত করতে পারি, বা কোণাকুনি গ্রিড (sheared grid) রূপে। দুই বর্ণনাই সঠিক এবং তুল্যমূল্য। চাইলে আমরা সমস্ত ঘটনা, পরীক্ষা-নিরীক্ষার

ফলাফল চৌকো গ্রিডের সাহায্যে বর্ণনাই করতে পারি। সাধারণ আপেক্ষিকতাবাদের ক্ষেত্রে এই সুবিধাটি থাকে না। এ ক্ষেত্রে স্থান-কালের বর্ণনার অবিচ্ছেদ্য অঙ্গ হলো এক বক্র গ্রিড (warped grid) যা অনেক ক্ষুদ্র ক্ষুদ্র কোণাকুনি গ্রিড্রে সমন্বয় (নীচের ছবিতে এটি বোঝানোর চেষ্টা করা হয়েছে)। এই সমন্বয়কেই গাণিতিক ভাষায় 'বক্র স্থানকাল' (curved space-time বলে)। ক্ষুদ্র অংশগুলিকে অনেক ছোট স্পেস-ক্যাপসুলের মতো স্থানীয় ত্বরণের আওতায় (accelerated frame of reference) বলে ভাবা যেতে পারে, যাদের সামগ্রিক দৃষ্টিকোণ থেকে অভিকর্ষ বলের প্রতীতি হয়।



'অভিকর্ষ বল' বিষয়টি তাহলে কী দাঁড়ালো?

এ হল কোনো এক বস্তুর উপস্থিতির ফলে স্থান-কালের জ্যামিতির বক্রতা। অন্য ভাষায়, ছোট ছোট পরিসরে ঘড়ি এবং রুলারের মাপকাঠির বদল। যে কারণে অভিকর্ষ-বল হল সবার জন্যে হুবহু এক। এখানে এটা সঙ্গে সঙ্গেই বলা উচিত যে, একমাত্র অভিকর্ষ-বলেরই এমন জ্যামিতিক ব্যাখ্যা আছে। তড়িৎ-চুম্বকীয় বল বা পারমাণবিক বলের মতো অন্য কোনো বলের এমন ব্যাখ্যা হয় না, কারণ কোনো বস্তুর উপর এইসব বলের প্রভাব কী হবে সেটা নির্ভর করে সেই বস্তুর প্রকৃতির উপর (যেমন, আগে দেখা দৃষ্টান্তে চৌম্বকীয় বল কাগজ পিণ্ডকে টানলো না কিন্তু লোহার সেফটিপিনটিকে টানলো)। নিবন্ধ শেষে এইবার তাহলে ফিরে আসি আমাদের প্রথম প্রশ্নেঃ 'অভিকর্ষ-তরঙ্গ' বিষয়টা তাহলে কী দাঁড়াচ্ছে?

আইনস্টাইনের সাধারণ আপেক্ষিকতার সমীকরণ অনুযায়ী, কোনও ভারী বস্তুর নিকটে স্থানকাল-গ্রিডের বক্রতা সুনির্দিষ্টভাবে নির্ণয় করা যায়। বিষয়টা এ'ভাবে কল্পনা করা যেতে পারেঃ একটা ভারি গোলককে (ball) ধরুন এক স্প্রিঙে বাঁধা-চাদরের (trampoline) উপর রাখা হল, আরও ভাল করে বোঝার জন্যে ভাবুন চাদরটি চেককাটা। গোলক যত ভারী হবে আশপাশটা ততো ঝুলে পড়বে, আর চাদরের গ্রিড-গুলিও বিকৃত হবে, তাই না? সত্যি বলতে কি, স্থানকালের 'বুনুনি' শব্দটি এই সাদৃশ্য থেকেই এসেছে। এবারে, গোলকটিকে যদি নাড়াচাড়া করাই, চাদরের গ্রিডের বিকৃত জায়গাগুলিও নড়াচড়া করবে। সাধারণ আপেক্ষিকতার তত্ত্ব আবিষ্কারের অব্যবহিত পরেই আইনস্টাইন আবিষ্কার করলেন যে বিশাল কোনো বস্তুর গতি স্থানকালের গ্রিডে সূচনা করতে পারে দোলনের (oscillation), যেটা কিনা ক্রমে ক্রমে বাইরের দিকে ছড়িয়ে পড়ে। এই দোলনকেই আইনস্টাইন 'অভিকর্ষ-তরঙ্গ' (gravitational) বলে বর্ণনা করেছিলেন। অবশ্য, উনি নিজেই ওনার এই তাত্ত্বিক আবিষ্কারের সত্যতা নিয়ে শেষ অবধি দোলাচলে ছিলেন।

আমাদের কাহিনির এক্কেবারে শুরুতে যে 'অভিকর্ষ তরঙ্গের' কথা বলা হয়েছিল, সেটা আজ থেকে কয়েকশো কোটি বছর আগে এক মহাজাগতিক সংঘর্ষের ফলে ঘটেছিলো ঃ এক সেকেণ্ডের কম সময়ের মধ্যে সূর্যের থেকে প্রায় ত্রিশ গুণ বড়ো দুটি কৃষ্ণগহ্বর (black hole) মিশে এক হয়ে গিয়েছিলো। এই সংঘর্ষের ফলে হিরোসিমায় ফেলা পরমাণু বোমার কোটি কোটি কোটি কোটি কোটি গুণ বেশি শক্তির উদ্ভব হয় যা অভিকর্ষ-তরঙ্গ হিসেবে মহাকাশে ছড়িয়ে পড়ে। শক্তির পরিমাণটি এতো বিশাল হওয়া সত্ত্বেও কয়েকশ কোটি আলোক বর্ষের দূরত্ব পেরিয়ে পৃথিবীতে এসে পৌঁছেছিলো তার সামান্য মাত্র। স্থানকাল গ্রিডের যেটুকু বিকৃতি অবশিষ্ট ছিল, তাতে চার কিলোমিটার লম্বা এক Interferometer যন্ত্রের বাহুর দৈর্ঘ্যের হেরফের হল এক মিলিমিটারেরও লক্ষ লক্ষ লক্ষ ভাগ! অসামান্য প্রযুক্তির প্রয়োগে তাই-ই মাপা হল লাইগো মানমন্দিরে (LIGO : Laser Interferometer Gravitational-Wave Observatory)।

আইনস্টাইন সাধারণ আপেক্ষিকতা তত্ত্বের শেষ অপরীক্ষিত অঙ্গটি এইভাবে প্রমাণিত হয়ে গেলো 'অভিকর্ষ-তরঙ্গের' প্রত্যক্ষ পর্যবেক্ষণের মাধ্যমে। আরও গুরুত্বপূর্ণ হলো এই যে অভিকর্ষ-তরঙ্গের আবিষ্কারের দ্বারা জ্যোতির্বিজ্ঞান চর্চায় খুলে গেল এক নবদিগন্ত, যা এতাবৎ অধরা ছিল। কেন? আবার গ্যালিলিওর পরীক্ষায় ফিরে যাই। আগেই বলেছি, অভিকর্ষ সর্বজনীন। তাই, যে কোনো দ্রুত-পরিবর্তনশীল ঘটনা অভিকর্ষ-তরঙ্গ উৎপন্ন করতে পারে (অন্যদিকে রেডিও বা আলোকতরঙ্গ শুধুমাত্র ধনাত্মক/ঋণাত্মক পদার্থের আন্দোলনে সৃষ্ট হতে পারে)। অতএব, 'অভিকর্ষ-তরঙ্গ জ্যোতির্বিজ্ঞান'-এর অগ্রগতির সাথে সাথে আমরা উঁকি দিতে পারবো এ' বিশ্বচরাচরের কোণে কোণে, যেখানে এতাবৎ জ্ঞান-দৃষ্টি পৌঁছয়নি মানুষের। বিশেষতঃ, ব্রহ্মাণ্ড সৃষ্টির আদিতম কালেও হয়ত পৌঁছে যেতে পারবে মানুষের জ্ঞান যা এতদিন ছিল কল্পনার রাজ্যে।

পুনশ্চঃ এই নিবন্ধটি জমা দেওয়ার দিন আবার যেন সেই ২০১৬ সালের ফেব্রয়ারির দিনটির পুনরাবৃত্তি হল! নোবেল কমিটির লাইভ ঘোষণা হবে, এ বছরের নোবেল পদার্থবিদ হবেন কারা। অধীর উৎসাহে অপেক্ষা, অবশেষে জানা গেল, হ্যাঁ, ঠিক তাই- সেরা পদার্থবিদ ঘোষিত হলেন কিপ থর্ন, রাইনার ওয়াইস এবং ব্যারি ব্যারিশ, অভিকর্ষ-তরঙ্গ জয়ী ত্রয়ী। কি বলুন? আমরা কি আর কাউকে ভাবতে পারতুম? অবশ্যই না!

কৃতজ্ঞতা স্বীকারঃ এই নিবন্ধটির মূল ইংরিজি সংস্করণ লেখকের হোম পেজে পাওয়া যাবে (http://theory.tifr.res.in/-mandal/)। বাংলা সংস্করণের অনুপ্রেরণা দেওয়া, এবং এমনকি বঙ্গানুবাদের প্রাথমিক খসড়া পর্যন্ত বানিয়ে দেওয়ার জন্যে বন্ধুবর দীপঙ্কর চৌধুরীর কাছে আমি অশেষভাবে কৃতজ্ঞ।

# ব্যায়ামবীর বাঙালী

## তরুণকুমার গোস্বামী

১৮৯৩ খৃষ্টাব্দ

ক্রিস্টোফার কলম্বাসের আমেরিকা আবিষ্কারের চারশ’ বছরপূর্তি উৎসব পালিত হচ্ছে শিকাগো শহরে, মহা সমারোহে! এই উপলক্ষ্যে এক বিশাল মেলার আয়োজন করা হয়, নাম তার ‘World's Columbian Exposition’. এখানেই আয়োজিত হয় প্রখ্যাত ‘বিশ্বধর্ম মহাসম্মেলন’, এবং তার পাশাপাশি অন্যান্য প্রদর্শনী, যেখানটি থেকে আমাদের আজকের এই নিবন্ধের পথ চলার শুরু।

Columbian Exposition দুই জন তরুণকে বিশ্বখ্যাতি এনে দিয়েছিলো। প্রথমজন অবশ্যই ভারতের স্বামী বিবেকানন্দ, শিকাগোতে তাঁর ‘বিশ্বজয়’-এর কাহিনি বাঙালি তথা ভারতীয়দের কাছে নতুন করে বলার কিছু নেই। দ্বিতীয় যুবকটিও স্বামীজীর প্রায় সমবয়সী, জাতে জার্মান, নাম তাঁর ইউজিন স্যান্ডো (১৮৬৭-১৯২৫ খৃ.) প্রকৃত নামঃ ফ্রিডরিখ উইলহেম মূলার, যাঁর খ্যাতি ‘আধুনিক শরীরচর্চার জনক’ হিসেবে। এবং হ্যাঁ, বাঙালী যুবকদের উপরেও ইউজিন স্যাণ্ডোর পরোক্ষ প্রভাব বড়ো কম ছিলো না (‘আবোল তাবোল’-এর সেই অনন্য লাইন মনে নেই, ‘জানিস্, আমি স্যান্ডো করি?’)। আমাদের আজকের নিবন্ধের শুরু ওঁর থেকেই, যদিও সেই ‘শুরু’তে আসবার আগে ‘শুরুর শুরু’-র কথাও বলে নিতে হয় দুটো, এবং সেই প্রসঙ্গেই ফের ফিরে আসা স্বামী বিবেকানন্দের কাছে।

গতবছরেই অনুষ্ঠিত হয়ে গেলো (২০১৭তে) শিকাগো ধর্মমহাসভার ১২৫তম বর্ষপূর্তি। স্বামীজীর শিকাগো বক্তৃতার তাৎপর্য দিনে দিনে গভীর থেকে গভীরতর হচ্ছে, এবং মানুষের মধ্যে বিবেকানন্দের দর্শন পড়বার উৎসাহ হচ্ছে ক্রমপ্রসারিত। আমাদের আজকের এই আলোচনাকে অবশ্য আমরা সীমাবদ্ধ রাখবো তাঁর দুইটি উক্তির মধ্যেই। স্বামী বিবেকানন্দই ছিলেন প্রথম এক ‘ধর্মগুরু’ যিনি মানসিক উৎকর্ষসাধনের সঙ্গে সঙ্গে শারীরিক বলে বলীয়ান হবার গুরুত্বকেও সমমর্যাদা দিয়েছিলেন। ‘muscles of iron and nerves of steel’ ছিলো তাঁর মন্ত্র। স্বামীজীর দ্বিতীয় উক্তিটি অধিকতর জনপ্রিয়, ‘...গীতাপাঠ অপেক্ষা ফুটবল খেলিলে তুমি স্বর্গের অধিকতর সমীপবর্তী হইবে’! কী অসাধারণ শিক্ষা, না, বিশেষত হিন্দুধর্মের এক শ্রেষ্ঠ সন্তের কাছ থেকে?! স্বামীজী দেখেছিলেন, পানাপুকুরে স্নান করে আর গীতাপাঠ করে বাকি দিন যারা নিষ্কাম নিদ্রায় কালাতিপাত করে তাদের জাগাতে চাই ফুটবল ঃ এমন একটি খেলা যেখানে একটি লাথি মারলে আরেকটি লাথি ফিরে আসে। বিবেকানন্দের দেহত্যাগের এক দশকের মধ্যে খাঁটি বৃটিশ ফৌজিদল ইস্ট ইয়র্কশায়ারকে ২-১ গোলে পরাজিত করে মোহনবাগানের শিল্ডবিজয় যে বাঙালিজাতি তথা ভারতবাসীকে উদ্বেলিত করে তুলেছিল সেটা তো ইতিহাস, এক পরাধীন দেশের জাগরণের সোনারকাঠি! ‘চাই উদ্যম, চাই সাহসিকতা, চাই অনন্ত সম্মুখ প্রসারিত দৃষ্টি আর চাই শিরায় শিরায় সঞ্চারকারী রজোগুণ’- স্বামীজীর এই বাণী জাগিয়ে তুলেছিলো বাঙালিকে। ঘোর জাত্যভিমানী টমাস ব্যাবিংটন মেকলে বাঙালিকে যে ‘পেলব, ভীরু, কাপুরুষ’-রূপে দেগে দিয়ে গিয়েছিলেন, স্বামীজী তা মুছে দিতে সচেষ্ট হয়েছিলেন ‘সাহসী, পরোপকারী ও দেহমন্দিরের পূজারী’ বাঙালীদের দিয়ে। ‘জয় বাবা ফেলুনাথ’ ছবিতে ব্যায়ামবীর-চরিত্র গুণময় বাগচীকে মনে আছে? চরিত্রটিতে রূপদান করেছিলেন শ্রী মলয় রায় (বিশ্বশ্রী মনোতোষ রায়ের পুত্র)। ছবিতে গুণময় বেনারসে এসেছেন স্থানীয় ‘বেঙ্গলি ক্লাবে’ পুজোর অনুষ্ঠানে দেহসৌষ্ঠব প্রদর্শন করতে। উঠেছিলেন ফেলুদাদের ঘরেই। সামনে একটি প্রমাণ সাইজের আয়না। দাঁড়িয়ে দাঁড়িয়ে গুণময় মাসল্স দেখাচ্ছেন এটা ‘ডেল্টয়েড’, এটা ‘বাইসেপস্’ এটা ‘ল্যাটিসিমাস্’....আর লালমোহনবাবু বসে ডায়েরিতে নোট করে করে নিচ্ছেন। তারপরেই গুণময়ের মুখে সত্যজিতের সেই বিখ্যাত মন্তব্য, ‘আমাদের দেহটা হলো মন্দির, আর (তারপর পেশীগুলোকে দেখিয়ে) এগুলো তার কারুকার্য!’

হ্যাঁ, আমাদের আজকের এই নিবন্ধ এমন কয়েকজন প্রখ্যাত বাঙালী ব্যায়ামবীরকে নিয়েই।

ইউজিন স্যাণ্ডোর প্রসঙ্গের অবতারণা করছিলাম ঃ আধুনিক বৈজ্ঞানিক ব্যায়ামচর্চার জনক হলেন ইউজিন স্যাণ্ডো! ওঁর আগে শরীরচর্চার কোনো বাঁধাধরা নিয়ম ছিলো না, অর্থাৎ, কোন্ ব্যায়ামের পরে কোন্টা করবো এ’বিষয়ে সচেতন ছিলেন না কেউই। তাই কোনো ব্যায়ামবীরের

শরীর বিশাল হলেও দেহসৌষ্ঠব আসতো না (উদা. আদিকালের দিশি পাহ্লওয়ান)। ইউজিন স্যাণ্ডোই প্রথম ব্যায়ামে 'চার্ট' নিয়ে আসেন, এবং কী করে একটি সাধারণ শরীরকে গ্রীক ভাস্কর্যের মতো অপূর্ব সুন্দর করে তোলা যায় পথ বাৎলে দেন তার। অচিরেই জনপ্রিয়তার শীর্ষে পৌঁছে যান ইউজিন স্যাণ্ডো। এককালে খুব কম বাঙালি তরুণ ছিলেন, যাঁরা 'স্যান্ডো'জ ডেভেলপার' নিয়ে ব্যায়াম করেননি। এই 'স্যাণ্ডো'জ ডেভেলপার' থেকেই পরে 'বুলওয়ার্কার' এসেছিল। যৌবনের দোরগোড়ায় আয়নার সামনে 'বুলওয়ার্কার' করতে করতে কতো বাঙালী তরুণ যে নিজেকে আর্নল্ড শোয়ার্জেনেগার ভাবতো/ভাবে তার ইয়ত্তা নেই। আর হ্যাঁ, 'স্যান্ডো গেঞ্জি'র নামটাও এসেছে এই ইউজিন স্যান্ডো থেকেই।

শিকাগোতে স্বামী বিবেকানন্দ স্যান্ডোর শারীরিক কসরৎ দেখেছিলেন কিনা সেকথা কেউ লিখে যায়নি (তবে, সদর্থক অনুমান করাই যেতে পারে, তাঁর ক্রীড়া প্রীতির কথা ভেবে)। ছাত্র নরেন্দ্রনাথ নবগোপাল ঘোষের 'হিন্দুমেলা'-তে প্যারালাল বারের খেলা দেখিয়ে একটি রৌপ্যপদক (রূপোর প্রজাপতি) পুরস্কার পান। ঘোড়ায় চড়তে স্বামীজী খুব ভালোবাসতেন। টাউন ক্লাবের হয়ে ক্রিকেট খেলেছেন যুবক নরেন্দ্রনাথ। ৭৬ রানে ৬ উইকেট পেয়েছিলেন। বিবেকানন্দ-গবেষক শঙ্করীপ্রসাদ বসু প্রশ্ন তুলেছেন, তিনি যখন ব্যাট করতেন কেমন ছিলো তাঁর স্টাইল? তিনি কি ব্র্যাডম্যানের মতো বিধ্বংসী ছিলেন, না হ্যামন্ডের মতো ছন্দোময়? এ'হেন বিবেকানন্দ একবার কাছে গিয়ে স্যান্ডোকে দেখবেন না বা তার সচল সবল পেশীর তারিফ করবেন না, তা কি হতে পারে? উনি নিশ্চয়ই স্যান্ডোকে দেখেছিলেন, তাই না বলতে পেরেছিলেন, you should know Gita as good as your biceps. বিবেকানন্দ ছাড়া ভূভারতে আর কোনো সন্ন্যাসী গীতা বোঝাতে বাইসেপের উপমা টেনে এনেছেন বলে জানা নেই। শুধু তাই নয়, বেলুড়মঠের সন্ন্যাসীরা মোটা হয়ে যাচ্ছে দেখে উনি তাদের waltz নাচের ব্যবস্থা করেছিলেন। স্বামীজীর বেলুড়মঠের ঘরে তাঁর ব্যবহৃত জিনিসের মধ্যে একজোড়া ডাম্বেলও আছে, এবং তাঁর জপের মালার মতো ডাম্বেল জোড়াও তাঁর পূত করস্পর্শ পেয়েছিলো। এই জপমালা ও ডাম্বেলের যুগলবন্দীতে মথিত হয়ে রবীন্দ্রনাথ লিখেছিলেন, 'এই তরতাজা বাঙালী যুবকদের মধ্যে যে দুঃসাহসিক অধ্যাবসায়ের পরিচয় পাই, তার মূলে আছে বিবেকানন্দের বাণী, যা তাদের আত্মাকে ডেকেছিল'।

পাশ্চাত্যবিজয় সেরে স্বামীজী দেশে ফেরেন ১৮৯৭-এর গোড়ার দিকে। স্থানীয় বাঙালী যুবকগণ ঘোড়া খুলে দিয়ে নিজেরাই গাড়ি টেনে নিয়ে যান স্বামীজীকে শিয়ালদহ রেলস্টেশন থেকে সুদূর বাগবাজারে পশুপতি বসুর গৃহে আয়োজিত সম্বর্ধনা অনুষ্ঠান পর্যন্ত। পরেরদিনই আরেক সম্বর্ধনা অনুষ্ঠান শোভাবাজার ক্লাব তাঁবুতে, উদ্যোক্তা 'ভারতীয় ফুটবলের আদিপুরুষ' নগেন্দ্রপ্রসাদ সর্বাধিকারী! এক ফুটবলে শ্যুট করে স্বামীজী অনুষ্ঠানের উদ্বোধন করলেন, বললেন, 'we must learn to protest'...যার শুরু খেলার মাঠে আর তার সলতে পাকানো শরীরগঠনের আখড়ায় আখড়ায়!

আখড়া! কুস্তির আখড়া, ব্যায়ামের আখড়া! উনবিংশ শতাব্দীর শেষ দিক থেকে জাতিগঠনের আঁতুড়ঘর হয়ে উঠেছিলো গ্রামেগঞ্জে/কলকাতার পাড়ায় পাড়ায় গড়ে ওঠা এই আখড়াগুলি ['অনুশীলন সমিতি'-র নাম স্মর্তব্য এ'স্থলে]। কিশোর নরেন্দ্রনাথ কুস্তি লড়তেন গোয়াবাগানের অম্বিকাচরণ গুহের আখড়ায়। অম্বিকাবাবু ছিলেন স্বনামখ্যাত কুস্তিগীর গোবর গুহের কাকা। এই আখড়াটি আজও বিদ্যমান। হ্যাঁ, এখানেই কুস্তি লড়তেন কিংবদন্তী গায়ক মান্না দে মহাশয়ও, তখন তাঁর কিশোর বয়স।

ব্যায়াম ও শরীরগঠনে পূর্ণনিয়োজিত ক্লাব হিসেবে উত্তর কলিকাতায় 'সিমলা ব্যায়াম সমিতি' গঠিত হয় ১৯২০-র দশকের মাঝামাঝি। ছাত্র সুভাষচন্দ্র বসু এঁদের দুর্গাপুজোয় প্রতি বছর আসতেন, আসতেন ভূপেন্দ্রনাথ দত্তও। গুরুদেব রবীন্দ্রনাথও ছাত্রদের শিক্ষা তথা সার্বিক ব্যক্তিত্বগঠনে শরীরচর্চার গুরুত্ব অস্বীকার করেননি। পরমাদরে তিনি বিখ্যাত জাপানি জুডোকা শিনজো তাকাগাকিকে শান্তিনিকেতনে আমন্ত্রণ করে নিয়ে আসেন (১৯২৯এ'), ছেলেদের শারীরিকভাবে পাকাপোক্ত করে তুলতে।

কলিকাতা শহরে আধুনিক পদ্ধতিতে ব্যায়ামচর্চা, বস্তুতঃ, শুরু করেন প্রবাদপ্রতিম শ্রীবিষ্ণুচরণ ঘোষ (বিষ্টু ঘোষ) মহাশয় (১৯০৩-৭০ খৃ.)। মধ্যকলিকাতায় রাজাবাজার সায়েন্স কলেজের প্রায় বিপরীতে গড়পার অঞ্চলে প্রতিষ্ঠিত 'ঘোষেজ্ কলেজ অব ফিজিকাল এডুকেশন' আজ এক তীর্থের সম্মান অর্জন করেছে। বিষ্ণুবাবু আমেরিকায় স্যান্ডোর কাছ থেকে ব্যায়ামের চার্ট নিয়ে এসে তাঁর আখড়ায় ছাত্রদের (এবং, ছাত্রীদেরও!) তালিম দিতে শুরু করেন। গড়পারের ঘোষ-পরিবারে মেধার সঙ্গে পেশীর অনন্য মেলবন্ধন ঘটেছিল। একটি ভুল ধারণা সাধারণতঃ প্রচলিত হয়ে থাকে যে ব্যায়াম করলে মাথামোটা হয়ে যায়। শ্রদ্ধেয় বিষ্ণুচরণ ঘোষ মহাশয় এর উল্টোটাই প্রমাণে ব্রতী হয়েছিলেন, এবং হয়েছিলেন সফলও। নিজে (কিছুদিন) শিবপুর বি ই কলেজের ছাত্র ছিলেন, পরে পেশায় হন এক সফল ব্যবহারজীবী। কলকাতা শহরের নামী ছাত্ররা, বিশেষতঃ ডাক্তারী ছাত্ররা 'ঘোষেজ্ কলেজে' নিয়মিত ব্যায়াম করতে আসতো।

বিষ্ণুচরণের বড়দাদা ছিলেন শ্রী অনন্তলাল ঘোষ। পেশায় আইনজীবি। অমিত শক্তির ও শারীরিক সৌষ্ঠবের অধিকারী ছিলেন। প্রতিদিন একশ' একশ' ডনবৈঠক দিতেন ও মুগুর ভাঁজতেন। বিষ্ণুবাবুর মেজদাদা ছিলেন মুকুন্দলাল ঘোষ, উত্তরজীবনের পরমহংস যোগানন্দজী। তিনি অল্পবয়সে আমেরিকায় চলে যান ও সানফ্রানসিসকোতে বিশাল এক যোগচর্চাকেন্দ্র গড়ে তোলেন, যা আজও বিরাজমান এবং অতি সম্মাননীয়। স্বামী বিবেকানন্দ আমেরিকায় যে যোগচর্চার সূত্রপাত করেছিলেন সে ধারাকেই দীর্ঘপথ এগিয়ে নিয়ে যান পরমহংস যোগানন্দজী। যোগানন্দজীর বিশেষ ঝোঁক ছিলো ওজনসহ ব্যায়ামের উপর। ছাত্রজীবন থেকেই ব্যায়াম করতেন। বিখ্যাত ইয়র্কসেটের ডাম্বেল-বারবেল আমেরিকা থেকে কিনে তিনি ছোটভাই বিষ্ণুচরণকে পাঠিয়ে দেন গড়পারের ঠিকানায়, যাতে কলকাতার যুবকরা ব্যায়াম করে আনন্দ পায় ও শরীর গড়ে নিতে পারে। বিষ্টুবাবুর আরেক দাদা ব্যায়ামবীর

সানন্দলাল ঘোষ পেশায় ছিলেন পোর্ট্রেট আর্টিস্ট। রবীন্দ্রনাথ ঠাকুরের প্রথম পূর্ণাবয়ব পোর্ট্রেট তিনিই আঁকেন।

বিষ্ণুচরণ প্রথম যৌবনে মান্দ্রাজে গিয়েছিলেন প্রবাদপ্রতিম রামমূর্তিজীর কাছে ব্যায়াম শিখতে। দক্ষিণভারতে তখন রামমূর্তিজীর খুব নাম, বহু ছাত্র তাঁর, তারা সব বুকে হাতি তুলতে পারে। বিষ্ণুচরণ গিয়ে রামমূর্তিজীর কাছে ব্যায়াম শেখার ইচ্ছে প্রকাশ করাতে তিনি রাগে অগ্নিশর্মা হয়ে উঠলেন, ব্যায়াম সাধনার বস্তু আর তাই প্রয়োজন নিরামিষ আহারের। ঘটি ঘটি দুগ্ধপান করতে হবে আর তার সঙ্গে বাদামের সরবৎ। তবে না দেহে বল আসবে, তবে না হবে ব্যায়াম? তা না করে বাঙালী বিষ্ণুচরণ যে মাছ-মাংস খায়! নিলেন বটে তিনি বিষ্ণুকে ছাত্র করে কিন্তু অন্য ছাত্রদের সামনে সদাই হেনস্থা করতেন। একদিন বললেন, শোন হে, তোমাদের এই মাছখোর ভেতো বাঙালির কি আর ব্যায়াম হয়? কলকাতায় ফিরে যাও আর চুড়ি পরে ঘুরে বেড়াও। চোখ ফেটে জল এলো বিষ্ণুচরণের কিন্তু দাঁতে দাঁত চেপে সহ্য করলেন। গুরু রামমূর্তির কাছ থেকে বিদায় নেবার কালে প্রণাম করে সংকল্প করেছিলেন বিষ্ণুচরণ-বাঙলাদেশে একশত রামমূর্তি গড়ে তুলবেন তিনি, যারা প্রত্যেকেই বুকে হাতি তুলবে! বাকীটা ইতিহাস প্রমাণ করেছে, (ক্রমশঃ আলোচিতব্য)।

মহামতি ডেভিড হেয়ার যেমন বাড়ি বাড়ি ঘুরে ঘুরে ছাত্র সংগ্রহ করতেন বিষ্ণুচরণও তেমনি স্কুলেকলেজে ঘুরে ঘুরে ছাত্র নিয়ে আসতেন। দৈনিক ব্যায়ামান্তে তাদের খেতে দেওয়া হতো 'ঘোষেজ কলেজে'ই। দু-একদিন কোনো ছাত্র আখড়া কামাই করলেও বিষ্টুবাবু তাঁর হার্লে ডেভিডসন বাইকখানি চালিয়ে পৌঁছে যেতেন তার বাড়িতে। আর তাঁর ছিলো প্রতিশ্রুতিসম্পন্ন দেহসৌষ্ঠবের খোঁজ। এ'হেন এক কাহিনি শোনা গুরু কমল ভাণ্ডারী মহাশয়ের কাছে। উনি তখন সিটি কলেজের ছাত্র। ক্লাস করছেন একদিন। বেয়ারা এসে এত্তেলা দিলো, 'যাও, প্রিন্সিপাল সাহেব ডাকছেন তোমায়'। ভয়ে থরহরি কমল, কারণ সেকালে প্রিন্সিপালের ডাক পাওয়া বড়োই ভয়াবহ বিষয় ছিলো। ঘরে ঢুকতেই স্যার বললেন, 'জামাটা খুলে ফেল তো হে'। কী কাণ্ড! এক বিশালদেহী ভদ্রলোক বসে আছেন অধ্যক্ষের বিপরীত চেয়ারে। স্যার বললেন, 'দেখছেন বিষ্ণুবাবু, ছেলেটার হাইট আর বডির প্রোপোরশন? তালিম পেলে এ' ছেলে একদিন ভারতশ্রী হবেই....প্রণাম করো প্রণাম করো কমল, তোমার আসল গুরু ইনিই।'

হ্যাঁ, 'ভারতশ্রী' হয়েছিলেন বটে কমল ভাণ্ডারী। একবার নয়, সাত সাতবার! ১৯৫৮ সালে লণ্ডনের 'বিশ্বশ্রী' প্রতিযোগিতায় চতুর্থ হয়েছিলেন কমল ভাণ্ডারী। প্রথম হন বৃটিশ কিংবদন্তী রেজ পার্ক (১৯২৮-২০০৭ খৃ.), যাঁর সঙ্গে ভারতের কমল ভাণ্ডারীর দৈহিক মাপজোক একই ছিলো ৫০ ইঞ্চি ছাতি, ১৯ ইঞ্চি হাত আর ২৮ ইঞ্চি থাই! শুধু কমল ভাণ্ডারীই নন, বিষ্ণুচরণের প্রিয় ছাত্রদের মধ্যে ছিলেন 'বিশ্বশ্রী' মনোতোষ রায়, এবং 'পকেট হারকিউলিস' মনোহর আইচ। একশ' এক বৎসর বয়সে সম্প্রতি দেহ রেখেছেন মনোহরবাবু। জীবনের শেষদিন পর্যন্ত ওজন নিয়ে ব্যায়াম করে গেছেন। অর্থাভাবে ব্যায়ামবীরের সুখাদ্য না পাওয়ার প্রসঙ্গটা তুললে নিজের শুঁটকিমাছপ্রীতির কথা বলতেন ঃ 'আমি চাটগাঁইয়া বাঙাল। দরিদ্রসন্তান। দামী খাদ্য কোথায় পাইবো? ভাতের সাথে এই শুঁটকি খাইয়াই সারাজীবন ব্যায়াম কইরা গিয়াছি।' বাগুইহাটির যুগীপাড়ায় প্রতিষ্ঠা করে গেছেন প্রিয় আখড়া ঃ 'স্টুডিও দ ফিজিক'। খর্বকায় মানুষ (তাই নাম 'পকেট হারকিউলিস'), ৫৫ ইঞ্চি দৈহিক উচ্চতায় ওঁর বুকের ছাতি ছিলো ৫৭ ইঞ্চি ! ভাবা যায়!

> গুরুদেব রবীন্দ্রনাথও ছাত্রদের শিক্ষা তথা সার্বিক ব্যক্তিত্বগঠনে শরীরচর্চার গুরুত্ব অস্বীকার করেননি। পরমাদরে তিনি বিখ্যাত জাপানি জুডোকা শিনজো তাকাগাকি কে শান্তিনিকেতনে আমন্ত্রণ করে নিয়ে আসেন (১৯২৯এ'), ছেলেদের শারীরিকভাবে পাকাপোক্ত করে তুলতে।

ব্যায়ামকে জনপ্রিয় করে তুলতে সেকালে দুর্গাপুজো এবং কালীপুজোর মণ্ডপে মণ্ডপে বডিবিল্ডিং শো হতো। বিখ্যাত ব্যায়ামবীরেরা অংশ নিতেন। মাইক হাতে বিষ্টুবাবু ব্যাখ্যা করতেন কোন্ পেশীর কী নাম, কী তার গঠন, কেমন তার সঞ্চালন ইত্যাদি। অতীব জনপ্রিয় ছিলো এই শো গুলি। ভিড়ে তিলধারণের স্থান থাকতো না। এক মিশনের মতো ছিলো ওঁর কাছে এই শো গুলি। উদ্দেশ্য ছিলো বাঙালিকে জাগিয়ে তোলা, তাদের ব্যায়ামাগারমুখী করা। শুধু কলকাতা শহরেই নয়, জেলা জেলাতেও এ'হেন ব্যায়াম-প্রদর্শনীর আসর বসতো।

মহানায়ক উত্তমকুমারের মামাবাড়ি ছিলো উত্তর কলকাতার আহিরীটোলাতে। উত্তমের মামাবাড়িতে আসতেন বিষ্টুবাবু। তদ্দিনে 'বসু পরিবার' ছবি খ্যাতি এনে দিয়েছে উত্তমকে। বিষ্টুবাবু ওজন নিয়ে ব্যায়াম করতে শেখান যুবক উত্তমকুমারকে। তাঁর নির্দেশে ছাত্র মনোতোষ রায় সপ্তাহে তিন দিন উত্তমের বাড়ি গিয়ে ব্যায়াম দেখিয়ে দিয়ে আসতেন ও ম্যাসাজ করতেন। মহানায়কের প্রয়াণের কিছুদিন আগে পর্যন্ত অব্যাহত ছিলো এই ধারা। বাঙালির আরেক রূপোলি-নায়ক শ্রী সৌমিত্র চট্টোপাধ্যায়ের শরীরচর্চাও বহুজ্ঞাত। মাত্র কয়েকবছর আগেও ওঁকে নিজের ঘরে বড় আয়নার সম্মুখে ওজন নিয়ে ব্যায়াম করতে দেখেছি।

এবার আরেকটু পিছিয়ে যাই গল্পে।

পশ্চিমবঙ্গের প্রবাদপ্রতিম মুখ্যমন্ত্রী বিধানচন্দ্র রায় ছিলেন ব্যায়ামের

প্রকৃত গুণগ্রাহী। নিজে আজীবন ওজন নিয়ে ব্যায়াম করে গেছেন। হঠযোগের প্রাচীন 'ডায়েট-চার্ট' অনুসারে প্রতি প্রাতেঃ ব্যায়ামের পরে শূন্যউদরে একটি 'পক্ক বিল্ব সেবন', মানে একটি পাকা বেল ফাটিয়ে খাওয়া (সরবৎ বানিয়ে নয়) ছিল তাঁর প্রাত্যহিক কাজ। তাঁর প্রখ্যাত ছাত্র ডাঃ ভূপেশ কর্মকার নামী ব্যায়ামী ছিলেন, ও বিষ্ণুচরণের সাথী। সেকালে বড়দিনের সময় ডাক্তারী ছাত্রদের মধ্যে বডিবিল্ডিং-এর প্রতিযোগিতা হতো। পুরস্কার বিতরণে আসতেন স্বয়ং রাজ্যপাল মহোদয়। বিধান রায়ের আমলে প্রতিটি মেডিক্যাল কলেজে কলেজে জিমনাসিয়াম গড়া হয়েছিলো, কারণ ডাঃ রায় বিশ্বাস করতেন যে নিজেদের পেশীগুলি মজবুত হলে তবেই ডাক্তারবাবুরা রোগের নিদান আরও ভালোভাবে করতে পারবেন। বহু ব্যায়ামবিদের চাকুরি কলকাতা পুলিশে করে দিয়েছিলেন ডাঃ রায়। বিদেশি গণ্যমান্য অতিথিরা এলে এঁরা ফুল-ইউনিফর্মে অভিবাদন জানাতেন তাঁদের। প্রখ্যাত ব্যায়ামবীর ও আমার গুরু সদ্যপ্রয়াত কমল ভাণ্ডারী ছিলেন ডাঃ রায়ের পাইলট। সামনের ঐ লাল বুলেটটি চালাতেন উনি। একদিন এমন করে ওয়েলিংটনের বাসভবন থেকে মহাকরণে নিয়ে এসেছেন মুখ্যমন্ত্রীকে। পরে তাঁর বস্ এসিস্টান্ট কমিশনার সাহেবের তলব, 'যান, সি এম ডেকে পাঠিয়েছেন আপনাকে'! দুরুদুরু বক্ষে মুখ্যমন্ত্রীর চেম্বারে প্রবেশ করতে ডাঃ রায়ের গুরুগম্ভীর প্রশ্ন, 'কী হে কমল, ল্যাটিসিমাসের ব্যায়াম করা কি ছেড়ে দিয়েছ নাকি?' ঠিক ধরে ফেলেছেন, ডাঃ রায়? মনে মনে মস্ত জিভ কেটে কমলবাবু জানান যে চিনিং করতে পিঠে অসহ্য ব্যাথা হওয়ায়....। আশ্চর্য হবার বাকি ছিলো তখনো। কয়েকদিন পরে বিধান রায় স্বয়ং মুখ্যসচিব ও পূর্তসচিবকে নিয়ে সার্জেন্টদের রেস্টরুমে এসে হাজির। ইতোমধ্যে ওঁর আদেশে সে ঘরের এ'দেওয়াল থেকে ও'দেওয়াল জুড়ে এক স্টিলের চিনিং রড লাগানো হয়ে গিয়েছে। ডাঃ রায় ধুতিটাকে মালকোঁচা মেরে সটান শুরু করে দিলেন চিনিং, বললেন, 'তুমি বিষ্ণুকে বলবে, আমি তোমাকে এমনভাবে চিনিং দিতে বলেছি'। ভাবা যায়! এই ছিলেন কিংবদন্তী মুখ্যমন্ত্রী ব্যায়ামপ্রেমী ডাঃ বিধানচন্দ্র রায় ।

আবার ফিরে আসি প্রবাদপুরুষ বিষ্ণুচরণে। অসাধারণ নিবেদিতপ্রাণ ছিলেন আচার্য বিষ্ণুচরণ! অতিপ্রিয় ছাত্রদের ব্যায়াম করার জন্যে নির্দিষ্ট ছিলো তাঁর দোতলার শোবার ঘরটি । মধ্যাহ্নাহারের পরে দু'দণ্ড গড়িয়ে নেবার অভ্যেস ছিলো ওঁর। একদিন বিষ্ণুবাবু দুপুরে নাক ডাকিয়ে ঘুমোচ্ছেন আর সে ঘরেই বিশাল আয়নার সামনে বাইসেপ কার্লিং করছেন প্রিয় ছাত্র কমল ভাণ্ডারী। গুরুকে নিদ্রাগত দেখে দুটো রিপিটিশন কম করে যেই ওজনটা নামাতে যাবেন, বিষ্ণুচরণ বলে উঠলেন, 'দুটো রিপিট কম করলি, কমল। আবার কর বাবা।' এ'সব গল্প বলতে বলতে গলা ধরে আসতো গুরু কমল ভাণ্ডারীর, ঝাপসা চশমার কাঁচ মুছতেন।

রামমূর্তিজীর কাছে প্রতিজ্ঞা করেছিলেন বিষ্ণুচরণ যে বাঙলাদেশে একশ' রামমূর্তি তৈরী করবেন, যারা বুকে হাতি তুলবে। শুধু তাঁর ছাত্ররাই নয়, ছাত্রী রেবা রক্ষিতও হাতি তুলতেন বুকে। সার্কাসের এক দল খুলেছিলেন বিষ্ণুচরণ ঘোষ। হালসিবাগানে শো চলাকালীন সেখানে এক বিধ্বংসী আগুন লাগে। তাঁর জ্যেষ্ঠপুত্র শ্রীকৃষ্ণের তত্ত্বাবধানে দর্শকরা নিরাপদে বেরিয়ে গেলেও সে নিজে ভয়ঙ্কর অগ্নিদগ্ধ হয়ে মারা যায়। শোকে ভেঙে পড়েছিলেন বিষ্ণুচরণ।

বাঙলায় যোগব্যায়ামকে জনপ্রিয় করে তোলার পেছনের আরেক পুরোধা ছিলেন শ্রী মনোতোষ রায় (১৯১৭-২০০৫ খৃ.), যিনি প্রথম ভারতীয় তথা এশিয়া হিসেবে ১৯৫১ সালে লণ্ডনের বিশ্বপ্রতিযোগিতায় 'বিশ্বশ্রী' খেতাব অর্জন করেন। শ্যামবাজারের কাছে ন্যায়রত্ন লেনে উনি প্রতিষ্ঠা করেন তাঁর যোগব্যায়াম প্রশিক্ষণ কেন্দ্র। তাঁর গুরুভাই পরিমল রায় প্রথম ভারতীয় যিনি 'এশিয়াশ্রী' হন। শান্তি চক্রবর্তী, ওঙ্কার ব্যানার্জী, রবিন গোস্বামী, হিমাংশু রায়, হিতেন রায় প্রমুখ সফল ব্যায়ামবীরগণও মনোতোষবাবুর গুরুভাই ছিলেন, বিষ্টু ঘোষের আখড়ার একেক মণিমুক্তো। পেলব-কোমল বাঙালিত্বের বদনাম ঘুচিয়ে শক্তসবল পেশীবহুল বঙ্গসন্তানের প্রতিমূর্তি ছিলেন এঁরা।

বডিবিল্ডিং আজও বাঙালির প্রিয় ক্রীড়ার মধ্যে একটি। মলয় রায়, তুষার শীল, পার্থ ভট্টাচার্যের উত্তরসূরীরা আজও তীব্র গরম উপেক্ষা করে, তুমুল বৃষ্টি অগ্রাহ্য করে প্রতিদিন সাধনা করে চলেছে পশ্চিমবঙ্গের কোনো না কোনো ব্যায়ামাগারে। সম্প্রতি সেই রেবা রক্ষিতের ধারা পুনরায় উজ্জীবিত হয়ে উঠেছে। বাঙালিকন্যারা আজ ওজন নিয়ে ব্যায়াম করার দিকে ঝুঁকেছে, এটা অতি আনন্দ সংবাদ! উনিশ বছরের বঙ্গতনয়া ইউরোপা ভৌমিক তার সুগঠিত স্বাস্থ্যের জন্য সকলের নজর কুড়িয়েছে। ফেসবুক পেজে তার তিয়াত্তর হাজার ফলোয়ার! এটাই অনেক কথা বলে দেয়না কী?

স্বামী বিবেকানন্দ ও ইউজিন স্যান্ডোর আশীর্বাদ বাঙালির উপর আজও অলক্ষ্যে বর্ষিত হচ্ছে, কোনো সন্দেহ নেই তাতে। কলকাতাই ভারতের একমাত্র শহর যেখানে এক ব্যায়ামবীরের মূর্তি প্রতিষ্ঠিত হয়েছে। — বিষ্ণুচরণ ঘোষের এই মূর্তির দিকে তাকিয়ে আজও বহু বাঙালি প্রতিদিন প্রণাম জানায় আর মনে মনে স্বপ্ন দেখে 'লৌহদৃঢ় পেশি ও ইস্পাতের মত স্নায়ু' তারও তৈরী হয়েছে!

# সিভিল সার্ভিস ও বিমুখ বাঙালি

## অনিতা অগ্নিহোত্রী

ভারতীয় প্রশাসনিক সেবা – যার ঘরোয়া নাম আই.এ.এস., বাঙালিকে তেমন টানেনি। আমাদের কৈশোর–যৌবনে এ নিয়ে কোনও মাথাব্যথা দেখিনি – অর্থাৎ, কোনও কৌতূহলী সাংবাদিক এই বিষয়ে কলম ধরেছেন বলে আমার স্মৃতিতে নেই। গত দু দশকে মাঝে মাঝেই বাংলা সংবাদপত্রে আক্ষেপ দেখেছি – বাঙালির এই অনীহার ফলে বাংলার কি ক্ষতি হল। ছত্রিশ বছর 'ভা.প্র.সে.'–র কাজে বাংলা, ওড়িশা, মহারাষ্ট্র ও দিল্লিতে কাটিয়ে আমি নিশ্চিত সিদ্ধান্তে পৌঁছেছি যে এই অনাগ্রহে কারো কোনও ক্ষতি হয়নি, না বাঙালীর, না বাংলার।

বোঝাতে গেলে সময়ে একটু পিছিয়ে যেতে হয়।

তারিখটা নির্ভুল মনে আছে। ৭ই জুলাই, ১৯৭৩। উচ্চমাধ্যমিক পরীক্ষার ফল বেরিয়েছে। বাড়িতে হাজির আলোকচিত্রী সহ সাংবাদিক, ইন্টারভিউ নিতে। ইনিই প্রথম – বড় কাগজদের যেমন দাবি হয় আর কি – তার ওপর দাদুর খুলনার বাড়ীর পুকুরে এঁরা শৈশবে দাপাদাপি করেছেন। কাজেই, বাবা–মায়ের মনে মৃদু উৎকন্ঠা ও টেনশন। ছোট ফ্ল্যাটবাড়ির দ্বিতীয় ঘরটিতে মা স্টিলের আলমারি থেকে শাড়ি বাছছেন – ফ্রক পরা ছবি যেন কাগজের পাতায় না ওঠে। আমার মৃদুভাষী ও স্বল্পবাক্ বাবা কাছে এসে ফিস্‌ফিস্ করে বলছেন, শোনো, যদি জানতে চান বড় হয়ে কী হতে চাও, বলবে আই.এ.এস., কেমন?

শাড়ির কুঁচি সামলাতে সামলাতে বাবাকে পাকড়াও করি আবার, ''আই.এ.এস. কী? ও বাবা?'' সাংবাদিকের মুখে বড় রসগোল্লা। কথা শুরু হবে একটু পরে।

''ইণ্ডিয়ান এডমিনিস্ট্রেটিভ সার্ভিস!''

''কিন্তু আমি ও–সব হবো কেন? আমি তো পড়াতে চাই ইংরাজি সাহিত্য!''

মনে মনে বিদ্রোহ করতে করতে ইন্টারভ্যু দিতে ও'ঘরে যাই।

টেলিভিশনবিহীন, সংবাদপত্রবহুল আমাদের বঙ্গজীবনে আমার এই উচ্চাভিলাষের খবর প্রথম পাতায় জারি হবার পর, যার–পর–নাই বিড়ম্বিত হতে হয়েছিল আমাকে।

কলেজে ভর্তি হবার আগে আত্মীয়স্বজনের অনুকম্পামিশ্রিত পরিহাস, ভর্তির পর তপ্ত কটাহ প্রেসিডেন্সি কলেজে খোলনলচে–পরিবর্তনপন্থী ও স্ট্যাটাসকুওইস্টদের যুগপৎ সাঁড়াশি আক্রমণে ফার্স্ট ইয়ারের আমি দিশাহারা। কোণঠাসা হতে হতে মরিয়া একদিন বলে ফেলেছিলাম–– –সিস্টেমের ভিতরে থেকে রাষ্ট্রব্যবস্থাকে বদলাতে চাই ! চারিদিকে হো হো হাসির হল্লায় বুঝলাম, কী মারাত্মক ভুল করেছি। চুপ থাকলেও ক্ষমা পেতাম, ভুল রাষ্ট্রতত্ত্ব ! এ যে আড়া থেকে আমাকে উলটো ঝুলিয়ে রাখলেও কাটাকুটি হয় না। কোনও অজ্ঞাত কারণে, হয়তো একটু বাড়াবাড়ি হয়ে গেছে মনে করেই, সহ–প্রাতিষ্ঠানিকরা আমাকে আর বিব্রত করেনি। এই প্রসঙ্গ অবতারণা করলাম, আত্মজীবনীর খণ্ডাংশ উপস্থাপনের জন্যে নয়, বাঙালির সাইকি–র গভীরে কী আছে, তার উপরে আলোকপাত করবার জন্যে।

বাঙালি বাঙালিত্ব চেনে, ভারতীয়ত্ব তার কাছে এক মূল্যহীন ধূসরতা। সরকারী পরিকল্পনা–প্রকল্প ইমপ্লিমেন্ট বা কার্যকরী করে কোনো সমাজের পরিবর্তন দূরে থাক্, মঙ্গলসাধনও সম্ভব নয় (এবিষয়ে আমিও অনেকটাই একমত আম–বাঙালির সঙ্গে)। এবং সর্বোপরি, বাংলোয় থাকা, সরকারী লালবাতিযুক্ত গাড়ি চড়া, এবং ক্ষেত্রবিশেষে, আর্দালি–সুশোভিত জীবনযাপনের প্রতি বাঙালীর তীব্র বিতৃষ্ণা। মুস্কিল হচ্ছে, এই ঠাটবাটের জীবন কেবল প্রত্যন্ত মহকুমা বা জেলাশহরে ফিল্ডপোস্টিঙের সময় মেলে, তাও বিপুল শ্রমের বিনিময়ে। প্রত্যন্ত জেলাশহরের জীবন ততোধিক করুণ হতে পারে। শহরে সচিবালয়ের জীবন নিতান্ত মধ্যবিত্ত। দিল্লির ট্রানজিট একোমডেশনে মন্ত্রকের ডিরেক্টর মশাইকে বালতিতে জল ভরে লিফটে উঠে যেতে দেখেছি। সম্বলপুরে ডিস্ট্রিক্ট রুরাল ডেভেলপমেন্ট এজেন্সির প্রজেক্ট–অফিসারের (এই আমি আর কি!) বাড়িতে কলের জল ছিল না। রান্না হতো কাঠ ও কয়লার আগুনে। যেদিন বিদ্যুৎ অন্তর্হিত হতো, আসতো আটচল্লিশ বা ছিয়ানব্বই ঘন্টা পরে – একেবারে হিসেব করে চব্বিশের গুণিতকে। শীতকালে অন্ধকারে মোমবাতি জ্বেলে কাজ করা যায় – পরে এসেছিল

ব্যাটারিযুক্ত এমার্জেন্সি আলো – কিন্তু সাতচল্লিশ ডিগ্রি গরমে, মে মাসে, বিদ্যুৎবিহীন দ্বিপ্রহর – মনে হতো মাথার ভিতরটা ধোঁয়া হয়ে উবে রোদে মিশে যাচ্ছে !

যাই হোক্ , আই.এ.এস.দের শ্রেণীবিচ্ছিন্ন জীবনে বাঙালির যদি, জেনে বা না-জেনে, আধো জেনে, বিতৃষ্ণা জেগে থাকে, সেটা তার শ্রেণী-সচেতনতারই লক্ষণ, এবং এই সবজান্তা মাটির তিলক-ই বাঙালিকে সর্বভারতীয় গোবদা আহ্লাদীপনা থেকে স্বতন্ত্র করেছে।

দিল্লি ন্যাশনাল ক্যাপিটাল। এখানে বাইশ থেকে বত্রিশ বছর বয়স্ক যুবক-যুবতীরা প্রায় সকলেই আই.এ.এস.-এস্পিরান্ট! অর্থাৎ, আই.এ.এস.-নামক মোক্ষের অভিলাষী। 'এস্পিরান্ট' কথাটা হালে খুব পড়ছি খবরের কাগজে। এর মানে পরীক্ষার্থী, পরীক্ষায় একাধিকবার অসফল ক্যান্ডিডেট। প্রিলিমিনারিতে সফল, মেইনসে বিফল, প্রিলিম-মেনস দুইয়ে সফল অথচ ইন্টারভ্যু বোর্ড পক্ষপাত করায় পাস করতে পারেনি। পরীক্ষার্থী নয় সবে আই এ এসের কথা ভাবছে – সকলেই এস্পিরান্ট। ছোটবেলায় অঙ্ক বইয়ের সেকেন্ড ব্রাকেটের মত দেখতে একটা গণ্ডী । পুলিশের লাঠি খাওয়া, বাইক দুর্ঘটনায় আহত, ডেঙ্গুর রোগি, এমনকি ছিনতাইচক্রের নেতা পর্যন্ত সবাই আই.এ.এস.-এস্পিরান্ট হিসেবে অভিহিত হচ্ছে – এই অবস্থা হিন্দিবলয়ের সর্বত্র।

পশ্চিমবাংলা যে এই রঙে নিজেকে রাঙায়নি তা আমাদের বিশিষ্টতা। ইকনমিক্সের এম.এ পড়তে পড়তে কলকাতার উপর বিরক্ত হয়ে আমি অধ্যাপনার সিদ্ধান্ত বর্জন করেছিলাম, এবং সাড়ে তিন দশকের বেশি সময় আগে আই.এ.এস.-এস্পিরান্টদের দলে মিশেছিলাম তার পিছনে আমার ভারতীয়ত্ব অর্জনের মোহ ততটা ছিল না, যতটা ছিল স্নেহপরায়ণ বাবার প্রতি মায়া। ততদিনে জেনে গেছি, স্বাধীনতার ঠিক পরেই কেরোসিন কাঠের বাক্সের ওপর তেলের কুপি জ্বেলে সিভিল সার্ভিসের জন্য পড়াশুনো করেছিলেন বাবা। অফিসের খাটুনির পর বাসে করে বাড়ি ফিরে যা প্রস্তুতি হয়, তাতে সাফল্য আসেনি। দ্বিতীয়বার ঠিক সময়ে যোগাড় করে উঠতে পারেননি ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশনের পরীক্ষার ফীজ্ এর টাকা। উদ্বাস্তু অবস্থায় দাদু-ঠাকুমা ভিটেবাড়ি ছেড়ে চলে এসেছেন কলকাতার বাসায়। অভাব, সংসারের দায়িত্ব কবিতার পাণ্ডুলিপির মতন সিভিল সার্ভিসের স্বপ্নকেও বাক্সবন্দী করে বাবা বোধ হয় দিন গুনছিলেন, তাঁর কোনও সন্তান একদিন সিভিল সার্ভিসের সদস্য হয়ে উঠবে !

আই.এ.এস. পরীক্ষার প্রস্তুতিকালে চারিদিকেই অনুভব করতাম, বাঙালির উদাস অনাগ্রহের স্থির বাতাস! জিনিসটা কী....খায়, না মাথায় দেয় – আমার আত্মীয়স্বজনদের মধ্যে তা নিয়ে কোনও ঔৎসুক্য দেখিনি। একজন তো জিজ্ঞাসাই করে বসলেন যে আই.এ.এস. হলে আমাকে সরকার টাকা পয়সা দেবে, না আমাকেই দিতে হবে? চারপাশে বন্ধু, সহপাঠীদের মধ্যে প্রস্তুতির কোনো পরিবেশ ছিলো না। আন্দাজে বই কেনা, আন্দাজে পড়া। বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগে আই.ই.এস, অর্থাৎ ইন্ডিয়ান ইকনমিক সার্ভিস কিছুটা পরিচিত, কারণ সিনিয়ররা দুএকজন পরীক্ষায় কৃতকার্য হয়েছেন, কিন্তু আই.এ.এস. তখনও অধরা। সম্ভবতঃ, প্রথম প্রজন্মের কোনো সিভিল সার্ভেন্ট আমাদের পরিবার বা বন্ধুবর্গের পরিবারে ছিলেন না, তাই এই গূঢ় অন্ধকার । অথচ, সেই একই সময়ে দিল্লি, এমনকি লক্ষ্ণৌ, এলাহাবাদ, জয়পুরে কোচিং সেন্টার, ডাক যোগে গাইডেন্স, মক্ পরীক্ষা ইত্যাদি জোর কদমে চলছে। দিল্লির জে এন ইউ আর ডি.ইউ.-র হস্টেলগুলি আই.এ.এসে.-র মহড়াকেন্দ্র হয়ে উঠেছে তখনই। এম এ পড়া শেষ করে এম.ফিল. বা পি.এচ.ডি.-তে নাম লিখিয়ে পেয়িং গেস্ট একোমডেশনে থেকে ছেলেমেয়েরা সিভিল সার্ভিস পাশ করবে বলে লড়ে যাচ্ছে দিনের পর দিন।

রাইটার্স বিল্ডিঙের একতলার বিরাট লাইব্রেরিতে বই নিতে যেতাম। ওখানে একটি কিউবিক্‌ল বরাদ্দ ছিলো প্রাক্তন আই সি এস শৈবাল গুপ্তের জন্য। রোজ একটি নির্দিষ্ট সময়ে এসে বসে পড়তেন। আত্মপরিচয় দেবার মত বিশেষ কিছু ছিল না আমার। বিশ্ববিদ্যালয়, পরিবার সর্বত্র ঠেলা খেয়ে আমি কলকাতা ত্যাগের সিদ্ধান্ত নিয়েছি। শৈবাল গুপ্ত উৎসাহ দিয়েছিলেন, বলেছিলেন, চেষ্টা করো। কেন হবে না? তখনও জানিনা, কস্তুরী গুপ্তা ওঁর কন্যা, দশক কাল আগেই আই এ এসে উত্তীর্ণা হয়েছেন।

আজ পিছনে তাকিয়ে আমি নিজেকে বাঙালি সাইকি-র সঙ্গে ভালোই মেলাতে পারি। সিভিল সার্ভিস পরীক্ষায় বসার পিছনে আমার কোনো পজিটিভ কারণ ছিল না। বাবার ব্যথিত মুখ, বিশ্ববিদ্যালয়ে পঠনপাঠনে বিরক্তি, কলকাতার শ্বাসরোধকারী পরিবেশ – এসবের পরিপ্রেক্ষিতেই আমার সিভিল সার্ভিস পরীক্ষার প্রস্তুতি নেওয়া – যা ছিল পলায়নেরই নামান্তর। শিক্ষক হিসেবে সাফল্য পাব কিনা সে বিষয়ে সন্দেহ ছিল। ডাকসাইটে শিক্ষকদের কাছে পড়াশুনো করবার এটা একটা ফ্লিপ সাইড। যে ইংরাজী পড়তে চেয়েছিল, চাকুরি নিশ্চিত করতে সে গেল অর্থনীতি পড়তে, আর কয়েক বছরেই (ভাগ্যিস!) বুঝে গেল, যে অর্থনীতির জিনিয়াসদের কাছাকাছি সে নেই। পলায়ন – বহু দূরে – তখন হয়ে দাঁড়াল জীবনের অন্যতম সংজ্ঞা!

এই প্রসঙ্গে বাঙালি শিক্ষক ও পরিবারের প্রসঙ্গ বিশেষভাবে উল্লেখ করতে হয়। নিও-লিবারেল যুগের আগে পর্যন্ত খুবই স্পষ্ট ছিল, যে আমাদের সাধনা জ্ঞানের, ধনের নয়। বাঙালি ছেলেমেয়ে পড়বে সাহিত্য, ইতিহাস, পদার্থবিদ্যা, অর্থনীতি, রসায়ন, না হলে কারিগরি শিক্ষা – যথা ডাক্তারি-এঞ্জিনিয়ারিং। নব্বইয়ের দশকে আইটি ও ইলেকট্রনিক্সের ঢেউ এসেছিল বিজ্ঞান শিক্ষার বিকল্প ও উপার্জনের চট্‌জলদি উপায় হিসেবে। মধ্যবিত্ত বাঙালি পরিবার সন্তানকে বই, গান, ফিল্ম, শিল্পের চর্চাকে জুড়ে দিয়েছিল ফর্মাল শিক্ষার পাশাপাশি। আমাদের স্কুল-কলেজ-বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-অধ্যাপকরা কেউ বলেননি, দারোগা হও, প্রশাসক হও, আমলা হও...ক্ষমতা অর্জন করো, ক্ষমতার আস্ফালন করে ক্ষমতাবানের কাছে ঘেঁষে থাকো... (আর এতেই) নিজের উন্নতি করো। বরং বলতেন, আরে, এই বইটা পড়োনি? ওই বইটা খোঁজো। এই বইটা পড়ে এসো, তারপর কথা হবে। শিক্ষার এই ঐতিহ্য অবশ্যই আজকের নয়। বাংলার পুরনো স্কুল ও কলেজগুলি একশো থেকে দুশো বছরের ট্রাডিশন বহন করছে।

> বাঙালি বাঙালিত্ব চেনে, ভারতীয়ত্ব তার কাছে এক মূল্যহীন ধূসরতা। সরকারী পরিকল্পনা–প্রকল্প ইমপ্লিমেন্ট বা কার্যকরী করে কোনো সমাজের পরিবর্তন দূরে থাক্, মঙ্গলসাধনও সম্ভব নয় (এবিষয়ে আমিও অনেকটাই একমত আম–বাঙালির সঙ্গে)। এবং সর্বোপরি, বাংলোয় থাকা, সরকারী লালবাতিযুক্ত গাড়ি চড়া, এবং ক্ষেত্রবিশেষে, আর্দালি–সুশোভিত জীবনযাপনের প্রতি বাঙালীর তীব্র বিতৃষ্ণা

স্বাধীনতা নিয়ে বাঙালির জাতীয়তাবাদী কোনো অভিমান বা উত্তেজনা ছিল না। রক্তমাখা, দুর্ভিক্ষপীড়িত উনিশশো চল্লিশের দশকের পর স্বাধীনতা এসেছিল। তার সঙ্গে এসেছিল দেশভাগ, ছিন্নমূল অত্যাচারিত মানব–মানবীর শোকগাথা। দীর্ঘকালের কংগ্রেস শাসন বাংলার মোহভঙ্গে কোনো সহায়তা করেনি। বরং সত্তরের উত্তাল সময় তাকে শিখিয়েছিল, স্বপ্ন বিক্রি করতে হয় না। তারপর, ঊনিশশ আশির দশকের অপারেশন বর্গা পেরিয়ে সমাজ পরিবর্তনের ছন্দে আসে প্রত্যাশিত মন্থরতা, ধীরে ধীরে বাংলা এগোয় শিল্প–চাকরি–মেধায় পায়ের তলার মাটি কোনোভাবে আঁকড়ে থাকার মধ্যবিত্ত বাস্তবে। কিন্তু বাঙালির মনস্তত্ত্বের আদল তাতে বদলায়নি – সে অন্তরে স্বপ্নপরায়ণ , প্রতিষ্ঠাবিরোধী, এবং ক্ষমতাভীরু। অবশ্যই গড় বাঙালি কায়িক পরিশ্রমের বিমুখ। আটার রুটির সঙ্গে রাজমা খেয়ে বেঁচে থাকাটাকে সে জীবন বলে মনে করে না।

মনে পড়ে, মুসৌরির জাতীয় একাডেমি–তে পৌঁছে দিতে গিয়ে আমার বাবা–মা একরাত ওখানকার হস্টেলে ছিলেন। এবং তাঁদের সামনে পেশ হয়েছিল রুটির সঙ্গে সেই দুই বিজাতীয় খানা – রাজমা এবং রায়তা। মাল্টি–কুইজিন রেস্তোরাঁর কল্যাণে আজ এই দুই বস্তু বাঙালির গৃহপোষ্য নাম। ক্লাসের ফাঁকে বেরিয়ে দেখি, মা দাঁড়িয়ে আছেন পোর্টিকোর নিচে। ছলছল চোখে আমার হাত ধরে বললেন, ওরে, এই খেয়ে বেঁচে থাকতে পারবি না। আমার সঙ্গে কলকাতায় ফিরে চল্।

না, মায়ের কথা রাখা হয়নি আমার। গম, যব, বাজরা এবং নানাবিধ অচেনা শস্য ও শাকসব্জি খেতে খেতে আমি চষে বেড়িয়েছি ছোটনাগপুর, ওড়িশা, মহারাষ্ট্র এবং অবশ্যই পশ্চিমবঙ্গের নানান কোণ। মানুষের ভালোবাসা ও উষ্ণ আপ্যায়ন আমাকে ধন্য করেছে। শিখেছি অনেক কিছু – গ্রামাঞ্চলের বাস্তব থেকে বৈদেশিক বাণিজ্য, নীতিপ্রণয়ন থেকে সংসদের কার্যপদ্ধতি। কিন্তু আমার এই সব জানায়, এইসকল কাজের ফলে ও অভিজ্ঞতার কারণে দেশবাসীর একতিলও মঙ্গল হয়েছে কিনা অথবা দেশের বাস্তব একতিলও বদলেছে কিনা, সে–বিষয়ে আমি জ্ঞানহীন। রাজমা ও রায়তা পরিহার করে মায়ের সঙ্গে সেদিন ফিরে গেলেই কি ভালো হত? নির্বাসিত, জঙ্গলে ভ্রাম্যমান জীবনের রোদবৃষ্টি গায়ে না মেখে নিশ্চিন্ত শিক্ষকবৃত্তি এবং সুখী গৃহকোণ রচনায় কি বেশি শান্তিসুখ ছিল? এসকল প্রশ্নের উত্তর এখন আর দেওয়া সম্ভব নয়।

বাঙালীর আই.এ.এস–বিমুখতার একটি ছোট্ট গল্প দিয়ে আপাতবিষণ্ণ এই লেখাটির সমাপ্তি টানবো।

আমি তখন প্রথমবর্ষ স্নাতকোত্তর শ্রেণীতে। বরানগরের কাঁটাকল বাস স্টপেজে অর্থনীতি বিভাগ। মাঝেমাঝেই আই.এস.আই.–তে যাই সেমিনার ইত্যাদি শুনতে। একদিন চা–বিরতিতে অধ্যাপকদের ঘন হয়ে দাঁড়িয়ে উত্তেজিতভাবে ফিস্ ফিস্ করতে শুনে গসিপের লোভে কাছে এলাম। এক শিক্ষক আরেকজনকে উত্তেজিতস্বরে বলছেন, জহর কী করেছে জানো? জহর সরকার কলেজে আমাদের সিনিয়র। সাম্প্রতিক বাঙালি আই.এ.এস.–দের মধ্যে উজ্জ্বলতম।

কী? কী করেছেন জহর সরকার? শ্রোতারা উৎসুক ও উদ্বিগ্ন! কোনো রোমান্টিক মুহূর্তে ধরা পড়েছেন তিনি, নাকি লাইব্রেরির বই ফেরত দেন নি? কী হলো জহরদার (আমিও উৎকর্ণ!)? বক্তা–অধ্যাপক সরস–রহস্য ফাঁস করার সুরে বললেন, জানো, জহর সিভিল সার্ভিস পরীক্ষা দিয়েছে!!! শুনে, অধ্যাপকদের মুখে যে হতাশা,বিষাদ ও প্রচ্ছন্ন উষ্মা দেখা দিল, তা প্রত্যক্ষ করে কোন্ বুদ্ধিমান ছাত্রছাত্রী জীবনে সিভিল সার্ভিস পরীক্ষার কথা ভাববে??!

আমি যে ভেবেছিলাম, তার মূলে ছিল কলকাতার প্রতি আমার তীব্র অভিমান, যা বাঙালী সাইকি–র মাধ্যাকর্ষণের নিগড় ছিন্ন করে আমাকে 'ভারতীয়তা'–য় মুক্তি দিয়েছিল। বাংলা থেকে নির্বাসিত হয়ে আমি যে দেশকে পেলাম, তা আমাকে আমূল বদলে দিল নিজের অজান্তেই।

# উত্তর অয়নে বিবস্বান

## মনোতোষ দাশগুপ্ত

'উত্তর অয়নে বিবস্বান' স্বামী বিবেকানন্দের প্রযুক্ত শব্দবন্ধ। চিৎসূর্য বিকাশের জন্য এই বিবস্বানের 'একীভূত সহস্রকিরণ' বড়ো দরকার। গুরুদেব রবীন্দ্রনাথ তাঁর গানে বলছেন নতুনের উন্মেষ ঘটুক 'সূর্যের মতন', 'কুহেলিকা করি উদ্ঘাটন'। আর এঁরা দুজনেই – আমাদের পক্ষে শ্লাঘনীয় – আমাদের সতীর্থ। আমাদের বলতে প্রেসিডেন্সি প্রতিষ্ঠানের। নরেন্দ্রনাথ দত্ত তথা স্বামী বিবেকানন্দ প্রেসিডেন্সি কলেজে ১৯৭৯ খ্রীষ্টাব্দে এফ্-এ ক্লাসে ভর্তি হন। এখানে তাঁর সহপাঠী ছিলেন আশুতোষ মুখোপাধ্যায়। কিন্তু নরেন্দ্রনাথ এক বছরের বেশি এখানে থাকেন নি। তখনকার নিয়ম অনুযায়ী প্রতি বছরই নির্দিষ্ট উপস্থিতি থাকতে হতো। ম্যালেরিয়ায় আক্রান্ত হওয়ায় নরেন্দ্রনাথের তা ছিল না। তিনি প্রথম বর্ষের বার্ষিক পরীক্ষা দিতে পারেন নি। তাই দ্বিতীয় বর্ষে উত্তীর্ণ হলেন না। তিনি তখন প্রেসিডেন্সি কলেজ ছেড়ে স্কটিশ চার্চ কলেজে চলে যান। আর রবীন্দ্রনাথ ১৮৭৪-এ সেন্ট জেভিয়ার্স স্কুলে প্রবেশ করেন। কিন্তু স্কুলে যাননি বিশেষ। বাড়িতেই পড়াশোনা করতেন গৃহশিক্ষকের কাছে। তারপর শিলাইদহ-কলকাতা- আমেদাবাদ হয়ে ১৮৭৮-এ ইংল্যাণ্ড যান। লন্ডন বিশ্ববিদ্যালয়ে ভর্তিও হয়েছিলেন। ১৮৮০-তে কোনো ডিগ্রি না নিয়েই দেশে ফিরে আসেন। তখন তিনি প্রেসিডেন্সিতে বহিরঙ্গ ছাত্র হিসাবে ভর্তি হয়েছিলেন। তবে গেছেন মাত্র একদিন, সতীর্থদের বিরূপ আচরণে দ্বিতীয় দিন আর যান নি। তবুও প্রেসিডেন্সির নিয়মানুযায়ী তিনি এখানকার ছাত্র অবশ্যই।

মজার কথা এই দুই সতীর্থই বিশ্বজয় করে জয়মালা দেশের গলায় পরিয়েছিলেন। রবীন্দ্রনাথের বিশ্বজয় ১৯১৩-তে (সাহিত্যে নোবেল পুরস্কার প্রাপ্তির মাধ্যমে), আর নরেন্দ্রনাথ দত্ত তথা স্বামী বিবেকানন্দ বিশ্বের সামনে 'সূর্যের মতন' – 'উত্তর অয়নে বিবস্বান্'-এর মতো আমেরিকার শিকাগোর ধর্মমহাসম্মেলনের মঞ্চে প্রকাশিত হয়েছিলেন ১৮৯৩ সালের ১১ সেপ্টেম্বর, সোমবার। সেই সুবাদে ২০১৭ সালের ১১ সেপ্টেম্বর, সোমবার এই দীপ্র ঘটনার ১২৫-তম বার্ষিকী। আবার এই বছরটিই চিহ্নিত ও উদ্‌যাপিত হয়েছে আমাদের বড়ো আদরের বিদ্যাভূমি প্রেসিডেন্সি প্রতিষ্ঠানের দ্বিশত বর্ষপূর্তির বছর হিসাবে। এই আশ্চর্য সম্মেলন ইতিহাসের একটি উজ্জ্বল ঘটনা রূপে অবশ্যই স্মৃত হবে।

১৮৯৩ সালটি কলম্বস-এর আমেরিকা আবিষ্কারের ৪০০-তম বর্ষ, আর তা স্মরণ করার জন্যই চার্লস্ ক্যারল বনী নামে এক আইন-ব্যবসায়ী এক মহামেলা অনুষ্ঠানের পরিকল্পনা করেন। ১৮৯০ থেকে কাজ শুরু হয়। প্রায় আড়াই বছরের ব্যাপক প্রস্তুতির পর ১৮৯৩-এর ১৫মে থেকে ২৮ অক্টোবর পর্যন্ত শিকাগো শহরে চারটি বিভাগের কুড়িটি অধিবেশনের মধ্য দিয়ে মহামেলার অনুষ্ঠান চলে। চারটি বিভাগ ছিল -ধর্ম, বিজ্ঞান, শিল্প এবং আইন বা মানবাধিকার। অন্তর্ভুক্ত বিষয়গুলি ছিল – নারীপ্রগতি, গণমাধ্যম, শল্যচিকিৎসা, মিতাচার, অর্থবাণিজ্যনীতি, আইন সংস্কার, সঙ্গীত এবং ধর্ম। এর মধ্যে ধর্ম ও বিজ্ঞান বিভাগ সবচেয়ে বেশি জনপ্রিয়তা লাভ করে।

স্বামী বিবেকানন্দ ১৮৯৩-এর প্রথম দিকে মাদ্রাজ (এখনকার চেন্নাই)-এ অবস্থানকালে 'দ্য হিন্দু' পত্রিকার সম্পাদক জি-এস্-আইয়ার-এর লেখা থেকে এই ধর্মসম্মেলনের কথা শুনেছিলেন। মাদ্রাজের শিষ্য-ভক্তরা মেতে উঠলেন। স্বামীজিকে বোঝাতে লাগলেন যে ওখানে তাঁর যাওয়া উচিত। ওঁরা টাকা সংগ্রহ করতেও শুরু করলেন। স্বামীজি দোলাচলে ভুগছিলেন। একবার মাউন্ট আবুতে গুরুভাই স্বামী তূরীয়ানন্দজিকে বলেওছিলেন 'শিকাগোর ধর্মসভা আমার জন্যই অনুষ্ঠিত হতে চলেছে।' আসলে ১৮৯২-র ডিসেম্বরে কন্যাকুমারীর প্রান্তসমুদ্রের শিলাসনে বসেই তিনি অন্তরে উপলব্ধি করেছিলেন হতগৌরব অন্তরসম্পদশালিনী ভারতজননীর আর তাঁর অসহায় সন্তানদের সেবাই হবে তাঁর জীবনের আমৃত্যু সাধনা। এজন্য দেশজননীর গৌরব বিশ্বের কাছে তুলে ধরতে হবে। তারপর মানসদৃষ্টিতে পেলেন শ্রীগুরুর নির্দেশ। কিন্তু মা সারদাদেবীর অনুমোদন চাই যে! লিখলেন গুরুভাই সারদানন্দ-কে। মা কিন্তু তক্ষুণি মত দিলেন না। তিনিও বোধ হয় দিব্য আদেশের অপেক্ষায় ছিলেন। তিনদিন পরে অনুমোদন দিলেন। এবার বিবেকানন্দ কৃতসংকল্প হলেন। মাদ্রাজি ভক্ত ও দেওরীর রাজা অজিত সিং-এর সাহায্যে যাত্রার পরিকল্পনা হলো। মুম্বাই (তখনকার বোম্বাই) থেকে ৩১মে, ১৮৯৩ যাত্রা শুরু করে জাপানে জাহাজ বদল করে, কানাডার

ভ্যাঙ্কুবার-এ এসে সেখান থেকে ট্রেনে করে শিকাগো পৌঁছলেন ৩০ জুলাই, রবিবার, রাত সাড়ে দশটায়।

কিন্তু সেখানে পৌঁছেও পড়লেন মহা আতান্তরে। জানাচেনা নেই। প্রচণ্ড শীত। ওদিকে ধর্মসম্মেলনে প্রতিনিধি নেবার তারিখও অতিক্রান্ত। কিন্তু শ্রীগুরু ও মায়ের আশীর্বাদ ভরসা করে বজ্রদৃঢ় সংকল্পে অটুট থেকে প্রচণ্ড আত্মবিশ্বাস ও জেদের বলে কীভাবে তিনি ধর্মসভায় প্রবেশাধিকার পেলেন, উদ্বোধনী অধিবেশনে পাঁচ মিনিটের প্রারম্ভিক বক্তৃতা দিতে গিয়ে 'হে আমেরিকাবাসী বোনেরা ও ভায়েরা' সম্বোধন করে দেশবিদেশের চার হাজার শ্রোতার দু-মিনিট ব্যাপী সহস্র করতালির মধ্য দিয়ে বিশ্ববিজ য়ের প্রথম ধাপ অতিক্রম করলেন, সে ইতিহাস সবারই জানা। আমরা তার পুনরাবৃত্তি করব না। আমরা আলোচনা করব এই ঘটনার গুরুত্ব ও পরবর্তী পর্যায়ে এর প্রভাবের কথা।

প্রাগুক্ত চার্লস ক্যারল বনী এবং পল ক্যারাস এই ধর্মসম্মেলন ও আনুষঙ্গিক বিষয় নিয়ে বই লিখেছিলেন (১৮৯৬)। রেভারেন্ড জন হেনরী ব্যারোজ দুই খণ্ডে এই ধর্মসম্মেলনের বিস্তৃত বিবরণ লিখেছিলেন সম্মেলন শেষের পরে। এই ব্যারোজ ছিলেন প্রেসবিটেরিয়ান গির্জার যাজক এবং ধর্মমহাসম্মেলনের সাধারণ সমিতির সভাপতি। এই ব্যারোজকেই অধ্যাপক ড. জন রাইট (হার্ভার্ড-এর গ্রীক ভাষার অধ্যাপক) স্বামীজির পরিচয়পত্রে লিখেছিলেন, 'ইনি এমন একজন মানুষ, যাঁর পাণ্ডিত্য আমাদের জ্ঞানী অধ্যাপকদের মিলিত পাণ্ডিত্যকেও হার মানায়।' আর এর জোরেই স্বামীজির ধর্মসম্মেলনে যোগদানের পথ প্রশস্ত হয়। ধর্মসম্মেলনে স্বামীজির বর্ণনা দেবার সময় ভগিনী নিবেদিতা মূলত এঁর লেখাই অনুসরণ করেছিলেন।

পরবর্তীকালে, পরের শতাব্দীতেও অনেক পাশ্চাত্য পণ্ডিত (যেমন টমাস গ্রাহাম, মার্টিন ই. মার্টি, কার্ল টমাস জ্যাকসন) এ বিষয়ে লিখেছেন। এদেশের লেখকেরাও বিভিন্ন সময়ে এ নিয়ে লিখেছেন। সমসাময়িক পত্র-পত্রিকায়ও ধর্মসম্মেলন ও বিবেকানন্দকে নিয়ে সংবাদ ও লেখা বেরিয়েছে। বলা যায় সে সময় সত্যিই এক চাঞ্চল্য জেগেছিল এবং তা প্রাচ্য ও পাশ্চাত্যে সঞ্চারিত ও সঞ্চালিত হয়েছিল। বিবেকানন্দ কিন্তু সেখানে একমাত্র ভারতীয় বা হিন্দু ছিলেন না। সেখানে ছিলেন ব্রাহ্ম সমাজের প্রতিনিধি শ্রী প্রতাপচন্দ্র মজুমদার, ছিলেন একেশ্বরবাদী প্রার্থনা সমাজের বি-বি-নাগেরকর আর সনাতন হিন্দুধর্মের প্রতিনিধিত্ব করেছিলেন শ্রী মণিলাল দ্বিবেদী। ইসলামধর্মের প্রতিনিধিরূপে ছিলেন মি. জাস্টিস্ আমির আলি, জৈনধর্মের বীরচাঁদ-এ-গান্ধী এবং থিয়োসফিস্ট্‌দের প্রতিনিধিত্ব করতে এলাহাবাদ থেকে গিয়াছিলেন জ্ঞানেন্দ্রনাথ চক্রবর্তী, অ্যানি বেসান্ত, মিস্ মূলার প্রমুখ। বিবেকানন্দ ছিলেন 'হিন্দু' ধর্মের প্রতিনিধি। বিদেশের পত্রিকায় কখনো তাঁকে 'হিন্দুধর্মের প্রতিনিধি', কখনো 'হিন্দু সন্ন্যাসী', আবার কখনো ব্রাহ্মণ সন্ন্যাসী (শিকাগো টাইম্‌স্, ১২.৯.১৮৯৩, শিকাগো অ্যাডভোকেট, ২৮.৯.১৮৯৩) বলা হয়েছে। প্রথম দিন অভ্যর্থনার উত্তরে প্রদত্ত বক্তৃতায় তিনি নিজেকে হিন্দু জনতার প্রতিনিধি বলেছিলেন, ''I thank you in the name of millions of Hindu people of all classes and sects''। এদেশের কাগজ তো তাঁকে হিন্দুধর্মের প্রতিনিধিই বলেছে। নিবেদিতা বলেছেন, 'সেখানে (ধর্ম-মহাসম্মেলনে) একমাত্র ভারতীয় বা বাঙালি না হলেও তিনি ছিলেন যথার্থ হিন্দুধর্মের একমাত্র প্রতিনিধি।'

কথা উঠতে পারে, হিন্দুধর্মের প্রতিনিধি হয়ে তিনি ভারতবর্ষের সংকল্পিত মহিমাপ্রচার সম্ভব করতেন কী করে। বিবেকানন্দ প্রথমেই পাশ্চাত্যবাসীর কাছে নিজেকে ভারতীয় হিসাবেই তুলে ধরেছিলেন।

বুঝিয়েছিলেন যে তিনি আগে ভারতীয়, পরে হিন্দু। ওঁর প্রারম্ভিক বক্তৃতাটা বিশ্লেষণ করলেই ব্যাপারটা ধরা পড়ে যাবে। যেহেতু তিনি হিন্দু ধর্মের প্রতিনিধি, তাই অভ্যর্থনার উত্তরে বললেন, 'আমি গর্বিত যে আমি সেই ধর্মভুক্ত যা পৃথিবীকে সহনশীলতা ও সকল মতকে সম্মান প্রদর্শনের শিক্ষা দিয়ে আসছে। আমরা বিশ্বজনীন সহনশীলতায়ই বিশ্বাস করিনা, আমরা সব ধর্মকেই সত্য বলে গ্রহণ করি'। এর পরেই তিনি চলে গেলেন জাতীয়তার সগর্ব প্রকাশে। বললেন, 'যে জাতি (অবশ্যই দেশ) পৃথিবীর সব ধর্ম ও জাতির নিগৃহীত ও আশ্রয়প্রার্থী মানুষদের চিরকাল আশ্রয় দিয়ে এসেছে, আমি সেই জাতির একজন বলে গর্ববোধ করি।' অর্থাৎ 'হিন্দু' ও 'ভারতীয়' সমার্থক হয়ে গেল।

আরেকটা বিষয় লক্ষণীয়। ধর্মমহাসম্মেলনের পরে আমেরিকার সংবাদপত্রে অনেক ক্ষেত্রে বিবেকানন্দকে 'ব্রাহ্মণ সন্ন্যাসী' বলা হয়েছে। 'শিকাগো টাইম্‌স্', 'শিকাগো অ্যাডভোকেট', 'বস্টন ইভনিং ট্রান্সক্রিপ্ট' প্রভৃতি যেমন। 'উদ্বোধন' প্রকাশিত 'স্বামীজীর বাণী ও রচনা'-য় এই বিশেষণকে 'মনগড়া' বলা হয়েছে। 'রাজা' বিশেষণ ('ডেলি গেজেট', ২৯ অগাস্ট, ১৮৯৩) মনগড়া হতে পারে, কিন্তু 'ব্রাহ্মণ' কথাটা মনগড়া ভাবা বোধ হয় ঠিক হবেনা। মনে হয় বিবেকানন্দ তাঁর বক্তৃতায় হিন্দুধর্মের সমার্থক 'ব্রাহ্মণ্য' ধর্ম কথাটা ব্যবহার করেছিলেন। তাঁর প্রথম দিকের সব বক্তৃতার পূর্ণ বয়ান তো পাওয়া যায় না। আর সবসময় তিনি লিখিত বক্তৃতা দিতেন না। বেশিরভাগ সময়েই দিতেন না। এদেশের পত্রিকাও পুরো বয়ান প্রকাশ করেনি। 'ইন্ডিয়ান মিরর' (নগেন্দ্রনাথ সেন সম্পাদিত)-এর আগে তো বিবেকানন্দের শিকাগো-সংবাদ ঠিক মত গুরুত্ব দিয়ে প্রচারিতই হয়নি। ব্রাহ্মদের উদ্যোগে বরং প্রতাপচন্দ্র মজুমদারের বক্তৃতা প্রচারিত হয়েছে। সে বক্তৃতায় ছিল খ্রীষ্ট ধর্ম ও বাইবেলের প্রশংসা। কোনো হিন্দু ধর্মগ্রন্থের নাম তিনি করেন নি। আর বাংলায় স্বামীজির গুরুভায়েরা তো বুঝতেই পারেন নি যে বিবেকানন্দ তাঁদের নরেন। জানতেন শুধু শ্রীশ্রীমা, সারদানন্দ এবং মহেন্দ্রনাথ দত্ত। ওই 'ব্রাহ্মণ্য' থেকে সাংবাদিকরা ব্রাহ্মণ কথাটা 'চয়ন' করে ছিলেন। যা হোক, দেখা যাচ্ছে বিবেকানন্দ হিন্দু ধর্মের প্রতিনিধিত্বের সুযোগ নিয়ে ভারতবর্ষের ঐতিহ্য, ইতিহাস ও সংস্কৃতিকেই পাশ্চাত্যের সামনে তুলে ধরতে চেয়েছেন। বিষয়টি ভগিনী নিবেদিতা ঠিক ধরতে পেরেছিলেন। তিনি লিখছেন 'অন্যান্য সকলে কোন সমিতি, সমাজ, সম্প্রদায় বা ধর্মসংস্থার প্রতিনিধিরূপে এসেছিলেন। একমাত্র স্বামীজির বক্তৃতার বিষয়বস্তু ছিল – হিন্দুদের আধ্যাত্মিক ভাবধারা, সেদিন তাঁর মধ্য দিয়েই ওই ভাবগুলির সর্বপ্রথম সংজ্ঞা ঐক্য ও রূপ লাভ করেছিল।'

ধর্মসম্মেলনের পঞ্চম দিন (১৫ সেপ্টেম্বর) বিকেলের অধিবেশনে বিভিন্ন ধর্মাবলম্বীগণ নিজেদের শ্রেষ্ঠত্ব প্রতিপাদনের ক্ষেত্রে রীতিমত

বাগ্‌যুদ্ধে লিপ্ত হন। বিবেকানন্দ তাঁদের চুপ করিয়ে দেন সমুদ্র ও কুয়োর ব্যাঙের বিখ্যাত গল্পটি বলে। উপসংহারের সার কথাটুকু চমকপ্রদ। বলেছিলেন তিনি, 'ভায়েরা আমার! এরূপ সংকীর্ণ ভাবই আমাদের মতভেদের কারণ। আমি একজন হিন্দু – আমি আমার নিজের কুয়োয় বসে সেটাকেই সমস্ত জগৎ মনে করছি। খ্রীস্টধর্মাবলম্বী তাঁর নিজের কুয়োয় বসে সেটাকেই পৃথিবী মনে করছেন! মুসলমানও নিজের ছোট্ট কুয়োয় বসে সেটাকে গোটা পৃথিবী ভাবছেন। হে আমেরিকাবাসিরা! আপনারা যে আমাদের এই ক্ষুদ্র জগৎগুলির বেড়া ভাঙবার জন্য উদ্যোগ নিয়েছেন, সেজন্য আপনাদের ধন্যবাদ দিতে হয়।'

লক্ষণীয়, এখানে ধর্মের বাধা ভেঙে আন্তর্জাতিকতার বোধে উত্তীর্ণ হওয়ার ডাক রয়েছে। নিবেদিতা নির্দেশিত 'হিন্দুধর্মের আধ্যাত্মিক ভাবধারা' বিষয়ক বক্তৃতাটি স্বামীজি দিয়েছিলেন ধর্মমহাসম্মেলনের নবম দিনের (১৯ সেপ্টেম্বর) অধিবেশনে। শীর্ষক ছিল 'হিন্দুধর্ম'। তিনি শুরু করেছিলেন ঐতিহাসিকের দৃষ্টিভঙ্গি নিয়ে। 'হিন্দু, জরথুস্ট্রীয় ও ইহুদী এই তিনটি ধর্মই প্রাগৈতিহাসিক যুগ হইতে বর্তমান কাল অবধি এই পৃথিবীতে প্রচলিত রয়েছে।' এ ধর্মগুলি প্রচণ্ড আঘাত সহ্য করেও লুপ্ত হয় নি। কিন্তু এদের মধ্যে আবার বড় রকমের পার্থক্যও আছে। ইহুদী ধর্ম তৎপ্রসূত খ্রীস্ট ধর্মকে আত্মসাৎ তো করতে পারেই নি, বরং নিজেই ওই ধর্ম দ্বারা নিজের জন্মভূমি থেকে বিতাড়িত হয়েছে। পারসিদের সংখ্যাও পৃথিবীতে অল্পই। কিন্তু ভারতবর্ষে সম্প্রদায়ের পর সম্প্রদায় উঠেছে। এক একবার মনে হয়েছে হিন্দুধর্মের ভিত্তিভূমি বুঝি নড়ে গেল, কিন্তু শেষ পর্যন্ত অক্ষত ভাবে তা টিকে গেছে।

বিবেকানন্দের মতে এই টিকে থাকার মূলে আছে বেদ সমূহের ভূমিকা। বেদ একটি বিশেষ ধর্মগ্রন্থ নয়, তাঁর মতে এটি হচ্ছে 'ভিন্ন ভিন্ন ব্যক্তি বিভিন্ন সময়ে যে আধ্যাত্মিক বস্তুসমূহ আবিষ্কার করে গেছেন, সেই সবের সঞ্চিত ভাণ্ডারস্বরূপ।' অর্থাৎ ভৌগোলিক অর্থে ব্যাপ্ত ভূমির অধিবাসীবৃন্দের ধারাবাহিকভাবে আহৃত এবং সঞ্চিত জ্ঞান ভাণ্ডার। প্রায় তিন দশক পরে সুইস মনস্তত্ত্ববিদ্ কার্ল গুস্তাভ ইয়ুং (১৮৭৫–১৯৬১) তাঁর 'জাতিগত স্মৃতিভাণ্ডার' (racial memories) তত্ত্বে যা বলতে চাইবেন এটা ঠিক তা নয়, তবে কিছুটা সেরকম বটে। বেদ যেহেতু অপৌরুষেয় অর্থাৎ অলিখিত তাই বেদোক্ত ধারণাগুলি কখন কীভাবে কার মনে এলো– বলা কঠিন। যে ঋষি যখন কোন সত্য বা তত্ত্ব উপলব্ধি করেছেন – তার পিছনে অনেকের ব্যক্ত ও অব্যক্ত ধারণা–বোধ–উপলব্ধির শিক্ষণ রয়েছে। এদিক দিয়ে দেখলে গুস্তাভ–এর তত্ত্ব মান্যতা পেয়েছে বলতে হবে। গুস্তাভ কথিত সমষ্টিগত অবচেতন (Collective unconscious) মূর্ত হয়েছে বেদের বিভিন্ন পর্যায়ে এবং এই পর্যায়গুলির সমষ্টিগত বাহিত রূপ হচ্ছে বেদ।

তাহলে বোঝা যাচ্ছে যে বেদ ধর্মগ্রন্থ নয় বা তার প্রচারিত ধারণা ধর্ম নয়। এ হলো জ্ঞান ও অভিজ্ঞতা – সমন্বিতরূপে যাকে প্রজ্ঞা বলা যায়, এর সঙ্গে অবশ্যই স্থানবিশেষে যুক্ত হয়েছে স্বজ্ঞা। সব মিলিয়ে কতগুলি 'সত্য'। এভাবেই বিবেকানন্দ হিন্দুধর্মকে প্রচলিত অর্থে ধর্মের চৌহদ্দি পার করিয়ে কতগুলি সত্যের প্রকাশপথের রূপ দিয়েছেন। স্বাভাবিকভাবে পরবর্তী ধর্মগুলি তাদের মূলভাব আহরণ করেছে এই সুপ্রাচীন জ্ঞানভাণ্ডার থেকে। প্রশ্ন উঠবেই, তবে এসব বিভিন্ন ধর্মে এত পরস্পরবিরোধী ভাব কেন। বিবেকানন্দের যুক্তি ও বিজ্ঞানসম্মত তাৎক্ষণিক উত্তর, '...আপাতদৃষ্টিতে ভিন্ন ভিন্ন পরিবেশে বিভিন্ন প্রকৃতির মানুষের উপযোগী হইবার জন্য এক সত্যই এরূপ পরস্পর–বিরুদ্ধ ভাব ধারণ করে'। আমরা যদি মহীসঞ্চলন তত্ত্ব (Theory of Continental drift)–র কথা মনে করে এখানে প্রয়োগ করি তবে। ইয়ুং–এর 'জাতিগত স্মৃতিভাণ্ডার'–এর ধারণা খাপে খাপে মিলে যায়। এই তত্ত্বানুযায়ী পৃথিবীর মহাদেশগুলি আগে একটি সংযুক্ত ভূখণ্ড ছিল, পরে আভ্যন্তরীণ ও বাইরের প্রাকৃতিক ও রাসায়নিক কারণে সেগুলি পরস্পর বিচ্ছিন্ন হয়ে ক্রমে বর্তমান অবস্থায় এসেছে। তাহলে পৃথিবীর সব মানুষ তো একই 'মানবজাতি'।

> বললেন, 'যে জাতি (অবশ্যই দেশ) পৃথিবীর সব ধর্ম ও জাতির নিগৃহীত ও আশ্রয়প্রার্থী মানুষদের চিরকাল আশ্রয় দিয়ে এসেছে, আমি সেই জাতির একজন বলে গর্ববোধ করি।' অর্থাৎ 'হিন্দু' ও 'ভারতীয়' সমার্থক হয়ে গেল।

বিবেকানন্দ একেবারে ঠিক কথাটা বলেছেন, 'একত্বের আবিষ্কার ব্যতীত বিজ্ঞান আর কিছুই নয়, এবং যখনই কোনো বিজ্ঞান সেই পূর্ণ একত্বে উপনীত হয়, তখন উহার অগ্রগতি থামিয়া যাইবে, কারণ ঐ বিজ্ঞান তাহার লক্ষ্যে উপনীত হইয়াছে।' কিন্তু এই চরম লক্ষ্যে উপনীত হওয়ার প্রক্রিয়া স্পর্শপ্রবণ (asymptotic) । ধর্মের ক্ষেত্রেও একই কথা, তাই বিবেকানন্দ এখানেই একটি নতুন শব্দ প্রয়োগ করলেন – 'ধর্মবিজ্ঞান'। আর বললেনঃ 'বহুবাদ, দ্বৈতবাদ প্রভৃতির ভিতর দিয়া শেষে অদ্বৈতবাদে উপনীত হইলে ধর্মবিজ্ঞান আর অগ্রসর হইতে পারেনা। ইহাই সর্বপ্রকার জ্ঞান বা বিজ্ঞানের চরম লক্ষ্য।' আরও একটা কথা বলে বিবেকানন্দ ধর্মকে ইতিহাস ও সমাজ বিজ্ঞানের অংশীভূত করে নিলেন। তা হলো এই যে, অজ্ঞলোকের ধর্মই প্রাজ্ঞলোকের দর্শন।

দুটি খুব সুন্দর কথা বললেন বিবেকানন্দ। এর মধ্যে দিয়ে হিন্দু বিশ্বাসের দুটি গুরুত্বপূর্ণ দিক উন্মোচিত হয়ে সমাগত শ্রোতৃবৃন্দের মধ্যে মানুষ হিসাবে এক নির্ভার ও নির্ভয় অবস্থিতির ধারণা এনে দিল। প্রথমটি হলোঃ 'তোমরা ঈশ্বরের সন্তান, অমৃতের অধিকারী – পবিত্র ও পূর্ণ। ...মানুষকে পাপী বলাই এক মহাপাপ। মানবের যথার্থ স্বরূপের উপর ইহা মিথ্যা কলঙ্কারোপ।' দ্বিতীয়টিঃ '... হিন্দুর পক্ষে সমগ্র ধর্মজগৎ নানারুচিবিশিষ্ট নরনারীর নানা অবস্থা ও পরিবেশের মধ্য দিয়া সেই এক

লক্ষ্যের দিকে অগ্রসর হওয়া ব্যতীত আর কিছুই নয়। প্রত্যেক ধর্মই জড়ভাবাপন্ন মানুষের চৈতন্য-স্বরূপ – দেবত্ব বিকশিত করে, এবং সেই এক চৈতন্য-স্বরূপ ঈশ্বরই সকল ধর্মের প্রেরণাদাতা।'

এই কথার মধ্যেই আমরা নিবেদিতার মূল্যায়নের তাৎপর্য অনুধাবন করতে পারি। অনেকে বলেছিলেন যে বিবেকানন্দের উপদেশে নতুন কিছু ছিল না। ভগিনী এর বিরোধিতা করে বলছেন যে এ উক্তি সম্পূর্ণভাবে সত্য নয়। তাঁর কথাঃ 'এ-কথা কখনও ভুলিলে চলিবে না যে 'একমেবাদ্বিতীয়ম্' অনুভূতি যাহার অন্তর্গত, সেই অদ্বৈত-দর্শনের শ্রেষ্ঠত্ব ঘোষণা করিয়াও স্বামী বিবেকানন্দ হিন্দুধর্মে এই শিক্ষা সংযুক্ত করিয়া দিলেন যে, দ্বৈত বিশিষ্টাদ্বৈত এবং অদ্বৈত একই বিকাশের তিনটি অবস্থা বা ক্রমিক স্তর মাত্র, এই বিকাশের চরম লক্ষ্য হইতেছে শেষোক্ত অদ্বৈত তত্ত্ব।'

বিবেকানন্দ শুধু যে হিন্দুধর্মের বিভিন্ন সম্প্রদায়ের লালিত বিশ্বাসের মধ্যে মূলগত ঐক্যের সুরটুকু ধরিয়ে দিলেন তা নয়, সমস্ত ধর্মের ভাবনা-ধারণা-তত্ত্ব-দর্শন-বিশ্বাসের মধ্যে যে একই অভিন্ন লক্ষ্য বিদ্যমান, তা-ও পরিষ্কার করে দিলেন। প্রমাণ হয়ে গেল যে মানুষের জন্যই ধর্ম, ধর্মের জন্য মানুষ নয়। মানুষের অনেক অবশ্য প্রয়োজনীয় বস্তুর মত ধর্মও একটি। সম্পূর্ণ মানুষ হবার জন্য ধর্ম দরকার। আরও পরে তিনি বললেন যে নাস্তিকেরও নিজস্ব 'ধর্ম' আছে। তাই ধর্মের সঙ্গে অন্য প্রয়োজনীয় সামগ্রীবিশেষের যখন বিরোধ বাধবে, তখন বেশি প্রয়োজনীয়, বেশি গুরুত্বপূর্ণ বস্তুটিকেই গ্রহণ করতে হবে। পরবর্তীকালে তিনি বলছেন – 'আগামী পঞ্চাশ বছর দেশই তোমার একমাত্র দেবতা হউন, অন্য দেবতাদের এ সময় ভুলিলে ক্ষতি নাই।'

আমাদের অর্থাৎ প্রেসিডেন্সি প্রতিষ্ঠানের আরেক স্মরণার্হ সতীর্থ – সুভাষচন্দ্র বসু – বলেছিলেন 'মানবজাতির সেবা ও আত্মার মুক্তি – এই ছিল তাঁর জীবনের আদর্শ। মানবজাতির সেবা বলতে বিবেকানন্দ স্বদেশেরও সেবা বুঝেছিলেন।' নেতাজি রূপে সুভাষচন্দ্র তাঁর বিশ্বাসী শিখ সৈনিককে বোঝাতে পেরেছিলেন যে ধর্মের থেকে দেশ এতটাই উচ্চে অবস্থিত যে দেশের জন্য বেণী পর্যন্ত বিসর্জন দেওয়া যায়। কিন্তু এসব তো অনেক পরের ইতিহাস। তবে 'অসীমের চিরবিস্ময়' তাঁর (বিবেকানন্দের) মাঝে মূর্ত হয়েছিল সর্বপ্রথম ওই ধর্মমহাসম্মেলনের মঞ্চেই।

বিস্ময়ের আরও বাকি ছিল। ২০ সেপ্টেম্বর স্বামীজি সনাতনধর্মে পুনর্জন্মবাদ বিষয়ে বলেছিলেন। তার আগে সমবেত খ্রীস্টানদের তিনি রীতিমত তিরস্কার করেছিলেন। You Christians, who are so fond of sending out missionaries to save the soul of the heathen - why do you not try to save their bodies from starvation? বলেছিলেন যে প্রাচ্যের সর্বাধিক অভাব ধর্ম নয়, ধর্ম তাদের প্রচুর পরিমাণে আছে। ভারতের কোটি কোটি নরনারী উচ্চকণ্ঠে কেবল দুটি অন্ন চাইছে। এই ভারতবাসীরা কিন্তু হিন্দু নন, শুধু ধর্মনিরপেক্ষভাবে ক্ষুধার্ত পীড়িত ভারতবাসীর পক্ষ হয়েই তিনি কথা বলছেন।

২৬ সেপ্টেম্বর 'বৌদ্ধধর্মের সঙ্গে হিন্দুধর্মের সম্বন্ধ' বিষয়ে বক্তৃতা দিতে গিয়ে তিনি ভারতবাসীকে ধর্মচেতনার ঊর্ধ্বে ওঠার বৃহত্তর প্রয়োজনীয়তার কথা বলেছেন। তিনি বলেছিলেন যে বৌদ্ধ ও ব্রাহ্মণের বিচ্ছেদই ভারতবর্ষের অবনতির কারণ। তিনি বললেন যে এজন্যই ভারতবর্ষ সহস্র বছর ধরে বিজেতাদের দাসত্ব করেছে ও করছে। তাঁর অন্তর্দাহ এই প্রথম ফুটে বেরুলো। কুমারিকা অন্তরীপের প্রত্যন্ত সীমাস্থ শিলাখন্ডে বসে যে দীনা সাশ্রুলোচনা দেশজননীকে তিনি মানসনয়নে প্রত্যক্ষ করে পীড়িত হচ্ছিলেন, তা-ই সহসা রন্ধ্রপথে নির্গত অবরুদ্ধ বাষ্পের রূপ নিল। তারপর বিভিন্ন ক্ষেত্রে দেশে বিদেশে তিনি আত্মার মুক্তির সঙ্গে রাজনৈতিক স্বাধীনতার কথা বলেছেন। কিন্তু এই প্রথম প্রকাশ দেখা গেল তার। এই বক্তৃতায় একটি শব্দবন্ধ ব্যবহারের প্রতি আমাদের নজর না পড়ে পারে না। এটি হলো Wonderful humanizing power – যার বাঙলা প্রতিশব্দ করা হয়েছে অসাধারণ লোককল্যাণ শক্তি'। ভগবান বুদ্ধের এই গুণই বিবেকানন্দকে আকৃষ্ট করেছে। পরবর্তীকালে এই 'লোককল্যাণ-ই হবে বিবেকানন্দের সাধনার মূল সুর। পরে 'উদ্বোধন' পত্রিকা প্রতিষ্ঠিত হলে (১৮৯৯) তার দ্বিতীয় সংখ্যায় তাঁর বিখ্যাত 'সবার প্রতি' কবিতায় বিবেকানন্দ লিখবেনঃ 'বহুরূপে সম্মুখে তোমার, ছাড়ি কোথা খুঁজিছ ঈশ্বর? জীবে প্রেম করে যেই জন, সেই জন সেবিছে ঈশ্বর।' এই লোক-কল্যাণের অসীম শক্তির প্রকাশ দেখা যাবে বেলুড় মঠ প্রতিষ্ঠায় এবং মঠ ও মিশনের অনন্যসাধারণ সেবাকর্মের মধ্যে। আর আজ আমরা অবাক হয়ে ভাবি বিবেকানন্দের এই wonderful humanizing power –এর কথা। তাঁর 'প্র্যাক্‌টিক্যাল বেদান্ত' এরই প্রায়োগিক প্রকাশ।

২২ সেপ্টেম্বর শুক্রবার ধর্মমহাসম্মেলনের দ্বাদশ অধিবেশনে ভারতবর্ষের ধর্মসমূহ বিষয়ে আলোচনা হয়েছিল। তাতে সবচেয়ে বেশি কথা হয়েছিল হিন্দুধর্ম বিষয়ে, অর্থাৎ স্বামীজিকেই সবচেয়ে বেশি বলতে হয়েছিল। নানা ধর্ম ও মতের শ্রোতারা তাঁকে অনেক প্রশ্ন করেছিলেন। প্রশ্নের পর প্রশ্ন। এতেই বোঝা যায় যে ধর্মমহাসম্মেলনের মঞ্চে প্রক্ষেপিত আলোর বেশির ভাগটা বিবেকানন্দের উপরেই পড়েছিল। ১৯৩৮-এ প্রকাশিত A Poet's Life গ্রন্থে হ্যারিয়েট মনরো লিখেছিলেন '...the handsome monk in the orange robe gave us in perfect English a masterpiece ... It was human eloquence at its highest pitch.' Boston Evening Transcript লিখেছিল (৩০ সেপ্টেম্বর, ১৮৯৩), 'The most striking figure one meets in this anteroom (যে ঘরে বসতেন চার্লস্ ক্যারল বনী – world's congress Auxiliary of the Columbian Empire, ধর্মমহাসম্মেলন ছিল যার একটি ....) is Swami Vivekananda। প্রাগুক্ত অধিবেশনে শ্রোতারা এতটাই উদ্দীপ্ত হয়েছিলেন যে, তাঁরা বিবেকানন্দকে আর একটা দিন সনাতন ধর্ম সম্বন্ধে বলতে অনুরোধ করেন। বিবেকানন্দ স্বীকৃতও হন।

২৭ সেপ্টেম্বর সম্মেলনের সপ্তদশ ও শেষ অধিবেশন হয়। এই অধিবেশনে বিবেকানন্দের বক্তৃতা আরেকটি দ্যুতিময় হীরকখণ্ড। আর এই বক্তৃতায় ধর্মমহাসম্মেলনের মূল উদ্দেশ্য পূর্ণ সফল হওয়ার লক্ষণ প্রকাশ পেল। তবে একটা লুকোনো উদ্দেশ্য সাফল্য পেলোনা-এও সত্যি। এই উদ্দেশ্য কী, পরে বোঝা যাবে। তিনি তাঁর বিদায়ী বক্তৃতা

শুরু করেছিলেন এই বলে। 'বিশ্বধর্ম-মহাসম্মেলন এখন সত্যই বাস্তবে রূপায়িত হয়েছে।' তিনি এই উদ্যোক্তাদের পরিশ্রমে করুণাময় ঈশ্বরের সহায়তা লক্ষ্য করেছেন। তা-ই একে সাফল্যমণ্ডিত করেছে। প্রথম সংক্ষিপ্ত বক্তৃতাটি যদি হয়ে থাকে 'ভারতবর্ষের স্বাধিকার প্রতিষ্ঠার এক সংক্ষিপ্ত প্রমাণপত্র' (নিবেদিতার ভাষায়) তবে বিদায়ী ভাষণ সেই প্রতিষ্ঠিত বেদী থেকে গুরুরূপে সমস্ত পৃথিবীর সব ধর্মাবলম্বীদের উদ্দেশে উচ্চারিত আত্মসমীক্ষার আলোকে উদ্দীপিত আন্তর্জাতিকতাবোধসঞ্জাত শান্তিপূর্ণ সহাবস্থানের নীতিতে বিশ্বাস রেখে টিকে থাকার মহামন্ত্র।

কী সুন্দর উপমা দিয়ে বললেন তিনি! বীজ মাটিতে উপ্ত হলো, চারদিকে আছে মাটি, বাতাস, জল। বীজটি কি তাদের একটিতে পরিণত হয়? না। সেই বীজ থেকে জন্ম নেয় চারাগাছ – যা ক্রমে নিজের স্বাভাবিক নিয়মে বেড়ে উঠে মাটি-বায়ু-জল আত্মসাৎ করে বৃক্ষে পরিণত হয়ে ও ক্রমেই বেড়ে ওঠে মহীরুহ হয়। ধর্মের সম্বন্ধেও একই কথা। খ্রিস্টানকে হিন্দু কিংবা বৌদ্ধ হতে হবে না। প্রত্যেক ধর্মই অন্য ধর্মগুলি থেকে সারভাগ গ্রহণ করে পুষ্টিলাভ করবে এবং নিজের স্বকীয়তা বজায় রেখে নিজ প্রকৃতি অনুযায়ী প্রসার লাভ করবে। সততা, পবিত্রতা এবং করুণাময় পৃথিবীর কোন বিশেষ ধর্মের একচেটিয়া নয় – সব ধর্মেই অতি প্রশংসনীয় চরিত্রের নরনারীরা আবির্ভূত হয়েছেন।

এবার তিনি এক সতর্কবাণী উচ্চারণ করলেন উপদেশস্থলেঃ এত সব প্রশ্ন সত্ত্বেও যদি কেউ এমন স্বপ্ন দেখেন যে আর সব ধর্ম লোপ পাবে, আর তারটিই টিকে থাকবে তবে তিনি প্রকৃতই কৃপার পাত্র। এবার যেন ভারতাত্মা তার মর্মবাণী ঘোষণা করল সমস্ত পৃথিবীর সমসাময়িক যুগ থেকে প্রজন্মান্তরের মানুষের প্রতি – অনেক পরে সম্মিলিত জাতিপুঞ্জের সংবিধানেও যে ভাবনা প্রতিধ্বনিত হবে – শ্রেষ্ঠম্মন্য মানুষের বাধা সত্ত্বেও প্রত্যেক ধর্মের পতাকার উপর অনতিবিলম্বে লিখিত হবেঃ 'বিবাদ না সহায়তা, বিনাশ নয়, পারস্পরিক ভাবগ্রহণ, মতবিরোধ নয়, সমন্বয় ও শান্তি' (Help and not Fight, Assimilation and not Destruction; Harmony and Peace and not Dissension)।

দেশে-বিদেশে ধন্য ধন্য পড়ে গেল। ধর্মমহাসম্মেলন তো দেখতে গেলে এ-ই চেয়েছিল। ধর্মবিদ্বেষ ও বিতণ্ডা দূর করে এক মহান মানবধর্ম প্রতিষ্ঠা ও প্রচার করতে। প্রকৃতপক্ষে একটি মানুষের জন্যই লক্ষ্যপূরণ হলো। আবার এই একটি মানুষের জন্যই আড়ালের এক অভিসন্ধি ব্যর্থও হলো। এই মানুষটি অবশ্যই বিবেকানন্দ। আর আড়ালের অভিসন্ধি? সেটা বিবেকানন্দই পরে বলেছিলেন। পাশ্চাত্যবাসী চেয়েছিলেন প্রমাণ করতে যে খ্রীস্টধর্মই শ্রেষ্ঠ ধর্ম। তারা ভেবেছিলেন এই ধর্মমহাসম্মেলনে ক্যাথলিক খ্রিস্টধর্মের বিজয় বৈজয়ন্তী উড়বে। সব ধর্মই মাথা নত করবে এই ধর্মবিশ্বাসের কাছে। ক্যান্টারবেরীর আর্চবিশপ তো সম্মেলনে যোগ দিতেই অস্বীকার করেছিলেন – খ্রীস্টধর্মকে অনগ্রসর মানুষের ধর্মের সঙ্গে একাসনে আলোচিত হতে হবে, তার প্রতিবাদে। বিবেকানন্দের সন্দেহ যে অমূলক ছিল না, তার প্রমাণ রেভারেণ্ড জন হেনরী ব্যারোজের পরবর্তী কাজে। তিনি বিবেকানন্দের প্রশংসায় পঞ্চমুখ ছিলেন, ড. রাইট যে তাঁর কাছে বিবেকানন্দের সুবিশাল পাণ্ডিত্যের প্রশংসা করেছিলেন এতো তিনিই নিশ্চয় সংবাদ মাধ্যমকে জানিয়েছিলেন (শিকাগো টাইম্স্, ১২ সেপ্টেম্বর, ১৮৯৩)। অথচ পরবর্তী কালে তিনি নানাভাবে বিবেকানন্দের নিন্দাবাদ করেছিলেন। তিনি ভারতবর্ষেও এসেছিলেন। নানাস্থানে নানা প্রসঙ্গে বিবেকানন্দের বিরুদ্ধে বক্তব্য রেখেছিলেন।

কিন্তু ইতিহাস সুস্পষ্টভাবেই সাক্ষ্য দিচ্ছে যে ১৮৯৩-এর শিকাগো ধর্মমহাসম্মেলনের মঞ্চে বিবেকানন্দ একাই ধর্মের প্রকৃত অর্থ তুলে ধরেছিলেন। বিশ্বধর্ম, মানবধর্ম আর আন্তর্জাতিকতাবোধের অপূর্ব সমন্বয় ঘটিয়ে বিশ্বকে সম্মোহিত করেছিলেন। আবার তাঁর পরবর্তী প্রায় পৌনে নয় বছর (বিবেকানন্দের মহাসমাধি ৪ জুলাই, ১৯০২) তাঁর কাজ ও কথার রূপরেখা নির্দিষ্ট হয়ে যায় এই ধর্মসম্মেলনেই। এই স্বল্প সময়ের মধ্যে তিনি যে নিজেকে একজন আদর্শ ও সফল চিন্তানায়ক, জাতিসংগঠক, শিক্ষাগুরু, সংঘনেতা, ধর্মবিজ্ঞানী, ভবিষ্যৎদ্রষ্টা, কর্মযোগী, আর্ত-পীড়িতের সেবকরূপে নিজেকে চোখ ধাঁধানো রশ্মিজালের মধ্য দিয়ে প্রকাশ করেছিলেন তার সূচনা হয়েছিল এখান থেকেই। আজও 'উত্তর অয়নে বিবস্বান্' রূপে মানস নেত্রে তাঁকে অবলোকন করে আমরা বিস্ময়ে হতবাক হই। ঘটনার একশ পঁচিশতম বর্ষেও।

**তথ্যসূত্রঃ**


১। গাহি গীত শুনাতে তোমায়, স্বামী বিবেকানন্দের বাণী ও রচনা, উদ্বোধন, ১৯৭৭, ষষ্ঠখণ্ড, ২৭২পৃঃ (বাণী ও রচনা)

২। রবীন্দ্রনাথ ঠাকুর, গীতবিতান, আনুষ্ঠানিক সংগীত, ১৭

৩। মনোতোষ দাশগুপ্ত, জ্ঞান ও কর্মযোগী আশুতোষ মুখোপাধ্যায়, মেমোরিয়্যাল ইন্স্টিট্যুট, পৃঃ৩৩

৪। নিত্যপ্রিয় ঘোষ, রবীন্দ্রনাথ, প্রেসিডেন্সি কলেজ, Autumn Annual, Presidency Alumni Association, ১৯৯৮-৯৯

৫। বাণী ও রচনা, ভূমিকা

৬। অনুবাদ লেখকের

৭। বাণী ও রচনা, ভূমিকা

৮। বাণী ও রচনা, ১, পৃঃ২৬

৯। ঐ পৃঃ২২

১০। তলব

১১। বাণী ও রচনা, ১, পৃঃ১৯

১২। ঐ পৃঃ১৬

১৩। বাণী ও রচনা, ভূমিকা

# Marxism, Socialist Economics and Development

PARIMAL K BRAHMA

While doing my Masters in Economics in the early 1960s from Calcutta University as well as Presidency College (students graduating from Presidency College were allowed to be registered as Post-Graduate students in the college where special classes were held), 'Emerald Bower', the isolated green campus of the Economics Department at Baranagar came alive with debates generated by certain profound statements made in the classes by our professors. The controversies created a situation of near confrontation between the students and the teachers. I mention three of the controversies.

While teaching Contemporary Economic Development, Professor Amlan Dutta created a commotion in the class by a forceful statement: *had there been no Bolshevik Revolution (October Revolution) in 1917 and had Soviet Russia followed the example of Japan for economic development, no power on earth could prevent Russia from becoming number one economic power in the world.* He also predicted that the Soviet economic system was bound to collapse because it was inimical to fast economic growth. The statement came not only as a surprise but also as an absurdity to us because of our orientation in the invincibility of Marxism. Professor Dutta explained how the free enterprise system did wonders in Japan – the innovation, enterprise and entrepreneurship of the industrial magnates known as *Zaibatsu*- transformed Japan. The Bolshevik Revolution followed by a regimented Communist government killed individual initiative, innovativeness, and entrepreneurship and also the entire class of businessmen and industrialists who could create wealth.

After the Second World War, students all over the world were influenced and inspired by Marxist ideas. It was more prominent among the Indian students of the 1950s and 1960s, who were so enamoured with Marx's Dialectics - Thesis, Anti-Thesis and Synthesis - that they could not believe any alternative system could exist or succeed. They were indoctrinated in the belief that Marxism was a science and science could never fail. Many of us who were fired and intoxicated with Marxist ideology and the inevitability of Dialectical Materialism could not accept Amlan Dutta's contention and prediction about Russia and thought his conviction was nothing but kite flying. The controversy did not die down.

But, how prophetic he was! Within seventy years of October Revolution (October according to Russian calendar but actually 7th of November 1917), Soviet Russia collapsed, her economy shattered and Russia became a poor nation in spite of its having the largest territory in the world with enormous natural resources. Amlan Dutta lived to see the collapse and his prediction coming true. He died in February 2010 at the age of 86 and the devastation he witnessed far exceeded his prediction and imagination. What could not be imagined was the Hitlerian brutality of Stalin and conversion of the State into a terror machine which was responsible for killing millions of people, summary executions and elimination of all rival intellectuals including Trotsky. Even Lenin's voice was silenced. The father of the Revolution was confined to a small apartment almost as a prisoner and was not allowed to meet or speak to the people till his death. The ruthlessness of the totalitarian regime, one-party rule, bureaucratization, centralized planning, collectivisation of agriculture, lack of incentives, lack of cost-consciousness led to stagnation in agriculture, slower industrial growth,

decline in efficiency and quality, fall in exports, decline in GDP growth and also decline in life expectancy. So collapse was inevitable. And Perestroika was bound to come.

I visited Russia in the mid-nineties and was horrified to notice the devastation. Every system collapsed and there were no signs of recovery. As we landed at Moscow airport which was itself in bad shape, I saw a long queue of housewives selling homemade bread and other essentials to supplement their income. I proceeded to take a trolley for my luggage, which I thought was free, but I was asked to pay 5000 roubles. I was taken aback but I was assured that if I had US dollars, I could have the trolley for one dollar. The value of one rouble, before the break-up, was 22 rupees or about three US dollars and now one dollar was equivalent to 5000 roubles! This meant that rouble was devalued to almost nothing. In the evening, we went to the university area and we were in for another shock. A retired university professor was begging for alms. We soon realised that the salaried people had lost everything - their savings and pensions, turning them into paupers overnight. The only consolation was they could retain their housing flats for survival. Since everything was rationed under state control, shopping complexes, departmental stores or shopping chains did not develop. Internal travel by rattling Aeroflot planes was nightmarish with no assistance and on-board service, not even a cup of tea. The mafias took over the economy.

While in Russia, Amlan Dutta's face and words flashed in my mind all the time. Being an extraordinary intellectual and thinker Amlan Dutta could see the inner contradictions of the Marxist-Leninist model of Socialist Utopia decades ahead. The model itself was a recipe for destruction. To my mind, Socialism or Communism is the highest form of humanism which recognizes individual freedom and dignity and also the material needs of every human being irrespective of caste, class and family status. But the Marxist-Leninist socialism led to absolute despotism of one party; the common man was forgotten.

The Marxist- Leninist model stood on three pillars:

a. Armed Revolution and Dictatorship of the Proletariat;

b. The means of Production and Distribution in State hands; and

c. Withering of the State.

All the three premises suffered from serious flaws. The first premise meant that the entire *bourgeoisie* – the rich, landowners, politicians, industrialists, artists, professors, teachers, intellectuals, great men and women of literature, sportspersons and all others who belong to the higher echelons of the society - will have no voice in running the government and it is the *Proletariat* i.e. the workers and the peasants who will run the state. Is it a practical idea to hand over the reins of power of the state to the proletariat who have no administrative experience or educational accomplishments? Can a vast empire like the Soviet Union be governed by eliminating or hating the entire *bourgeois* class?

*Marxist-Leninist model of governance led to the collapse of the Soviet Union and all other socialist economies of the world except China. That China became a super power was because Mao made many mid-course corrections by abandoning the Marxist-Leninist model of development.*

The second premise was equally faulty. It is said that *government has no business to be in business.* It is a well-established truth that government cannot efficiently run commercial enterprises. State management and control sans professional managers, innovation and private entrepreneurship will result in inefficiency, low productivity and financial loss.

The third theory is only a utopia and would remain a utopia for many centuries till all the nation states come together to form one world nation and eliminate war forever. In the present situation no sovereign nation can survive if it is run by the communes, cooperatives and the local police dispensing with its security forces for defending the country.

The Marxist-Leninist model of governance led to the

collapse of the Soviet Union and all other socialist economies of the world except China. That China became a super power was because Mao made many mid-course corrections by abandoning the Marxist- Leninist model of development. While China chose to remain a Communist dictatorship, it opened its doors to all multinationals and trans- nationals of the world to do business in China. China liberalized its economy in 1978 and almost all American companies poured into South China to set up production plants closing their factories in their own country. China maintained a dual system of governance - a political system with one-party communist dictatorship and a capitalistic economic system. Soon China became the manufacturing hub of the world. Today, China produces 50% of world's steel; similarly, for many other products. A small fishing village Shenzhen became a mega city with a population of twenty million. In 1978 when China liberalized, India was far ahead of China in agriculture, industry, Railways, financial services and education. Had India liberalized like China in the 1970s or in the 1980s, India would have been an industrial hub of the world giving tough competition to China. Now China's economy is five times bigger than India's and India has lost the race. India tried to follow the Soviet model of development and met with the same fate of failure till there was a u-turn to abandon socialism in 1991. The Indian economy did not collapse because of the power of democracy for self correction. Socialism or Communism failed because it ignored market forces, basic human psychology, the difference between a worker and a genius and above all the power of business which creates wealth.

Another statement which generated a heated debate was: *Economics is Economics because Economics is a scientific discipline. There is nothing called socialist economics.* This statement or similar statements were made by Professor Tapas Majumdar, Professor Bhabatosh Datta and Professor Sukhamoy Chakraborty. The majority of the students who had leanings towards Marxist ideology could not accept their contention because large volumes of socialist economics existed and all the Communist countries – USSR, China and the East European countries were following socialist economics. Pioneers among the socialist economists who contributed a great deal in building socialist economics as a discipline were Karl Marx, Friedrich Engels, Rudolf Hilferding, Ernest Mandel, Rosa Luxemburg, Antonie Pannekoek, Piero Sraffa, Paul Sweezy, Nobiuo Okishio, Ian Steedman and John Roemer. Moreover, Marx's Das Capital and Marxian economics were being taught in many universities of the world. It was also included in the Economics curricula of Calcutta University. The controversy ended and the opinion of our teachers was proved right with the dismantling of the Soviet Union and the collapse of economies of the Communist Bloc. The last bastion of Communism had been Cuba; here also the rigidities were relaxed towards making a free- enterprise economy. With the withering of the USSR, socialist economics also withered away. The ideal of discarded socialist economics has perhaps imperceptibly crept into Amartya Sen's Welfare Economics.

The third debate was triggered by Professor Rakhal Dutta's statement: *the trade unions are the greatest enemies of revolution.*

Marx had himself hinted that the *petit bourgeois* i.e. lower middle class, clerical staff, shopkeepers etc. might not be on the side of revolution. Professor Dutta's interpretation was that all organized trade unions belonged to the class of petit bourgeois and trade unions develop their vested interests in terms of position, money and privileges. They would not like to give up their privileges and would remain happy with small crumbs here and there. So long as their charter of demands is accepted and they have a say in the management of an enterprise, they will be a satisfied lot who would never risk their privileges. They would never come down to the streets joining hands with the poor, the peasants and the oppressed unorganised workers to launch a revolution. History has shown how correct this assessment was about the organized trade unions which, in almost all countries, became another instrument of oppression not only for the industrialists but also the ordinary workers who do not agree with them.

Even decades after, I still ponder over some of the fearless statements of our professors – how prophetic they were and how profound their insights were!

# ক্লান্ত–পাঠকের আত্মবীক্ষণ

## যশোধরা রায়চৌধুরী

গত কয়েক মাসে ফেবু তে আস নাই বন্ধু! ইতিমধ্যে হেথায় মাথায় বালতি বালতি বরফ জল ঢালা, দশটি করিয়া প্রিয় বইয়ের নাম দিবার ছলে, গুচ্ছ গুচ্ছ রচনা সমগ্র, কবিতা সমগ্র, উপন্যাস সমগ্র ইত্যাদি ঢুকাইয়া নিজ নিজ পাণ্ডিত্য প্রদর্শনের চিটিংবাজি, এবং আরো না জানি কী কী ফেসবুক ক্রীড়া হইয়া গিয়াছে। আঁচটুকু পাইয়াছ, সারটুকু বুঝিয়াছ।

আজ এক কার্টুন দেখিয়াছি, চমৎকার, লাইকের দোকান খুলিয়া বসিয়াছে, যাহার প্রাণে বড় দঃখ সে যত খুশি লাইক কিনিয়া বাড়ি ফিরিবে ... সবই অনিত্য, সকলই মায়া!!! কাঁচকলা সিদ্ধ মাত্র সত্য। যে যে মুহূতে নানাবিধ তরজায় আছেন, নানা কূটকচালি, মন্তব্য, কটুকাটব্য করিয়া চলিয়াছেন, সেই মুহূর্তে, খেয়াল রাখিবেন বন্ধু সকল, আপনি আসলে কিন্তু খুব তরল ও উপরিতলে কিছু মানুষের সঙ্গে মেলামেশাই করিতেছেন। খেয়াল রাখিবেন বন্ধুসকল, আপনার আশপাশের এই বন্ধুদের মধ্যে অনেকেই ভাল নাই। আমরা অনেকেই ভাল নাই। আমরা নিজেদের গোপন কথা, দুঃখের কথা, হতাশার কথা, অনেকসময় নিজেদের সমস্যার কথাও বলিতেছি না, শেয়ার করিতেছি না, কার্টুন আর জোকস্ ছাড়া কিছুই শেয়ার করিতেছি না। ইজ্রায়েল প্যালেস্টাইন সম্মুখসমর হইতেও জরুরি এই কথাটি।

ইহাদের মধ্যে কোন কোন বন্ধুর ফেসবুক পেজ এখনো আছে। শুধু উহারা নাই। চলিয়া গিয়াছে অগম অঞ্চলে।

উহাদের আমরা ফ্রেন্ড লিস্টে দেখিতাম, কিন্তু জানিতাম না কী গভীর মানসিক অবসাদের ভেতর ধীরে ধীরে ডুবিয়া যাইতেছে তারা। বিষণ্ণ কোন কবিতা পোষ্ট করিতে দেখিয়াও আমরা পাশ কাটাইয়া ভার্চুয়ালি ‘আহা’ ‘আহা’ ‘অসাম’ করিয়া চলিয়া যাইতে পারি, যেভাবে পথে পড়িয়া থাকা অসুস্থ মানুষে–র পাশ দিয়া চলিয়া যায় অজস্র চারচাকা দুচাকা। এই একই আন্তরিক বিচ্ছিন্নতার আর একটা রূপ, ওয়াইট নয়েজ, অথবা সাদা আওয়াজ আনিয়া দিতেছে এই প্রতি মুহূর্তে আমাদের মনের তটে আছড়ে পড়া এত এত খবর। ফলত আমাদের স্মৃতিশক্তি ক্রমক্ষীয়মান, ফলত আমাদের তীব্র অভিঘাতে বিদ্ধ হইবার ক্ষমতা প্রায় শেষ।

আমরা হইতে না চাহিলেও ফেকু, ফেকু, ফেকু।

আশির দশকে হিন্দু কালেজে অথাৎ কিনা প্রেসিডেন্সিতে পড়িবার সময়ে, আসল কবির পাশাপাশি ফেকু বা ঝুঠা কবিও অনেক গজাইতে দেখিয়াছি কাছ হইতে। সময়ের নিয়মে তাহারা ঝরিয়া পড়িয়া গিয়াছে, টেঁকে নাই।

সে উঠতি কবিদের কবিত্ব গজাইত যখন, তাহারা দাড়ি কামাইত না, প্রচুর চা খাইত, সে চা আবার তিনফুট হইত। তাহাতে চিনি ও দুগ্ধ থাকিলেও, চা কতটা থাকিত সন্দেহ। উঠতি কবিগণ ছিল আত্মপীড়নশীল। যথা, দিনের পর দিন সুস্থ ভাত ডাল না খাইয়া তিরিশ পয়সার চপ খাইয়া লিভারের বারোটা বাজাইতে, কালেজের পশ্চাত অংশে ডিরোজিওর কবর নামে কথিত নির্জন অগম্য স্থানে গাঁজা খাইতে এবং নিজেই নিজের গাত্রে সিগারেটের ছ্যাঁকা দিতে ভালবাসিত। তীব্র স্বরে তাহারা বিখ্যাত আত্মহত্যাকারী কবিদের তালিকা আওড়াইত। অকালমৃত কবিদেরও খুব খাতির ছিল।

আর সারারাত্র হিন্দু হোস্টেলে সকলকার ঘুম নষ্ট করিয়া কবি জীবনানন্দ দাশের কবিতা পড়িত, চীৎকার করিয়া। প্রাতঃকৃত্যের বেগ যেমন প্রাতঃকালীন এক কাপ চা খাইলে আসে, বেশ কয় পাত জীবনানন্দ পড়িয়া নিলেই তেমনই তাহাদের কবিতা লেখার বেগ আসিত।

বস্তুত, অন্যের কবিতা পড়িতে পড়িতেই প্রতি কবির নিজস্ব লেখার পাঠ। তবে দ্রুত কাব্যলক্ষ্মীকে পকেটস্থ করিতে বিখ্যাত কবিদের কাব্য লইয়া সজোরে পাঠের দিন গিয়াছে। যেইরূপে আমরা সবাই আমাদের ছোটবেলায় গাদা গাদা কবিদের বই কিনিয়া সেগুলি পড়িতাম। আওড়াইতাম। ধ্যান জ্ঞান করিতাম। যে যে নতুন কবি উঠিতেছেন, তাঁহাদের লেখা পড়িয়াও তুলকালাম আলোচনা হইত কলেজ ক্যান্টিনে। সেই সব আর হয়না। এখন যত আলোচনা সকলই আত্মকেন্দ্রিক। সকলই নিজের ঢাক নিজে পিটাইবার নিঃসঙ্গতাময় চর্চা।

ফেবুর ফেককবিরা কতটা আত্মপীড়নশীল জানি না। তাঁহারা ব্লু হোয়েল গেম খেলিতে বসা ছাড়া, পূর্বের ন্যায় নিজ শরীরে ব্যথার পরীক্ষা-নিরীক্ষা করেন না, নিজেকে আতুর আর্তুর বা শীতল সিলভিয়া ভাবেন না।

ফেবুর ফেকুকবি বড়ই একাকী।

তবে বলিতে গেলে, আমাদের পূর্ব প্রজন্মের তুলনায়, আমরাও একাকী ছিলাম। আমাদের আগের প্রজন্ম, পঞ্চাশ ও ষাটের কবিগণ যাহাই করিতেন সব গোষ্ঠীবদ্ধভাবে, আড্ডায়, দল বাঁধিয়া। মধ্যরাতে ফুটপাত বদল করিয়া। আমরা তাঁহাদের তুলনায় বিচ্ছিন্ন ছিলাম কিন্তু আমাদের ঘিরিয়া থাকিত অনেক লেখক কবির বই ও মুখ... না দেখা কবিদের আত্মা আমাদের চারপাশে ঘুরঘুর করিত।

এই মুহূর্তে যে ফেবু কবিরা গজাইতেছে, তাহারাও কি এমন ডেড বা লিভিং পোয়েটস সোসাইটিতে থাকে? না কি তাহারা বড় একা? এতটাই একাকিত্ব যে বড় কবি, অগ্রজ কবি, না জানা কবি, সমসাময়িক কবিদের লাইন পড়িবার, মুখস্থ করিবার বা জোরে জোরে আওড়াইবার কোন অভ্যাস নাই। সেই সঙ্গ জনিত মানসিক বন্ধুত্ব, মনোবল, ধারাবাহিকতার মধ্যে অবগাহন করিবার আনন্দ নাই। সমসাময়িকদের সহিত স্বাস্থ্যকর রেষারেষি নাই।

অন্যকে পড়িয়া ভেতরে ভেতরে উদবুদ্ধ হওয়া, কখনো বা ভাবনা বা আদর্শটা অবছা নকল করিবার মতও কোন প্রবণতা নাই । বরং কপি পেস্ট অথবা সরাসরি চুরি ঘটিতেছে। নিজেকে জাহির করিবার, ফেরেব্বাজি করিবার অদ্ভুত প্রবণতা দ্রুত ছাইয়া গিয়াছে। যদিও কবিতা অন্তপ্রাণ বেশ কিছু তরুণ তরুণী তাহাদের লেখা লইয়া আবির্ভূত হইতেছে। পত্রিকাও বাহির করিতেছে। তবু যাহারা পূর্বে অদ্ভুতকর্মা, হাস্যকর ছিল, তাহাদের হাস্যকর মূর্তিগুলি ক্রমে আরো অবাস্তব ও ভার্চুয়াল হইয়া উঠিতেছে। আমি ইহাদের নাম দিলাম ফেকু।

কোন কোন ফেসবুককারী বলিয়াছেন, ফেসবুক সকলের জন্য এবং সাহিত্য সকলেই করিতে পারে... কোন কোন অ-ফেসবুককারী বলিয়াছেন, ঈশ্বর, যাহারা ফেসবুকে সাহিত্য করে তাহাদের ক্ষমা করিও... তাহারা জানে না তাহারা কী করিতেছে! কেহ আবার বলিয়া বসিলেন, যে, ফেবু হইল সেন্ট হেলেনা দ্বীপ, শুধু নির্বাসিতের স্থান। এই নানাদলের লড়াইতে আসল কবিতার প্রাণ ওষ্ঠাগত!

আসলে কেবল কবিজগতে নহে, সর্বত্রগামী এ ফেকুত্ব। যে কোন পেশায়, যে কোন নেশায় ফেকুবাজি চলিতেছে।

একের পর এক ফেকু ফেলিতেছি। মুহূর্তিক ফেকু কথাবার্তা, চেনাশোনা। বিতন্ডা। তর্ক। অনেক আদুরে চাহনি। প্রশংসা। প্রশংসার আয়ু মাত্র পনেরো সেকেন্ড। তাহার পর স্তুতি। শ্রদ্ধা। প্রণাম। নাম মাহাত্ম্য। তাহার পর ফেকু প্রেম ভালবাসা। কিছুটা মাখোমাখো, কিছুটা অন্যমনস্ক। এই সবকিছুর ভেতর দিয়ে চলিয়া যাইতেছে আয়ু। আর সমস্ত দিন কাটিয়া যাইতেছে, ঘষঘষ। সে সময়ের অনেকটাই কাটিতেছে ফেসবুক, ওয়াটস্যাপ, তাহাদের সূক্ষ্মতম ছুরিকায়।

এই সময়যাপনের ভেতর কোন স্থিতুভাব নাই। নাই কোন দীর্ঘকালীন আরাম বা ক্ষান্তি। নূতন উত্তেজনা, নব নব ক্লান্তির উপাদান আছে। নিজেদের ঘুমচোখকে বিস্ফরিত করিয়া দিবে এমন অশ্লীল কিছু, মজার কিছু। মজা, মজা, অনেক মজা চাহিয়া ফেকুগণ একেবারে আত্মহারা। আজ মিস্টার ফেকুর জন্মদিন। ফেকুর দেওয়ালে আজ অনেক হাতের ছাপ পড়িবে, HBD, MHROD । আজ ফেকুস্যার সাজিয়া গুজিয়া ছবি তুলিবেন । প্রোফাইল পিক পাল্টাইলে ১০০ আপ লাইক পড়িবে। কেহই জানিবে না, ফেকুর বয়স ৫৫ ছাড়াইয়াছে, চুলে কলপ তো দিয়াই থাকেন, তাহার সহিত অ্যাড হইবে ফটোশপের কালির পোঁচ আর গালের ফ্যাট কিছুটা ছায়াচ্ছন্ন করিলেই বয়স কমিয়া ৪০ হইবে।

বুঝিলেন না সুধী পাঠক? আপনি বুঝি নেটধন্য নহেন? নাকি নাতি-নাতিনির হাত ধরিয়া ইঁদুর দৌড়, অর্থাৎ কিনা মাউজের দৌড়ে নামেন নাই? দেওয়াল মানে ফেসবুকের ওয়াল, হাতের ছাপ হইল পোস্ট। আর এইচ বি ডি হইল হ্যাপি বার্থ ডে। আর অন্যটা? মেনি হ্যাপি রিটার্ন্স অফ দ্য ডে। প্রোফাইল পিক হইল... যাক, আপনাকে আর বলিয়া কী হইবে। আপনি তো আর নিজের ছবি নিজের দেওয়ালে লটকাইয়া ধূপ ধুনা দিয়া পূজা করেন নাই। মিস্টার ফেকু, মিস ফেকুরা করেন।

পরদিবসেই ফেকুর জন্মদিন স্মৃতি একেবারেই গর্তে যায়। ডাস্টবিনে। মুহূর্তের ডাস্টবিন। সকলে ভুলিয়া যায়।

আসলে ইহারা, অর্থাৎ ফেকুরা, এক নতুন প্রজাতির জীব। দেখিতে আমার আপনার মতই। ল্যাজ নাই, দুটা কান, দুটা চোখ, একটা ল্যাপটপ আছে। তবে, এক্ষণে বঙ্গভূষণ, বঙ্গবিভূষণ, বঙ্গ-অতিবিভূষণ যদি কেহই থাকিয়া থাকে তো সে ফেসবুক অর্থাৎ ফেবু নামক বিপুল বারিধিতে নৌকালীলা করা কলির কেষ্ট ফেকুগণ।

শুধু জন্মদিন কেন। সেলিব্রেশনের কিছু বাকি আছে নাকি? যদি পূজা পার্বণ মহোৎসব হয়, যদি বিজয়া রবীন্দ্রজয়ন্তী কি ঘনবরিষণ হয় তো সেলিব্রেশন করেন ফেকুগণ। ইহাদের হৃদয় ডাস্টবিনে সবার স্থান আছে। রবীন্দ্রনাথ হইতে মন্দিরা বেদী। প্রীতিলতা ওয়াদ্দেদার হইতে দীপা কর্মকার। কিছু হইলেই হইল, জন্মদিন মৃত্যুদিন পুরস্কারপ্রাপ্তি দৌড় লম্ফন হারা জেতা। কোন না কোনভাবে হৃদয় ডাস্টবিনেরে পূর্ণ করিতে হইবে।

আর মধ্যে মধ্যে 'ডিলিট' বাটন টিপিতে হইবে। সব ঘড় ঘড় ঘড়াৎ যাইবে কালের গর্ভে। যদি আজ বৎসরের শেষদিন হয় তো কথাই নাই, খাদ্যমদ্যে ফেকুদের মহোৎসব। মহোত্তম হৈহৈবৃন্দের লম্ফঝম্ফ। হুতোম বলিয়াছিলেন বৎসরের শেষ দিনে যুবত্বকালের এক বৎসর গেল দেখিয়া যুবক যুবতীরা বিষণ্ণ হইলেন, ফেকুগণ দেখিলেন বড় মজা, সত্যকারের বয়স কাহাকেও দেখাইতে হয়না, ইহা ভার্চুয়াল জগত। এমনকি যাহারা কেক বিস্কুট খাদ্যমদ্যাদির কাঙাল, অকেশন পাইলেই পার্টি করেন কিন্তু পয়সা খরচে বড় গাত্রে ব্যাথা, তাঁহারাও দিনটির বড়ই আদর করিলেন। কেননা আদতে ফেকু বলিয়া, আসলে ক্যাশবক্সে হাত পড়িল না রাশি রাশি খাদ্যমদ্যের ফ্রি ডাউনলোড করিয়া পোস্ট করিতে লাগিলেন। কেন

জানিল না ট্যাঁকে কিছু নাই, বাড়িতে মুড়ি চিবাইয়া আছেন। নেট হইতে ভাল কেকটা, ভাল শ্যাম্পেনটা, ছবি হইয়া দেওয়ালে ঝুলিতে লাগিল।

এক্ষণে আমরা এজ অফ ইমেজেস এ আছি। ছবিসর্বস্ব জীবন। সেকালে বিছানার মাথার কাছে পয়ঁতাল্লিশ ডিগ্রি হেলানো অবস্থায় মা কালী, পিতৃদেব, পিতামহ ও অন্য অন্য ঠাকুরগণের চিত্র ঝুলিত, সবুজ ছ্যাঁতলাপড়া দেওয়ালের গায়ে আহা কী শোভা দেখিতাম। আপাতত আমাদিগের ফোনে, ট্যাবে, ল্যাপটপে সর্বত্র ছবি ঝুলিতেছে। কালীপূজার কালী, দুর্গাপূজার দুর্গা, ফ্যাশন সপ্তাহের ঠ্যাংবাহির করা মডেল, গরমের আইসক্রীম, শীতের বনভোজনের আলুরদম, বর্ষার জলভরা ডাবের খোলা... সবই ছবি হইয়া ঝুলিতেছে।

আর আমরা ঝুলিতেছি, চীঈঈঈঈঈজ। অর্থাৎ ছবি তুলিবার পোজ, হাসি মুখ, দন্তবিকশিত মুখব্যাদনে জীবনের তাবত দুঃখ বাতিল, যেইভাবে টাকা না থাকিলেও, চকচকে জামা পরিলে টাকার অভাব খানিক পুরে, সেইরূপ আনন্দ না থাকিলেও, চকচকে হাসিলে, সে হাসিমুখ ওয়ালে, ওয়ালপেপারে লাগাইলে মনের দুঃখ খানিক পুরে। খানিক ঢাকা থাকে। বাহিরে প্যান্টুলুন, ভিতরে ছুঁচোর কেত্তনের ন্যায় ফেকুগণের সব দঃখ, সব বেদনা, সব দারিদ্র্য চাপা পড়িয়া যায় কেবল এই ছবির দৌলতে।

ছবির মধ্যে বড় ছবি সেলফি। সেলফি একক, তুলিতে হইলে একা একা মুখব্যাদান করিয়া হাসিবে বা মুখ ছুঁচলো করিয়া অদ্ভুত চুম্বনোন্মুখ করিবে। সেলফির বহুবচন গ্রুপফি। অনেকে মিলিয়ে এক হইবে, এবং হাত গদখালির পেত্নির ন্যায় বাড়াইয়া ছবি তুলিবে। মুখমণ্ডল সকল উদ্ভাসিত হইবে, গোলাপি চুণ পড়িবে আলোক উদ্ভাসের সহিত ফোনের নিজস্ব সেলফি মাস্টার অ্যাপ-এর কল্যাণে।

চকচকে যাহাকিছু তাহাই সোনা। বাকি সব ডিলিট বাটন। বাকি সব ডাস্টবিন। সেলফি তুলিতে তুলিতে মানুষ রেলব্রিজে উঠিয়া ট্রেন চাপা পড়িল। গঙ্গার ধারের পাথরের উপর পা রাখিয়া পা পিছলাইয়া তাহাদের গঙ্গাপ্রাপ্তি হইল। সেলফি তোলা তবু থামিল না। ছবিতেও ফেকু পর্ব আছে। সত্য ছবি চাইনা। মিথ্যা ছবি প্রয়োজন। গরমের ছুটিতে বেড়াইতে যাইতে রেস্তর অভাব? পকেট ঢু ঢু? তাহাতে কি? সার্চ করিয়া সুইজারল্যাণ্ডের চিত্র টাঙাও। গ্রীষ্মাবকাশের বদলে দৃশ্যাবকাশ রচিত হইল। মদ খাইবার টাকা নাই, মকটেল নামক ঝুঠা সবুজ রঙ পানীয় লম্বা গেলাসে লইয়া পোজ দিয়া ভাব করিতেছ, পৃথিবীর সবচাইতে মাতাল তুমি ও তোমার বয়ফ্রেন্ড? তা বটে, আজিকালি মদালসা নারীর চাহিতে মজালসা নারী অধিক লাইক প্রাপ্তা হয়।

ফেকুগণ কথায় কথায় রাশি রাশি আমোদ করে, রাশি রাশি লাইক প্রাপ্ত হইয়া দেখায়ঃ দ্যাখো আমি কত ভাল দেখতে। দ্যাখো আমি কী অপূর্ব শাড়ি কিনিয়াছি। দ্যাখো আমি কত ভাল সাজিতে পারি। দ্যাখো আমি কত সুন্দর পোজ দিতে পারি।

'দ্যাখো আমি'-র কোন শেষ নাই। দ্যাখো আমি কী চমৎকার ফোটো তুলিতে পারি। আমার তোলা ফোটোই না দেখিতেছ! দ্যাখো আমি কী ভাল রাঁধিতে পারি। এই তোমাদের পোলাও রাঁধিয়া ছবি ট্যাগ দিলাম। দ্যাখো আমি কত ভাল ঘর সাজাই। দ্যাখো আমার বইয়ের তাকে কত দেশ বিদেশের বই, আমি কত বিদ্বান। দ্যাখো আমি দ্যাখো আমি দ্যাখো আমি।

হায়! কি দিনকাল পড়িল। ফেকুতে ফেকুতে ফেবু ছাইয়া গেল। ফেক আইডেন্টিটি, ফেক নাম, ফেক প্রোফাইল, ফেক ছবি। সব ফেক জানিতাম, এমনকি কলিযুগে ভালবাসা, প্রেম স্নেহ মমতা বন্ধুত্ব। কথার কথা বলিয়া দেশ উজাড় হইয়াছে ফেকু আবেগে। তাও সহিতাম। শেষে দেখি, আর এক নতুন ফেকের ভেক, লেখক হইয়াছেন সব।

কাগজ নাই কলম নাই, শুধু মাউজ হাতে লইয়াই লেখক। টাকা চাইনা, কেবল ইন্টারনেট চাই। কীবোর্ড খুটখুটাইয়া লেখক বনিয়া যাইতেছে সদ্যোজাত বালকবালিকাগণ...বৃদ্ধ-প্রৌঢ়েরাও কম যায় না। সকল ফেকুগণ মহা মাতব্বর। লিখিলেই সারি সারি লাইক, বুড়া আঙ্গুল উঁচাইয়া। আর ওয়াহ, অসাম, দারুণ, অসাধারণ কী সুন্দর, আহা...। কমেন্টের বন্যা। ঝোপ বুঝিয়া কেবল কোপ মারনের অপেক্ষা। তক্কে তক্কে থাকিয়া মধ্যরাত্রে নোট পয়দা করিয়াছে। সকাল হইতে বার বার দেখিতেছে, কয়টা বুড়া আঙুল পড়িল। আহা, কী হাততালির আওয়াজ। সারি সারি অদৃশ্য সিটে ভর্তি জনতা... শ্রোতা ও দর্শক। অলীক, ভার্চুয়াল। তাহারা তালি মারিতেছে আর কবি লেখা পয়দা করিতেছে। পয়সা লাগে না। না লিখিতে, না তালি মারিতে। যদি প্রতি লেখা পোস্ট করিতে দু টাকা, আর প্রতি লাইক দিতে কুড়ি পয়সা ফাইন হইত তবে বুঝিতাম কত ধানে কত চাল!

ফেকুদের রাজনৈতিক চেতনার কথা আর কী বলিব, তাহাও অতি উন্নত। কে কী খাইল, কে কী রাঁধিল ইহা যেমন তাহাদের মনে খুবই গুরুত্বপূর্ণ আন্দোলন উপস্থিত করিতে পারে, তেমনই, কোন রাজা, কোন রাজপুত্র চুরি করিল, কে মিথ্যা কথা বলিল, কোন নেত্রী কটা জুতা আলমারিতে আর কটা কঙ্কাল কাবার্ডে রাখিলেন তাহাও একে অপরের দেওয়াল হইতে শেয়ার করিয়া বসে আর মনে মনে বাহবা দেয়, আমি বড় প্রতিবাদী হইলাম, দ্যাখো সকলের জারিজুরি ফাঁক করিয়াছি।

সেদিন এক ফেকু দেখিলাম বড় বড় করিয়া লিখিয়াছেন, সব ব্যাটা চোর, সব ব্যাটা পকেটমার। সঙ্গে ডাউনলোড করা ছবি, কোন বিখ্যাত পত্রিকার নিউজ, চুরি হইয়াছে রাজকোষে। বুঝিলাম, প্রতিবাদ বড় বিষম বস্তু।

পর দিবসে দেখলাম, মিশর বাংলাদেশের স্কোয়ারে স্কোয়ারে যত প্রতিবাদী সভা তাহার ছবি টাঙাইয়া প্রতিবাদ দেখানোর তুষ্টি পাইয়াছেন ফেকুরা। ইহাদের একবার যদি অগণতান্ত্রিক উপায়ে হাজতবাস করানো যাইত, রাষ্ট্রীয় সন্ত্রাসের নামে হুংকার ছাড়া বন্ধ করা যাইত। ফেবুর আর এক ফেকু হইল কথায় কথায় কংগো, কংগো, কনগ্রাচুলেশনের বন্যা। কুড়ি বৎসর পর্বের বিবাহের ছবি পোস্টাইলেন, এই জমানায় কঙ্গো পড়িল বিস্তর। কেহ পুরস্কার পাইয়াছিলেন মান্ধাতার আমলে, ছবি সাঁটাইলেন, কঙ্গো পড়িল... হায়, কনগ্রাচুলেশনের মাথা নাই, ল্যাজ নাই। তবে ফেসবুকের আমোদ শীঘ্র ফুরায়, অভিনন্দনের অকেশনও পরদিবসে বাসি পচা গলা ও ধসা হইয়া যায়, ক্রমে একই পোস্ট তেতো হইয়া পড়ে। টাটকা অকেশন টাটকা-টাটকা থাকাই ভাল। নিচে দিলাম কয়েক

ফেকুর কার্যকলাপের বিবরণ, পড়িয়া পাঠক হও অবধান, সাবধান।

এক ফেকু মহাশয় প্রথমে বড় মানুষের বাড়ির রবিবারের আড্ডায় স্রেফ হাজিরা দিতেন, বড় বড় পণ্ডিতগণ সেখানে কথা বলিতেন, ফেকুবাবু শুধু হাঁ-টা হুঁ-টা দিতেন। বা, মুখে কিছু না বলিয়া, কেবলি ঘন ঘন মাথা নাড়িতেন। সেখানে পাত না পাইয়া এখন আর বাড়ি হইতে বাহিরান না। অনেক সহজ হইল, বাস ভাড়া নাই, পাটভাঙা জামাটি পরিবার কসরত নাই, হাঁটিয়া স্টপ হইতে বড়মানুষ দাদার বাড়ি যাওয়ার ঝামেলা নাই। বাড়ি বহিয়া গিয়া দুইচারিটা গালাগাল খাওয়া নাই। এখন ফেবুতে ঢুকিয়া মহাশয় সকাল সকাল বসিয়া পড়েন। আড্ডা মারেন, চ্যাটান। আর সাহিত্য গ্রুপ ভিজিট দ্যান।

আপাতত নানা গ্রুপে হাজিরা দিবার ফলে, বিশেষ কিছু কিছু অন্য অন্য ফেকুগণের লেখায় লাইক দিবার ফলে, আর অন্য গ্রুপের কারো কারো পোস্টে আগু বাড়াইয়া গালি দিয়া, সমালোচনার নামে ঝগড়া করিয়া আসিবার ফলে, গ্রুপ মডারেটরগণের সূক্ষ্ম বিবেচনায়, জনৈক ফেকু সম্পাদকের সুপারিসে ও জনৈক বড়দার কৃপায় নিজেই পণ্ডিত হইয়া পড়েন। এখন নিজে তিনি গল্প, কবিতা ও মুক্তগদ্য লিখিয়া পোস্ট দেন যথাসম্ভব বেশি সংখ্যক লাইক পান, ছিপ ফেলিয়া সকাল হইতে ফেবুতেই বসিয়া থাকেন। কসরতের মধ্যে শুধু মাঝে মাঝে উঠিয়া গিয়া বইয়ের তাক হইতে এক আধখান কোটেশনের বই নামানো আর ঝাড়িয়া দেওয়া। ঐটুকু না করিলে ভয় আছে। শুনিয়াছেন কোন এক বাবু সারাদিন কম্পিউটারের সম্মুখে বসিয়া থাকিয়া থাকিয়া শেষ অবধি মহাপুরুষের ন্যায় হইয়া গিয়াছেন। ধ্যানস্থ হয়ে ফেসবুক করেন, গায়ে বড় বড় আশোথ গাছ ও উইয়ের ঢিপি হয়ে গিয়েছে!

এক একজন ছিলেন, রোজ সকালে বঙ্গভাষার ব্যাকরণের গুষ্টির তুষ্টি করিয়া কবিতায় স্ট্যাটাস দিতেন। সবাই বাহা বাহা করিতে। একদিন খোয়াল করিলেন, স্ট্যাটস তো দিনগত পাপক্ষয়ের ন্যায় ক্ষয় পাইয়া যায়। ফেবু-র স্ট্যাটাস দুইদিনেই বাসি। দীর্ঘ আয়ু লাভ হইবার সম্ভাবনা নাই। সময়ের ডাস্টবিনে যতই ঢাল, সবই ত লয়প্রাপ্ত হইবে। তাই, সব ফেকু মিলিয়া বুদ্ধি বাহির করিলেন। সব ফেকু ঠিক করিলেন, তাঁহাদের সব স্ট্যাটাস একত্র করিয়া বই করিবেন, এই মানসে ''স্ট্যাটাস-সমগ্র'' বাহির করিবেন ভাবিতেছেন। ইহাই তাঁহার জীবনের হাই পয়েন্ট হইবে।

বিল গেটস সায়েবের কথা অমৃতসমান, তিনি নাকি বলিয়াছেন শুনিলাম, এই বিশ্বগ্রামের কেন্দ্রীয় প্লাজা ইন্টারনেট। আমি বলি, ফেকুদের রাজত্বে বিশ্বগ্রামের চণ্ডীমণ্ডপ হইল ফেবু, অর্থাৎ ফেসবুক। চণ্ডীমণ্ডপে সারা পাড়ার কেচ্ছা ঘাঁটিয়া আসিয়া বসিলাম, দুদণ্ড জুড়াইলাম, গায়ের ঝাল ঝাড়িয়া গালি দিলাম বড় বড় মানুষকে, নিজের কবিতা আউড়াইলাম, তাহার পর বাড়ি গিয়া ঘুমাইলাম। আহা! বড় সুখ, বড় আনন্দ।

এদিকে ত ঘুম উড়িয়াছে প্রথাগত সংবাদ মাধ্যমগুলির। কেননা তাহাদের চাইতে অনেক বেশি দ্রততায় ফেসবুক পৌঁছাইয়া দিতে সক্ষম যে কোনো সংবাদকে মানুষের কাছে। আগে কম্পিউটারের সুইচ অন করিয়া বসিবার অপেক্ষায় ছিল, যা এখন তা স্মার্টফোনের সহযোগিতায় চলিয়া আসিয়াছে আরো কাছে। হাতের মুঠোয় খবর। খবরের কাগজ দিনে একবার, সকালে, গলধঃকরণ করার মত রুটিন কর্মেরও আর সময় নাই তাই, সারাদিন ক্ষণে ক্ষণে আপডেট পাইতে হইবে।

> কোন কোন ফেসবুককারী বলিয়াছেন, ফেসবুক সকলের জন্য এবং সাহিত্য সকলেই করিতে পারে... কোন কোন অ-ফেসবুককারী বলিয়াছেন, ঈশ্বর, যাহারা ফেসবুকে সাহিত্য করে তাহাদের ক্ষমা করিও... তাহারা জানে না তাহারা কী করিতেছে! কেহ আবার বলিয়া বসিলেন যে, ফেবু হইল সেন্ট হেলেনা দ্বীপ, শুধু নির্বাসিতের স্থান। এই নানাদলের লড়াইতে আসল কবিতার প্রাণ ওষ্ঠাগত!

অন্যদিকে, সকল সংবাদ, সকল সত্য, ঘেঁষিয়া আরো কিছু অর্ধসত্য ও অসত্য মানুষের জটিল কুটিল মনের গতির সহিত যুক্ত হইতেছে। আমাদের কাছে প্রতিভাত হইতেছে। তাহারা আমাদের বিশ্বাসকে, অন্ধতাকে, ভক্তিকে, অজ্ঞানতাকে, অবলম্বন করিয়া বাড়িয়া উঠিতেছে। ফেসবুকে বীতসত্য আমরা, হারাইয়া ফেলিতেছি স্বাভাবিক বুদ্ধি। আমরা কে না জানি যে সত্যের জমানা হইতে আমরা সত্য পরবর্তী জমানায় উপনীত হইয়াছি, বলা যায় 'বীতসত্য' হইয়াছি। ট্রুথ এর দিন শেষ। এখন পোস্ট ট্রুথের জমানা। পোস্ট ট্রুথ কাহাকে বলে? সোস্যাল মিডিয়া (ফেসবুক যার অন্যতম বাহন) তে প্রবাহিত ও প্রচারিত ব্যক্তিগত ভাবনা-আবেশ-অনুভূতি হইতে সমষ্টি বা গোষ্ঠীর নানারকম প্রতিক্রিয়া-আবেগ-অনুভব যা ক্রমশ জনাদেশ-এর আকার লইতেছে। আনন্দ শোক, উদ্‌যাপন, এইসব আবেগের ছড়াছড়ি এই নেট দুনিয়ায়। সর্বাধিক ক্ষমতাবান হইল ঘৃণা। এই সব আবেগের মধ্যে প্রায় প্রধানতম বলাই যায় ঘৃণাকে।

ভুল হউক, ঠিক হউক, একটা খবর বা গুজব যখন এই নেট মাধ্যমে আসিয়া পড়িলে, বা তাহাকে সুচতুর ভাবে ছড়ানো হইল, তখন যা হয় সে পরিস্থিতি দাবানলের মত। আনন্দের তুলনায় দুঃখের খবর বেশি

বার শেয়ার হয়। সুস্থ নহে, অসুস্থ কুৎসিত খবর বেশি বেশি ভাইরাল হয়। মৃত্যু ধর্ষণ, নগ্নতার ছবি বার বার ছড়াইয়া যায় এ দেওয়াল হইতে সে দেওয়ালে।

একটা খবর বা ''প্রায়-খবর'' (ভাবনা, বিশ্বাস, জনশ্রুতি বা গুজব) মুহূর্তের মধ্যে ভাইরাল হইয়া যায়, ছড়াইয়া যায় এ ফোন হইতে ও ফোনে, এ ডিভাইস হইতে ও ডিভাইসে। যন্ত্রায়িত সামান্য এক ক্লিক পারে যে কোন তথ্য বা তথ্যবিকৃতিকে পৌঁছাইয়া দিতে অসংখ্য মানুষের কাছে, এক যোগে। এবং ক্রমশ অশিক্ষিত, অর্ধশিক্ষিত, না পড়া কম পড়া অনেক মানুষের হাতে পড়িয়া এই শক্তিশালী মাধ্যম সুতরাং হয়ে উঠিতেছে ভয়াল। বিকৃত মন্তব্য, তথ্য ও খবরের কারখানা। প্রচারের মাধ্যম। ভারতীয় প্রাচীন তর্কশাস্ত্রের বিতর্ক প্রতর্কের ধারায় ফেলিলে, 'বাদ' 'বিবাদ' 'জল্প', সব স্পর্শ করিয়া সর্বাধিক নিচু স্তরের 'বিতন্ডা'ই যেন এর পরিণতি। পরিভাষামতে বিতন্ডা শব্দের অর্থ মূল আলোচনায় না থাকিয়া, যেন তেন প্রকারেণ, উল্টোদিকের তার্কিক ব্যক্তিটিকে আক্রমণ করার, হারাইবার চেষ্টা। বুদ্ধিনাশ করিবার চেষ্টা, ব্যক্তিগত আক্রমণ হইল সেই বিতন্ডার কুৎসিততম দিক। ইহাই সবচাইতে বেশি করিয়া হইয়া থাকে ফেসবুকের পাতায়।

শুধু সেখানেই শেষ নহে। ধরা যাক ব্যক্তি ক এবং ব্যক্তি খ-এর মধ্যে চলিতেছে এই বাদবিতন্ডা। খানিক পরে দেখা যাইবে, ক-এর চেলাচামুন্ডারাও আসরে নামিয়া পড়িয়াছেন, এবং খ-এর চরিত্র হনন করিয়া একের পর এক মন্তব্য ও স্ট্যাটাস লিখিতেছেন। নানাভাবে শ্লেষ ব্যঙ্গ ইত্যাদির ব্যবহার চলে, চলে খোঁচা দেওয়া। নাম উল্লেখ না করিয়া, অন্যদের প্রতি মশকরা, মজা চলে। এই আমোদের পরিমণ্ডলে আসল কথাটি ডুবিয়া যায়। পড়িয়া থাকে শুধু আক্রমণ প্রতি আক্রমণের রক্ত ক্লেদ বসা।

তাহা হইলে উপায় কী?

কী করিব?

ফেবু স্থল অনতিবিলম্বে ত্যাগ করিব? স্মার্টফোনগুলি গঙ্গায় বিসর্জন দিব? দ্রুত আবার ফিরিয়া যাইব আনস্মার্ট যুগে? দাও ফিরে সে অরণ্য লও এ নগর বলিয়া ক্রন্দন করিব?

পারিব কি?

আজ জোড়াসাঁকোর ফ্লাইওভার ভাঙিলে ফেবুতে পাঁচ মিনিটে চিত্র দেখিয়া ফিলিতেছি। প্রিয় কোন কবি সাহিত্যিক বা চিত্রতারকার মৃত্যুর সঙ্গে সঙ্গে সে খবর দাবানলের ন্যায় ভাইরাল হইয়া জানিয়া যাইতেছে সকলে। দ্রুত খবর আদান-প্রদানের সহিত, দ্রুততায় দূরতর স্থলগুলির যোগাযোগ, দূরস্থ মানুষের যোগাযোগ, বার্তার প্রেরণ, ইহাকেই আমরা পৃথিবীর যাবতীয় উন্নয়ণের কারণ জানি। দ্রুততাই প্রগতির সমানুপাতিক ভাবি। যদি আজ সমস্ত ঘটনা মুছিয়া প্রাচীন যুগে ফিরিতে চাই, পায়ে পায়ে বাধা পাইব।

সুতরাং হংস যেমত জলমিশ্রিত দুগ্ধ হইতে বাছিয়া লইতে থাকে সার পদার্থ, সেই ভাবে আমাকেও বাছিতে হইবে। ফেকু মুহূর্ত ফেলিয়া আসল মুহূর্ত লইব। ফেকু কবিতা ফেলিয়া আসল কবিতা লইব। ফেকু মানুষ ছাড়িয়া আসল মানুষের কাছে হাত পাতিব। এ শিক্ষা করিতেই হইবে। আর হয়ত, মাঝে মাঝে সকল ডিভাইস হইতে লগ আউট করিয়া, সকল যন্ত্র আনপ্লাগ করিয়া, ফিরিয়া যাইতে হইবে পুরাতন কোন বৃক্ষ, কোন সমাধি, কোন প্রস্তরগাত্রে উৎকীর্ণ বাক্য অথবা, কোন বইয়ের নিকটে। প্রাচীন, প্রায় অবলুপ্ত ভাষায় লিখিত এমন কোন বই, যা আজো আমাদের আলোকবর্তিকার ন্যায় পথ দেখায়। সে সুসমাচার খুঁজিয়া লইবে ত আমার আপনার মত ক্লান্ত পাঠকই।

# হরি হে মাধব... স্নান বা না-স্নানের ইতিবৃত্ত

## দীপঙ্কর চৌধুরী

এ' ১৮৩৭ খৃষ্টাব্দের কথা।

তুমুল বিতর্ক বৃটিশভারতের রাজধানী কলকেতা শহরে।

কী? না, এতো বড় আস্পদ্দা ঐ টমাস সাহেবের? আজ পাঁচ সদী ধরে হিন্দোস্তানে চলে আসা মহাকবি রুমী-হাফেজের ভাষা ফার্সিকে বিদেয় দিয়ে খটমট ইঙ্গ ভাষাকে কিনা ভারতের রাজভাষা করা? না, হিন্দু কলেজ এ' বিতর্কে ফার্সিপন্থী না হলেও 'কলিকাতা মাদ্রাসা'-কেন্দ্রিক বিদ্বজ্জনেরা একে রাষ্ট্রীয় অপমান বলে মনে করেছিলেন বৈকি। আর, শুধু রাজা রামমোহনই নন, আম-বাঙালী (প্রধানতঃ, কায়স্থকুল) তখনও সরকারী ভাষা হিসেবে ফার্সির পাঠই পড়তো।

'আরে রামঃ। যে ইংরেজরা এখনও জলশৌচ করতে শেখেনি তারা আমাদের কী ভাষা শেখাবে, কী বিজ্ঞান শেখাবে, ধর্ম পড়াবে?'

বস্তুতঃ, ইউরোপীয়দের বিরুদ্ধে ভারতের এ' অভিযোগ নব্য নহে। স্যার টমাস রো-কে নিয়ে মোগল দরবারে নাকি এ' নিয়ে কানাকানি হয়েছিল। সিরাজদ্দৌলা তো এই প্রসঙ্গে ক্লাইভ ও তার সাঙ্গোপাঙ্গদের হামেশা ছিছিক্কার করতেন। ইংরেজদের সম্বন্ধে এ' তথ্য তাঁর কর্ণগোচর হলে লাহৌর-দরবারে মহারাজ রঞ্জিত সিংহ নাকি ভির্মি খেয়েছিলেন, যেমন খেয়েছিলেন এই সেদিন সিদ্ধেশ্বরী দেবী--- লণ্ডনে গিয়ে না-গেয়েই দেশে ফিরে এলেন যখন ঘেন্নায়। স্বামী বিবেকানন্দের লিখনেও এ'কথা উঠেছে।

* * *

স্নানের ইতিহাস। বা, না-স্নানের।

''না-স্নানের'' কেন? কেন, না ইউরোপের ইতিহাস, বিশেষতঃ ষোড়শ শতাব্দী থেকে, যখন থেকে তাদের সসাগরা পৃথিবীতে দবাদবা শুরু, আসলে ছিল স্নান-না-করার ইতিহাস। কত না ওজর, কত না ডাক্তারি-শাস্তর, কত ব্যাখ্যা যে জড়িত এর সঙ্গে! নৈলে ভাবা যায়, হবস-লকের গুরু, 'এম্পিরিসিজমের' প্রবক্তা ফ্রান্সিস বেকন (১৫৬১-১৬২৬) স্নান-না-করার ওপর দীর্ঘ এক ট্রিটি লিখেছিলেন, এবং সর্বদা এক মোমের জ্যাকেট পরে স্নান করার নিদেন দিয়েছিলেন। কারণটা কী? না, স্নান করলে দেহ থেকে নির্গত তাপ, যা নাকি দেহের ওপর এক প্রাকৃতিক প্রলেপ হয়ে রক্ষা করে তাকে- সেটা বিনষ্ট হয়ে যায়। এতে তাই আশ্চর্যের হবার নয় যে প্লেগ-সিফিলিসের মত ব্যারাম এই অপরিচ্ছন্ন পরিবেশে বৃদ্ধি পাবে এবং বারেবারে ইউরোপকে ত্রস্ত-ধ্বস্ত করে তুলবে। এবং হ্যাঁ, জার্মানির কোলন শহরের বা ফ্লান্সের লুবিনের ঐ যে মাতোয়ারা পারফ্যুম... সে সবই অস্নাত অঙ্গের দুর্বাস ঢাকতেই। সপ্তদশ শতাব্দীর এক নামী ফরাসী পারফ্যুম কোম্পানী নুর-ওয়ালা বকরির ছবি দিয়ে বিজ্ঞাপন দিতো বাহুমূলে বোকাপাঁঠার মত বদবু হঠাতে তাদের গুলাবী নির্যাস ব্যবহার করা হৌক। অর্থাৎ, জলধৌত হয়ে অঙ্গের দুর্গন্ধ দূর নয়, গ্যাঁটের কড়ি ফেলে কোম্পানীর প্রডাক্ট কিনে সে দুর্গন্ধ চাপা দেওয়া। এইটেই ছিল পশ্চিমি প্রসাধনের মূল সুর।

বস্তুতঃ, আজকের পশ্চিমী ক্লেনলিনেসের শুরুয়াৎ হয়েছে তাদের কলোনিতে। পশ্চিম চান করতে শিখেছে পূর্ব থেকে, এবং পরোক্ষে, ইসলাম থেকে। কেবল শাহি-অল-বুখারিতেই স্নান (গোসল) নিয়ে উনত্রিশখানি হাদিস রয়েছে। অন্য কোনো ধর্মে এতোটা পুঙ্খানুপুঙ্খ ভাবে লিপিবদ্ধ নেই।

* * *

কিন্তু শুরু থেকেই তো চিত্রটা এমনতরো ছিলো না।

পুবে তো ছিলোই, আছেই। মহেঞ্জোদাড়োতে গণস্নানাগার ছিলো। জাপানী সমাজে 'সেন্তো'-র বিশেষ গুরুত্ব আছে, যা প্রাচীন বৌদ্ধভারত থেকে চীন হয়ে সেদেশে পৌঁছয়। প্রাচীন গ্রিসে-রোমে পাবলিক বাথের রমরমা ছিলো, যার একটা থেকে আর্কিমিডিস হঠাৎ 'ইউরেকা ইউরেকা' বলে লাফিয়ে উঠে উলঙ্গ-দৌড় লাগিয়েছেলেন। প্রাচীন মিশর আবার গ্রিকদের ঐ ঘর্মাক্ত দেহ নিয়ে বদ্ধ চৌবাচ্চায় ডুব দেওয়াটাকে অস্বাস্থ্যকর মানতো। তাদের শাস্তরে নারীপুরুষদের যৌনাচারের পূর্বে পূর্ণ

অবগাহনস্নান বিধেয় ছিল ও দেহের বিশেষ বিশেষ স্থানে কামোদ্রেককারী সুবাসের প্রলেপ লেপন। রোমক সাম্রাজ্যের পাবলিকবাথ তো এক দর্শনীয় বস্তু ছিল! তার লাগোয়া যেমন থাকতো জিমনাসিয়াম বা পানীয়-গৃহ তেমনি পাঠাগারও। ভারতের বক্রেশ্বর-গৌরীকুণ্ডের মত খনিজসমৃদ্ধ জলের ন্যাচারাল স্পা বানিয়েছিলো রোমকরা অনেক জ ায়গায়, যেমন, কলোনি ইংল্যান্ডের সমারসেটে 'বাথ' শহরের স্পা-ব্যবসা আজও রমরম করে চলছে।

কিন্তু এ'সব তো গেল প্রাচীনকালের গল্প। পরে কী হলো? পালটে গেল কেন ছবিটা?

'অযু' বা 'গোসল'-এর মত এতো পুঙ্খানুপুঙ্খ নির্দেশ না থাকলেও সকল ধর্মে পুণ্যবারিতে অবগাহন স্নানের মাহাত্ম্য গাওয়া হয়েছে। হিন্দুদের গঙ্গাজলে 'অপবিত্র পবিত্রো বা সর্বাবস্থাং গতোহপিবা' বলে আচমন করার মতো খৃষ্টধর্মে পুণ্য জর্ডনের জলে অবগাহন করে 'ব্যাপ্টাইজড়' হবার বিধি রয়েছে। ক্যাথলিক গির্জায় দেখেছেন, সামনে রাখা (জর্ডনের?) পুণ্যবারিতে আঙুল ডুবিয়ে প্রতীকি পবিত্র হয়ে ঢুকতে হয় (আমাদের মাথায় গঙ্গাজল ছিটিয়ে দেওয়ার মত)? বঙ্গদেশে বিয়ের দিন সকালে 'গাত্রহরিদ্রা-স্নান'-এর মতো অনুষ্ঠান বহু ক্রিশ্চান চার্চেও অনুষ্ঠিত হয়ে থাকে। এবং চলে যাবার সময়, অর্থাৎ বিদায়কালে মৃতদেহ সৎকারের আগে পূর্ণ স্নান করানোর ধর্মীয় রীতি রয়েছে ইসলামে, ইহুদী ধর্মে। জাপানী বৌদ্ধদের মধ্যেও এই রীতি সবিশেষ পালনীয়। কিন্তু খৃষ্টধর্মে যেহেতু 'স্পিরিট' অর্থাৎ 'অন্তরাত্মা'-র ওপর বেশি জোর দেওয়া হয়েছে, বহিরঙ্গের স্নানধৌতি তাই ক্রমশঃ উপেক্ষিত হতে লাগলো ক্রিশ্চান ইউরোপে। রোম-পরবর্তী প্রায়-হাজার বছরে ইউরোপে খৃষ্টধর্মের প্রসারের সাথে সাথে স্নান ও বহিরাঙ্গের শুদ্ধতা উপেক্ষিত হতে থাকলো। একাদশ শতকে প্রথম ক্রুসেডের যুদ্ধ-ফিরত ইউরোপীয়রা 'টার্কিশ বাথের' অভিজ্ঞতা নিয়ে এসেছিলো, আর চার্চের ভ্রুকুটি উপেক্ষা করে কন্টিনেন্টে তখন ফের পাবলিক-বাথের রমরমা শুরু হলো। কিন্তু নৈতিক অবনতির কারণে ক্রমে এ'গুলি গণিকাবৃত্তির আখড়া হয়ে ওঠে ও সিফিলিস রোগ ছড়ানোর ডিপো! এরপর চতুর্দশ শতকে প্লেগের মড়কে ইউরোপ বিধ্বস্ত হয়ে পড়লে এই গণস্নানাগারগুলির মৃত্যুঘণ্টা বেজে গেলো, ও ইউরোপ সামনের কয়েকশ' বছর অ-স্নানের জমানায় প্রবেশ করে গেলঃ যে-যুগে সম্রাট থেকে সওদাগর, গণ্যমান্য থেকে গণিকা, অভিজাত থেকে চাষা, মাঝদরিয়ার জলদস্যু.... স্নানের নাম করতো না কেউই। আর, এই সময়টাতেই সারা দুনিয়ায় ইউরোপীয় প্রভুত্ব ক্রমে ক্রমে কায়েম হতে থাকেঃ বিজ্ঞান-দর্শন-বাণিজ্যে সারা পৃথিবী দখল করে ফেলতে লাগল এই আজীবন চান-না-করা মানুষগুলো। (না, স্যার আইজাক নিউটন স্নান করতেন কি করতেন না তার রেফারেন্স কোথাও পাইনি, তবে মহারানি প্রথম এলিজাবেথের (১৫৩৩-১৬০৩) মাসে অন্ততঃ একবার স্নান না করলে চলতো না বলে সভাসদরা তাঁর পিটপিটেমিতে অবাক হতেন, বিরক্তও।)

আরে বাবা, দেশটা ঠান্ডা না গরম সেটা তো এহবাহ্য, করার ইচ্ছে থাকলে ঠান্ডার জন্য আটকাতো না। অর্থাৎ, পশ্চিম / উত্তর ইউরোপ বড্ড শীতল বলেই সেখানে স্নানের চল হয়নি, এটাই ছেঁদো যুক্তি। ষোড়শ শতকের মূলতানী ক্ষেত্রী শ্রফ ও বণিকগণ স্থলপথে মস্কো-সেন্ট পিটাসবার্গে বাণিজ্য করতে গিয়েও সকালে স্নান সেরে মা-লক্ষ্মীর পূজা করে দিনের ব্যবসাপাতি শুরু করতো। স্নানটা অভ্যাসের ব্যাপারঃ মনের ও দেহের।

* * *

ডাচ চিত্রকর কাস্পার নেশার (১৬৩৯-৮৪ খৃ.)। রাজারানিদের ছবিই এঁকে গেছেন সারাজীবন। তাঁর ছবির কদর হয় তাতে গাউন-সিল্ক-ব্রোকেডের কাজের ডিটেইলসের জন্য, যা থেকে খুঁজে পাওয়া যায় ইতিহাসের উপাদান। তাঁর এমনই একখানা নামী ছবি; 'মাদার'স কেয়ার', যাতে দেখা যায় এক অপরূপা অভিজাতা মেমসাহেব, অঙ্গে তাঁর নয়নাভিরাম সিল্ক, দেওয়ালে ভেলভেটের পর্দা, পাশে সুসজ্জিতা নৌকরানি। কিন্তু ছবির উপজীব্যটা কী? না, তিনি আইভোরির চিরুনি দিয়ে তাঁর কোলের খোকার চুল থেকে উকুন বাঁচছেন। এই ছবিটা থেকে বেরিয়ে আসা সত্যটা চিনে নেওয়া কঠিন নয়। ভারতে আওরঙ্গজেব বাদশার অর্ধশতকের রাজত্বের (১৬৫৮-১৭০৭ খৃ.) মোটামুটি সমসাময়িক ও তুলনীয় ফ্রান্সের 'সূর্যসম্রাট' চতুর্দশ লুই-এর ৭২ বছরের রাজত্ব (১৬৪৩-১৭১৫ খৃ.), যাঁর কালে ফ্রান্স শুধু ইউরোপ কেন বিশ্বের এক শ্রেষ্ঠ শক্তি হয়ে উঠেছিল.... শ্রেষ্ঠ খাদ্য-পানীয়-বিষয়। সম্রাটের রূপসীশ্রেষ্ঠা উপপত্নী মাদাম ডি মন্তেস্পাঁ প্রিয়তমের মুখের দুর্গন্ধে দিশাহারা হয়ে পড়লেও তাঁর সাত সাতটি সন্তানকে গর্ভে ধরা আটকায়নি। বস্ত্রের তলায়, চুলে উকুন, আর গায়ে চর্মরোগ এবং মুখের দুর্গন্ধ ছিল মেনে নেওয়া বিষয়। সম্রাটের পিতা ত্রয়োদশ লুই আবার গর্ব করে বলতেন যে তিনি তাঁর বাহুমূলের দুর্গন্ধ উত্তরাধিকারসূত্রে পেয়েছেন পিতা চতুর্থ হেনরির কাছ থেকে। হবে না? ১৬০৯-এ যখন ত্রয়োদশের জন্ম হয়, রাজবৈদ্য তাঁর স্নানের কুলুজি নথিবদ্ধ করেনঃ পাঁচ বছর হলে তবে তার পদযুগল ধুইয়ে দেওয়া হয় প্রথমবার। সম্পূর্ণ দেহ ভিজিয়ে স্নান করতে আরও দু দুটি বছর লেগেছিল। প্রথম সাত বৎসর বয়সে তাঁকে পূর্ণ স্নান করানো হয়, যার দু'বছর পরে তাঁর রাজ্যাভিষেক। সেদিন আবার ফের নাইতে হয়েছিল কিনা, সেটা লেখেনি।

ভারতের দরিদ্রস্য দরিদ্র ভোলা মাঝি যেখানে প্রাতেঃ উঠে নিম বা বাবলাডালে দাঁতন করে নদীজলে অবগাহন স্নান করে নিতো, ইংলন্ডেশ্বরী মহারানি এলিজাবেথকে সেখানে অপেক্ষা করতে হয় তাঁর ধোবানীর কাছ থেকে লেস ও সোনায় মোড়া চারখানি দাঁতখড়কে জন্মদিনের উপহার হিসেবে পেতে, যেটি তিনি বহু বছর ব্যবহার করে শেষে কোনো পেয়ারের সই-কে দান করে দিয়ে যান।

মহাপরাক্রমশালিনী টিউডর সম্রাজ্ঞী!!

সেকালের ইউরোপের স্নান-বিরোধিতার পিছনে চিকিৎসককুলের এক মস্ত ভূমিকা ছিল বৈকি। 'নেহাত প্রয়োজন না হলে' স্নান করাটাকে তেনারা বাতিকের পর্যায়ে ফেলতেন এবং মনুষ্যদেহের নয় / দশদ্বার

দিয়েই যে সংক্রমণ ঘটে সে-বিষয়ে সতর্ক করে দিতেন। সেগুলোকে টাইট করে বন্ধ রাখাই যে সুস্বাস্থ্যলাভের উপায়, বারবার বলে গেছেন তাঁরা এ'কথা। অর্থাৎ, স্নান তাঁহাদের কাছে কেবল চিকিৎসা-সংক্রান্ত নিদানই (therapeutic use) ছিল মাত্র। এতে তাই আশ্চর্য হবার নয় যে The First Indian Writer in English দ্বারবঙ্গের (দ্বারভাঙা) বঙ্গসন্তান শেখ দীন মহম্মদ (১৭৫৯-১৮৫১ খৃ.) কেবলমাত্র শ্যাম্পু দিয়ে সম্রাট চতুর্থ জর্জ ও চতুর্থ উইলিয়ামকে স্নান করিয়েই 'সার্জেন' উপাধি পান, এবং লণ্ডনে স্নান-করানোর ব্যবসা করে সেখানে লাখপতি হয়ে যান। হ্যাঁ হাতের 'চাপ' দিয়ে ভারতীয় মালিশ / ম্যাসাজ করা থেকেই.... চাপ....চাপো....চাঁপো....শামপো....শ্যাম্পু শব্দটা এসেছে। 'হবসন জবসন'-এ লেখা আছে এ'কথা। সম্রাট ত্রয়োদশ লুইয়ের ব্যক্তিগত চিকিৎসক ডাঃ থিওফ্রেস্ট রেনোডো (১৫৫৮-১৬৫৩ খৃ.) নিদান দিয়েছিলেন, 'দেহনির্গত ঘর্মপুঞ্জ সমগ্র দেহে এক সুরক্ষার আস্তরণ দিয়ে রাখে। স্নান করলে তা বিনষ্ট হয়ে যায়, মাথায় বাষ্প ওঠে জমে। নার্ভ ও লিগামেন্ট-এর ফলে ঢলঢলে হয়ে পড়ে। এতোটাই, যে বহু মানুষ স্নান না করলে গেঁটেবাতে আক্রান্ত হতোই না।' সুধী পাঠকের 'হড্ডি পিলপিলায় গয়া' মনে পড়লে আমার কিছু করার নেই, খাঁটি 'সিংহের ঘিলু'-র অর্ডার গেছে!

আরও সাহেব-ডাক্তারবাবুদের গল্প শুনবেন? ১৫৭০-এর দশকে প্রখ্যাত জার্মান ডাক্তার ও বটানিস্ট লিওনার্ড রাউলফ লিবিয়া ও মেসোপটেমিয়া যান গুণকারী শেকড়বাকড়ের সন্ধানে। ফিরে এসে ইয়া দু' ভল্যুমের ট্রাভেলগে লিখলেন, 'এই যে মহামেডান ধর্মে প্রতিদিন স্নান বিধেয়, এ'থেকে প্রমাণিত, এ' ধর্ম হয় অত্যন্ত জঘন্য নয়তো মুসলমানরা প্রতিদিন এতো পাপ করে বলেই তাদের রোজ রোজ চান করতে হয়।' মন্তব্য নিষ্প্রয়োজন।

হ্যাঁ, বিশ্বে ইউরোপীয় দাদাগিরি ষোড়শ শতাব্দী থেকেই শুরু হয়েছিল বটে।

* * *

সেকালের ইউরোপীয়দের এই 'জলাতঙ্ক' বা স্নানভীতি উগ্রতম রূপ নিয়েছিলো ষোড়শ শতকের স্পেনে। 'রিকনকিস্টা'ঃ মুর শাসনের অবসানে স্পেন যখন ক্রমে ইসলাম থেকে খৃষ্টধর্মে ফিরে আসছে, রাজারানী ফার্দিনান্দ ও ইসাবেলা সব গনস্নানাগার ধ্বংস করার আদেশ দিলেন। মুরগণ যেহেতু প্রতিদিন স্নান করতেন, রাজার হুকুম হলো তাই ক্রিশ্চানরা স্নান করবে না, বিশেষতঃ সেই সেই ক্রিশ্চানরা যাঁরা সদ্য ইসলাম থেকে ধর্মান্তরিত হয়ে এলেন, তাঁরা যেন স্নান না করেনঃ বিশেষ হুকুম! প্রাণে বাঁচতে যে-সকল 'অনুতাপী' মুসলিম আঁকড়ে ধরতে চাইলো খৃষ্টধর্মকে, তাঁদের ক্ষমা করা হবে যদি তারা স্নান না করতে প্রতিজ্ঞাবদ্ধ হয়। এমন একুশে আইন বিশ্বের আর কবে কোথায় হয়েছে, ভাবতে বসতে হবে। রানী ইসাবেলা তো জাতীয় হিরোইন হয়ে উঠেছিলেন, যখন অস্টেন্ডের যুদ্ধ (Siege of Ostend) না জেতা অবধি স্নান করা দূরস্থান, পোশাকও বদলাবেন না বলে পণ করলেন

> ভারতের দরিদ্রস্য দরিদ্র ভোলা মাঝি যেখানে প্রাতেঃ উঠে নিম বা বাবলাডালে দাঁতন করে নদীজলে অবগাহন স্নান করে নিতো, ইংলন্ডেশ্বরী মহারানি এলিজাবেথকে সেখানে অপেক্ষা করতে হয় তাঁর ধোবানীর কাছ থেকে লেস ও সোনায় মোড়া চারখানি দাঁতখড়কে জন্মদিনের উপহার হিসেবে পেতে, যেটি তিনি বহু বছর ব্যবহার করে শেষে কোনো পেয়ারের সই-কে দান করে দিয়ে যান।

তিনি। সে 'বুঁদির কেল্লা'-খানি জয় করতে তাঁর বাহিনী তিনটি বৎসর সময় নিয়েছিলো, তদ্দিনে রানীর বস্ত্র শ্বেত থেকে ঘোর পীত!

আর ভাল্লাগছে না এইসব ঘেমো গল্প-টল্প।

* * *

অষ্টাদশ শতক থেকে ইউরোপের আরেক প্যাশন এসে পড়লো ঃ লিনেন! শাদা ধবধবে লিনেনের পরিধান কি স্নানের বিকল্প? না, এটা তার চেয়েও উত্তম — এই ছিল সেকালের মত কারণ লিনেনের ঘাম-শুষে-নেবার-ক্ষমতাটা প্রাচীন গ্রীস-রোম জানতো না বলেই তারা অত স্নান স্নান নিয়ে মাথা ঘামাতো, বলেছিলেন ল্যুভের মিউজিয়মের স্থপতি লুই স্যাভো, যখন তাঁকে শুধোনো হলো এক মনোরম শতো (Chateaux) তে কোনো রাথরুম রাখেননি কেন? বস্তুতঃ, সপ্তদশ-অষ্টাদশ শতকের ফরাসী ফ্যাশনের ইতিহাস হলো লিনেনের ইতিহাস। কার কয়টা শাদা ধবধবে লিনেনের শার্ট বা সেমিজ আছে- — সেটাই আভিজাত্যের মাপকাঠি হয়ে উঠেছিল। কতো যে গপ্পো পড়তে পাওয়া যায় এ' নিয়ে.... শ্রেষ্ঠ হলো রুশোরটি। সাম্য, মুক্তি ও স্বাধীনতার উদ্গাতা রুশো-সাহেবের কাছে জাগতিক বন্ধনমুক্তিই ছিল মহাপরিনির্বাণ। কারণ, man is born free but everywhere he is in chains. তা, ওনার বন্ধন ছিল শাদা ধবধবে লিনেন শার্টের প্রতি অতিমোহ। কিছুতেই এ' বন্ধন কাটাতে পারছেন না, কিছুতেই না। শেষটায় সম্পূর্ণ অযাচিতভাবে এক অনাহূত ব্যক্তি তাঁকে এই মোহ থেকে মুক্তি দিয়ে গেলো। এক রোববার সকালে তাঁর পঁয়তাল্লিশখানা শাদা লিনেনের শার্ট, হ্যাঁ, পঁয়তাল্লিশটা, কেচে ছাদে রৌদ্রে শুকুতে

দিয়েছেন তাঁর বাড়ির পরিচারিকা-কাম-প্রণয়িনী লেভাসিও মারি-তেরেসা। এক তস্কর, সে-ও খাঁটি ফরাসী, নিঃসাড়ে এসে সবকয়টি শার্টই না-বলিয়া-লইয়া-গেলো। 'তদবধি আমি শার্টের মোহ হইতে মুক্ত হইলাম' লিখে গেছেন ফরাসী বিপ্লবের মন্ত্রগুরু!

* * *

ক্রমশঃ, অবশ্য, এই অবস্থার পরিবর্তন হতে লাগলো ও অষ্টাদশ শতকের শেষ দিক থেকে ইউরোপে জলবিধৌত স্নান ফিরে এলো বহু শতাব্দী পরে। সম্রাট নেপোলিয়ন অবগাহন স্নানের মহাভক্ত ছিলেন। সেই সময় সদ্য ক্লদ শাপের টেলিগ্রাফ যন্ত্র এসেছে (নন-ইলেক্ট্রিক)। সম্রাটের বিলাস ছিলো রুপোর স্নান টবে অঙ্গ ডুবিয়ে টেলিগ্রাম পড়া। যুদ্ধ পরিস্থিতি যত ঘোরালো হয়ে পড়তো, তত দীর্ঘ হতো তাঁর স্নানের সময়। এমন সময়-সময়েই 'আধুনিক পুং ফ্যাসানের আদিগুরু' বিউ ব্রামেলের (১৭৮০-১৮৪০ খৃ.) যুগ এসে পড়লো লণ্ডনে, যাঁর স্নান-দন্তমার্জন-ক্ষৌরী হয়ে উঠেছিল পরিচ্ছন্নতার প্রতীক।

এ' সময়ে, অবাক কাণ্ড, শুধু স্নান নয়, একেবারে হিমশীতল জলে স্নান যেন এক ফ্যাশন হয়ে দাঁড়িয়েছিল, বিশেষতঃ ইংল্যান্ডের কিছু অভিজাতদের মধ্যে। এর উদ্গাতা ছিলেন আরেক সোশাল-কনট্রাক্ট তাত্ত্বিক 'উদারনৈতিকতাবাদের জনক' শ্রী জন লক (১৬৩২-১৭০৮ খৃ.)ঃ অক্সফোর্ডের দর্শন-স্নাতক, যিনি চুয়াল্লিশ বছর বয়সে এম বি বি এস-ও পাশ করেছিলেন। না, আতুপুতু গরমজলে আমোদের স্নান নয় কনকনে ঠান্ডা জলে প্রতিদিন স্নান করলে শরীর পোক্ত হবে — এই নিদান দিলেন ডাঃ জন লক। এর মধ্যে অনেকে বৃটিশদের স্বাতন্ত্র্যবাদ ও বড়দাগিরির গন্ধ যে পান সেটা বড্ড অমূলক নয়। ক্রমে শীতলস্নান জনপ্রিয় হতে লাগলো। লণ্ডনে বসে চার্লস ডিকেন্স প্রতিদিন হিমশীতল জলে নাইতেন। হিমশীতল জলে স্নান কামোদ্দীপনা দূর করবে — এমন একটা মত উঠে এলো। এমনিতেই, ইসলামে ঐ যে নিয়মিত যৌনাঙ্গ প্রক্ষালনের বিধান দেওয়া আছে, কৃশ্চান ইউরোপ তার বিরোধিতা করতো এই বলে যে বিধৌত যৌনাঙ্গ মুখমৈথুনের প্রসার ঘটাবে!

তদ্দিনে স্বাস্থ্যরক্ষার আরও অন্যান্য দিকগুলোও বিশেষ নজর পেতে শুরু করেছে। লর্ড চেস্টারফিল্ড প্রতিদিন দন্তমঞ্জনের উপকারিতা নিয়ে দীর্ঘ রচনা লিখলেন। নারীর প্রতিমাসিক প্রয়োজনের শুচিতা নিয়েও চর্চা শুরু হলো। সে-সব আরও আরও গল্প।

* * *

বস্তুতঃ স্বাস্থ্য ও স্বাস্থ্যভ্যাস একটি সামাজিক ও মনস্তাত্ত্বিক বিষয়, যতোটা না চিকিৎসাবিজ্ঞানের। ইউরোপের অধিকাংশ স্থান শীতল, তাই সেখানে স্নানে এতো অনীহা- এটা এক অতিসরলীকৃত মন্তব্য। এর সঙ্গে ধর্মীয় বিশ্বাস ও অবিশ্বাস অঙ্গাঙ্গীভাবে জড়িয়ে আছে, জড়িয়ে আছে বিজয়ী জাতির জাত্যভিমান। তলোয়ার বা বারুদের জোরে একটা দেশ কব্জা করতেই পারলেই বিজিত দেশের সব কিছু তুচ্ছ হয়ে যেতে পারে না, কিন্তু বাস্তবে এটাই হয়ে এসেছে। বিজয়ীরাজা বাহুতে বলীয়ান হলেও তার রহন-সহন খানপান অধীত দেশের চেয়ে নিকৃষ্টতর হতেই পারে। নৈলে সসাগরা পৃথিবী জয় করেও ইংল্যান্ডের জাতীয়-খাদ্য কী করে ঐ পানসে বাঁধাকপির স্যুপই রয়ে গেল?

* * *

সামাজিক ইতিহাস গত প্রায় পৌনে শতাব্দী ধরে যে ক্রমে ক্রমে জনপ্রিয়তা পেতে থাকছে, সে শুধু রাজাগজার ইতিহাস নয়ই, শুধুমাত্র ধর্মাচার, বৈবাহিক সম্পর্ক বা প্রতিবাদের ইতিহাসও নয়। ইতিহাস তো হাতের এই কলমটারও আছে, কাগজটার, চোখের চশমার বা ক্ষৌরির ফেনাটারও। সম্প্রতি স্যানিটরি পেপারের ইতিহাসের ওপর এক গবেষণাপত্রে পড়া গেছে... সে বড় সুখের পাঠ না হলেও, মজার। পরে কখনও বলা যাবে এখন সে গল্প।

* * *

কাজীসাহেব তো হামেশা গরুর গা ধুইয়ে দিতে ভালোবাসতেন (ফেরতা তালের সেই হাস্যগীতিটি শুনেছেন নিশ্চয়ই)। আর আমাদের বোষ্টমদাদার মুখের বুলি ছিল, 'হরি হে মাধব, চান করবো না গা ধোবো?' হ্যাঁ, এ'দুইয়ের ফারাকও আমরা করি, বুঝি। কিন্তু এত বছরেও ইউরোপের বেণীটি তেমনই রয়ে গেল, চুল ভিজলো না, সেটাই লক্ষ্যণীয়, সেটাই ভাবার!

বেশ!

গ্রন্থসূত্রঃ

১. Concepts of Cleanliness : Changing Attitudes in France since the Middle Ages -- Georges Vigarello

২. Clean : An Unsanitised History of Washing- Katherine Ashenburg

৩. The Victorian House : Domestic Life from Childbirth to Deathbed- Judith Flanders

৪. Fashion : A very short introduction- Rebecca Arnold

৫. Wikipedia- relevant articles

# কোন অভিমুখে মিডিয়া?

দেবাশিস চক্রবর্তী

মিডিয়া-সমাজে বেঁচে আছি আমরা। আমাদের চিন্তাপ্রবাহের, যুক্তি নির্মাণের, অনুভূতিমালার অনেকটাই এখন নির্ধারণ করে দিচ্ছে মিডিয়া। দু'বারের পুলিৎজার পাওয়া সাংবাদিক বেন বাগডিকিয়ান যেমন বলেছিলেন, 'কোনো এক নির্দিষ্ট মুহূর্তে কোনটা সত্য কোনটা মিথ্যা, কোনটা বাস্তব আর কোনটা কল্পনা, কোনটা গুরুত্বপূর্ণ কোনটা তুচ্ছ তা ঠিক করার নির্ণায়ক হয়ে উঠেছে গণমাধ্যমই।'

সংবাদমাধ্যম সম্পর্কে যে কোনো আলোচনায় সাধারণভাবে চলে আসে 'নিরপেক্ষতার' প্রশ্ন। কে নিরপেক্ষ, কে নিরপেক্ষ না, কে কোন দিকে ঝুঁকে এমনকি ঢলে আছে-এইসব। সাধারণভাবে রাজনৈতিক পক্ষাবলম্বনের প্রশ্ন নিয়েই এই বিতর্ক হয়ে থাকে। এই বিতর্কের নিশ্চয়ই গুরুত্ব আছে। কিন্তু অনেক গুরুত্বপূর্ণ সত্যকে তা আড়ালও করে রাখে।

একজন সাংবাদিক অন্তত পেশাগত কারণে নিরপেক্ষতা বজায় রাখতে চাইতেই পারেন। তাঁর রাজনৈতিক, সামাজিক অভিমত যাই হোক, সংবাদপত্রে লেখার সময়ে তিনি যথাসম্ভব নিরপেক্ষ হয়ে লেখার চেষ্টা করতেই পারেন। কিন্তু তিনি তাঁর সম্পাদকের বা সম্পাদকীয় নীতি থেকে নিরপেক্ষ হবেন কী করে? আরো বড় প্রশ্ন, তিনি মালিক-নিরপেক্ষ হবেন কী করে? মালিকানার প্রশ্ন এই কারণেই সংবাদমাধ্যমের কাছে অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রশ্ন। বস্তুত, হয়ে উঠেছে এক নম্বর প্রশ্ন।

গোটা দুনিয়ার মতো ভারতেও সংবাদমাধ্যমের মালিকানা ক্রমশ বড়ো পুঁজির দখলে চলে যাচ্ছে। কর্পোরেট মিডিয়া শব্দটি এখন বহুল প্রচলিত। যে পুঁজি অন্যত্র বিনিয়োগ হচ্ছে তা-ই সংবাদমাধ্যমে বিনিয়োগ হচ্ছে। আবার, সংবাদমাধ্যমের মালিক বিনিয়োগ করছেন অন্যত্র। এই মিশেল নয়া উদারনীতির সময়পর্বে গত পঁচিশ বছরে ক্রমশ ব্যাপক হয়েছে।

১৯৯০-র দশক থেকে ভারতের অর্থনীতির গুরুত্বপূর্ণ পরিবর্তন ঘটে। বেসরকারী পুঁজির জন্য প্রায় সব ক্ষেত্রকে উন্মুক্ত করে দেওয়া, বিলগ্নীকরণ, অর্থনৈতিক নিয়মনীতি শিথিল করতে থাকা এবং বেসরকারী ক্ষেত্রকে প্রত্যক্ষত রাষ্ট্রের সহায়তা বেসরকারী পুঁজির শক্তি অনেক গুণ বাড়িয়ে তোলে। একই সঙ্গে, বিদেশী পুঁজির অবাধ প্রবেশের রাস্তা করে দেওয়া ও বাণিজ্য উন্মুক্ত করায় অর্থনীতির কাঠামোয় গুরুতর রদবদল হয়। বিশেষ করে মূলধনী বাজারের ভূমিকা আগের যে কোনো সময়ের তুলনায় অনেক বেশি প্রভাবশালী হয়ে ওঠে।

এই প্রক্রিয়ার অনিবার্য প্রভাব পড়েছে মিডিয়াতে। কীভাবেই বা মিডিয়া এ থেকে বিচ্ছিন্ন থাকতে পারতো? অর্থনীতিতে যে যে প্রবণতার বিকাশ ঘটেছে, তার প্রায় সবকটিই মিডিয়া জগতেও প্রত্যক্ষ অথবা পরোক্ষ প্রভাব ফেলেছে। আবার, অন্যভাবে বললে মিডিয়ার এই পরিবর্তন ছাড়া চলমান প্রক্রিয়াটিও সফল হতে পারতো না। অনেকে তো মিডিয়াকেই এই অর্থনীতির 'কনভেয়ার বেল্ট' বলেন।

মালিকানার কাঠামো নানা রকমেরঃ সরাসরি বৃহৎ পুঁজি, শেয়ারের মাধ্যমে অংশীদারিত্ব, অন্য ব্যবসা আছে এবং মিডিয়ারও ব্যবসা আছে-সব ধারাতেই চলছে। রিলায়েন্স নেটওয়ার্ক ১৮ গ্রুপ ও ইনাডুর বৃহদাংশ শেয়ার কেনার পর থেকে বহু টেলিভিশন চ্যানেলের মালিক। রিলায়েন্স জিও'র মাধ্যমে মোবাইলের ক্ষেত্রেও তাদের নিয়ন্ত্রণ বেড়েছে। ক্রস মিডিয়া মালিকানার ফলে একাধিক মাধ্যমে একই কর্পোরেটের মালিকানা ও নিয়ন্ত্রণ কায়েম হচ্ছে। এটি একটি মাত্র উদাহরণ, দেশের অনেক বড় বেসরকারী সংস্থাই মিডিয়াতে সরাসরি বা পরোক্ষে মালিকানা কায়েম করেছে। আপাতদৃষ্টিতে অনেক গণমাধ্যম, বাস্তবে মুষ্টিমেয়ের হাতে নিয়ন্ত্রণের ক্ষমতা। ভারতের বড় পুঁজি যেমন এই বাণিজ্যে বেশ ভালো ভাবেই ঢুকেছে, তেমন আমাদের রাজ্যেই চিট ফান্ড থেকে রিয়ালটির ব্যবসায়ীরা কাগজ-টেলিভিশন চ্যানেল খুলেছেন। বিদেশী পুঁজিও যথেষ্টই আছে। তবে এখনও নিয়মকানুনের বিধিনিষেধ থাকায় সরাসরি বিনিয়োগ কম, ঘুরপথে বেশি।

এমনিতেই সংবাদ মাধ্যমের আয়ের মূল উৎস বিজ্ঞাপন। এটা একটা কাঠামোগত সীমাবদ্ধতা। সেখানে যখন পুঁজির মুনাফা-তাড়না যুক্ত হয়, তখন বিজ্ঞাপনের প্রয়োজনীয়তাই সংবাদ মাধ্যমের মূল চালিকাশক্তি হয়ে দাঁড়াতে পারে। পণ্যের সম্ভাব্য ক্রেতার কথা ভেবেই পণ্যের উৎপাদক ও বিক্রেতা বিজ্ঞাপন দেন। এই সম্ভাব্য ক্রেতা, অর্থাৎ যাঁদের ক্রয়ক্ষমতা রয়েছে, আরো সহজ করে বললে উচ্চবিত্ত, মধ্যবিত্তের কথা ভেবেই

> গোটা দুনিয়ার মতো ভারতেও সংবাদমাধ্যমের মালিকানা ক্রমশ বড়ো পুঁজির দখলে চলে যাচ্ছে। কর্পোরেট মিডিয়া শব্দটি এখন বহুল প্রচলিত। যে পুঁজি অন্যত্র বিনিয়োগ হচ্ছে তা-ই সংবাদমাধ্যমে বিনিয়োগ হচ্ছে। আবার, সংবাদমাধ্যমের মালিক বিনিয়োগ করছেন অন্যত্র। এই মিশেল নয়া উদারনীতির সময়পর্বে গত পঁচিশ বছরে ক্রমশ ব্যাপক হয়েছে।

তাই সংবাদ মাধ্যমের উপাদানও (পরিভাষায় যাকে 'কনটেন্ট' বলা হয়) ঠিক হতে থাকছে। অন্তত অন্তর্নিহিত ভাবেই এই ঝুঁকি থেকে যাচ্ছে।

বড় সংবাদ মাধ্যমের মধ্যেও এখন এ নিয়ে যথেষ্ট চর্চা হচ্ছে। পরিস্থিতি এমন জায়গায় গেছে যেখানে সম্পাদকীয় বিভাগের গুরুত্ব ক্রমহ্রাসমান, বিজ্ঞাপন বিভাগের ক্রমবর্ধমান। এই দুইয়ের মধ্যে পাঁচিলটুকু ভাঙছে। সংবাদ বিভাগ এখন স্বনিয়ন্ত্রিত না, তাকে বাণিজ্যিক লাভালাভ দেখে চলতে হয়। ফলে বস্তুনিষ্ঠ সংবাদের ধারা ক্ষতিগ্রস্থ।

ভারতে সাধারণ ভাবে সংবাদ মাধ্যম স্বাধীন-রাজনৈতিক ভাবে, রাষ্ট্রীয় স্তরে তাদের ওপর তেমন কোনো আইনকানুনের নিয়ন্ত্রণ কম। 'ফ্রি প্রেস' বলে যে অস্বচ্ছ ধারণা চালু আছে, এখনো পর্যন্ত ভারত তার ভালোই উদাহরণ। রাজনৈতিক ভাবে স্বাধীন হলেও মুনাফার কাছে পরাধীন, এমন এক বিচিত্র সত্য স্পষ্টই দেখা যাচ্ছে।

সংবাদমাধ্যমের দায়বদ্ধতা স্বেচ্ছা নিয়ন্ত্রণের পরিধিতেই সীমাবদ্ধ। এ ব্যাপারে বৃহত্তর পাঠক-দর্শকসমাজের আসলে কোনো অধিকার নেই। একমাত্র অধিকার তিনি কোনো সংবাদপত্র কিনতে না পারেন, কোনো চ্যানেল দেখতে না পারেন। কিন্তু, একই কাঠামোর সংবাদমাধ্যমের বৃত্তের বাইরে যাওয়া কঠিন।

বৃহৎ পুঁজির প্রভাবের গুরুতর ফলাফল হলো সংবাদ মাধ্যমে নিরন্তর বৃহৎ পুঁজির স্বার্থরক্ষার সওয়াল চলছে। এই সওয়াল বলে কয়ে হচ্ছে না (কখনও কখনও তা-ও হচ্ছে), মতাদর্শের দিক থেকেই উদারনীতির সার্বিক আধিপত্য সংবাদ মাধ্যমের চিন্তাকে গ্রাস করে ফেলেছে। বেসরকারীকরণের প্রশংসা, তথাকথিত 'প্রতিযোগিতার' পক্ষে সওয়াল, কর্পোরেট-দুনিয়াকেই আদর্শ বলে তুলে ধরা, তথাকথিত 'ভায়াবিলিটির' তত্ত্বকে শিক্ষা-খাদ্য সুরক্ষার জগত পর্যন্ত প্রসারিত করার মধ্যে এই সুনির্দিষ্ট অর্থনৈতিক পক্ষপাতের চিহ্ন। এখন 'নেতা' তুলে ধরার প্রক্রিয়ায় গণতন্ত্রের প্রতি ভারতীয় সংবাদমাধ্যমের দায়বদ্ধতাও নিম্নগামী।

বাণিজ্যিক সংবাদমাধ্যম কাঠামোগত কারণেই এবং এখন কর্পোরেট নিয়ন্ত্রণ বাড়ছে বলে সত্যকে, প্রকৃত বাস্তবতাকে প্রতিফলিত করতে পারে না। গণমাধ্যম এবং জনগণের বাস্তবতার মধ্যে পার্থক্য বিস্তর।

গত এক দশকের বেশি সময় ধরে আমাদের দেশের অন্যতম বাস্তবতা গভীর কৃষি সঙ্কট, কৃষকদের নজিরবিহীন মাত্রায় আত্মহত্যা। কিন্তু ক'টি সংবাদমাধ্যমে তা প্রতিফলিত? মহারাষ্ট্রের বিদর্ভ থেকে ছত্তিশগড়ে গণহারে কৃষক আত্মহত্যার ক'টি সংবাদ আমরা দেখে থাকি? দেশের একটি বড় বাস্তবতা হলো পরিযায়ী শ্রমিকের স্রোত। লক্ষ লক্ষ লোক গ্রাম-শহর-মফঃস্বল থেকে পরিযায়ী শ্রমিক হিসাবে কাজ করতে ছড়িয়ে পড়ছেন দেশের সর্বত্র। বিশেষ করে নির্মাণ, আবাসন, বাগিচায় এঁরা কাজ করছেন। না আছে মজুরির নিশ্চয়তা, না সামাজিক সুরক্ষা, না কাজের গ্যারান্টি। অনেক সময়েই অসহনীয় পরিস্থিতির মধ্যে কাজ করতে বাধ্য হন তাঁরা। কেউ কখনো মূলস্রোতের সংবাদমাধ্যমে এঁদের কথা লেখেননি তা নয়, কিন্তু কর গোনা যাবে। সুতরাং বৃহত্তর পাঠক-দর্শকসমাজও জানছেন না কীভাবে দেশের এই বিপুল অংশের শ্রমজীবী বাঁচেন। কোনো সন্দেহই নেই, সংখ্যালঘুদের জীবনও প্রতিফলিত নয়। সেকারণে অনেক বিকৃত চিন্তা দখল করে রেখেছে মনোজগৎ। দাঙ্গা, ইদানিং গোরক্ষার নামে হাঙ্গামা, 'সন্ত্রাসবাদের' সঙ্গে জড়িয়ে সংবাদ ছাড়া সংখ্যালঘুরা প্রায় অনুপস্থিত বাণিজ্যিক মিডিয়া থেকে। আদিবাসীরা তো বটেই-তাঁরা তো কেবল নৃত্যগীতে অথবা প্রকল্প হলে উচ্ছেদের সময়ে কণামাত্র উল্লিখিত! এ কারণেই অনেকে বলেন, গণমাধ্যম ও গণ বাস্তবতার বড় ফারাক। যখন এই বাস্তবতার তথ্য অল্পবিস্তর সামনে আসে, তখন বিচ্ছিন্ন ঘটনা হিসাবে আসে, প্রক্রিয়া হিসাবে নয়।

দুনিয়াজুড়ে অতি দক্ষিণপন্থার প্রভাব বাড়ছে। তার প্রভাব আমাদের দেশেও আছে। লক্ষণীয় হলো রাষ্ট্র, সমাজের মতো মিডিয়ায় আধিপত্যকারী ভাষ্য ক্রমে জোরদার হচ্ছে। বিতর্ক, ভিন্ন মতের পরিসর কমছে। ধরা যাক, দেশপ্রেমের সংজ্ঞা যেভাবে একই ধাঁচে বাঁধার চেষ্টা হচ্ছে তার প্রভাব কি মিডিয়াতেও পড়ছে না? প্রশ্ন তোলার, বিশেষ করে একটি নির্দিষ্ট সময়ে সরকারকে, প্রতিষ্ঠানকে প্রশ্ন করার মধ্যে মিডিয়ার যে মূল গৌরবের ধারা ছিলো, তা অন্তর্হিত হলে গণতন্ত্রেরই সমূহ বিপদ। এই যে একই ধাঁচ, একই সুরের এত বাড়বাড়ন্ত তার পিছনেও আসল কারণ কিন্তু কর্পোরেটের মালিকানা। ওই লক্ষ্মণরেখাই এই ঢালাই করা ধাঁচের জন্ম দিচ্ছে।

মিডিয়া তো অ্যাজেন্ডা তৈরি করে। তাদের তৈরি করা অ্যাজেন্ডা সমাজের, রাজনৈতিক দলের অ্যাজেন্ডায় পরিণত হয় (কখনো কখনো দশ মিনিটের মধ্যে হয়)। মিডিয়ার অ্যাজেন্ডা যদি অন্যত্র তৈরি হয় তাহলে অঙ্কটা কী দাঁড়াবে?

বলতে চাইছি না ভারতীয় সংবাদমাধ্যম একেবারে গোল্লায় গেছে। মোটেই তা নয়, মূলস্রোতের মিডিয়াতেও বহুমুখী, বহুস্তরীয় প্রতিবেদনের অজস্র উদাহরণ রোজই তৈরি হচ্ছে। কিন্তু বিপদের এবং বিপন্নতার দিকটিকেও চিহ্নিত করতে হবে বই কি।

# From the Archives...



The Baker Laboratories, Presidency College

CENTENARY CELEBRATIONS: JUNE 1955



Rashtrapati Dr. Rajendra Prasad photographed with some of his contemporaries at Presidency College (1902-1907) during the centenary celebrations (June 16, 1955)



The Physics Theatre: Baker Laboratories



Peake Science Library, Presidency College



The Quadrangle of the Eden Hindu Hostel



Commemoration Meeting (June 15, 1955): Rashtrapati Dr. Rajendra Prasad, who presided, speaking

# *Some eminent teachers...*


Harrington Hugh Melville Percival


Henry Rosher James


James C. Sutcliffe


Sir Edward Denison Ross


Mahamahopadhyay Haraprasad Shastri


Pearycharan Sarkar


Sir Jehangir C. Coyajee


Dr. Prasannakumar Ray


Sir Alexander Pedler


Harinath De


Praphullachandra Ghosh


Kuruvila Zachariah

# Hindu College

NARENDRA KRISHNA SINHA

The Hindu College (Presidency College and Hindu School from 15th June, 1855) was founded on 20th January, 1817 "for giving a liberal education to the children of members of the Hindu Community". A Government report based on unpublished records of the institution tells us that the subject had been agitated at various places more than a year previously. The effort which brought it into existence and the agitation in support of it were independent of Government.

It was clear that there was a sense of choosing rather than receiving a gift. New India thus accepted the West. The reception of Western culture was not initiated in Bengal from above downwards, nor from below upwards. It was deliberately secular. "The modern West had fabricated a secular version of its cultural heritage from which religion was eliminated". The system of English education thus commenced in a simple way with public support, two decades before Macalays' coup de main.

Was it an institution meant for sons of wealthy babus only? In 1823 the number of boys attending the Hindu College, in its two sections, senior and junior, was 402 - pay boys 300, free 60, School Society 30, donation scholars 12. A contemporary journal noted in 1830 that the scholars of the Hindu College were "sons of dewans, brothers of clerks, nephews of cashiers and grandsons of sircars'. This disparaging description could only mean that middle class families of no distinction were very well represented. In Toynbee's scheme of historical generalization those who received Western education in those days, were Brahmins and Banias. It is relevant to note that there was no great social change at this stage. Those who flocked to this new college to receive western education were Brahmins, Kayasthas and Vaidyas. Bhudeb Mukopadhyay said later about those who received English education that something like the same position would have been assigned to them under the old system of Manu. "Brahmins and Banias", "sons of dewans and brothers of clerks"—such descriptions suffer from the defects of smart writing.

Why was the College confined to Hindus only? "The mood of moslems" — a dark phrase—would explain much. They disclaimed the study of a foreign idiom. This disdain was patient and deep. They found in their Qoran "Edicta, mandeta, decreta, rescripta, metaphysics and ethics". They were proud of the polished language and literature of their own which they preferred to that of the strangers who had deprived them of their supremacy. To the Hindus of Calcutta who were sponsors of this College plan the idea of including the Mohammedans did not occur because the Mohammedans were not interested in the venture. The stress was on respectability, not on creed. The managers of the Hindu College wrote to the Government in 1824, "The admission of persons likely to injure the respectability and consequently to contract the utility of the College will always be strictly prohibited".

There was no public character, no public opinion, no public object in those days. The building of temples and bathing ghats, the founding of dharmsalas and atithisalas, pujas on a lavish scale, very expensive sradhs and marriage ceremonies dominated our social consciousness. In 1815-16, the Hindu College became a public question - possibly the first of its kind. There was a public subscription perhaps for the first time in India. Public life and public spirit started from this point. The Anglo-Indian society regarded this institution as an interesting experiment. In

*The Hindu College was not the only institution of new learning. Much that was creative was also found outside this institution. Curricula, syllabi, compulsory study plans, tests and standards of this institution would not explain the atmosphere which old students of this institution also helped to create in Calcutta.*

1897 a writer in the National Magazine—"Idler—went so far as to say that most of the members of the Anglo-Indian society—David Hare excepted - must have looked upon educating us as an amusement. Hardly any one of them expected that we would ever come to exceed their expectations. In 1853, after a rowdy demonstration by students of the Calcutta Madrassa, it was decided by the Government to abolish English classes in that institution and bring about organic changes in the Hindu College. It was considered expedient to keep the junior department of the Hindu College as a school exclusively for the Hindus, change the character of the Hindu College, abolish the existing management and convert the senior section into an open college for all. The secular character of the instruction maintained for about four decades facilitated this change. The junior department, which was now separated from the senior department to form the Hindu School, had 293 students in all classes of which 266 paid a monthly fee of Rs. 5/- each, realizing a total of 1330 rupees a month. For eleven "masters" and four pundits the expenditure amounted to Rs. 1,010/-. The school more than paid its cost. A monthly tuition fee of R. 5/- for school education was, in those days, prohibitive for lower middle class people. The Hindu School was thus an institution for sons of "wealthy babus". The Hindu College, senior section, transformed into the Presidency College, had 132 students in 1856, 94 in the general and 38 in the law section. There were 82 pay students, 43 scholarship holders and 7 free pupils. It was not an institution for sons of rich and upper middle class families only, the scholarship holders and free pupils introducing that element in the set up with which we were familiar in our College days. Presidency College inherited from the Hindu College its appeal to the best in the growing generation. When the University of Calcutta was formally brought into existence by Lord Canning he hoped that University education would be the symbol of aristocracy. But the tradition of the Hindu College, senior section, made all the difference.

The most efficient part of education is that which is derived from the tone and temper of society. The western challenge, this Bengali-European contact, the opening of young minds, did not lead to a surrender of national ideas. Western education was an intoxicant for a few years but it very soon became a nourishment. It would be a mistake to think of the students of the Hindu College as intellectual aliens. Growing self-respect contained within itself the seeds of nationalism. It should not also be forgotten that nationalism is the natural religion of secularism. The founders of the Hindu College insisted when the Government was given a voice in the management that "works directed against the character and principles of our countrymen will be excluded".

The public mind of Bengal expanded and old students of the Hindu College contributed very considerably to this expansion. The Hindu College was not the only institution of new learning. Much that was creative was also found outside this institution. Curricula, syllabi, compulsory study plans, tests and standards of this institution would not explain the atmosphere which old students of this institution also helped to create in Calcutta.

The Calcutta Review was founded in 1844 by eminent Englishmen. The object was to perform the same service to India which the Edinburgh and Westminter Reviews performed in England. It did perform this service for some decades. Among the early contributors of the Review were some eminent students of the Hindu College—Pearychand Mitra, Kisorichand Mitra, Govin Chunder Dutt, Rev. Krishnamohan Bandopadhyay and others, and their articles compared very favourably with those written by distinguished Englishmen like Sir John Kaye, Sir Henry

Lawrance, Alexander Duff and John Clark Marshman. In the long array of students of the Hindu College who distinguished themselves in different walks of life mention should be made of the names of Kashiprosad Ghose, Radhanath Sikdar, Devendranath Tagore, Rajnarain Bose, Bhudeb Mukherjee, Michel Madhusudan Dutt, Dinabandhu Mitra, Pearycharan Sarkar, Jatindra Mohan Tagore, Kesab Chandra Sen and others. The list is only illustrative.

Sir Charles Wood's place in the history of Western education in India is, according to popular imagination, second only to that Macaulay. But he regarded Calcutta as a dangerous spot for higher education, not so Madras and Bombay. His political apprehension is reflected in a letter he wrote to Dalhousie; "These highly educated natives are likely to be very disgruntled persons unless they are employed and we cannot find employment for them all". He added, "your Bengalis reading Bacon and Shakespeare... future detractors, opponents, and grumblers." He could not refuse them a University in Calcutta while Bombay and Madras were each to get one. But he insisted on high education being mainly supported by those who were anxious for it, that is to say, on maintaining an impoverished University without Government aid. The air of those days was surcharged with a new public spirit. Calcutta was no longer silent and submissive. Wood knew that the Hindu College and Western Education had much to do with it. The imp of history was grinning at the Anglicists.

# 1817-1967

SUBODHCHANDRA SEN GUPTA

The history of the Hindu College which was founded one hundred and fifty years ago has been told many times over and we all know of the services rendered by the first founders – David Hare and Edward Hyde East, Maharaja Tejchandra Bahadur and Gopemohun Tagore, and last (and first), Baidyanath Mukhopadhyay. About Rammohan Roy, possibly the greatest product of English Education in India, the embers of controversy are not yet laid to rest. It is not necessary to examine the part which Rammohan played or did not play in the actual work of establishing this mighty institution, which has grown, as Secretary Baidyanath Mukhopadhyay prophesied, into a big bur tree that has cast its branches far and wide. But Rammohan was easily the most distinguished and most uncompromising exponent of the ideals that were embodied in the Hindu College.

In those days the British educationists were sharply divided into two camps : those who wanted to engraft western education on Indian soil, the Anglicists, and those who pleaded for the resuscitation of Sanskrit culture, the Orientalists. In 1823, Rammohan Roy wrote his historic letter to Lord Amherst, then Governor-General, making a fervid protest against the proposal to establish a new Sanskrit School in Calcutta. 'If it had been intended', said Rammohan, 'to keep the British nation in ignorance of real knowledge, the Baconian philosophy would not have been allowed to displace the system of the schoolmen which was best calculated to perpetuate ignorance. In the same manner the Sanskrit system of education would be the best calculated to keep this country in darkness if such had been the policy of the British Legislature'. Rammohan had a brief to plead and he overstated the case against Sanskrit, but these words have a terrible relevance at the present moment when the Hindu College, through its successor the Presidency College, is celebrating the one hundred and fiftieth anniversary of its birth. Substitute 'Hindi' and 'regional languages' for Sanskrit and you will have a picture of the grave of ignorance parochial fanaticism and political opportunism are digging for us.

Rammohan wanted 'European gentlemen of talents and education to instruct the natives of India in Mathematics, Natural Philosophy, Chemistry, Anatomy and other useful sciences, which the natives of Europe have carried to a degree of perfection that has raised them above the inhabitants of every other part of the world'. Rammohan did not state, even if he might have foreseen, another result that flowed from instruction of Indians in Western literature, philosophy and science, that this instruction would give them not merely knowledge but also political and cultural unity. And now when one hundred and fifty years after the establishment of the Hindu College we are trying to undo the work of Rammohan and other pioneers, we are paving the way back not only to ignorance but also to disintegration. You cannot hide this hard reality behind a cloud of phrases any more than you can get rid of provincialism by calling provinces 'states'.

The mischief started many, many years ago when the intrepid, freedom-fighting young barrister Mohandas Karamchand Gandhi laid down that Indians in South Africa should draft their resolutions, memoranda in Hindi or Gujarati and by no means in English; here we have the inception of what is now being passed off as the adoption of a national language for communication

and of regional languages for education. The irony was almost Sophoclean. The man who was making his first great fight for freedom, who came rightly to be regarded afterwards as the Father of the Nation, sowed here the first seeds of dissension and disintegration. Gandhiji's leadership of the Congress gave an impetus to the demand for the linguistic redistribution of provinces, which became aggressively clamorous after independence. The controversy is unending, because in such a matter you can never decide by argument whom Belgaum should belong to or who should annex Chandigarh. I sometimes feel that the British were short-sighted in trying to divide India on the basis of two major religions. That carried them only for even less than two hundred years. If they had foreseen the linguistic squabbles that have followed in the wake of their departure, they would have decided on linguistic division and might have continued not for two hundred but for two thousand years!

It is said – and rightly said – that the Muslim League fanned the flames of communal passion, and religious frenzy ran so high that partition seemed to be the only way out of an intolerable imbroglio. But foreign commentators think that one of the minor causes of Muslim discontent was the increasing imposition of Hindi, specially after the assumption of office by the Congress in the thirties. When Chaudhuri Khalequzzaman, one-time acting President of the Congress, finally left for Pakistan, he gave as his reason his inability to learn Hindi in old age! It would be easy to say that foreign observers are cock-eyed or that Chaudhuri Khalequzzaman spoke with his tongue in his cheek. But such complacency is not common sense.

It is often argued that you cannot have proper national sentiment unless you have a national language, and Hindi is the only acceptable language which should drive out English, and then only we shall be true Indians. But non-Hindi-speaking people living in the Hindi regions know what this true Indianism is. It is a stark truth that the new Imperialism is as aggressive as the old and much worse, because here the emperors are not a handful of British merchants and Civil servants but innumerable fanatics who are as power-loving as they are pig-headed. It is a retrogade movement also because Hindi is a less forceful language than English and has a much poorer literature. 'Babu' Hindi is held in greater contempt than was `Babu English' at one time, and the intransigence of the South is only a symptom of a disease sown by the North. If following Rammohan Roy and the founders of Hindu College we had stuck to English, we might have been less fervid patriots than Sri Morarji Desai or Seth Govinda Das, but the unity of India would have been saved.

These new nationalists, who would swear by Rammanohar Lohia rather than by Rammohan Roy, try to give a sop to local patriotism by emphasizing the importance of the regional languages. The cultivation of Indian languages is a laudable move to which there cannot be the remotest objection but when language becomes a pawn in a political game, the results can be and have been both comic and pathetic. The language riots that led to the bifurcation of the old Bombay Presidency, the upsurgence of Shiva Sena, the interminable disputes based mainly on language with which good old Punjab is being torn now, the militant claims made by champions of Urdu challenged equally militantly by the custodians of Hindi - all these carry their own commentary. Only those who are prisoners of shibboleths and slogans do not see the writing on the wall. Those who are interested in enfeebling and disorganizing the established order see the writing, but they know that if they can sow the wind, the harvest of the whirlwind will bring grist to their mill.

I have said that the picture has both its comic and tragic sides. Once upon a time Mahatmaji and Sirdar Vallabbhai Patel were engaged in conversation in Gujarati in the presence of one of Mahatmaji's most esteemed disciples from Bengal, who demurred on the ground that he did not follow the dialogue because he did not know Gujarati. Mahatmaji, who was surprised at this ignorance, said that political workers should be acquainted with other Indian languages besides Hindi and the language of their region — a tall order at which the great Harinath De would have quailed ! When Mahatmaji was touring in the interior of Dacca district, I believe in the twenties, he insisted that all addresses presented to him must be written in Bengali, and he gave his reply in Hindi. There were such meetings at Baherak and Phursail, villages in Bikrampore, not far from my own ancestral home. I can visualize with amusement the large gathering sitting before the great man in spell-bound silence and not understanding a word of what he spoke. If he had addressed the meeting in English, a sizable minority in that educated area would have been able to follow him. This was more than forty years ago; it was not of much significance then, but such narrowness has acquired a comic and pathetic meaning now. The tragic side is most lurid in contemporary Assam. Taking a cue from Hindi imperialists, the little emperors

*If they (the British) had foreseen the linguistic squabbles that have followed in the wake of their departure, they would have decided on linguistic division and might have continued not for two hundred but for two thousand years!*

there first thought of driving out the Bengali-speaking people – the present posters say that Indians should leave Assam—and also of imposing Assamese on the hill people, who, I heard, even named the language after a political leader, at one time Chief Minister of Assam. You can find various causes for the secessionist tendencies in the hill areas - ethnological, anthropological, geographical, historical or religious and you can lay the blame on foreign missionaries or foreign powers keen on stirring trouble in border areas. But it started soon after 1947 with the attempts made to force Assamese on the hill areas, and it is not without significance that Nagaland is the first region to opt boldly for English. The tragic wheel is coming full circle. The Assamese now face the prospect of their land being thinned to a narrow strip of land which is scarcely viable without the areas inhabited by the harried Bengalis.

The Government of India, which is subject to many pressures and pulls and can seldom arrive at a decision, is now thinking of instruction in various languages — the regional languages for regionalism, Hindi for nationalism, English for internationalism, and very soon we shall have Sanskrit for spiritualism. The reasons advanced are not merely political but also academic. It is argued that if instruction is imparted through the regional language, standards of education are bound to improve. This is what has happened in all countries and must happen here too. An eminent scientist, whose opinion carries weight even if it is without substance, says that instruction in science can be given in the regional languages even in the present state of their development. But he has not shown the way by writing scientific text books in his own language. We can be thankful to him for enunciating a new ethical concept that precept is better than example and only wish that his penchant for propaganda were matched by patience for writing the appropriate books. This argument about raising standards was advanced by the sponsors of the eleven year school programme, but the recent tendency to go back to the twelve year course reflects the disillusionment that has come with experience. The Union Minister of Education says with a chuckle that a large number of Indian Universities have already switched over to the regional language as the medium of instruction. But he has not answered the further question whether this regionalization has improved standards. I may refer to a piece of news item that is worth pondering. Bengali became the medium of instruction and examination in the Matriculation Examination of Calcutta University, I think, about three decades ago. After this there has been a progressive change — I use the word advisedly— in standards, and the West Bengal Board of Secondary Education has now quietly, without discussion and possibly without consulting its own members, reduced the pass marks by 20. There can be no doubt about the trend of the change I have just spoken of, and who will deny that the change in medium has encouraged rather than retarded the other causes of deterioration? Some universities in Northern India have made English optional, some others are trying to do it lip service by retaining it only for one year and giving a failed candidate six chances – a worse travesty of academic discipline than total abolition. When we have got through the period of five years, which is being proposed and retracted with the same facility with which politicians cross and recross the floor, and when the eighteen crores now allotted have run down the drain, it will be necessary to make a further decrease in pass marks or a further increase in the annual supply of grace marks. This is improvement of standards with a vengeance!

From the Babel of tongues and this cockpit of warring linguistic tribes it is refreshing to turn to 1817 when the founders of the Hindu College affirmed without hesitation or ambiguity that the path of true education in India is the path of Western science and philosophy and literature, to be traversed through the medium of English.

### পরলোকগত

# অধ্যাপক মনোমোহন ঘোষের স্মৃতিসভায় সভাপতি রবীন্দ্রনাথ ঠাকুরের অভিভাষণ

## সুধেন্দুরঞ্জন রায়

"আমি দুর্বলতা ও ক্লান্তিতে আক্রান্ত। একদিকে জরা ও অপরদিকে যৌবন-সুলভ কর্ম, এ দুইয়ে মিলে আমাকে ক্লান্ত ক'রে ফেলেছে। এ সভার উদ্যোক্তারা যখন আমাকে সভাপতি করবার প্রস্তাব নিয়ে উপস্থিত হয়েছিলেন তখন আমি তাতে দ্বিধা বোধ করেছিলাম। কিন্তু কয়েকটি বিশেষ কারণে আজ আমি এখানে এসেছি। প্রথমতঃ, কবি মনোমোহন ঘোষের মাতামহকে আমি আমার পরম আত্মীয় বলে জানতুম। শৈশবকালে তাঁর কাছ থেকেই প্রথম আমি ইংরাজী সাহিত্যের ব্যাখ্যান শুনেছিলাম। ইংরেজ কবিদের মধ্যে কে কোন্ শ্রেণীতে আসন পান, তাহা তিনিই আমাকে প্রথম বুঝিয়েছিলেন। যদিও আমাদের বয়সের যথেষ্ট অনৈক্য ছিল তথাপি তারপর অনেকদিন পর্যন্ত দুজনের মধ্যে একটা সম্বন্ধ ছিল। এক এক সময়ে তাঁর আশ্চর্য যৌবনের তেজ দেখে আমি বিস্মিত হয়েছি।

মনোমোহন, অরবিন্দ ও ভাইদের সকলকে নিয়ে তাদের মা যখন ইংলন্ডে পৌঁছলেন, তখন আমি সেখানে উপস্থিত ছিলুম। শিশুবয়সেই তাঁদের আমি দেখেছি। ইংলন্ডে দুঃসহ দারিদ্র্যের সঙ্গে সংগ্রাম ক'রে তাঁরা বিশ্ববিদ্যালয়ে কৃতিত্ব লাভ করেছেন। সে কথা আপনারা সবাই জানেন। মনোমোহন যখন দেশে ফিরে এলেন তখন তাঁর সঙ্গে আমার পুনরায় পরিচয় হয়... সে পরিচয় আমার কাব্যসূত্রে। সেইদিন সেইক্ষণ আজ আমার মনে পড়ে। জোড়াসাঁকোয় আমাদের বাড়ীর দক্ষিণের বারান্দায় ''সোনার তরী'' পড়ছিলুম। মনোমোহন তখন সেই কাব্যের ছন্দ ও ভাব নিয়ে অতি সুন্দর আলোচনা করেছিলেন। বাংলাভাষার সঙ্গে তাঁর পরিচয় না থাকা সত্ত্বেও শুধু বোধশক্তি দ্বারা তিনি কাব্যের অন্তর্নিহিত ভাবটুকু গ্রহণ করতে পেরেছিলেন। আজকে তাঁর স্মৃতি-সভায় আমরা যারা সমবেত হয়েছি তাদের মধ্যে অধিকাংশই তাঁর যথার্থ স্বরূপ যেখানে... তাঁর মধ্যে যা চিরকাল স্মরণযোগ্য... সে জায়গায় তাঁকে হয়তো দেখেননি। এ সভায় তাঁর অনেক ছাত্র উপস্থিত আছেন। তিনি সুদীর্ঘকাল ঢাকা কলেজে ও কলিকাতার প্রেসিডেন্সি কলেজে ইংরেজী সাহিত্যের অধ্যাপনা করেছেন। ছাত্র হিসাবে যে কেহ তাঁর সংস্পর্শে এসেছেন তাঁর মধ্যেই তিনি সাহিত্যের রস সঞ্চার করেছিলেন। অধ্যাপনাকে অনেক শব্দতত্ত্বের আলোচনা ব'লে ভ্রম করেন... তাঁরা অধ্যাপনার প্রকৃত অধিকারী নন। মনোমোহন ঘোষ তাঁর অসাধারণ কবিত্ব ও কল্পনাশক্তির প্রভাবে সাহিত্যের নিগূঢ় মর্ম ও রসের ভাণ্ডারে ছাত্রদের চিত্তকে আমন্ত্রণ করেছিলেন। যে শিক্ষা এক চিত্ত হ'তে আরেক চিত্তে জ্ঞানের প্রদীপ জ্বালিয়ে দেয় তাহাই যথার্থ শিক্ষা। সাধারণ শিক্ষার চেয়ে এ ঢের বড় জিনিষ। যে শক্তি নিয়ে তিনি জন্মগ্রহণ করেছিলেন সে শক্তি ছিল গান গাবার জন্যে। অধ্যাপনার মধ্যে যে তিনি আবদ্ধ হ'য়ে পড়েছিলেন তাতে নিঃসন্দেহ তাঁর গভীর ক্ষতি হয়েছিল। আমি যখন ঢাকায় কনফারেন্সে গিয়েছিলুম তখন তাঁর নিজের মুখে এ কথা শুনেছি। অধ্যাপনা যদি সত্য সত্যই এমন হ'ত যে ছাত্রদের চিত্তের সঙ্গে অধ্যাপকের চিত্তের যথার্থ আনন্দ বিনিময় হ'তে পারে তবে অধ্যাপনায় ক্লান্তি বোধ হ'ত না। কিন্তু আমাদের দেশে যথার্থভাবে অধ্যাপনার সুযোগ কেউ পান না। যে অধ্যাপক সাহিত্যের যথার্থ মর্ম উদ্ঘাটন ও ছাত্রদের চিত্তবৃত্তির উদ্বোধন করতে চেষ্টা করেন তেমন অধ্যাপক উৎসাহ পান না। ছাত্ররাই তাঁর অধ্যাপনার প্রণালীর বিরুদ্ধে নালিশ করে। তারা বলে, ''আমরা পাস করবার জন্যে এসেছি। নীল পেন্সিল দিয়ে দাগ দিয়ে আমাদের এমনতর ধারা দেখিয়ে দিতে হবে যাতে আমরা পাস করবার গহ্বরে গিয়ে পড়তে পারি।'' এই জন্যই অধ্যাপনা করতে গিয়ে ভাল অধ্যাপকেরা ব্যথিত হন। ফলে নিষ্ঠুর শিক্ষা দিতে গিয়ে তাঁদের মন কলের মত হ'য়ে যায়, তাঁদের রসও শুকিয়ে যায়। আমাদের দেশে পড়ানোটা বড় নীরস। এজন্য মনোমোহন বড় পীড়া অনুভব করতেন। এই অধ্যাপনার কাজে তাঁকে অত্যন্ত ক্ষতিস্বীকার করতে হয়েছিল।

অনেক স্থলে ত্যাগস্বীকারের একটা মহিমা আছে। বড়র জন্যে ছোটকে ত্যাগ করা, ভাবের জন্য অর্থ ত্যাগ করা, ও আত্মার জন্য দেহকে ত্যাগ করার মধ্যে একটা গৌরব আছে। কিন্তু সেখানে যার জন্যে আমরা মূল্য দিই তার চেয়ে মূল্যটা অনেক বেশী, যেখানে ত্যাগ দুঃখময়। এই কবি-বিধাতা যাঁর হাতে বাঁশী দিয়ে পাঠিয়েছিলেন – তিনি যখন অধ্যাপনার কাজে বদ্ধ হলেন তখন তা তাঁকে কোন সাহায্য করেনি। আমি তাঁর সেই বেদনা অনুভব করেছি। আজকের দিনে তাঁর স্মৃতি-সভায় আমি সেই বেদনার কথা নিয়ে এসেছি। যে পাখীকে বিধাতা বনে

পাঠিয়েছিলেন তাকে বিশ্ববিদ্যালয়ের খাঁচায় বন্ধ করা হয়েছিল, বিধাতার অভিপ্রায়ের বিরুদ্ধে। আজ আমাদের সেই বেদনার অনুশোচনা করবার দিন। তাঁর কন্যা লতিকা যা বললেন সে কথা সত্য। তিনি নিভৃতে কাব্য রচনা ক'রে গিয়েছেন, প্রকাশ করবার জন্যে কোন দিন ব্যগ্রতা অনুভব করেননি, নিজকে সর্বদাই প্রচ্ছন্ন রেখেছেন। একদিকে এটা খুব বড় কথা। এই যে নিজের ভিতরে নিজের সৃষ্টিকে আনন্দ উপলব্ধিতে নিমগ্ন থাকা নিঃস্বার্থভাবে প্রতিপত্তির আকাঙ্ক্ষা দূরে রাখা, সৃষ্টিকে বিশুদ্ধ রাখা – এ খুবই বড় কথা। তিনি কর্মকাণ্ডের ভিতরে যোগ দেননি। সংসারের রঙ্গভূমিতে তিনি দর্শক থাকবেন, তাতে ঝাঁপিয়ে পড়বেন না এই ছিল তাঁর আদর্শ। কেননা, দূর থেকেই যথার্থ বিচার করা যায় ও ভাল ক'রে বলা যায়। কর্মের জালে জড়িত হ'লে তাঁর যে কাজ – বিশ্বরঙ্গভূমির অভিনয় দেখা ও আনন্দের গান গেয়ে যাওয়া – তাতে ব্যাঘাত হ'ত। যেমন কোন পাখী নীড় ত্যাগ ক'রে যত ঊর্ধ্বে উঠে ততই তার কণ্ঠ থেকে সুরের ধারা উৎসারিত হ'তে থাকে, তেমনি কবি সংসার থেকে যত ঊর্ধ্বে যান ততই বিশুদ্ধ রস ভোগ করতে পারেন ও কাব্যের ভিতর দিয়ে তা প্রকাশ করতে পারেন। মনোমোহন ছিলেন সেই শ্রেণীর কবি। তিনি কর্মজাল থেকে নিজেকে নির্মুক্ত রেখে আপনার অন্তরের আনন্দোলোকে একলা গান করেছিলেন। কিন্তু এ কথা আমি বলব যে, যদিও সাধারণতঃ সংসার রঙ্গভূমির সমস্ত কোলাহলে আবদ্ধ হওয়া কবির পক্ষে শ্রেয়ঃ নয়, তথাপি কাব্যের ভিতর দিয়ে সকলের সঙ্গে নিজের সংযোগ স্থাপন না হ'লে একটা অভাব থেকে যায়। যদিচ জনতার বাণী মহাকাল সব সময়ে সমর্থন করেন না, তাহলেও খ্যাতি অখ্যাতির তরঙ্গ দোলায় দোলায়মান জনসাধারণের চিত্তসমুদ্র যে কবির বিহারক্ষেত্র একথা অস্বীকার করা যায় না। একান্ত নিভৃত যে কাব্য তাতে একটা সঙ্গহীনতার বেদনা আছে। মনোমোহন যে তাঁর কাব্য প্রকাশ করতে ব্যগ্র হননি তার কারণ এই যে, তিনি যে ভাষায় তাঁর কাব্য রচনা করেছিলেন, সেই ইংরেজী ভাষায় তাঁর এত সূক্ষ্ম অধিকার ছিল যে আমাদের দেশে আমরা, যারা ইংরেজী ঘনিষ্ঠভাবে জানিনে, ইংরেজী সাহিত্যের সঙ্গে অন্তরঙ্গ পরিচয় নেই, আমাদের পক্ষে তাঁর কাব্যের সূক্ষ্ম উৎকর্ষ উপভোগ করা দুরূহ। তিনি জানতেন যে এদেশে তাঁর সঙ্গ সম্পূর্ণভাবে জুটতে পারে না। যে কোন বিদেশী ভাষা খুব ভাল জানেনা তার পক্ষে সেই ভাষার সাহিত্যের মধ্যে একটা অন্তরাল থেকে যায়। যেমন কঠিন জেনানা যাঁরা রক্ষা করেন তাঁদের পক্ষে অন্তঃপুরিকাদের নাড়ী দেখানো কঠিন হয়, পর্দার আড়াল থেকে একজন নাড়ী দেখে ডাক্তারকে ব'লে দিতে হয়, আমাদের পক্ষে ইংরেজী সাহিত্যও তাই। অন্তঃপুরবাসিনী সাহিত্যলক্ষ্মী আমাদের কাছে সম্পূর্ণ দেখা দেন না, আমরা শুধু তাঁর কণ্ঠস্বর শুনতে পাই। মুখের ভঙ্গিমা – যাতে অর্থ সুস্পষ্ট বোঝা যায় সেগুলি আমরা দেখতে পাইনা। আমি যদিও বিশ্ববিদ্যালয়ে স্থান পাইনি তথাপি ইংরেজী সাহিত্য কিছু কিছু পড়েছি। আমি যখন শেলী ইত্যাদি পড়ি তখন কোন কোন জায়গায় রসটি ঠিক না বুঝলেও মনে করি মেনে নেওয়াই ভাল। এ ছাড়া গতি নেই, বিশেষতঃ যখন তা না করলে পাস করা অসম্ভব। ইংরেজীতে মনোমোহন ঘোষের অসাধারণ কৃতিত্ব ছিল। তিনি ইংলণ্ডে মানুষ হয়েছিলেন ও অক্সফোর্ডের গুণীদের সংসর্গ লাভ করেছিলেন। কাজেই সে দেশের ভাষার সঙ্গে তাঁর যথেষ্ট পরিচয় ছিল। কিন্তু যে ভাষায় তিনি কাব্য রচনা করেছিলেন তার সম্পূর্ণ মিল এ দেশবাসীর পক্ষে অসম্ভব। এই বেদনা ছিল তাঁর জীবনে। তিনি কবি থেকে ইস্কুল মাষ্টার হয়েছিলেন। আবার অসামান্য অধিকার নিয়ে যে ভাষায় তিনি তাঁর বাঁশী বাজিয়েছিলেন সে ভাষার দেশ এ দেশ নয়। তিনি বুঝেছিলেন কবির দিক থেকে তার ঠিক সঙ্গ আমাদের দেশে পাওয়া কঠিন। তিনি যদি চিরদিন ইংলণ্ডে থাকতেন তবে যে সব কবির সঙ্গ বাল্যে পেয়েছিলেন তাদের মধ্যে থেকে তিনি এত একলা হ'য়ে পড়তেন না। পরস্পরের সঙ্গে তাঁর রস বিনিময় হ'তে পারত। এই রস বিনিময়ের প্রয়োজন যে নেই, এ কথা কখনো স্বীকার করা যায় না। মানুষের সহিত মানুষের সঙ্গের ভিতর দিয়েই প্রাণশক্তির উদ্বোধন হয়। মানুষের চিত্ত অন্য চিত্তের অপেক্ষা রাখে। কেউ অহঙ্কার ক'রে বলতে পারেন না, আমি কবি হিসাবে অন্যের অপেক্ষা রাখিনে। কিন্তু এই সঙ্গ না পেয়েও মনোমোহন ঘোষ হাল ছাড়েননি। আরাধনা ক'রে গেছেন। সে কাব্যের জয়জয়কার হৌক। মানুষের সঙ্গে চিত্তের সঙ্গে সম্বন্ধ স্থাপন করবার মধ্যে একটা সত্যকার যোগ হবে, আমাদের অন্তরের মধ্যে সে ইচ্ছা কি নেই? যখন সে সঙ্গ না পাই তখন অভিমানে বলি, কাউকে আমরা চাইনে। মানুষের সঙ্গে যোগস্থাপনের মানুষের সে স্বাভাবিক ইচ্ছা যখন ব্যর্থ হয় তখনই আমরা অভিমান ক'রে বলি আমি কারও সঙ্গ চাইনে।

কবি মনোমোহনের কাব্যের যখন প্রকাশ হবে তখন সমস্ত পাশ্চাত্য দেশের কাছে বাংলা দেশের আলোক কি উজ্জ্বল হবে না? তারা কি বলবেনা, এদের সৃষ্টির আশ্চর্য শক্তি আছে? প্রকাশ মানেই হ'চ্ছে বিশ্বজগতের সর্বত্র প্রকাশ। যে জ্যোতিষ্কের আলো আছে, তার কেবল এপারে প্রকাশ, ওপারে নয়, এ তো হয় না। 'সাহিত্য' শব্দের ধাতুগত অর্থ আমি জানিনে। একবার আমি বলেছিলাম, 'সহিত' অর্থাৎ সকলের সঙ্গে যে। সঙ্গ লাভ। কালিদাস, বেদব্যাস প্রভৃতি সকল মহাকবি সমস্ত পৃথিবীর মানুষের কাছে ভারতের চিত্তজ্যোতিষ্ককে প্রকাশ করেছেন। সকলেই বলেছেন, এ কবি আমাদেরও কবি। যে সমস্ত ঐশ্বর্য দ্বারা বিশ্ব ধনী হয়, সে সমস্ত ঐশ্বর্যদ্বারাই সমকক্ষতার যোগ স্থাপিত হয়। সাহিত্য মানে সমকক্ষতার যোগ। এই কবি মনোমোহন নিগূঢ় নিকেতন থেকে যা বের করেছেন তা আজও ঢাকা রয়েছে। এ যখন প্রকাশ পাবে তখন বাংলাদেশের একটি মহিমা সর্বত্র প্রকাশিত হবে। আমরা যদিও একটু বঞ্চিত হয়েছি কিন্তু তাতে তাঁর দোষ নেই। আর কবি তো কেবল ইংরেজও নয়, কেবল বাঙ্গালীও নয় – কবি সকল দেশেরই কবি। এই কবির কাব্য প্রকাশ হ'লে পর সকলেই আনন্দের সঙ্গে তাঁকে অভ্যর্থনা করবে। আজ তাঁর স্মৃতিতে আমি আমার শ্রদ্ধা নিবেদন করছি। তাঁর কাব্যের সঙ্গে আমার কিছু পরিচয় ছিল, তিনি প্রায়ই তাঁর কাব্য আমাকে শোনাতেন। আমি শুনে মুগ্ধ হতেম। তাঁর প্রত্যেক শব্দচয়নের মধ্যে একটা বিশেষ সৌন্দর্য ছিল – আশ্চর্য নৈপুণ্যের সহিত তিনি তাঁর কাব্যের রূপ দিয়েছিলেন। আমার আশা আছে এ সকল কাব্য হ'তে সকল দেশের লোক আনন্দ পাবে... কেবল 'গৌড়জন' নহে... সমস্ত বিশ্বজন 'তাহে আনন্দ করিবে পান সুধা নিরবধি'।

# সুশোভন সরকারের রবীন্দ্রচর্চা

## নিত্যপ্রিয় ঘোষ

‘‘আমাদের বন্ধুমহলে একটা কথা প্রচলিত হয়েছিল যে বিশ্বভারতী মানে বিশ্ব বা রথী। ...বিশ্বভারতী না থাকলে রবীন্দ্রনাথের নামই বা আজ কে মনে রাখত।’’

পুলিনবিহারী সেনের চাপে পড়ে সুশোভন সরকার লেখেন ‘‘রবীন্দ্রনাথ : কিছু স্মৃতি’’। স্বল্প-কলেবর স্মৃতিকথায় সুশোভনবাবু জানিয়েছেন, ‘‘আমি কিন্তু কখনই রবীন্দ্রনাথের ঘনিষ্ঠ গোষ্ঠীর মধ্যে পড়তাম না। তাঁকে দেখেছি খানিকটা বাইরে থেকে। তা ছাড়া আমার চোখে তাঁর কিছু দুর্বলতারও পরিচয় পেয়েছিলাম। এ সব লেখা কি সঙ্গত?’’ পুলিনবাবু তাঁকে জানান, ভালমন্দ যা কিছু মনে হোক, ভবিষ্যতের ঐতিহাসিকদের কাছে তাই অমূল্য হয়ে উঠবে।

১৯৮২ সালে গ্রন্থাকারে স্মৃতিকথাটি প্রকাশিত হওয়ার আগে ‘দেশ’ পত্রিকায় সেটি বেরিয়েছিল। ‘দেশ’-এর পাঠকেরা স্মৃতিচারণে কয়েকটি ভুল নির্দেশ করলে, সুশোভন সরকার (১৯০০-১৯৮২) কিছু তথ্য সংশোধন করেছিলেন, কিছু ভুল স্বীকার করতে রাজি হন নি। যেমন, অরুন্ধতী চট্টোপাধ্যায়ের ডাক নাম, আকুশী, আঁকশি নয়। অরুন্ধতীর এক হাতে একটা বেশি আঙ্গুল ছিল, যার থেকে নাম হয় একুশ থেকে আকুশি। হতে পারে, কিন্তু রানী  চন্দ তাঁর ‘সব হতে আপন’ বইয়ে অরুন্ধতীকে আকশি বলেই পরিচিত করেছেন। শান্তিনিকেতনে তিনি আকশি বলেই পরিচিত, শান্তিনিকেতনের একদা ছাত্র এবং অধ্যাপক অমিতাভ চৌধুরী আকুশি নয়, আঁকশি বলে খুব একটা অন্যায় করেন নি।

কবির বড়ো মেয়ে মাধুরীলতা মারা যান ১৬ মে ১৯১৮ ভবানীপুরের এক ভাড়া বাড়িতে, ১৭/১ ডিহি শ্রীরামপুর রোডে। মেয়ের সঙ্গে দেখা করে, ভবানীপুর থেকে বাড়ি ফেরার পথে, ৬১ নং হ্যারিসন রোডে ডাক্তার নীলরতন সরকারের বাড়িতে রবীন্দ্রনাথ আসার পর তাঁকে সুশোভনবাবু প্রথম দেখেন, এটা খুবই সম্ভব। এই তথ্য নিয়ে তাঁর লজ্জিত হওয়ার কোনো কারণ ছিল না। রবীন্দ্রনাথ একদিনের জন্য প্রেসিডেন্সি কলেজে নাম লিখিয়েছিলেন। এটা লেজেণ্ড মাত্র, কারণ তিনি এনট্রান্স পাস করেন নি, সুশোভনবাবু এটাকে লেজেণ্ড বলেছেন। রবীন্দ্রনাথ নিজেই জানিয়েছেন, কলকাতা বিশ্ববিদ্যালয়ের ১৯৩ বছরের সমাবর্তন উৎসবে, সমাবর্তন ভাষণে, তিনি ঐ কলেজে যোগ দেন ‘বহিরঙ্গ ছাত্র’ হিসেবে, তবে ছাত্রদের র‍্যাগিং সহ্য করতে না পেরে দ্বিতীয় দিন যান নি। পরবর্তী সময়ে প্রেসিডেন্সি কলেজের ম্যাগাজিনে বারবার সগৌরবে স্মরণ করা হয়, রবীন্দ্রনাথ প্রেসিডেন্সির ছাত্র, সেটাকে সুশোভনবাবুর লেজেণ্ড বলে বরবাদ করার কোনো কারণ নেই।

রবীন্দ্রনাথকে গুরুদেব বলা সুশোভনবাবুর পছন্দ নয়। তাঁর বিরক্তিতে প্রশান্তচন্দ্র মহলানবিশ ‘কবি’ বলে ডাকতেন। সেটাও তাঁর পছন্দ হয় নি। তিনি কী বলে ডাকতেন বা ডাকলে খুশি হতেন, তার আভাসও দেন নি। তিনি বোধহয় জানতেন না, রবীন্দ্রনাথ নিজেও গুরুদেব আখ্যা পছন্দ করেন নি। পরিণত বয়সে ‘আশ্রমের রূপ ও বিকাশ’ গ্রন্থের এক প্রবন্ধে তিনি যেমন বলেছেন, ‘‘তখন উপাধ্যায় আমাকে যে গুরুদেব উপাধি দিয়েছিলেন আজ পর্যন্ত আশ্রমবাসীর কাছে আমাকে সেই উপাধি বহন করতে হচ্ছে।’’

আসতে যেতে রবীন্দ্রনাথের পায়ের ধুলো নেওয়াও সুশোভনবাবুর কাছে বিরক্তিকর লাগত। বাঙালি ঐতিহ্য, গুরুজনের পায়ের ধুলো নিয়ে আশীর্বাদ চাওয়া, এতে অশোভন কী আছে!

বার্ধক্যের কারণেই সুশোভনবাবুর স্মৃতিভ্রম হয়েছিল যখন তিনি লেখেন, ‘আমাদের ঢাকা প্রবাসের শেষের দিকে... সঙ্গে ছিল অনেক রেকর্ড। প্রশান্তের ছোট ভাই প্রফুল্লচন্দ্র (বুলাদা) তখন শান্তিনিকেতনের শিল্পীদের রেকর্ড তোলাতে ব্যস্ত। আমাদের কাছে ছিল দিনেন্দ্রনাথ ঠাকুর, সাবিত্রী কৃষ্ণণ, অমিতা সেন প্রভৃতির গান।’ সুশোভনবাবু ঢাকা বিশ্ববিদ্যালয়ে চাকরি করেন, জানিয়েছেন, ১৯২৯-এর আগস্ট থেকে ১৯৩২-এর ডিসেম্বর পর্যন্ত। সেই সময় তিনি অমিতা সেনের গান কোথায় পেলেন? অমিতার গান রেকর্ড হয়েছিল ১৯৩৫-৩৯ এর মধ্যে কিন্তু সেই সব রেকর্ড দুর্নিরীক্ষ্যকারণে রবীন্দ্রনাথ আটকে রেখেছিলেন ১৯৪০ পর্যন্ত। ১৯৩২-এ সাবিত্রীর গানের রেকর্ড পাওয়াও অসম্ভব। চণ্ডীচরণ সাহা

বিলেত থেকে ফিরে হিন্দুস্থান রেকর্ড কোম্পানির শুরু করেন ১৯৩২-এ। হিন্দুস্থান রবীন্দ্রনাথের আবৃত্তির রেকর্ড করে ৬ এপ্রিল ১৯৩২ আর দুটো গানের (আমার পরাণ লয়ে / হৃদয় আমার নাচে রে) রেকর্ড করে ১৫ এপ্রিল ১৯৩২। এর পরে তারা করে সাবিত্রী কৃষ্ণণের গানের রেকর্ড। (তুমি কিছু দিয়ে যাও / শুভ্র প্রভাতে পূর্ব গগনে) যেটা বাজারে আসার সম্ভাবনা ১৯৩২-এর শেষে। সাবিত্রীর রেকর্ড সুশোভনবাবু ঢাকায় পেতেও পারেন, অমিতা সেনেরটা অসম্ভব।

এসবই অবশ্য অকিঞ্চিৎকর বিভ্রান্তি। কিন্তু যেটা মোটেও বার্ধক্যজনিত মন্তব্য বলে উড়িয়ে দেওয়া যায় না, সেটা সুশোভনবাবুর রথীন্দ্রনাথ সম্পর্কে মন্তব্য : বিশ্বভারতী না থাকলে রথী ঠাকুরের না কে-বা মনে রাখত। রথীন্দ্রনাথের কাছে তাঁর কী আশা ছিল? তিনিও কি সুধীরঞ্জনের মতো প্রত্যাশা করেছিলেন, শান্তিনিকেতন-বিশ্বভারতীর ছাত্ররা সবাই উচ্চপদে প্রতিষ্ঠা পাবেন?

সুধীরঞ্জন দাস (১৮৯৪-১৯৭৭) শান্তিনিকেতনের ব্রহ্মচর্যাশ্রমের প্রথম দিকের ছাত্র। ব্যারিস্টারি পাশ করে তিনি কলকাতা হাইকোর্টে ওকালতি শুরু করে ভারতের সুপ্রীম কোর্টের প্রধান বিচারপতি হন। সুপ্রীম কোর্ট থেকে অবসর নিয়ে তিনি ১৯৬১-৬৬ সালে বিশ্বভারতীর উপাচার্য হন। 'আমাদের শান্তিনিকেতন' (১৯৫৯) বইয়ে তিনি লিখেছেন, ''গুরুদেব কখনো চান নি যে তাঁর ব্রহ্মচর্যাশ্রমের ছেলেরা কেবল পাস করবে ও অর্থই উপার্জন করবে।'' তবুও, তিনি তাঁর আশ্রমজীবনের সতীর্থদের প্রতিষ্ঠা লাভের কথা লিখতে ভোলেন নি। উদাহরণ :

– ''সোমেন্দ্র (দেববর্মণ) আমেরিকা থেকে ডিগ্রি নিয়ে ফেরার পর ত্রিপুরা-দরবারে উচ্চপদস্থ রাজকর্মচারী হয়েছিলেন।''

– ''বিষ্ণুদার (বিশ্বেশ্বর বসু) মেজ ভাই বীরেনও এসে জুটলেন আমাদের ক্লাসে, ক্ষিতিবাবু তাঁর নামকরণ করলেন 'শিশু'... বীরেন পরে অ্যাটার্নি হয়ে কলকাতা হাইকোর্টে বেশ পশার জমিয়েছেন।''

– ''ব্রজেন্দ্র শ্রীরামপুরের উইভিং কলেজের সর্বাধ্যক্ষ হয়েছিলেন।''

– ''ক্ষিতিবাবুর সঙ্গে সঙ্গেই প্রায় এসেছিলেন তাঁর দুই ভ্রাতুষ্পুত্র বীরেন ও ধীরেন। ...পরে (বীরেন) তিনি বি.এম. সেন নামে খ্যাত হয়ে কন্ট্রাক্টর ও ইঞ্জিনিয়ার রূপে প্রচুর পশার-প্রতিপত্তি লাভ করেছিলেন। ...ধীরেন ...লণ্ডন থেকে পি.এইচ.ডি. ডিগ্রি পেয়ে বিশ্বভারতী শিক্ষাভবনের অধ্যক্ষ পদে কয়েক বছর কাজ করার পর এখন তিনি পশ্চিম-বাংলা সরকারের শিক্ষাসচিব হয়ে যশস্বী হয়েছেন।''

– ''ক্ষিতিবাবুর শ্যালক প্রফুল্লচন্দ্র সেনগুপ্ত, যাঁকে আমরা পিলু বলেই জানি ...বিহারের সমবায় সমিতির চীফ অডিটার হয়েছিলেন।''

– ''প্রদ্যোৎ (সেনগুপ্ত) মন্দিরে গুরুদেবের উপাসনা এবং উপদেশ লিখে নিয়ে গুরুদেবকে দিয়ে সংশোধন করিয়ে নিতেন।... আয়কর-কমিশনরের পদ থেকে অবসর গ্রহণ করে এখন তিনি বিশ্বভারতীর সেবায় ও পক্ষীতত্ত্বের আলোচনায় আত্মনিয়োগ করেছেন।''

– ''তপন (তপনমোহন চট্টোপাধ্যায়, দ্বিজেন্দ্রনাথের দৌহিত্র) শান্তিনিকেতন থেকে আমাদের পরের পছর প্রবেশিকা পরীক্ষায় পাস হয়ে কলকাতা বিশ্ববিদ্যালয়ের ডিগ্রি লাভ করে বিলেত গিয়ে ব্যারিস্টার হয়ে আসেন। পরে তিনি পশ্চিম-বাংলা সরকারের অ্যাডমিনিস্ট্রেটার-জেনারেলের পদে নিযুক্ত হয়ে খ্যাতি অর্জন করেছিলেন। ...তপন এখন (১৯৫৯) বিশ্বভারতীর কাজে নিজের শ্রম ও সময় ব্যয় করছেন শারীরিক অসুস্থতা সত্ত্বেও।'' তপন তখন বিশ্বভারতীর উপাচার্য।

– তরুণ ছিলেন তামাকের টিকের মতো মিশকালো... অনেকে তাকে ডাকত টিকে রায় বলে। ... পরে বিলেত থেকে ইঞ্জিনিয়ারিং পাশ করে তরুণ কলকাতা করপোরেশনের উচ্চপদ লাভ করেছিলেন।''

– ''আমার ভাই নিশীথরঞ্জনও কিছুদিন আশ্রমে বাস করে গেছেন। ...পরে গ্লাসগো থেকে তিনি ইঞ্জিনিয়ারিং পড়ে ডিগ্রি নিয়ে দেশে আসেন। এখন তিনি ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্টের চীফ ইঞ্জিনিয়ার পদে অধিষ্ঠিত আছেন।''

– ''মুকুল দে থাকতেন 'বাগান' বাড়িতে। ...বিলেত থেকে এচিং ভালোরকম আয়ত্ত করে ফিরে এসে কলকাতার সরকারী আর্ট স্কুলের অধ্যক্ষ হন।''

– ''পমথ বিশীও আসেন এই সময়ে অত্যন্ত ছোটো বয়সে। ...এখন তিনি সাহিত্যে প্রথিতযশা।''

– ''ক্ষিতীশ (রায়) ইউরোপে শিক্ষা পেয়ে আমাদের দেশের একজন কৃতী ভাস্কর বলে প্রখ্যাত হয়েছেন।''

– ''শশধর (সিংহ) কৃতী ছাত্র। লণ্ডনের পি.এইচ.ডি. ডিগ্রি নিয়ে দেশে ফিরে ভারত সরকারের প্রকাশন বিভাগে অধ্যক্ষ ছিলেন।''

১৯০৪-৫ থেকে ১৯১০ পর্যন্ত শান্তিনিকেতন ব্রহ্মচর্যাশ্রমের ছাত্র ছিলেন সুধীরঞ্জন দাস, মধ্যে এক বছর বাদ দিয়ে। সেই সময়কার সতীর্থদের স্মৃতিচারণ করার সময় তাঁদের অনেকের ব্যবহারিক জীবনে প্রতিষ্ঠার কথা তিনি গর্বের সঙ্গে উল্লেখ করেছেন। সুশোভনবাবু যখন বলেন, বিশ্বভারতী ছাড়া রথী ঠাকুরকে কে চিনত, তখন মনে হয় তিনি ভাবতেন, অন্যদের মতো রথীন্দ্রনাথ তেমন প্রতিষ্ঠা পান নি। যদিও সুধীরঞ্জন তাঁর সময়ে রথীকে পান নি আশ্রমে, – ১৯০৫ সালে এন্ট্রান্স পাশ করে রথী আশ্রমেই আছেন আমেরিকা যাওয়ার প্রাক্কালে, – সুধীরঞ্জন লিখেছেন।

– ''রথীদা শান্তিনিকেতন-বিশ্বভারতীর কর্মসচিব হয়ে বহু বৎসর আশ্রমের পূর্ণ দায়িত্ব বহন করেছেন এবং বিশ্বভারতী কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় বলে আইন দ্বারা ঘোষিত হলে সেই বিশ্ববিদ্যালয়ের প্রথম উপাচার্য পদে বৃত হয়েছিলেন।''

স্বাধীন ভারতে প্রথম প্রধানমন্ত্রী জওহরলাল নেহরু শান্তিনিকেতনের অনেককেই দিল্লিতে নিয়ে গিয়েছিলেন – অনিলকুমার চন্দ (মন্ত্রী), কৃষ্ণ কৃপালনী (সাহিত্য আকাদেমির সভাপতি), সুরেন্দ্রনাথ কর এবং নন্দলাল বসু দিল্লির বিভিন্ন কার্যক্রমে যুক্ত ছিলেন। তিনি রথীন্দ্রনাথকেও চেয়েছিলেন ভারতের কোনো রাজদূতের দায়িত্ব দিতে। রথীন্দ্রনাথ বিশ্বভারতী ছাড়েন নি।

১৯২০-এর দশকে চিত্তরঞ্জন দাস চেয়েছিলেন, রথী বাংলাদেশের বিধানসভার সদস্য হন। রাজশাহী ডিভিশন থেকে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হতে পারেন রথী, এমন ব্যবস্থাও করেছিলেন। নবজাত বিশ্বভারতী ছেড়ে রথী যান নি।

রথীন্দ্রনাথ হতে চেয়েছিলেন বিজ্ঞানী। ইলিনয় বিশ্ববিদ্যালয়ে তিনি যখন ছাত্র, তখন জগদীশচন্দ্র বসুকে আনিয়েছিলেন কর্তৃপক্ষের অনুমোদনে। জগদীশচন্দ্রের বক্তৃতার সঙ্গে যন্ত্রের ব্যবহারে সাহায্য করেছিলেন রথী। অবলা বসু রবীন্দ্রনাথকে লিখেছিলেন, রথীর উৎসাহ ও কাজ করবার ক্ষমতায় জগদীশচন্দ্র অনেক বক্তৃতার আমন্ত্রণ পেয়েছিলেন, পাঁচ ছয়টার বেশি আমন্ত্রণ রক্ষা করতে পারেন নি। ১৯১৭ সালে 'বসুবিজ্ঞান মন্দির' প্রতিষ্ঠা হলে জগদীশ চেয়েছিলেন রথীকে সেখানে বিজ্ঞানকর্মী হিসাবে। রথীরও উৎসাহ ছিল, কিন্তু রবীন্দ্রনাথ রথীকে ছাড়েন নি।

১৯১২-১৩ সালে রথীন্দ্রনাথ যখন আমেরিকায়, রথী তাঁর পুরনো বিশ্ববিদ্যালয় ইলিনয়-তে পি.এইচ.ডি. ডিগ্রি শেষ করার জন্য তৈরি হচ্ছেন। কিন্তু রথীর ইচ্ছার বিরুদ্ধেই রবীন্দ্রনাথ তাঁকে আবার ইংল্যাণ্ডে আসতে বাধ্য করলেন, কারণ রথী-প্রতিমা ছাড়া এককভাবে চলাফেরায় তিনি অক্ষম।

আমেরিকা থেকে কৃষিবিদ্যার স্নাতক হয়ে রথী জার্মানির গ্যেটিঙ্গেন বিশ্ববিদ্যালয়ে ভর্তি হন স্নাতকোত্তর পড়াশুনার জন্য। কিন্তু বাবার অসুস্থতার জন্যে সেই পাঠ শেষ না করেই তিনি দেশে ফেরেন ১৯০৯ সালে। শিলাইদহ অঞ্চলে তাঁর নবার্জিত কৃষিবিদ্যা প্রয়োগ করছেন যখন রথী পূর্ণোদ্যমে, তাঁকে সেখান থেকে তাঁর বাবা সরিয়ে আনলেন শান্তিনিকেতন ব্রহ্মচর্যাশ্রমে, যেখানে রবীন্দ্রনাথ প্রশাসনে চান আস্থাভাজন কাউকে।

কলকাতায় জোড়াসাঁকো বাড়িতে ১৯১৫ সালে রথী শুরু করলেন 'বিচিত্রা ক্লাব' - যেটা হয়ে উঠতে যাচ্ছিল নতুনধারার শিল্প আন্দোলনের শুরু, আর্ট-ক্রাফ্ট আন্দোলনের নতুন দিক, - দেশজ কারুশিল্প সংগ্রহ যখন পূর্ণমাত্রায় আরম্ভ হয়েছে, তিন চার বছরের মাথায় রবীন্দ্রনাথ রথীকে টেনে নিলেন শান্তিনিকেতনে, বিশ্বভারতী তৈরীর কাজে।

১৯১৭ সালে জগদীশচন্দ্রের বিজ্ঞানমন্দিরে যোগ দিতে না পেরে রথী চেয়েছিলেন আর্বানায় ফিরে যেতে। জমিদারির আয়ে জীবনযাপনের চাইতে পেশাদার বিজ্ঞানী হয়ে উঠতে - কিন্তু রবীন্দ্রনাথের উৎসাহ নেই।

আমেরিকা থেকে ৩০ নভেম্বর ১৯২০ রবীন্দ্রনাথ চিঠি লেখেন অ্যান্ডরুজকে, যার একটি খবর : Rathi and Bauma have come at last. I am greatly relieved for the ideas that float in my mind's sky in a vaporous condition are attracted and precipitated into showers by concrete through power of Rathi.

লঘু সুরে বলা হলেও, রবীন্দ্রনাথের দীর্ঘ জীবনে রথীন্দ্রনাথের অবদান বুঝতে হলে, অ্যান্ডরুজকে বলা কথাগুলো গানের ধুয়ার মতো বারেবারে ফিরে আসবে। বেড়াতে যাওয়ার সময় টিকিট কাটা আর টিকিট ক্যানসেল করাই রথীর একমাত্র কাজ ছিল না, রবীন্দ্রনাথের অনেক বায়বীয় ধারণাকে বৃষ্টিতে পরিণত করত রথীন্দ্রনাথের ব্যবহারিক জ্ঞান। সেটা শান্তিনিকেতনে green architecture-এ যেমন, শিলাইদহে ট্র্যাকটরের চাষেও তেমন, শান্তিনিকেতনে wind mill চালানোয় যেমন, জোড়াসাঁকো 'বিচিত্রা ক্লাবে' utility art-এর প্রসারেও তেমন। ১৯১৫ সালে রথী যে বিচিত্রা ক্লাব গড়ে তুলেছিলেন জোড়াসাঁকোর লাল বাড়িতে, গগনেন্দ্র-অবনীন্দ্রের সান্নিধ্যে যেখানে শিল্পকলা চর্চার আর একটা ঢেউ উঠল, সঙ্গে সঙ্গে সাহিত্যচর্চা, সংগীতচর্চা, নাট্যচর্চা নতুন এক আন্দোলনের শুরু হলো, দেখা দিল নতুন ডিজাইনের আসবাবপত্র, কিন্তু ওদিকে রবীন্দ্রনাথের শিক্ষা ভাবনার প্রসারে বিশ্বভারতীর আভাস এসে পড়েছে। ফলে আবার ডাক পড়ল রথীর - বিদ্যালয় পরিচালনার কাজে, আশ্রম চালানোর হিসেবনিকেশে হাল ধরতে। অর্গানাইজেশন সম্পর্কে রবীন্দ্রনাথের তাত্ত্বিক বিরূপতা থাকতে পারে, কিন্তু একটা সংস্থার প্রশাসনে অর্গনাইজেশন অনিবার্য - যেটার হাল বারেবারে ধরতে হয়েছিল রথীন্দ্রনাথকে।

সুশোভনবাবু লিখেছেন, তাঁদের পরিবারে রাবীন্দ্রিক প্রভাবে তিনি বড়ো হয়েছেন, গান শুনে কবিতা পড়ে। প্রশান্তচন্দ্র মহলানবিশ, মুকুল রায়েরা যখন ১৯১৮-১৯ সালে তরুণ ব্রাহ্ম আন্দোলন শুরু করেন সুশোভনবাবু সেই আন্দোলনের কর্মী ছিলেন। ১৯২১ সালে বিশ্বভারতীর কনস্টিটিউশন লেখা হলে, উদ্বোধন মন্ত্রের ইংরেজি তর্জমাতে অংশ নেন তিনি। বিশ্বভারতীর কার্যালয় একটি ছিল কলকাতায়। কেননা তার যুগ্ম সচিব প্রশান্তবাবু কলকাতায় থাকেন। বিশ্বভারতীর প্রসারের জন্য যে বিশ্বভারতী সম্মিলনী তৈরি হয়, সেটাও ছিল কলকাতায়। সুশোভনবাবু এই সব কাজে যুক্ত ছিলেন। ১৯২৩-২৫ সময়টা অক্সফোর্ডে কাটিয়ে সুশোভনবাবু কলকাতায় ফিরে এসেছেন, বিশ্বভারতী সংসদে এবং পরে বিশ্বভারতী কর্মসমিতির সদস্য হন। প্রশান্তচন্দ্রের বোন রেবাকে বিয়ে করবেন সুশোভনবাবু, সেই সূত্রে শান্তিনিকেতনে তাঁর যাওয়া-আসা বেড়ে যায়, কেননা রেবা শান্তিনিকেতনের ছাত্রী। এই সময়টাতেই আসতে-যেতে গুরুদেবকে প্রণাম করাটা সুশোভনবাবুর দৃষ্টিকটু এবং শ্রুতিকটু লাগত।

সুশোভনবাবুর রথীন্দ্রনাথ সম্পর্কে বিরূপ হওয়ার একটা কারণ, রথী বিশ্বভারতীর কেন্দ্রীয় কার্যালয় কলকাতা থেকে শান্তিনিকেতনে নিয়ে যান। শান্তিনিকেতন বনাম কলকাতা, এমন একটা ধারণা গজিয়ে উঠতে থাকে এবং রথী এক একটা কঠিন সিদ্ধান্ত নিতে থাকেন, যার সঙ্গে সুশোভনবাবু শুধু একমাত্র নন, তা না, বিরুদ্ধমত এবং শেষ পর্যন্ত বিশ্বভারতী সংসদ থেকে পদত্যাগ করেন।

আমাদের অস্বস্তির কারণ হয়ে ওঠেন সুশোভনবাবু যখন একটি ঘটনার উল্লেখ করেন তিনি, অথচ স্পষ্ট করে বলেন না, ঘটনাটি কী ছিল। ঘটনাটি কবেকার? তিনি বলেছেন ''মনে হয় ১৯৩৬ সালে।'' ১৯৩৬ সালে নয়, ১৯৩৪ সাল। উপলক্ষ্য, ''নারী ভবনের অধিকর্ত্রী হেমবালা সেনকে ছাড়িয়ে দেওয়া হবে।'' কেন? সুশোভনবাবু জানেন নি। তিনি

শুনলেন, সংসদের অধিবেশনে সেদিন রবীন্দ্রনাথ থাকবেন। শেষের দিকে, ব্যস্ত রবীন্দ্রনাথ সংসদে আসতেন না, কিন্তু, সুশোভনবাবুর সন্দেহ, সংসদ রবীন্দ্রনাথকে সামনে রেখে হেমবালাকে ছাড়াবে। রবীন্দ্রনাথ কি হেমবালাকে ছাড়াতে চান, না চান না? সুশোভনবাবু বলেন নি। তাঁর ইঙ্গিত, বৃদ্ধ কবিকে সামনে রেখে সংসদ কর্তারা চেয়েছিলেন, এ বিষয়ে কোনো আলোচনা ছাড়াই হেমবালাকে বরখাস্ত করা হোক। কিন্তু সুশোভনবাবু তাঁর প্রতিবাদ জানান তীব্রভাবেই, রবীন্দ্রনাথ সেটা পছন্দ করুন আর না-ই করুন। এবং হেমবালাকে বরখাস্ত করা হলে, সুশোবনবাবু বিশ্বভারতী সংসদ থেকে পদত্যাগ করেন।

প্রভাতকুমার মুখোপাধ্যায়ও তাঁর রবীন্দ্রজীবনীতে স্পষ্ট উল্লেখ করেন নি, হেমবালাকে কেন ছাড়িয়ে দেওয়া হলো। তিনি বলেছেন, হেমবালা ছুটিতে চলে গেলেন, আর ছুটি থেকে কাজে ফিরে আসেন নি, যদিও শান্তিনিকেতনে ফিরে এসেছিলেন।

হেমবালা সেন ঢাকার ব্রাহ্ম প্রচারক ঈশানচন্দ্র সেনের মেয়ে। পাঁচ ভাই বোনের একজন, হেমবালা বিয়ে করেন নি। ১৯২৩ সালে তিনি শান্তিনিকেতনে ছাত্রীদের আবাস, শ্রীভবন-এর কর্ত্রী হয়ে আসেন যখন তাঁর পূর্বসুরী স্নেহলতা সেন এক বছরের ছুটি নিয়ে চলে যান। স্নেহলতা ছিলেন রবীন্দ্রনাথের কাছের মানুষ। আই সি এস বিহারীলাল গুপ্তের মেয়ে, বেথুন কলেজের অধ্যাপিকা, ইংরেজি কয়েকটি গল্পের বইয়ের লেখিকা, এবং যাঁর বিয়েতে রবীন্দ্রনাথ গানও লিখেছিলেন। কলকাতার নাগরিক জীবনে বীতশ্রদ্ধ হয়ে তিনি শান্তিনিকেতনে আসেন ১৯২১-এর পুজোর ছুটির পরে। কিন্তু এক বছর না যেতেই তিনি ছুটি চান আর ছুটি থেকে ফিরে আসেন নি। হেমবালাকে একশো টাকায় নিয়োগ করা হয়, অবশ্যই অস্থায়ী ভাবে, কেননা স্নেহলতা চাকরি ছাড়েন নি, ছুটি নিয়েছিলেন। হেমবালা স্থায়ী পদ পান, স্নেহলতার না ফেরার কারণে, এর পরে তিনি এগারো বছর ছিলেন শ্রীভবনের তত্ত্বাবধায়িকা হিসেবে।

হেমবালা সম্পর্কে আশ্রমিকদের যে স্মৃতিচারণ পাওয়া যায়, এসবই কঠিন শৃঙ্খলার পক্ষপাতী এক মহিলার এবং সেই সূত্রে নানান মজার কাহিনির। ১৯৩১-এ শান্তিনিকেতনে অধ্যাপিকা হয়ে আসেন লীলা মজুমদার, তিনি ছিলেন শ্রীভবনেরই আবাসিকা। এক অধ্যাপককে ষাঁড়ে তাড়া করলে, অধ্যাপকটি শ্রীভবনে আশ্রয় নেন, কিন্তু নিয়মের নির্দিষ্ট সময়ের বাইরে কাউকে কর্ত্রী শ্রীভবনে পা রাখতে দেবেন না – একদিকে ষাঁড়ের ফোঁসফোসানি, আর এক দিকে আবাসন-কর্ত্রীর তর্জনগর্জন, অধ্যাপকের অবস্থা দেখে লীলা মজুমদার হেসেই অস্থির। শেষ পর্যন্ত, গয়লা এসে ষাঁড়কে নিয়ে গেলে শান্তি। হেমবালাকে নিয়ে আর একটি গল্প বহুকথিত। রাত্রিবেলা হেমবালাকে ভয় দেখানোর জন্য মীরা দেবী, প্রতিমা দেবী, সুধীরা দেবী (নন্দলাল বসুর স্ত্রী), কমলা (দিনেন্দ্রনাথের স্ত্রী) এবং আরো কয়েকজন ডাকাত সেজে শ্রীভবনে চড়াও হয়ে নিজেরাই পালিয়ে বাঁচেন, যখন ছাত্রীরা কেউ কেউ ডাকাতদের চুল ধরে টানাটানি করায় পরচুলা খসে পড়ে। ছাত্রীদের বজ্র-আঁটুনিতে প্রতিমা দেবীর বাহুতে কালসিটের দাগ পড়ে যায়।

তখনকার শ্রীভবন ছিল অরক্ষিত একটা বাড়ি, মাঠের মধ্যে। গরাদহীন বড়ো বড়ো জানলা, কোনো বাউন্ডারি ওয়াল নেই। নিরাপত্তার জন্য যখন হেমবালা গুরুদেবের কাছে বাড়ি ঘেরা দেয়াল চান, গুরুদেব অসন্তুষ্ট হন, তিনি মেয়েদের জেলখানায় রাখতে চান না। মেয়েদের এই নতুন বাড়িতেও হেমবালা আসতে চান নি, গরাদহীন জানলা বলে – রেগে গিয়ে গুরুদেব বলেছিলেন, তাহলে ওটা ছেলেদের দিয়ে দেবেন।

অমিতা ঠাকুর (১৯১০-১২৯২), দ্বিজেন্দ্রনাথের নাতবউ যিনি হেমবালাকে কাছ থেকে দেখেছেন, তিনি হেমবালা নব্বই বছর বয়সে আসানসোলে মারা গেলে একটি শোকরচনায় হেমবালার কথা স্মরণ করেছেন। সেটা ছাপা হয় শান্তিনিকেতনের আলাপিনী সদস্যদের মুখপত্র 'শ্রেয়সী' পত্রিকায় ১৩৯৮-র (১৯৯১ সালে)। সেই হিসেবে হেমবালার জন্ম ১৯০১ সালে। কিন্তু প্রভাতকুমার মুখোপাধ্যায় তাঁর রবীন্দ্রজীবনীতে তাঁর জন্মসাল বলেছিলেন ১৮৯৪ সালে, যদিও জিজ্ঞাসাচিহ্ন দিয়ে। প্রভাতকুমার জানিয়েছেন, হেমবালা ঢাকা ইডেন স্কুল থেকে এন্ট্রান্স পাস করে সেই স্কুলেই শিক্ষকতা করেন। ১৯১৭ সালে হেমবালা বি.এ. পাস করেন। তারপর ভিক্টোরিয়া স্কুল, পরে ব্রাহ্ম গার্লস স্কুলে কাজ করে ১৯২৩-এ শ্রীভবনের সঙ্গে যুক্ত হন। অমিতা ঠাকুরের ধারণা, হেমবালা শান্তিনিকেতনে এসেছিলেন, শান্তিনিকেতনের আর্টিস্ট হরিপদ রায়ের সূত্রে।

দীর্ঘ এগারো বছর হেমবালা সেন ছিলেন ছাত্রী নিবাসের কর্ত্রী। শান্তিনিকেতনের প্রথম বালিকা বিদ্যালয় হয় ১৯০৮ সালে, সেটা দু-বছর পরে বন্ধ হয়ে যায়, একটি ছাত্র আত্মহত্যা করলে। বালিকা বিদ্যালয় ঠিক কী কারণে বন্ধ হয়ে যায়, সেটা অবশ্য আনুষ্ঠানিকভাবে বলা হয় নি। তবে যে দু-বছর ছিল, তখনও ছাত্রীনিবাস চালাতে কর্তৃপক্ষের হিমসিম খেতে হয়েছিল। অজিতকুমার চক্রবর্তীর মা সুশীলা দেবী, প্রভাতকুমার মুখোপাধ্যায়ের মা গিরিবালা দেবী, মোহিতচন্দ্র সেনের স্ত্রী সুশীলা দেবী – এঁদের কারো ছাত্রীনিবাস চালানোর অভিজ্ঞতা ছিল না। নিয়মকানুন কঠোরভাবে প্রয়োগ করতেও সঙ্কোচের কারণে, দুই বছরেই তিনবার কর্ত্রী পালটাতে হয়। দীর্ঘকাল পরে ছাত্রীনিবাস আবার শুরু হলে, স্নেহলতা সেনও এক বছরের বেশি থাকতে পারেন নি। সেই অবস্থায় হেমবালা এগারো বছর কর্ত্রী ছিলেন। তাঁর কঠিন শৃঙ্খলা রবীন্দ্রনাথ সব সময়ে অনুমোদন করেন নি বটে, আবার বিদেশে থেকে হেমবালাকে নানান ইচ্ছা জানিয়েছেন ছাত্রীদের শিক্ষার সম্পর্কে। হেমবালা ১৯৩৩ সালে ছুটি চাইলে কর্তৃপক্ষ অনুমোদন করেন। তাঁকে বরখাস্ত করা হয়েছে, এমন কথা প্রভাতকুমার জানান নি। কিন্তু হেমবালা কেন ছুটি চাইলেন, সেটাও স্পষ্ট বলেন নি। হেমবালা এর পরেও শান্তিনিকেতনে মধ্যে মধ্যে এসেছেন, তাঁর দাদা বৌদি আশ্রমেই ছিলেন। তাহলেও, অমিতা ঠাকুর ক্ষোভের সঙ্গে লিখেছেন, হেমবালা বিদায়ক্ষণে সামান্য সহায়তাও পান নি। কর্তৃপক্ষ ঠিক কী কারণে বিরূপ হয়েছিলেন, সেটা স্পষ্ট কেউই বলেন নি, যদিও রবীন্দ্রনাথ তার পরেও শুভকামনা করে হেমবালাকে চিঠি লিখছেন।

হেমবালাকে ছুটিতে যেতে বাধ্য করা হয়েছিল, না, তিনি স্বেচ্ছায় ছুটিতে যান? এই সময়ে শান্তিনিকেতনে শিক্ষক এবং গ্রন্থাগারিক ছিলেন প্রভাতকুমার মুখোপাধ্যায়। তাঁর বয়স তখন ৪২। কী ঘটেছিল,

সেটা তাঁর জানার কথা, কারণ হেমবালার কাজের দায়িত্ব দেওয়া হয় তাঁর স্ত্রী সুধাময়ীকে। হেমবালা যে শুধুই শ্রীভবনের কর্ত্রী ছিলেন, তা নয়। প্রভাতকুমার লিখেছেন, হেমবালা শান্তিনিকেতনের বিরাট রন্ধনশালা, আশ্রম–সংলগ্ন গোশালা, ঢেঁকিশাল তত্ত্বাবধান করতেন। হেমবালা চলে যাওয়ার পরে এই সব বন্ধ হয়ে যায়, কারণ দায়িত্ব নেওয়ার লোক নেই। প্রভাত মুখোপাধ্যায়ের পুরো সহানুভূতি ছিল হেমবালার প্রতি। হেমবালাকে যে সরিয়ে দেওয়ার কথা ভাবা হচ্ছে, বিকল্প হিসাবে সুধাময়ীকে ভাবা হচ্ছে সেটা দেখা যাচ্ছে ইন্দিরাকে লেখা রবীন্দ্রনাথের ১৮ চৈত্র ১৩৪০ তারিখে লেখা চিঠি থেকে। হেমবালাকে রবীন্দ্রনাথ ৬ বৈশাখ ১৩৪১ চিঠি লিখে জানাচ্ছেন, শান্তিনিকেতন থেকে কিছুদিন দূরে থাকলে হেমবালার ভালোই হবে। ১৪ আষাঢ় ১৩৪১ (২৯ জুন ১৯৩৪) হেমবালাকে রবীন্দ্রনাথ জানালেন, ‘‘এখানে নানা প্রয়োজনবশত নূতন ব্যবস্থার কারণ ঘটেছে। সেই কথা জেনেই তোমার ছুটি নেবার কথার অনুমোদন করতে হয়েছে। এই ব্যবস্থান্তরে আমার হৃদয় ব্যথিত।’’

নূতন ব্যবস্থার কারণ কী রবীন্দ্রনাথ লেখেন নি। প্রভাতকুমারও ‘‘ছোটোখাটো ঘটনায় এমন একটি আবহাওয়ার সৃষ্টি হয়’’ যে হেমবালা ছুটিতে যাওয়াই মনস্থ করলেন, এর বেশি কিছু লেখেন নি। সংসদে হেমবালাকে নিয়ে সিদ্ধান্ত নিতে হবে, এমন কোনো আভাস পাওয়া যাচ্ছে না প্রভাতকুমারের বিবরণ থেকে।

সুশোভনবাবু স্পষ্ট করে বলেন নি, হেমবালা সেনকে বরখাস্ত (?) করার পিছনে ছিলেন রথীন্দ্রনাথ। বিধুশেখর শাস্ত্রী সম্পর্কে বলতে গিয়ে তিনি সোজাসুজিই জানালেন, রথীই বিধুশেখরকে শান্তিনিকেতন ত্যাগ করতে বাধ্য করেছিলেন। কিন্তু কী কারণে বিধুশেখর বিশ্বভারতী ত্যাগ করেন, ১৯৩৭ সালে সুশোভনবাবু কি সেটা জানতেন? ক্ষিতিমোহন সেনের মেয়ে অমিতা সেন তাঁর ‘আনন্দ সর্ব কাজে’ স্মৃতিচারণায় স্পষ্ট বলেছেন, বিধুশেখর শাস্ত্রী কেন বিশ্বভারতী ছেড়ে দিলেন, সে বিষয়ে লোকে ভুল কথা বলে। অমিতার মতে, ঘটনাটি হলো এই – বিশ্বভারতীর কোনো অধ্যাপক ছাত্রীর সঙ্গে অশোভন সম্পর্কে লিপ্ত হয়ে পড়লে তাঁকে বরখাস্ত করা হয়। কিন্তু, তদবির করে যান সেই অধ্যাপক এবং তাঁর পদ ফিরে পান। বিধুশেখর শাস্ত্রী প্রতিবাদ করে বিশ্বভারতী ত্যাগ করেন। রবীন্দ্রনাথ তখন শান্তিনিকেতনেই আছেন, – তিনি শাস্ত্রীমশাইকে আটকানোর চেষ্টা করেন নি। রথীর দায়িত্ব কতটুকু, সে বিষয়ে অবশ্য সুশোভনবাবু নিঃসন্দেহ। যদিও শাস্ত্রীমশায়ের বিদায় নিয়ে রবীন্দ্রনাথ রথীকে লিখছেন ১৮ এপ্রিল ১৯৩৫ : শেষ মানুষ ছিলেন শাস্ত্রীমশায়, তিনিও চলে গেলেন। আদর্শে গভীরতা আছে এমন মানুষ প্রসঙ্গে রবীন্দ্রনাথ কথাগুলো লিখেছিলেন।

রবীন্দ্রনাথের শেষকৃত্য হয় কলকাতায়, রথীর নির্দেশে। বাইশে শ্রাবণ সুশোভনবাবু জোড়াসাঁকোতে ছিলেন সকাল থেকেই। দুটো কারণে তিনি বিরক্ত। রবীন্দ্রনাথকে শান্তিনিকেতনে নিয়ে যাওয়া হলো না কেন। যখন ইস্ট ইণ্ডিয়ান রেলওয়ের এক বড়কর্তা নিবারণ ঘোষের সেলুন করে স্পেশাল ট্রেনে কবির মরদেহ শান্তিনিকেতনে নিয়ে যাওয়া সম্ভব ছিল। তাহলে যথোচিত গাম্ভীর্যের সঙ্গে কবির শেষকৃত্য সম্পন্ন হতে পারত। সুশোভনবাবু নিশ্চয়ই জানতেন না, কবির শেষ নিঃশ্বাস পড়ার পরে চারুচন্দ্র ভট্টাচার্য (১৮৮৩–১৯৬১) রথীকে জিজ্ঞাসা করেছিলেন, শেষকৃত্য কোথায় হবে? রথী চিরকুটে জানিয়েছিলেন,

শান্তিনিকেতনে নয়, কলকাতা
Crematorium নয়, নিমতলা।

১৯৪১ সালে কেওড়াতলা ক্রিমেটেরিয়াম তৈরি হয় নি, কলকাতায় একটা ক্রিমেটোরিয়াম ছিল খ্রীস্টানদের, পার্ক স্ট্রীটে। দেবেন্দ্রনাথের শেষকৃত্য নিমতলায় হয়েছিল, সেখানেই রবীন্দ্রনাথের দাহ হবে, এটাই স্বাভাবিক। এই ব্যাপারে, সুশোভনবাবু অন্যায়ভাবে সজনীকান্ত আর চারুচন্দ্রকে অভিযুক্ত করেছিলেন। চারুচন্দ্র প্রেসিডেন্সি কলেজের পদার্থবিদ্যার অধ্যাপক হলেও, বিশ্বভারতী সংসদে রথীর পরামর্শদাতা ছিলেন, রথীও এই বয়োজ্যেষ্ঠ অধ্যাপককে মান্য করতেন।

জোড়াসাঁকোতে নন্দলাল বসুকে খাট সাজাতে দেখে সুশোভনবাবু বিরক্ত হয়েছিলেন। ‘‘রবীন্দ্রনাথ তখনও রয়েছেন, আর ওদিকে তাঁর দেহ নিয়ে যাওয়ার জন্য খাট তৈরি হচ্ছিল।’’ নীলরতন সরকারের আপত্তি অগ্রাহ্য করে বিধানচন্দ্র রায়ের পরামর্শে ললিত বন্দ্যোপাধ্যায় অপারেশন করেন ৩০ জুলাই। তার পর থেকেই আচ্ছন্ন অবস্থায় ছিলেন কবি ৭ আগস্ট পর্যন্ত। ৫ আগস্ট নীলরতনবাবু এবং বিধানবাবু শেষ দেখা দেখে যান। সুতরাং ৭ আগস্ট সকাল বেলা খাট তৈরি না হলে, শেষ যাত্রা কখন হবে? ১২.২০ মিনিটে শেষ নিঃশ্বাস, সাড়ে তিনটেয় প্রয়াণযাত্রা শুরু। যুদ্ধ চলছে, রাত্রিতে ব্ল্যাকআউট চালু – পুলিশের নির্দেশ ছিল সূর্যের আলো থাকতে থাকতেই যেন শেষকৃত্য সম্পন্ন হয়, না হলে বিশৃঙ্খলা হবে। সুশোভনবাবুর এসব না জানার কথা নয়। অথচ তিনি লিখছেন, ‘‘এই অবস্থায় সমস্ত ব্যবস্থাপনার কাণ্ডারী হয়ে দাঁড়ান সজনীকান্ত দাস এবং বোধ হয় চারুচন্দ্র ভট্টাচার্য। এই কর্মকর্তারা বিধান দিলেন যে মারা গেলে সূর্যাস্তের আগে দাহ করা বিধেয়। অতএব খাট তৈরি।’’ ‘বাইশে শ্রাবণ’ গ্রন্থে রাণী মহলানবিশ কবির জীবনের এই শেষ দিনটা নিয়ে, সজনীকান্ত দাসকে খলচরিত্র তৈরি করে, যে গল্প ফেঁদেছিলেন, সুশোভনবাবু সেটা বাছবিচার না করে বিশ্বাস করেছিলেন। রবীন্দ্রনাথের শেষ যে কদিন আচ্ছন্ন অবস্থায় কাটছিল, তখন অনবরত টেলিফোন আসছিল সংবাদপত্র, রেডিও, শুভার্থীদের কাছ থেকে কবির কুশল জিজ্ঞাসা করে। সাময়িকভাবে সজনীকান্ত একটি টেলিফোন কেন্দ্র তৈরি করেন এবং স্বেচ্ছাসেবক নিয়োগ করেন টেলিফোন বার্তা দেওয়ার জন্য। রাণীর অভিযোগ, ভুয়ো টেলিফোন কল করে, রাণীকে সরিয়ে নেওয়া হয় অসুস্থ প্রশান্তচন্দ্রের বরানগর বাড়িতে। রাণীর স্পষ্ট ইঙ্গিত ছিল রাণীকে সজনীকান্ত সরিয়ে দেন। ভাবখানা এমন, রাণী জোড়াসাঁকো থাকলে কবির শেষকৃত্য শান্তিনিকেতনে করতে তিনি বাধ্য করতেন রথী–প্রতিমাকে। এমন অবাস্তব কল্পনা সুশোভন সরকার বিশ্বাস করেছিলেন। সত্যই তাঁর রবীন্দ্রনাথের সঙ্গে পরিচয় অগভীরই ছিল।

*কালপ্রতিমা, ডিসেম্বর ২০১৫ পত্রিকার সৌজন্যে*

# হিন্দু অথবা প্রেসিডেন্সি কলেজের ইতিবৃত্ত

রাজনারায়ণ বসু

অদ্য কি আনন্দের দিন! সেই সকল পুরাতন মুখশ্রী পূর্ব্বে যাহা কলেজে দর্শন করিতাম তাহা আজি সন্দর্শন করিয়া অতিশয় তৃপ্তি লাভ করিতেছি। আজি বোধ হইতেছে যে আমরা যেন পুনরায় যৌবনান্বিত হইয়াছি। যৌবনসময়ের ভাব সকল আজি আমাদিগের মনে জাগরূক হইতেছে। এই সম্মিলনের উদ্যোগীগণ কর্ত্তৃক হিন্দুকলেজের ইতিবৃত্ত বলিতে অনুরুদ্ধ হইয়াছি। আমি হিন্দু কলেজ ও প্রেসিডেন্সী কলেজকে একই কলেজ মনে করি যেহেতু প্রেসিডেন্সী কলেজ পূর্ব্বকার হিন্দুকলেজেরই অনুক্রম মাত্র। হিন্দুকলেজের ছাত্র, হিন্দুকলেজের পাঠ্য পুস্তক, হিন্দুকলেজের শিক্ষক লইয়াই প্রেসিডেন্সী কলেজ হইয়াছে। অতএব ঐ কলেজদ্বয়কে একই কলেজ রূপে গণ্য করা কর্ত্তব্য।

নদীর উৎপত্তি স্থান যেমন পর্ব্বতস্থিত ক্ষুদ্র প্রস্রবণ তেমনি যে জ্ঞানলোক হিন্দুসমাজে প্রবিষ্ট হইয়া ক্রমশঃ বিকীর্ণ হইতেছে, তাহার উৎপত্তি স্থান হিন্দুকলেজ, অতএব হিন্দুকলেজ কিরূপে স্থাপিত হইয়াছিল, তাহার ইতিহাস অতি উৎসুক্যজনক। কিন্তু তদ্‌বৃত্তান্ত বলিতে গেলে তাহার পূর্ব্বের ইংরাজী শিক্ষার অবস্থার কিঞ্চিৎ বিবরণ দিতে হয়।

এতদ্দেশীয় ১৮১৪ খ্রীষ্টাব্দে খ্রীষ্টান মিসনরি রেবরেণ্ড মে সাহেব চুঁচুড়াতে একটি মিশনরী স্কুল সংস্থাপন করেন। এতদ্দেশীয় ইংরাজী স্কুলের মধ্যে এই স্কুলটি সর্ব্বপ্রথম সংস্থাপিত হয়। মে সাহেব গবর্ণমেন্ট হইতে সাহায্য প্রার্থনা করেন। তাঁহার প্রার্থনা সফল হয়। পরে কোন বিশিষ্ট হেতু বশতঃ সেই সাহায্য রহিত হয়। তাহার পরে শরবোরণ সাহেব কলিকাতায় এক স্কুল খুলেন। শরবোরণ সাহেব ফিরিঙ্গি ছিলেন। তিনি এক প্রকার বাঙ্গালি ছিলেন বলিলে হয়। শুনিয়াছি, তিনি প্রতি বৎসর পূজার সময় দ্বারকানাথ ঠাকুরের বাটি হইতে এক হাঁড়ি মিষ্টান্ন হাতে করিয়া লইয়া যাইতেন। পরে আরাটুন পিদ্রুস নামে আর একজন সাহেব আর একটি স্কুল সংস্থাপন করেন। ঐ স্কুলে কৃষ্ণমোহন বসু ও রামরাম মিশ্র নামে দুই ব্যক্তি ইংরাজি শিখিয়াছিলেন। কৃষ্ণমোহন বসুর জন্মস্থান দক্ষিণ দেশস্থিত বোড়াল গ্রাম। কৃষ্ণমোহন বসু রাজা রাধাকান্ত দেবের শিক্ষক ছিলেন। তিনি যখন তাঁহাকে পড়াইতে যাইতেন, তখন মতির মালা গলায় ও জরির জুতা পায়ে দিয়া যাইতেন। আমার বোধহয়, এই বিষয়ে তিনি বিলাতের প্রসিদ্ধ শিক্ষক ডাক্তার বুষবি সাহেবের দৃষ্টান্ত হইতে উপদেশ গ্রহণ করিয়াছিলেন। এক দিবস রাজা দ্বিতীয় চার্লস বুষবি সাহেবের স্কুল দেখিতে গিয়াছিলেন। বুষবি সাহেব তাঁহাকে বলিলেন, ‘আপনার রত্নমণ্ডিত টুপিটী আমাকে দিউন। কেন না আমার ছাত্ররা আমাকেই ইংলণ্ডের সর্ব্বশ্রেষ্ঠ লোক বলিয়া জানে। আমার অপেক্ষা আর কেহ যে ইংলণ্ডে বড়লোক আছে, ইহা তাহারা জানিলে আমার মানের হানি হইবে।’ বোধহয় কৃষ্ণমোহন বসু বুষবি সাহেবের ন্যায় শিক্ষকের কার্য্য অত্যন্ত সম্মানের কার্য্য বলিয়া মনে করিতেন, এই জন্য ঐরূপ পোষাক পরিতেন।

প্রথমে ইংরাজি শিক্ষার বড় দুরবস্থা ছিল। পরে মহাত্মা হেয়ার সাহেব উদ্যোগী হইয়া সেই দুরবস্থা দূর করেন। তিনি হেয়ার স্কুল সংস্থাপন করেন এবং সর্ব্বপ্রথম হিন্দু কলেজ সংস্থাপনের প্রস্তাব করেন এবং তৎসংস্থাপনের প্রধান উদ্যোগী ছিলেন। মহাত্মা হেয়ার সাহেবের নাম স্মরণ করিলে আমাদের হৃদয় কৃতজ্ঞতারসে আপ্লুত হয়। তাঁহার সম্বন্ধে আমার একখানি গ্রন্থে এইরূপ লেখা আছে।

‘ডেবিড হেয়ার এই দেশে ঘড়ির ব্যবসায় দ্বারা লক্ষ টাকা উপার্জ্জন করিয়াছিলেন। তিনি তাঁহার স্বদেশ স্কটলণ্ডে ফিরিয়া না গিয়া সেই সমস্ত অর্থ এতদ্দেশীয় লোকের হিতসাধনে ব্যয় করিয়া পরিশেষে দরিদ্র দশায় উপনীত হইয়াছিলেন। তাঁহাকে এতদ্দেশীয়দিগের ইংরাজী শিক্ষার সৃষ্টিকর্ত্তা বলিলে অত্যুক্তি হয় না। তিনি হেয়ার স্কুল সংস্থাপন করেন ও হিন্দু কলেজ সংস্থাপনের একজন প্রধান উদ্যোগী ছিলেন। আমি একজন তাঁহার ছাত্র ছিলাম। আমি যেন দেখিতেছি, তিনি ঔষধ হস্তে লইয়া পীড়িত বালকের শয্যার পার্শ্বদেশে দণ্ডায়মান রহিয়াছেন, অথবা যেখানে যাত্রা হইতেছে, তথায় হঠাৎ আসিয়া অভিনেতা বালককে নীচ আমোদক্ষেত্র হইতে বলপূর্ব্বক লইয়া যাইতেছেন।

হিন্দু কলেজ সংস্থাপনের কিছু দিন পূর্ব্বে হেয়ার সাহেব হেয়ার স্কুল সংস্থাপন করেন। হেয়ার স্কুল আমাদিগের বর্ত্তমান সকল বিদ্যালয় অপেক্ষা প্রাচীন। প্রথম হেয়ার স্কুলের নাম স্কুল সোসাইটির স্কুল

ছিল। হেয়ার সাহেব এই স্কুল সোসাইটির প্রাণস্বরূপ ছিলেন। এই স্কুল সোসাইটি দ্বারা আমাদিগের দেশের অনেক হিতসাধন হয়। তাঁহারা কলিকাতার কালীতলায় একটি বৃহৎ বালিকা বিদ্যালয় ও দুইটি ইংরাজী স্কুল সংস্থাপন করিয়াছিলেন, তন্মধ্যে হেয়ার সাহেবের স্কুল একটি। তাঁহারা শহরের বাঙ্গালা পাঠশালার গুরুদিগকে পারিতোষিক দিয়া শিক্ষার উন্নত প্রণালী অবলম্বন করিতে তাঁহাদিগকে প্রোৎসাহিত করিতেন। রাজা রাধাকান্ত দেবের বাটিতে গুরুদিগকে উল্লিখিত পারিতোষিক বিতরিত হইত। এই সোসাইটির দ্বারা রাজা রাধাকান্ত দেব স্ত্রীশিক্ষা পোষক 'স্ত্রীশিক্ষা বিধায়ক' গ্রন্থ ও বাঙ্গালা ভাষা শিক্ষাপযোগী 'নীতিকথা' প্রভৃতি পুস্তক প্রণয়ন করিতে প্রবর্ত্তিত হইয়াছিলেন। হেয়ার সাহেব প্রথমে রাজা রামমোহন রায়ের নিকট ভাল প্রণালীতে একটা বৃহৎ ইংরাজী স্কুল স্থাপনের প্রস্তাব করেন। কিন্তু প্রস্তাবটা কার্য্যে পরিণত হয় নাই। পরে বৈদ্যনাথ মুখোপাধ্যায় যিনি হাইকোর্টের পরলোকগত জজ অনুকূল মুখোপাধ্যায়ের পিতামহ, তিনি উহা প্রস্তাব করাতে কার্য্যে পরিণত হয়। বৈদ্যনাথ মুখোপাধ্যায় প্রত্যহ প্রত্যূষে ভ্রমণ করিবার সময় সার জন হাউড ঈষ্টের সহিত সাক্ষাৎ করিতে যাইতেন। সার জন হাউড ইষ্ট সুপ্রিম কোর্টের জজ ছিলেন। তাঁহার নিকট তিনি একটি ইংরাজী স্কুল স্থাপনের প্রস্তাব করেন। তিনি প্রস্তাবটি অনুমোদন করিলেন। তৎপরে হাউড ঈষ্ট সাহেব ও হেয়ার সাহেব উদ্যোগী হইয়া ১৮১৪ সালের ১৪ই মে দিবসে কলিকাতার প্রধান ব্যক্তিদিগের এক সভা আহ্বান করেন। কলিকাতার অনেক সম্ভ্রান্ত ব্যক্তি সেই সভায় উপস্থিত ছিলেন। কিন্তু সে সভাতেও কোন বিশেষ কার্য্য হয় নাই। সে সময়ে হিন্দুসমাজে বিলক্ষণ দলাদলি চলিতেছিল। রাজা রামমোহন রায় সেই সময়ে ধর্ম্মসংস্কার আরম্ভ করিয়াছিলেন। তিনিই সেই দলাদলির মূল। তাঁহার প্রতি বিদ্বেষ বশতঃ হিন্দু সমাজস্থ লোকেরা বলিয়াছিলেন, 'রামমোহন রায় ইহাতে থাকিলে আমরা থাকিব না।' ইহাতে মহামান্য রামমোহন রায় স্বীয় মহত্ত্ব গুণে বলিয়াছিলেন, 'আমি থাকিলে যদি বিদ্যালয়ের স্থাপন ও উন্নতির ব্যাঘাত ঘটে, তবে আমি ইহার সংস্রবে থাকিব না।' কিছুদিন এইরূপে আন্দোলন চলিল। পরে ১৮১৭ খৃঃ অব্দের ২০শে জানুয়ারী দিবসে স্কুল খোলা হইল। এই স্কুলই পরে উন্নত হইয়া হিন্দু কলেজে পরিণত হয়।

ঐ বিদ্যালয়ের সংস্থাপন কালে বৈদ্যনাথ মুখোপাধ্যায় স্কুলটিকে বট বৃক্ষের সহিত তুলনা করিয়াছিলেন। তিনি বলিয়াছিলেন যে, যেমন বটবৃক্ষ সামান্য বীজ হইতে উৎপন্ন হইয়া প্রকাণ্ড বৃক্ষরূপে পরিণত ও ফলে ফুলে সুশোভিত হয়, তদ্রূপ এই বিদ্যালয়ও হইবে। তাঁহার এই ভবিষ্যৎবাণী সার্থক হইয়াছে। হিন্দু কলেজ সংস্থাপনে হেয়ার সাহেব বিশেষ যত্ন করিয়াছিলেন। প্রধানতঃ তাঁহার যত্নে উহা সংস্থাপিত হয়। স্কুলের সাহায্যের নিমিত্ত বর্দ্ধমানের মহারাজা তেজচন্দ্র বাহাদুর ১০০০০ টাকা ও গোপীমোহন ঠাকুর ১০০০০ টাকা প্রদান করেন। স্কুলের একটি কমিটি ছিল। গোপীমোহন ঠাকুর, গোপীমোহন দেব, শ্রীকৃষ্ণ সিংহ, রাধাকান্ত দেব, ইহাঁরা স্কুলের গবর্ণর পদে নিযুক্ত হইয়াছিলেন। প্রসিদ্ধ পণ্ডিত মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ঐ কমিটির একজন সভ্য ছিলেন। প্রথম গরাণহাটায় গোরাচাঁদ বশাখের বাটিতে (যেখানে এক্ষণে ওরিএন্টল সেমিনরি আছে সেইখানে) স্কুলটি সংস্থাপিত হয়। তাহার পর ফিরিঙ্গি কমল বসুর বাটিতে (এক্ষণে যাহা বাবু হরনাথ মল্লিকের বাটী ও যেখানে সর্ব্বপ্রথমে ব্রাহ্মসমাজ কিছুদিন হইয়াছিল) লইয়া যাওয়া হয়। তথা হইতে স্কুল টিরেটী বাজারে স্থানান্তরিত হয়। তৎপরে ১৮২৬ সালে পটোলডাঙ্গায় সংস্কৃত কলেজের অট্টালিকায় আনা হয়। ১৮২৪ সালের ২৫ ফেব্রুয়ারী দিবসে ঐ অট্টালিকার মূল প্রস্তর গবর্ণর জেনেরল লর্ড আমহার্ষ্ট দ্বারা প্রোথিত হয়। ঐ প্রস্তরের উপরে খোদিত লিপি দ্বারা জানা যাইতেছে যে, উক্ত মূল প্রস্তর হিন্দু কলেজের নামে প্রোথিত হইয়াছিল। কিন্তু বস্তুতঃ ঐ অট্টালিকা প্রধানতঃ নূতন সংস্থাপিত সংস্কৃত কলেজের জন্য নির্ম্মিত হয়। সেই খোদিত লিপির অবিকল প্রতিলিপি নিম্নে দেওয়া গেল।

In the Reign of
His Most Gracious Majesty George the Fourth
Under the Auspices of
The Right Hon'ble William Pitt Amherst
Governor General of the British Possessions in India
This Foundation Stone of this Edifice
The Hindu College of Calcutta
Was laid by
John Pescal Larkins Esquire
Provincial Grand Master of the Fraternity of Free
Masons in Bengal
Amidst the acclamations
Of all ranks of the Native Population of this city
In the Presence of
A Numerous Assembly of the Fraternity
And of the
President and Members of the Committee of
General Instruction
On the 25th day of February 1824 and the
Area of Masonry 5824
Which may God prosper
Planned by B. Buxton Lieutenant
Bengal Engineers
Constructed by
William Burn and James Mackintosh."

এই অট্টালিকার মধ্যদেশে নূতন সংস্থাপিত সংস্কৃত কলেজ এবং দুই বাহুতে হিন্দু কলেজ সন্নিবেশিত হইল। এই সময়ে শেষোক্ত বিদ্যালয়টি প্রথম ঐ সংজ্ঞা প্রাপ্ত হয়।

এই সময়ে হিন্দু কলেজকে তিন নামে ডাকা হইত, হিন্দু কলেজ, এঙলো ইণ্ডিয়ান্ কলেজ ও মহাবিদ্যালয়। উহাতে বাঙ্গালা ইংরাজী পারসি পড়া হইত বলিয়া উহার এক নাম এঙ্লো ইণ্ডিয়ান কলেজ ছিল।

উল্লিখিত মূলপ্রস্তর প্রোথিত করিবার অব্যবহিত পূর্ব্বে সাহেবদিগের মধ্যে এতদ্দেশীয়দিগকে ইংরাজী শিক্ষা প্রদান করার বিধেয়তা বিষয়ে তুমুল আন্দোলন চলিতেছিল। তাহাদিগের মধ্যে কতকগুলি ইংরাজী শিক্ষার পক্ষ ও কতকগুলি বিপক্ষ ছিলেন, কেবল আরবি পারসি ও

সংস্কৃত শিক্ষার পক্ষ ছিলেন। এই দুই দলে ঘোরতর বিবাদ হইয়াছিল। এই বিবাদ, হিন্দু কলেজ পটলডাঙ্গায় আসিবার পূর্ব্বে আরম্ভ হইয়া এ ঘটনার পর দশ বৎসর পর্য্যন্ত চলিয়াছিল। পরে ১৮৩৫ সালের ৭ই মে দিবসীয় গবর্ণমেন্টের এক অবধারণ দ্বারা স্থিরীকৃত হয় যে, ইংরাজী শিক্ষার প্রতি অধিক মনোযোগ প্রদান করা কর্ত্তব্য। মহামান্য লর্ড উইলিয়ম বেন্টিঙ্ক ঐ সময়ে গবর্ণর ছিলেন। রামমোহন রায় ১৮২৩ সালে উক্ত বিষয়ে গবর্ণর জেনারেল লর্ড আমহর্ষ্ট সাহেবকে ইংরাজী শিক্ষার অনুমোদন করিয়া এক পত্র লিখেন, তাহার অবিকল প্রতিলিপি নিম্নে দেওয়া গেল।

"To His Excellency the Right Honourable Lord Amherst, Governor General in Council.

My Lord,

Humbly reluctant as the natives of India are to obtrude upon the notice of Government the sentiments they entertain on any public measure, there are circumstances when silence would be carrying this respectful feeling to culpable excess. The present rulers of India, coming from distance of many thousand miles to govern a people whose language, literature, manners, customs, and ideas are almost entirely new and strange them, cannot easily become so intimately acquainted with their real circumstances as the natives of the country are themselves. We should therefore be guilty of a gross dereliction of duty to ourselves and afford our rulers just grounds of complaint at our apathy, did we omit on occasions of importance like the present, to supply them with such accurate information as might enable them to devise and adopt measures calculated to be beneficial to the country, and thus second by our local knowledge and experience their declared benevolent intentions for its improvement.

"The establishment of a new Sanscrit School in Calcutta evinces the laudable desire of Government to improve the natives of India by education,— a blessing for which they must ever be grateful, and every well-wisher of the human race must be desirous that the efforts, made to promote it, should be guided by the most enlightened principles so that the stream of intelligence may flow in the most useful channels.

"When this seminary of learning was proposed, we understood that the Government in England had ordered a considerable sum of money to be annually devoted to the instruction of its Indian subjects. We were filled with sanguine hopes that this sum would be laid out in employing European gentlemen of talents and education to instruct the natives of India in Mathematics, Natural Philosophy, Chemistry, Anatomy, and other useful sciences, which the natives of Europe have carried to a degree of perfection that has raised them above the inhabitants of other part of the world.

"While we looked forward with pleasing hope to the dawn of knowledge, thus promised to the rising generation, our hearts were filled with mingled feelings of delight and gratitude, we already offered up thanks to Providence for inspiring the most generous and enlightened nations of the West with the glorious ambition of planting in Asia the arts and sciences of Modern Europe.

"We find that the Government are establishing a Sanscrit School under Hindu Pundits to impart such knowledge as is already current in India. This seminary (similar in character to those which existed in Europe before the time of Lord Bacon) can only be expected to load the minds of youth with grammatical niceties and metaphysical distinctions of little or no practical use to the possessors or to society. The pupils will there acquire what was known two thousand years ago with the addition of vain and empty subtleties since then produced by speculative men such as is already commonly taught in all parts of India.

"The Sanscrit language so difficult that almost a life time is necessary for its acquisition is well-known to have been for ages a lamentable check to the diffusion of knowledge, and the learning concealed under this almost impervious veil, is far from sufficient to reward the labour of acquiring it. But if it were thought necessary to perpetuate this language for the sake of the portion of valuable information it contains, this might be much more easily accomplished, by other means than the establishment of a new Sanscrit College, for there have been always and are now numerous professors of Sanscrit in the different parts of the country engaged in teaching this language as well as the other branches of literature which are to be the object of the new seminary. Therefore their more diligent cultivation, if desirable, would be effectually promoted, by holding out premiums and granting certain allowances to their most eminent professors, who have already undertaken on their own account to teach them, and would by such rewards be stimulated to still greater exertion.

"From these considerations, as the sum set apart for the instruction of the natives of India was intended by the Government in England for the improvement of its Indian subjects, I beg leave to state, with due deference to your Lordship's exalted situation that if the plan now adopted

be followed, it will completely defeat the object proposed, since no improvement can be expected from inducing young men to consume a dozen of years of the most valuable period of their lives in acquiring the niceties of Baikarana or Sanscrit Grammar. For instance, in learning to discuss such points as the following; khada, signifying to eat, khadati he or she or it eats; query, whether does khadati taken as a whole conveys the meaning he, she or it 'eats' or are separate parts of this meaning conveyed by distinctions of the word. As if in the English language it were asked how much meaning is there in the eat and how much in the s? And is the whole meaning of the word conveyed by these two portions of it distinctly or by them taken jointly?

'Neither can much improvement arise from such speculations as the following which are the themes suggested by the Vedanta; in what manner is the soul absorbed in the Deity? What relation does it bear to the Divine, Essence? Nor will youths be fitted to be better members of society by the Vedantic doctrines which teach them to believe, that all visible things have no real existence, that as father, brother, &c. have no actual entity they consequently deserve no real affection, and therefore sooner we escape from them and leave the world the better. Again no essential benefit can be derived by the student, of the Mimansa from knowing what it is that makes the killer of goat sinless by pronouncing certain passages of the Vedanta and what is the real nature and operative influence of passages of the Vedas, &c.

'The student of the Naya Shastra cannot be said to have improved his mind after he has learnt from it into how many ideal classes the objects in the universe are divided and what spculative relation, the soul bears to the body, the body to the soul, the eye to the ear, etc.

"In order to enable your Lordship to appreciate the utility of encouraging such imaginary learning as above characterized, I beg Lordship will be pleased to compare the state of science and literature in Europe before the time of Lord Bacon with the progress of knowledge made since he wrote.

"If it had been intended to keep the British nation in ignorance of real knowledge, the Baconian philosophy would not have been which was the best to perpetuate ignorance. In the same manner the Sanscrit system of education would be the best calculated to keep this country in darkness if such had been the policy of the British legislative. But as the improvement of the native population is the object of the Government, it will consequently promote a more liberal and enlightened system of instruction, embracing Mathematics, Natural Philosophy, Chemistry, Anatomy, with other useful sciences, which may be accomplished with the sums proposed by employing a few gentlemen of talents and learning educated in Europe and providing a college furnished with necessary books, instruments, and other apparatus.

"In representing this subject to your Lordship I conceive myself discharging a solemn duty which I owe to my countrymen and also to that enlightened sovereign and legislature which have extended their benevolent care to this distant land actuated by a desire to improve the inhabitants, and therefore humbly trust you will excuse the liberty I have taken in thus expressing my sentiments to your Lordship.

I have the honour &c.
Ram Mohan Roy."

রামমোহন রায় এই আবেদন পত্র অমায়িক–স্বভাব ভারতহিতৈষী বিখ্যাত লর্ড বিশপ হিবর সাহেব দ্বারা গবর্ণর জেনারেলের নিকট অর্পণ করেন। হিবর সাহেব এই পত্র সম্বন্ধে লিখিয়াছেন ‘‘This paper for its good English, Good sense and forcible arguments, is a real curiosity, as coming from an Asiatic’’ এক্ষণে আমরা প্রকৃত বিষয়ে প্রত্যাবর্ত্তন করিতেছি।

হিন্দু কলেজের নিমিত্ত প্রথমে ১১৩১৭৯ টাকা সংগৃহীত হয়। সেই টাকা জোজেফ বেরেটো কোম্পানী নামক এক পোর্টুগীজ সওদাগরের হাউসে রাখা হয়। তাহার উপস্বত্ব হইতে টাকা লইয়া হিন্দু কলেজের অধ্যক্ষেরা কলেজের ব্যয় নির্ব্বাহ করিতেন। ১৮২৪ খৃষ্টাব্দে উক্ত সওদাগর দেউলিয়া হওয়াতে ২৩০০০ টাকা মাত্র অবশিষ্ট থাকে। এই সময়ে কলেজ কমিটি অর্থানুকূল্যের জন্য গবর্ণমেন্টের নিকট প্রার্থনা করেন। গবর্ণমেন্ট অর্থানুকূল্য প্রদানে সম্মত হয়েন। হিন্দুকলেজ কমিটী ও গবর্ণমেন্টের পক্ষ জেনারেল কমিটী অব পবলিক ইন্‌ষ্ট্রক্‌শন অর্থাৎ সাধারণ শিক্ষা কমিটী, এই দুয়ের মধ্যে এই বন্দোবস্ত হইয়াছিল যে, যখন অর্থানুকূল্য করা হইতেছে, তখন সেই অর্থ কিরূপে ব্যয়িত হয়, তাহা দেখিবার জন্য শেষোক্ত কমিটীর যিনি সম্পাদক হইবেন, তিনি হিন্দুকলেজেরও বিজিটর অর্থাৎ পরিদর্শক পদে নিযুক্ত হইবেন। সংস্কৃত কলেজের অধ্যক্ষ ও সাধারণ শিক্ষা কমিটীর সম্পাদক বিখ্যাত উইলসন সাহেব প্রথম ঐ পদে নিযুক্ত হয়েন। উইলসন সাহেব মনে করিতেন যে, হিন্দুকলেজের ছাত্রেরা বাবু শ্রেণীর লোক ও সংস্কৃত কলেজের ছাত্রেরা পণ্ডিতশ্রেণীর লোক। এই দুই শ্রেণীর লোকের মধ্যে পরস্পর স্বভাবতঃ বিদ্বেষভাব থাকা নিবন্ধন সর্ব্বদা বিবাদের আশঙ্কা করিয়া তিনি প্রত্যেক কলেজের চতুর্দ্দিকে শক্ত করিয়া রেল দিয়াছিলেন।

উইলসন সাহেবের পর সাধারণ শিক্ষা কমিটীর সম্পাদক সদর্লন্ড সাহেব, ওয়াইজ সাহেব প্রভৃতি হিন্দুকলেজের বিজিটর হইয়াছিলেন। জেনারেল কমিটী অব পবলিক্ ইনষ্ট্রক্শন্ অর্থাৎ সাধারণ শিক্ষা কমিটী কৌন্সিল অব এডুকেশন অর্থাৎ শিক্ষাসমাজে পরিণত হইলে পর ১৮৪১ সালে যখন সর এডওয়ার্ড রায়েন শিক্ষাসমাজের সভাপতি ছিলেন, তখন তিনি যেরূপ অর্থানুকূল্য করা হইতেছে সেরূপ তত্ত্বাবধান হইতেছে না, ইহা বিবেচনা করিয়া কমিটির সঙ্গে এই বন্দোবস্ত করিলেন যে, কলেজ কমিটীর সকল সভ্য শিক্ষাসমাজের সভ্য হইবেন এবং শিক্ষা সমাজের সকল সভ্য কলেজ কমিটীর সভ্য হইবেন। কিন্তু যখন কলেজ কমিটীর অধিবেশন হইবে, তখন শিক্ষা সমাজের দুইজন সভ্য এবং তাহার সভাপতি এবং সম্পাদক উপস্থিত থাকিবেন এবং যখন শিক্ষা সমাজের অধিবেশন হইবে তখন কলেজ কমিটির দুইজন সভ্য মাত্র উপস্থিত থাকিবেন। শুদ্ধ এই বন্দোবস্ত হইল তাহা নহে, কলেজ কমিটীর নাম লুপ্ত হইয়া তদবধি তাহা Section of the Council of Education for the Management of Hindu College অর্থাৎ হিন্দুকলেজের তত্ত্বাবধানার্থ শিক্ষা সমাজের বিভাগ, এই নামে আখ্যাত হইল। তৎপরে ১৮৫৩ সালে হিন্দুকলেজের শিক্ষক কৈলাসচন্দ্র বসু খৃষ্টীয়ান হইয়া যাওয়াতে কলেজ কমিটীর এতদ্দেশীয় সভ্যেরা তাঁহাকে কর্ম্মচ্যুত করিবার এবং ইংরাজ সভ্যেরা তাঁহাকে রাখিবার অভিপ্রায় করাতে তাহাদিগের মধ্যে ঘোরতর বিবাদ উপস্থিত হয়। এই বিরোধ নিবন্ধন, শ্রীযুক্ত প্রসন্নকুমার ঠাকুর কলেজ কমিটী হইতে অবসৃত হয়েন। এই সময় রাজা রাধাকান্ত দেব, রাধামাধব বন্দ্যোপাধ্যায়, শ্রীকৃষ্ণ সিংহ, আশুতোষ দেব, রসময় দত্ত প্রভৃতি কলেজ কমিটীর মেম্বর ছিলেন। ইহাদিগের মধ্যে কেবল রসময় দত্ত প্রভৃতি কলেজ কমিটির মেম্বর ছিলেন। ইহাদিগের মধ্যে কেবল রসময় দত্ত সাহেবদিগের পক্ষে ছিলেন। এইরূপ বিবাদ হওয়াতে গবর্ণর জেনেরল লর্ড ডালহৌসী এই প্রস্তাব করেন যে যদ্যপি কলেজ কমিটীর এতদ্দেশীয় সভ্যেরা কলেজ নিজে চালাইতে সমর্থ হয়েন, তাহা হইলে তাঁহারা চালাউন, যদি না সমর্থ হয়েন, তবে তিনি সাম্প্রদায়িক (Sectarian) কলেজ উঠাইয়া দিয়া একটি অসাম্প্রদায়িক কলেজ স্থাপন করিতে অভিলাষ করেন। হিন্দু কলেজে বর্ণমালা শিক্ষা পর্য্যন্ত শিক্ষার বন্দোবস্ত থাকাতে লর্ড ডালহৌসী উহাকে Dame's School অর্থাৎ বুড়ির পাঠশালা বলিয়া ডাকিতেন। লর্ড ডালহৌসীর উক্ত প্রস্তাব বর্ত্তমান প্রেসিডেন্সী কলেজের সূত্রপাত বলিতে হইবে। ১৮৫৪ সালে হিন্দু কলেজের প্রথম দুই শ্রেণী লইয়া প্রেসিডেন্সী কলেজ সংস্থাপিত হইয়াছে। যখন হিন্দু কলেজের দুই শ্রেণী লইয়া প্রেসিডেন্সী কলেজ সংস্থাপিত হইয়াছে তখন প্রেসিডেন্সি কলেজকে উহার অনুক্রম বলিতে হইবে। বাহু যেমন হস্তের অনুক্রম, উরু যেমন পদের অনুক্রম, প্রেসিডেন্সি কলেজ সেইরূপ হিন্দু কলেজের অনুক্রম। ইহাকে সম্পূর্ণরূপে হিন্দু কলেজের সহিত সম্বন্ধবিহীন কলেজ বলিয়া মনে করা অন্যায়। লর্ড ডালহৌসী কলেজ কমিটীর প্রতি অন্যায় করা হইল বিবেচনা করিয়া কমিটীর সভ্যদিগের সন্তোষার্থ হিন্দু স্কুল সংস্থাপন করেন। ইহাতে কেবল হিন্দুদিগের সন্তান পড়িয়া থাকে। আমার ''সেকাল আর একাল'' গ্রন্থে গবর্ণমেন্ট যে বিশেষ ইংরাজী কৌশল নিয়োগ দ্বারা কলেজের অধ্যক্ষতা এতদ্দেশীয় লোকদিগের হস্ত হইতে কাড়িয়া লয়েন, উল্লেখ আছে, সেই বিশেষ ইংরাজী কৌশল উপরে বর্ণিত হইল।

এক্ষণে আমি হিন্দু অথবা প্রেসিডেন্সি কলেজের শিক্ষকদিগের বৃত্তান্ত বলিতে প্রবৃত্ত হইতেছি।

১৮১৭ সাল হইতে ১৮৩৩ সাল পর্য্যন্ত ডেন্সেলেম সাহেব হিন্দু কলেজের হেড মাষ্টর ছিলেন। তাঁহার সময়ে টাইটলর, রস, থিওডর ডিকেন্স এবং জন পিটার গ্রান্ট ইঁহারা অন্যতর শিক্ষক ছিলেন। টাইটলার সাহেব সাহিত্য ও গণিত শাস্ত্রের অধ্যাপক ছিলেন। তিনি একজন বিলক্ষণ পণ্ডিত ব্যক্তি ছিলেন। তিনি ইংরাজী সাহিত্য ও গণিত ও চিকিৎসা বিদ্যা উত্তমরূপে জানিতেন। এতদ্ব্যতীত পারসী ও আরবীতে ব্যুৎপন্ন ছিলেন ও সংস্কৃত অল্প অল্প জানিতেন। তিনি একটি কেন্দ্র ছিলেন। ইংরাজী ''eccentric'' শব্দ আমি ''কেন্দ্রবর্জ্জিনী ভাব বিশিষ্ট'' এই বাক্যে দ্বারা অনুবাদ করিয়া থাকি। মনুষ্য সংক্ষেপ প্রিয়, অতএব ঐ বাক্যের সঙ্কোচ করিয়া লইয়া কেন্দ্রবর্জ্জন ভাব বিশিষ্ট ব্যক্তিকে শুদ্ধ ''কেন্দ্র'' বলিয়া ডাকিয়া থাকি। টাইটলার সাহেব একটী ''কেন্দ্র'' ছিলেন। তিনি এক দিবস তাঁহার বালক পুত্রের ছাগলের গাড়ি চড়িয়া কেল্লার মাঠে উপস্থিত হইয়াছিলেন। সাহেবরা দেখিয়া অবাক। যে দিবস তাঁহার ছাত্রেরা ম্যাথেমেটিক্স শেখা ফাঁকি দিবার ইচ্ছা করিত, সে দিবস তাহাদিগের মধ্যে একজন একটি সংস্কৃত কবিতা পাঠ করিত। হয়ত তাহাদিগের মধ্যে একজন বলিয়া উঠিত ''নলিনীদলগতজলবৎ তরলং'', তিনি বাঙ্গালায় বলিতেন ''কি বলিলে আবার বল, কি অর্থ ইহার''। এইরূপে ঐ শ্লোকের অর্থের বিচার করিতে করিতে সময় কাটিয়া যাইত, ম্যাথেমিটিক্স পড়া হইত না। একদিন তাঁহার ছাত্রেরা পাঠ্য পুস্তকে ''crawl'' শব্দ পাইয়াছিল। তাহারা দুষ্টামি করিয়া বলিল যে আমরা ঐ শব্দের অর্থ বুঝিতে পারি না। তিনি তাহার অর্থ নানা প্রকারে বুঝাইতে চেষ্টা করিলেন, তবু তাহারা কিছুই বুঝে নাই, এইরূপ ভাণ করিল। পরিশেষে তিনি কি করেন, নিজে ভূমিতে ''crawl'' করিয়া দেখাইয়া দিলেন। পূর্ব্বে বর্ণিত হইয়াছে যে, টাইটলার সাহেব চিকিৎসা বিদ্যা উত্তমরূপে জানিতেন। তিনি গবর্ণমেন্ট দ্বারা সংস্থাপিত তদানীন্তন চিকিৎসা বিদ্যালয়ের অধ্যক্ষ ছিলেন। সেই চিকিৎসা বিদ্যালয়ে হিন্দুস্থানী ভাষাতে শিক্ষা প্রদত্ত হইত এবং ছাগল ও অন্যান্য পশু কাটিয়া শারীরবিদ্যা শিখান হইত। যখন মেডিক্যাল কলেজ সংস্থাপনের প্রস্তাব হয়, তখন টাইটলর সাহেব তাহার বিস্তর আপত্তি করিয়াছিলেন। এ বিষয়ে ডফ সাহেব তাঁহার প্রতিদ্বন্দ্বী ছিলেন। তিনি মেডিক্যাল কলেজ সংস্থাপনের পক্ষ ছিলেন। রস্ সাহেব কেমিষ্ট্রি বিষয়ে লেকচার দিতেন, তিনি ঐ বিদ্যা ভাল জানিতেন না। তিনি কেবল সোডা পদার্থের গুণ উত্তমরূপে পরিজ্ঞাত ছিলেন। উহার গুণই তিনি সর্ব্বদা ব্যাখ্যা করিতেন, এই জন্য ছাত্রদিগের মধ্যে তাঁহার নাম ''সোডা'' হইয়াছিল। তাঁহার ছাত্র শ্রীযুক্ত রেবারেণ্ড কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায় ''Soda and his pupils'' এই শিরস্ক দিয়া এক পত্র তাঁহার বিপক্ষে সম্বাদপত্রে লিখিয়াছিলেন। বিখ্যাত বেরিষ্টর থিওডোর ডিকেন্স ও তাঁহার পর জন পিটার গ্রান্ট আইন বিষয়ে লেকচর দিতেন। এই জন পিটার গ্রান্ট পরে সুপ্রীম কোর্টের জজ হইয়াছিলেন। তিনি আমাদের

ভূতপূর্ব্ব লেফটেনেন্ট গবর্ণর গ্রান্ট সাহেবের পিতা।

এই সময়ে ডিরোজিও সাহেব কলেজের চতুর্থ শিক্ষক ছিলেন। ছাত্রেরা তাঁহার প্রতি অত্যন্ত অনুরক্ত ছিল। তাঁহার একটি বিশেষ ক্ষমতা ছিল যে, তিনি বালকদিগের মন বিশেষরূপে আকর্ষণ করিতে পারিতেন। তিনি স্কুলের সময়ের পূর্ব্বে ও পরে বালকদিগের সহিত কথোপকথনচ্ছলে নানা বিষয়ে শিক্ষা দিতেন। তিনি তাহাদিগকে Mental Philosophy অর্থাৎ মনস্তত্ত্ব, ইংরাজী সাহিত্য প্রভৃতি বিষয়ে উপদেশ দিতেন। তাঁহার উপদেশের প্রভাবে ছাত্রগণের মনে হিন্দুধর্ম্মের প্রতি অনাস্থার উদয় হইয়াছিল। তাঁহাদিগের মধ্যে কেহ কেহ উপবীত পর্য্যন্ত পরিত্যাগ করিয়াছিলেন। কেহ কেহ ইষ্টমন্ত্র-জপ করিবার সময় তাহা জপ না করিয়া পোপ নামক ইংরাজী কবি দ্বারা অনুবাদিত হোমর প্রণীত ইলিয়ড কাব্যের পদ সকল মনে মনে পাঠ করিতেন। এই সকল দেখিয়া শুনিয়া কলেজের অধ্যক্ষেরা ভীত হইয়া উঠিলেন। ডিরোজিওর সম্বন্ধে আমার প্রণীত একখানি পুস্তকে যাহা লিখিয়াছি, তাহা এক্ষণে পাঠ করিতেছি–

''ডিরোজিও সাহেব একজন ফিরিঙ্গী ছিলেন। তিনি কলেজের চতুর্থ শিক্ষক ছিলেন। কিন্তু ছাত্রেরা তাঁহাকেই অধিক চিনিত, প্রধান শিক্ষককে তত চিনিত না। তিনি প্রগাঢ় বিদ্যা ও অকৃত্রিম স্নেহ দ্বারা ছাত্রদিগকে এমন বশীভূত করিয়াছিলেন যে, তাঁহাকে তাহারা ছাড়িতে চাহিত না। তিনি অতি প্রিয়ম্বদ ও সুকবি ছিলেন। হিন্দু কলেজের ভিতর একবার একটি তামাসা হইতেছিল। একটি বালক তাঁহার সম্মুখে তাঁহাকে আড়াল করিয়া তামাসা দেখিতেছিল। তিনি বলিলেন, ''My boy you are not transparent'' ''প্রিয় বালক! তুমি স্বচ্ছ পদার্থ নহ।'' তাঁহার এই দেশে জন্ম ছিল। কিন্তু অন্যান্য ফিরিঙ্গী যেমন বলে, ''মোদের বিলাত'', তিনি সেরূপ বলিতেন না। এই দেশকে তিনি স্বদেশ জ্ঞান করিয়া ইহার প্রতি যথেষ্ট মমতা করিতেন। তাঁহার একটি কবিতাতে তাঁহার স্বদেশানুরাগের অত্যুৎকৃষ্ট পরিচয় প্রাপ্ত হওয়া যায়। সে কবিতাটী তাঁহার রচিত ভারতবর্ষের একটি পুরাতন-আখ্যানমূলক কাব্যের মুখবন্ধ।

"My country! in thy days of glory past
A beauteous halo circled round thy brow,
And worshipped as a deity thou wast,
Where is that glory, where that reverence now?
The eagle pinion is chained down at last
And grovelling in the lowly dust art thou;
Thy ministrel hath no wreath to weave for thee,
Save the sad story of thy misery!
Well let me dive into the depths of time
And bring from out the ages that have rolled
A few small fragments of those wrecks sublime
Which human eye may never more behold;
And let the guerdon of my labour be,
My fallen country! One kind wish for thee."

স্বদেশ আমার! কিবা জ্যোতির মণ্ডলী
ভূষিত ললাট তব, অস্তে গেছে চলি
সে দিন তোমার, হায় সেই দিন যবে
দেবতা সমান পূজ্য ছিলে এই ভবে।
কোথায় সে বন্দপদ! মহিমা কোথায়!
গগনবিহারী পক্ষী ভূমিতে লুটায়।
বন্দীগণ বিরচিত গীত উপহার
দুঃখের কাহিনী বিনা কিবা আছে আর?
দেখি দেখি কালার্ণবে হইয়া মগন
অন্বেষিয়া পাই যদি বিলুপ্ত রতন।
কিছু যদি পাই তার ভগ্ন অবশেষ
আর কিছু পরে যার না রহিবে লেশ।
এ শ্রমের এই মাত্র পুরস্কার গণি,
তব শুভধ্যায় লোকে অভাগা জননি!''

দুঃখের বিষয় এই যে একজন ফিরিঙ্গী ভারতবর্ষকে এমন প্রেমের চক্ষে দেখিতেন, কিন্তু এক্ষণকার কোন কোন হিন্দু সন্তানকে সেরূপ করিতে দেখা যায় না। ডিরোজিওর স্বদেশানুরাগ, তাঁহার সদাশয়তা, তাঁহার প্রগাঢ় বিদ্যা ও জ্ঞান দেখিয়া তাঁহার কতকগুলি ছাত্র এমন মুগ্ধ হইয়াছিল যে, তাহারা সর্ব্বদাই তাঁহার সহবাসে থাকিতে ভালবাসিত। তিনি কলেজ ধর্ম্ম ও সমাজ বিষয়ে উপদেশ দিতেন, তজ্জন্য কলেজের অধ্যক্ষেরা তাঁহার প্রতি বিরক্ত হওয়াতে তিনি রাত্রিতে আপনার ইটালিস্থ বাসায় উপদেশ দিবার নিয়ম করিলেন। তাঁহার ছাত্রেরা তাঁহাকে এমনি ভালবাসিত যে, অন্ধকার রাত্রি ঝড় বৃষ্টি দুর্যোগ হইলেও তাহাদিগের মধ্যে কেহ কেহ বাগবাজার হইতে ইটালী যাইতে সঙ্কোচ করিত না। ডিরোজিওর শিষ্যেরা তাঁহার নিকট হইতে যে পাশ্চাত্ত্য আলোক প্রাপ্ত হইয়াছিল, তাহা তাহাদিগের মস্তক ঘূর্ণিত করিয়া দিয়াছিল। তাহারা হিন্দু সমাজের নিয়ম সকল অবহেলা করিতে লাগিল। ডিরোজিওর শিষ্যগণের আচরণ হেতু তাঁহার অত্যন্ত নিন্দা হইতে লাগিল, এজন্য মহাবিদ্যালয়ের অধ্যক্ষেরা তাঁহাকে কর্ম্মচ্যুত করেন। হিন্দুকলেজ হইতে বহিস্কৃত হইবার কিছুদিন পরে ডিরোজিও সাহেবের মৃত্যু হয়। যখন তাঁহার মৃত্যু হয়, তখন তাঁহার বয়ঃক্রম তেইশ বৎসর মাত্র ছিল।''

ডিরোজিও সাহেবের উপরে কলেজের অধ্যক্ষদিগের দ্বারা তিনটি অপবাদ আরোপিত হয়। সে তিনটী অপবাদ এই – ঈশ্বরের অস্তিত্বে অবিশ্বাস, পিতামাতার প্রতি অবহেলা করিতে শিক্ষা দেওয়া ও ভ্রাতা ভগিনীর পরস্পর বিবাহ অনুমোদন করা। কিন্তু তিনি এ তিনটী অপবাদই অস্বীকার করেন। কলেজের বিজিটর উইলসন সাহেব তাঁহাকে পত্র লেখেন যে, আপনি যদি এ সকল অপবাদ অমূলক বলিয়া স্পষ্টরূপে প্রমাণ করিতে পারেন, তাহা হইলে কলেজের অধ্যক্ষদিগকে এ বিষয়ে আমি আহ্লাদ পূর্ব্বক জানাইব। তাহাতে তিনি প্রথম অপবাদ সম্বন্ধে এই উত্তর দিয়াছিলেনঃ–

Entrusted as I was for sometime with the education of youth, peculiarly circumstanced, was it for me to have made them part as ignorant dogmatists by permitting them to know what would be said upon only one side of grave questions? Setting aside the narrowness of mind

which such a course might have evinced, it would have been injurious to the mental energies and acquirements of the young men themselves. And (whatever may be said to the contrary) I can vindicate my procedure by quoting no less orthodox an authority than Lord Bacon. "If a man", says this philosopher (and no one ever had a better right to pronounce an opinion upon such matters than he), "will begin with certainties, he shall end in doubts." This I need scarcely observe is always the case with contented ignorance, when it is roused too late to thought. One doubt suggests another and universal scepticism is the consequence. I therefore thought it may duty to acquaint several of the college students with the substance of Hume's celebrated dialogue between Cleanthes and Philo in which the most subtle and refined arguments against theism are adduced. But I have also furnished them with Dr. Reid's and Dugald Stewart's more acute replies to Hume – replies which to this day continue unrefuted. This is the head and front of my offending. If the religious opinions of the students have become unhinged in consequence of the course I have pursued, the fault is not mine. To produce conviction was not within my power and if I am to be condemned for the atheism of some, let me receive credit for the theism of others. Believe me, my dear sir, I am too thoroughly imbued with a deep sense of human ignorance and of the perpetual vicissitudes of opinions to speak with confidence even of the most unimportant matters. Doubt and uncertainties besiege us too closely to admit the boldness of dogmatism to enter an enquiring mind and far be it from me to say that "this is" and "that is not" when, after most extensive acquaintance with the researches of science and after the most daring fights of genius, we must confess with sorrow and disappointment that humility becomes the highest wisdom, for the highest wisdom assures man of his ignorance."

দ্বিতীয় অপবাদ সম্বন্ধে তিনি এই কথা বলিয়াছিলেন যে, ''আমি এরূপ শিক্ষা কখনই দিই না। আমি নিজে আমার পিতা মাতার অত্যন্ত বাধ্য। দক্ষিণারঞ্জন মুখোপাধ্যায় তাঁহার পিতার সহিত বিবাদ করিয়া ভিন্ন বাটীতে থাকিবার বিষয়ে আমার পরামর্শ জিজ্ঞাসা করেন। কিন্তু আমি তাহাতে সম্মত হই নাই। পরে দেখি যে তিনি আমার বাসার নিকট একটী বাড়ী ভাড়া করিয়াছেন। ইহাতে আমি তাঁহাকে ধমকাইয়া বলিলাম যে, এ বিষয়ে তুমি কেন আমাকে জিজ্ঞাসা কর নাই।'' তৃতীয় অপবাদ সম্বন্ধে ডিরোজিও সাহেব এই কথা বলিয়াছিলেন যে ''I never taught such absurdity'' ''এইরূপ অসঙ্গত ভ্রম কখনই শিখাই নাই।'' তিনি তাঁহার পত্র এই বলিয়া সমাপ্ত করিয়াছিলেন, ''যাহা হউক আমি এই সকল অপবাদের জন্য বড় দুঃখিত আছি। আমি জানিতে পারিয়াছি যে বৃন্দাবন ঘোষাল নামক এক ব্রাহ্মণ, যাহার কর্ম্ম কেবল বাবুদিগের নিকট গল্প করিয়া বেড়ানো, সেই এই সকল মিথ্যা অপবাদ আমার নামে রটনা করিয়াছে।'' ইংরাজী শিক্ষা প্রবর্ত্তনা জন্য আমরা হেয়ার সাহেবের নিকট ও তাঁহার নীচেই ডিরোজিও সাহেবের নিকট চিরকৃতজ্ঞতাপাশে বদ্ধ আছি। তাঁহার ছাত্রদিগের মধ্যে রামগোপাল ঘোষ, রসিককৃষ্ণ মল্লিক, দক্ষিণারঞ্জন মুখোপাধ্যায়, কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায় ও রামতনু লাহিড়ী প্রধান। তাঁহার ছাত্রেরা যে তাঁহার কত প্রিয়পাত্র ছিল ও তিনি তাঁহাদিগের কত আশা করিতেন ও তাঁহাদিগের প্রতি তাঁহার কত যত্ন ছিল, তাহা নিয়ে উদ্ধৃত চতুর্দশপদী কবিতাদ্বারা প্রমাণিত হইতেছে।

"To the Students of the Hindu College.
"Expanding like the petals of young flowers,
I watch the gentle opening of your minds
And sweet loosening of the spell that binds
Your intellectual energies and powers, that stretch
(Like young birds in soft summer hour)
Their wings to try their strength. O how the winds
Of circumstance, and freshening April showers
Of early knowledge, and unnumbered kinds
Of new perceptions shed their influence,
And how you worship Truth's Omnipotence!
What joyance rains upon me, when I see
Fame in the mirror of futurity
Weaving the chaplets you ar yet to gain
And then I feel I have not lived in vain."

ডিরোজিওর আশা সফল হইয়াছে। তাঁহার ছাত্রদিগের মধ্যে অনেকেই যশস্বী হইয়াছেন।

ডিরোজিও সাহেবের পরে স্পীড সাহেব হিন্দু-কলেজের হেড মাষ্টর হয়েন। তিনি অতি কঠোরস্বভাব ছিলেন, তিনি লাষ্ট ক্লাশ হইতে বেত মারিতে আরম্ভ করিয়া ফাষ্ট ক্লাশে আসিয়া নিরস্ত হইতেন। ইনি ''ইণ্ডিয়ান গার্ডেনর'' নামে একটি পুস্তক রচনা করেন ও এতদ্দেশে এরারুটের চাষ প্রথম আরম্ভ করেন। ১৮৩৫ খৃষ্টাব্দে কাপ্তেন রিচার্ডসন সাহেব কলেজের প্রফেসর পদে নিযুক্ত হয়েন।

১৮৪১ খৃষ্টাব্দে তিনি প্রিন্সিপল হয়েন। ১৮৪৩ খৃষ্টাব্দে তিনি বিলাত গমন করেন। তিনি সদ্বিদ্যাশালী সুরুচি সম্পন্ন ব্যক্তি ছিলেন। ছাত্রদিগকে ইংরাজী সাহিত্য শিক্ষা দিবার নিমিত্ত তাঁহার অত্যন্ত যত্ন ছিল। তিনি অতি সুন্দররূপে সেক্সপিয়র বুঝাইয়া দিতে পারিতেন ও অতি মনোহররূপে সেক্সপিয়র আবৃত্তি করিতেন। মেকলে সাহেব তাঁহাকে বলিয়াছিলেন, যে ''I can forget everything of India, but I can never forget your reading of Shakespeare.'' ''বিলাতে যাইলে আমি ভারতবর্ষের সমস্ত বিষয় ভুলিতে পারি, কিন্তু তুমি যেমন করিয়া সেক্সপিয়র পাঠ কর, তাহা কখন ভুলিতে পারিব না।'' রিচার্ডসন সাহেবের নাম উচ্চারণ করিলে অনেক কৃতবিদ্য ব্যক্তির হৃদয় কৃতজ্ঞতা রসে আপ্লুত হয়। ছাত্রদিগকে ইংরাজী সাহিত্যের মর্ম্মজ্ঞ করিতে ও তাহাদিগের মনে তদ্বিষয়ে সুরুচি উৎপাদন করিতে তিনি যেমন পারগ

ছিলেন, এমন অল্প লোক প্রাপ্ত হওয়া যাইবে। বালকদিগের সহিত কাপ্তেন সাহেবের বিলক্ষণ আত্মীয়তা জন্মিয়াছিল, এমন কি পরিহাস পর্য্যন্ত চলিত। কোন ছাত্র ''Amiss'' এ শব্দকে ''য়্যামিস'' না বলিয়া ''এমিস'' বলিয়া উচ্চারণ করিলে তিনি তাহাকে বলিতেন, ''you are a miss''। সে বালক লজ্জায় আর এরূপ অশুদ্ধ উচ্চারণ করিত না।

এই সময়ে হ্যালফোর্ড সাহেব নামে একজন শিক্ষক ছিলেন। তিনি শব্দশাস্ত্রে প্রগাঢ় ছিলেন। তিনি কথোপকথনের সময়ে বড় বড় কথা ব্যবহার করিতেন। তাঁহাকে এক দিবস কোন স্কুলের অধ্যক্ষ সেই স্কুলের পারিতোষিক বিতরণের সভায় সভাপতির কার্য্য করিতে অনুরোধ করাতে তিনি বলিয়াছিলেন যে, ''I am a vegetable being averse to locomotion.'' ''আমি কোথাও যাই না। আমি চলৎশক্তি রহিত একটি উদ্ভিদ।''

ঐ সময়ে ক্লিন্ট সাহেব নামে একজন শিক্ষক ছিলেন। তিনি গণিত ও সাহিত্য উভয় শাস্ত্রেই সুপণ্ডিত ছিলেন। তিনি রিচার্ডসনের খ্যাতিতে অতিশয় ঈর্ষান্বিত হইয়াছিলেন। তাঁহার নিকট রিচার্ডসন সাহেবের সুখ্যাতি করিলে তিনি বলিতেন যে, ''A ship in India is but a boat in England'' ''ভারতবর্ষের জাহাজ বিলাতের নৌকা মাত্র।'' তিনি ''boat'' ''bout'' এইরূপ উচ্চারণ করিতেন। ১৮৪৩ অব্দে রিচার্ডসন সাহেব বিলাতে যান। ১৮৪৩ হইতে ১৮৪৮ অব্দ পর্যন্ত কর সাহেব প্রিন্সিপল পদে নিযুক্ত ছিলেন। আপাততঃ তাঁহাকে অতি কঠোর স্বভাব বলিয়া বোধ হইত। কিন্তু বাস্তবিক তিনি সেরূপ ছিলেন না। তাঁহার হৃদয় স্নেহার্দ্র ছিল। তিনি বিলাতে গিয়া ''Domestic Economy of the Hindus'' এবং ''Glimpses of Ind.'' নামক দুইখানি পুস্তক লিখিয়াছেন। ১৮৪৬ খৃষ্টাব্দে কাপ্তেন সাহেব পুনরায় বিলাত হইতে প্রত্যাগমন করেন, ও কৃষ্ণনগর কলেজের প্রোফেশর পদে নিযুক্ত হয়েন। তৎপরে তিনি হুগলী কলেজের প্রিন্সিপল হয়েন। তৎপরে ১৮৪৮ অব্দের নভেম্বর মাসে পুনরায় হিন্দু কলেজের প্রিন্সিপল হয়েন। কৌন্সিলের মেম্বর মহাত্মা বীটন সাহেব  তখন শিক্ষা সমাজের সভাপতি ছিলেন। বীটন সাহেব কলেজের অধ্যক্ষদিগকে এই অনুরোধ করেন যে কাপ্তেন সাহেবের চরিত্র মন্দ, অতএব তাঁহাকে কর্ম্মচ্যুত করা উচিত। পরে ১৮৪৯ অব্দে নভেম্বর মাসে তিনি কর্ম্মচ্যুত হয়েন। ১৮৪৯ অব্দ হইতে ১৮৫৪ পর্য্যন্ত লজ সাহেব প্রিন্সিপলের পদে অধিষ্ঠিত ছিলেন তৎপরে প্রেসিডেন্সি কলেজ স্থাপিত হইলে সটক্লিফ সাহেব তাহার প্রিন্সিপল হয়েন। তিনি অতি সুখ্যাতির সহিত এতাবৎ কাল পর্য্যন্ত কার্য্য করিয়া আসিতেছেন। মধ্যে ১৮৫৯ ও ৬০ অব্দে সট্‌ক্লিফ সাহেব ছুটি লইলে ক্লিন্ট সাহেব কয়েক দিবস প্রিন্সিপলের কার্য্য করিয়াছিলেন। তাঁহার সময় মেজর রিচার্ডশন সাহেব (কাপ্তেন রিচার্ডসন বিলাতে অবস্থিতি কালে ''মেজর'' উপাধি প্রাপ্ত হইয়াছিলেন।) পুনরায় ভারতবর্ষে আসিয়া কিছুদিনের জন্য ইংরাজী সাহিত্যের অধ্যাপকের কার্য্য করেন। অধুনাতন কালের শিক্ষকদিনের মধ্যে কাউএল সাহেব, ক্রফ্‌ট সাহেব, টনি সাহেব ও বাবু প্যারীচরণ সরকার বিশেষ প্রসিদ্ধ।

এক্ষণে হিন্দু অথবা প্রেসিডেন্সী কলেজের যে যে ছাত্র বিশেষ খ্যাতি লাভ করিয়াছেন তাঁহাদিগের নাম উল্লেখ করিতেছি।

প্রথম। পরলোকগত কাশীপ্রসাদ ঘোষ –ইনি একজন ইংরাজী কবি ও সুলেখক ছিলেন। ইনি ইংরাজী পদ্যে একখানি পুস্তক প্রণয়ন করেন। সে খানির নাম ''Shair and other poems''। ''শায়ের'' পারশি শব্দ। উহার অর্থ কবি। এই কাব্যে একটী কবির অলৌকিক জীবন বৃত্তান্ত বর্ণিত আছে। কাপ্তেন সাহেব তাহার সঙ্কলিত ইংরাজী কবিতার সার সংগ্রহে কাশীপ্রসাদ ঘোষ প্রণীত একটী কবিতা তুলিয়াছেন। তাঁহার শিরস্ক ''Gold River''। তিনি বাঙ্গালী দ্বারা রীতিমত সম্পাদিত ইংরাজী সংবাদপত্রের সৃষ্টিকর্ত্তা ছিলেন। তাঁহার সম্পাদিত ইংরাজী সংবাদপত্রের নাম ''Hindu Intelligencer'' ছিল। তাহা সিপাইদিগের বিদ্রোহের সময় রহিত হয়।

পরলোকগত তারাচাঁদ চক্রবর্ত্তী – ইনি বিখ্যাত সদ্বক্তা জর্জ টমশনকে বিশেষরূপে সাহায্য করেন। বাবু রামগোপাল ঘোষ, বাবু প্যারীচাঁদ মিত্র ও ইনি ব্রিটিশ ইণ্ডিয়া সোসাইটী নামে একটী সভা স্থাপন করেন। তৎকালে ইংরাজী সংবাদপত্র সম্পাদকগণ বিদ্রূপ করিয়া উক্ত সভাকে তারাচাঁদ চক্রবর্ত্তীর নামে ''Chuckerbutty Faction'' বলিয়া ডাকিত। এই সভা ও দ্বারকানাথ ঠাকুরের সংস্থাপিত ''Landholders Society'' এই দুই সভা উঠিয়া গেলে বর্ত্তমান ''ব্রিটিশ ইণ্ডিয়ান এসোসিয়েশন'' সংস্থাপিত হয়। উহা সংস্থাপিত হইলে প্রথমোক্ত দুই সভার অধিকাংশ সভাগণ ইহার সভ্য হয়েন। তারাচাঁদ চক্রবর্ত্তী রামমোহন রায়ের একজন প্রধান সহচর ছিলেন।

বাবু চন্দ্রশেখর দেব – ইনি একজন বিলক্ষণ কৃতবিদ্য ব্যক্তি। ইনি প্রথম ডেপুটী কালেক্টর ও তৎপরে বর্দ্ধমানের মহারাজার রাজকার্য্যনির্ব্বাহক সভার মেম্বর হইয়াছিলেন। ইনি রামমোহন রায়ের নিকট ব্রাহ্মসমাজের সংস্থাপনের প্রথম প্রস্তাব করেন। ইনি অদ্যাপি জীবিত আছেন।

রেবরেণ্ড কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায় – ইনি অতি সুপ্রসিদ্ধ ইংরাজী লেখক ও অতি সুবিজ্ঞ ব্যক্তি।

পরলোকগত রামগোপাল ঘোষ – ইঁহার বাগ্মিত্বশক্তি অতি প্রসিদ্ধ। বিলাতের ''সন্'' নামক একখানি কাগজ ইঁহাকে ''ইণ্ডিয়ান ডিমস্থিনিস্'' এই আখ্যা প্রদান করিয়াছিল।

পরলোকগত রসিককৃষ্ণ মল্লিক – ইনিও সেকালের একজন প্রধান সদ্বক্তা ছিলেন।

রাজা দক্ষিণারঞ্জন মুখোপাধ্যায় – ইঁহাকে অযোধ্যার সৌভাগ্যের পুনর্জন্মদাতা বলিলে অত্যুক্তি হয় না। অযোধ্যার বর্ত্তমান শ্রী সৌভাগ্যের মূল তিনি। একজন বাঙ্গালী অযোধ্যার পল্লীগ্রামে বাস করিয়া তথাকার সূরত্ব–মদ–মত্ত বীরপুরুষ ক্ষত্রিয়দিগকে যদৃচ্ছারূপে চালাইয়া অয্যোধ্যার উন্নতি সাধন করিয়াছেন, ইহা আমাদিগের দেশের পক্ষে অল্প গৌরবের বিষয় নহে।

বাবু রামতনু লাহিড়ী – ইনি একজন অতি সরল ও সত্যনিষ্ঠ লোক। ''An honest man is the noblest work of God'' ইনি এই

বাক্যের জাজ্জ্বল্যমান উদাহরণ স্বরূপ। বিখ্যাত নাটককার দীনবন্ধু মিত্র তাঁহার প্রণীত ''সুরধুনী'' কাব্যে বলিয়াছেন, যে, ইঁহার সংসর্গে একদিন থাকিলে দশদিন ধার্ম্মিক থাকা যায়।

পরলোকগত রাধানাথ শিকদার – ইনি গণিতবিদ্যা অতি উত্তমরূপে জানিতেন। ইনি অতি বলশালী ব্যক্তি ছিলেন। ইনি অত্যাচার সহ্য করিতে পারিতেন না। এ নিমিত্ত দুষ্টস্বভাব ইংরাজদিগের সহিত তাঁহার বনিত না। সর্ব্বদা তাহাদিগের সহিত তাঁহার মুষ্টিযুদ্ধ হইত। ইনি বাবু প্যারীচাঁদ মিত্রের সহায়তায় ''মাসিক পত্রিকা'' প্রকাশ করিয়া পণ্ডিতী ভাষার পরিবর্ত্তে অত্যন্ত সহজ ভাষায় রচনা করিবার দৃষ্টান্ত প্রথম প্রদর্শন করেন।

বাবু প্যারীচাঁদ মিত্র – ইনি বাঙ্গালা ভাষার হাস্যকর উপন্যাসের সৃষ্টিকর্ত্তা। ইনি এ প্রকার উপন্যাস প্রণয়নে ফিলডিংএর ন্যায় ক্ষমতা প্রদর্শন করিয়াছেন। কিন্তু ফিলডিং এর অশ্লীলতা ইঁহার রচিত গ্রন্থে নাই। তাহা নীতিগর্ভ উপদেশে পরিপূর্ণ।

অনরেবল দিগম্বর মিত্র – ইনি আমাদের দেশের একজন প্রধান রাজনীতিজ্ঞ ব্যক্তি।

বাবু দেবেন্দ্রনাথ ঠাকুর – ইনি আমাদিগের দেশের বর্ত্তমান ধর্ম্মসংস্কারদিগের মধ্যে সর্ব্বপ্রধান। ইনি অতি ধার্ম্মিক ব্যক্তি ও সকলেরই শ্রদ্ধাভাজন।

পরলোকগত রমাপ্রসাদ রায় – ইনি রামমোহন রায়ের কনিষ্ঠ পুত্র ও একজন বিখ্যাত উকীল ছিলেন ও এতদ্দেশীয়দিগের মধ্যে হাইকোর্টের বিচারপতি পদে প্রথম নিযুক্ত হয়েন। ইনি মৃত্যুকালে ঐ কর্ম্মের নিয়োগপত্র প্রাপ্ত হইয়াছিলেন। তাহা প্রাপ্ত হইয়া বলিয়াছিলেন, ''আমি এক্ষণে উচ্চতর বিচারালয়ের সম্মুখে যাইতেছি। এ পত্রে আমার কি হইবে?''

পরলোকগত দুর্গাচরণ বন্দ্যোপাধ্যায় – ইনি অতি প্রসিদ্ধ ডাক্তার ছিলেন।

পরলোকগত কিশোরীচাঁদ মিত্র – ইনি ইংরাজীতে সুলেখক ছিলেন।

পরলোকগত মাইকেল মধুসূদন দত্ত – ইনি বিখ্যাত কবি ও নাটককার। অনেকে ইঁহাকে বাঙ্গালার কবিদিগের মধ্যে সর্ব্বপ্রধান কবি বলিয়া জ্ঞান করেন।

বাবু প্যারীচরণ সরকার – ইনি আমাদিগের দেশের একজন সুপ্রসিদ্ধ শিক্ষক ও সুরাপান নিবারণী সভার সৃষ্টিকর্ত্তা। ইঁহার সাধুচেষ্টা সম্পূর্ণরূপে বিফল হয় নাই।

বাবু প্রসন্নকুমার সর্ব্বাধিকারী – ইনি অতি বিদ্বান্ ব্যক্তি ও বাঙ্গালা ভাষায় গণিতশাস্ত্র সম্বন্ধীয় উত্তম উত্তম পুস্তক প্রণয়ন করিয়াছেন। ইনি সংস্কৃত কলেজের বর্ত্তমান অধ্যক্ষ।

বাবু ভূদেব মুখোপাধ্যায় – ইনি বাঙ্গালা ভাষায় গম্ভীর উপন্যাসের সৃষ্টিকর্ত্তা। ইনি অতি দক্ষতা ও সুখ্যাতির সহিত স্কুল ইন্সপেক্টরী কার্য্য করিতেছেন।

পরলোকগত দ্বারকানাথ মিত্র – ইনি হাইকোর্টের বিচারপতি ছিলেন। ইঁহার ন্যায় প্রখর বুদ্ধিশক্তি সম্পন্ন ব্যক্তি অতি বিরল। ইঁহার বিচারদক্ষতা দেখিয়া ইংরাজগণ চমৎকৃত হইতেন।

বাবু কেশবচন্দ্র সেন – ইনি আমাদিগের দেশের একজন প্রসিদ্ধ ধর্ম্মসংস্কারক। কেশববাবুর যে দোষ থাকুক না কেন, তিনি একজন ক্ষমতাপন্ন ও ধর্ম্মোৎসাহী ব্যক্তি, ইহা অবশ্য স্বীকার করিতে হইবে। তিনি বিলাতে যাহা বলিয়াছেন, তাহার অনেক বাক্য অনুমোদন করা যাইতে পারে না। তথাপি একজন বাঙ্গালী আমাদিগের রাজপুরুষদিগের দেশে গিয়া তথায় ধর্ম্মবিষয়ে একটী সাধারণ আন্দোলন উদ্রিক্ত করিতে সক্ষম হইয়াছিলেন, ইহা আমাদের দেশের পক্ষে অল্প গৌরবের বিষয় নহে।

পরলোকগত দীনবন্ধু মিত্র – ইনি বিখ্যাত নাটককার। ইনি বঙ্গভাষায় অনেক ভাল ভাল নাটক লিখিয়া বঙ্গীয় সাহিত্যের অনেক উপকার সাধন করিয়াছেন।

ডাক্তার মহেন্দ্রলাল সরকার – ইনি একজন অতি প্রসিদ্ধ ডাক্তার ও স্বদেশে ইউরোপীয় বিজ্ঞান–জ্ঞান বিস্তারের নিমিত্ত বিশেষ যত্নবান।

বাবু বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় – ইনি বঙ্গভাষায় উৎকৃষ্ট উপন্যাস সকল প্রণয়ন করিয়া অতুল খ্যাতি লাভ করিয়াছেন।

বাবু হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় – ইনি বঙ্গভাষায় একজন বিখ্যাত কবি।

বাবু নীলাম্বর মুখোপাধ্যায় – ইনি কাশ্মীরের প্রধান বিচারপতি। বাঙ্গালীদিগের কতদূর রাজনীতিজ্ঞতা ও সচীবকার্য্যে দক্ষতা হইতে পারে, তাহা রাজা দক্ষিণরঞ্জন মুখোপাধ্যায় ও বাবু নীলাম্বর মুখোপাধ্যায়ের দৃষ্টান্ত দ্বারা প্রমাণিত হইতেছে।

বাবু আনন্দমোহন বসু, র‍্যাঙ্গলার – ইনি কলেজে অধ্যয়ন পূর্ব্বক বিলাতে গমন করিয়া কেম্ব্রিজ বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন করেন এবং তথায় র‍্যাঙ্গলার উপাধি প্রাপ্ত হয়েন। কোন বাঙ্গালী অদ্যাবধি এই উপাদি প্রাপ্ত হয়েন নাই। ইনি ইংলণ্ডে ব্যারিষ্টর পদ প্রাপ্ত হইয়া ভারতবর্ষে প্রত্যাগমন করিয়াছেন।

সময়াভাবে অন্যান্য ছাত্রগণের নাম করিতে অক্ষম হইলাম। হয়ত এমন হইতে পারে যে, আমি যাঁহাদিগের নাম উল্লেখ করিলাম, তাঁহাদিগের তুল্য বা তাঁহাদিগের অপেক্ষা শ্রেষ্ঠ ব্যক্তির নাম করিতে ভুলিয়া গিয়াছি।

হিন্দু কলেজের আদর্শে হুগলী কলেজ, ঢাকা কলেজ প্রভৃতি বিদ্যামন্দির প্রতিষ্ঠিত হইয়া ইংরাজী শিক্ষার বিলক্ষণ বিস্তার হইয়াছে। ইংরাজী শিক্ষা দ্বারা অতি শুভ ফল উৎপন্ন হইয়াছে। কিন্তু ইংরাজী শিক্ষার প্রকৃত ফল এখনও ফলে নাই। ইংরাজী শিক্ষার প্রকৃত ফল তখন ফলিবে, যখন ইংরাজদিগের ন্যায় আমরা শারীরিক বল লাভ করিব, সাহসী হইব, অধ্যবসায়শীল ও দৃঢ়প্রতিজ্ঞ হইব এবং স্বাধীনতা প্রিয় হইব। ইংরাজী শিক্ষার প্রকৃত ফল তখন ফলিবে, যখন আমরা স্বাধীনরূপে কলেজ সকল সংস্থাপন করিতে সক্ষম হইব, খৃষ্টান বিবিদিগের উপর নির্ভর না করিয়া স্বাধীন স্ত্রীশিক্ষা প্রণালী অবলম্বন করিব, কবিতা ও উপন্যাস

ইংরাজী অনুকরণে পরিপূর্ণ না করিয়া আমাদের নিজের প্রকৃতিগত ক্ষমতাকে স্ফূর্তি প্রদান করিব, স্বাধীন রূপে বিজ্ঞান শাস্ত্রীয় গবেষণা ও আবিষ্ক্রিয়া করিতে সক্ষম হইব, স্বাধীনরূপে উপজীবিকা আহরণ করিব, অর্থাৎ শিল্প বাণিজ্যে প্রবৃত্ত হইব, ইংরাজী রীতিনীতি অন্ধরূপে অনুকরণ না করিয়া জাতীয় প্রথা যতদূর রক্ষা করিতে পারি তাহা রক্ষা করিয়া নূতন সমাজ গঠন করিতে সমর্থ হইব এবং কেবল গবর্ণমেন্টের নিকট বালকবৎ রোদন না করিয়া আমাদিগের রাশ এরূপ ভারী করিয়া তুলিব যে, গবর্ণমেণ্ট আমাদিগের আবেদন গ্রাহ্য না করিয়া কখনই থাকিতে পারিবেন না।

অদ্যকার সম্মিলন অতিশুভ ঘটনা। ইহার দ্বারা অন্য কোন উপকার যদি না হয় অন্ততঃ এই উপকার তো হইল যে, আযৌবন-পরিচিত সেই সকল পুরাতন মুখশ্রী অদ্য আমরা দেখিতে পাইলাম। সেই সকল মুখশ্রী সন্দর্শন করিয়া জীবনের সেই অতি সুখদ পরম মনোহর কাল স্মরণ হইতেছে, যখন আমরা এক বেঞ্চে উপবিষ্ট হইয়া এক শিক্ষকের নিকট শিক্ষালাভ করিতাম। ইহা অল্প আহ্লাদের বিষয় নহে। এই সম্মিলন প্রকাশ করিতেছে যে আমদিগের চিত্ত কেবল সামান্য অর্থ চিন্তায় বদ্ধ নহে – তাহা কেবল সামান্য অন্নপানের জন্য ব্যস্ত নহে। ইহাতে প্রদর্শন করিতেছে যে আমাদিগের জ্ঞানের জন্য ক্ষুধা ও সৌহার্দ্দ রস পানের জন্য পিপাসা আছে। বৎসর বৎসর এই প্রকার সম্মিলন দ্বারা ভবিষ্যতে কি উপকার হইবে তাহা কে বলিতে পারে? এতগুলি কৃতবিদ্য ব্যক্তি একত্র হইলে যে কোন সৎ প্রসঙ্গ ও সৎ প্রস্তাব উত্থিত হইবে না, ইহা অতি অসম্ভব। সেই সকল সৎ-প্রসঙ্গ ও সৎ-প্রস্তাব হইতে ভবিষ্যতে কি ফল ফলিবে তাহা কে জানে? অবশেষে সম্মিলনের প্রধান উদ্যোগকর্ত্তাদিগকে ও সকল সাধারণ অনুষ্ঠানে উৎসাহী যে রাজভ্রাতৃদ্বয় এই শোভন উদ্যান বর্ত্তমান অনুষ্ঠান জন্য প্রদান করিয়াচেন, তাঁহাদিগকে ধন্যবাদ দিয়া এবং ঈশ্বরের নিকট জ্ঞানাহার ও সৌহার্দ্দ-রসামৃত পানের* একটী প্রধান উপায় এই সম্মিলনের স্থায়ীত্ব জন্য প্রার্থনা করিয়া বক্তৃতা সমাপন করিতেছি।**

---

*"Feast of reason and flow of soul"

**এই হিন্দু কলেজের পুরাবৃত্ত আমাদের মাননীয় বন্ধু শ্রীযুক্ত বাবু হরমোহন চট্টোপাধ্যায় মহাশয়ের লিখিত ঐ কলেজের পুরাবৃত্তের পাণ্ডুলিপি এবং তাঁহার মুখে যাহা শুনিয়াছি এবং আমি যাহা নিজে জানি, তাহা অবলম্বন করিয়া সঙ্কলিত হইল। হরমোহন বাবুর পুরাবৃত্ত ডিরোজিওর সময় পর্য্যন্ত আসিয়াছে। হরমোহন বাবু কলেজের সত্য, ত্রেতা, দ্বাপর, কলি, এই চারি যুগেরই ইতিহাস বিশেষরূপে জানেন। আমরা ভরসা করি, তিনি কলেজের সম্পূর্ণ পুরাবৃত্ত প্রণয়ন ও প্রকাশ করিয়া সাধারণবর্গকে পরিতৃপ্ত করিবেন।

[আমি অতিশয় দুঃখের সহিত পাঠকবর্গকে জ্ঞাপন করিতেছি যে, এই বক্তৃতার দিবস হইতে এক বৎসরের মধ্যে শ্রীযুক্ত হরমোহন বাবু তাঁহার বন্ধুদিগকে শোকাকুল করিয়া পরলোক গমন করিয়াচেন।]

সৌজন্যে প্রেসিডেন্সী কলেজ লাইব্রেরী।

১৮৭৫ সালের ১লা জানুয়ারী প্রথম কলেজ সম্মিলনে শ্রীরাজনারায়ণ বসু কর্ত্তৃক প্রদত্ত বক্তৃতা যাহা প্রেসিডেন্সী কলেজ পত্রিকায় প্রকাশিত হইয়াছিল তাহা হইতে গৃহীত।

# Obsessed...or Compelled!!!

URMI CHATTERJI

Come on now…own up! How many times have you walked out of the door when no one's at home, locked it, walked a few steps and trotted back to check if you have really locked the door? Or…during a holiday, when you've just settled in and tightened your seat belt, you suddenly have disastrous thoughts of not checking whether the gas was finally turned off or whether the attic light is still on. Or…even have visited a friend's house for dinner and kept looking at a painting on the wall which is slightly swayed to the left and had urges of walking over and straightening it? Well, if you could overcome your thoughts…compulsions…and fear…you are saved. If not, you may be, quite unwillingly, a victim of OCD, more elaborately an obsessive-compulsive disorder!

You are not alone. If you carefully look around, almost 3 out of 100 eyes that meet yours are suffering from this disease, in different forms. They are as helpless as you are. In the United States, about 1 in 40 adults and 1 in 100 children have OCD. According to the World Health Organization, OCD is one of the top 20 causes of illness-related disability, worldwide, for individuals between 15 and 44 years of age. Interestingly, you would share this disorder with Daniel Radcliffe, Cameron Diaz, Leonardo DiCaprio, Megan Fox and Justin Timberlake, celebrities who have lived with OCD.

It's eventually all about the '*chemical locha*' in the brain which rattled *Munnabhai* to the extent of a disaster! What it actually means is that there are chemicals in the brain, known as neurotransmitters, which carry messages from different sources, both external and internal, to the brain and back to an effecter organ, which elicits a response. So, the realization that you are hungry comes from signals in the stomach which are carried to the brain, and the brain directs you to eat. Or, if someone slaps you on the face, the brain and the neurotransmitters decide whether you slap back or turn the other cheek… and therefore guides your choice of *dadagiri* versus *Gandhigiri*!!!

The problem arises when these neurotransmitters go astray and their synthesis in the body is deregulated. These neurotransmitters control every single move in your body, voluntary and involuntary, and their proper functioning is extremely important to simply keep you going. Slight alterations can lead to minimal changes of a normal behavior or activity, whereas considerable alterations may lead to physiological and psychological peccadilloes. In fact, recent studies have revealed that the microbiota of the gut, that is, the bacteria which inhabit the stomach and intestines, talk to the brain and control the secretion of dopamine. Dopamine is a neurotransmitter known to control several physiological processes, notably pleasure, which plays a role in our mental health. Improper communication of the brain with the bacteria can develop aggression and even control suicidal activities in individuals, as reported in the journal of international repute - *Nature*, endorsing how minimum tweaking of neurotransmitters can control ones life.

To add to the distress, CD has dual nuances… the fear of dirt which may lead to diseases, and the urge to keep washing your hand to get rid of it… very explicitly seen in the ad as the little boy emphasizes '*dhotey raho, dhotey raho*' while washing his hands with Lifebuoy liquid soap. More than the '*sabun being slow*' it's the training to give in to rituals like repeated washing of hands inculcated by his mom that could be more perilous. Obsessive-compulsive disorder was once considered a relatively rare disorder until about two decades ago. Since then, considerable advance has been made in understanding the various aspects of OCD that include epidemiology, clinical features, co-morbidity, biology and treatment.

There is substantial research from India on various aspects of OCD, particularly from the National Institute of Mental Health and Neurosciences (NIMHANS), Bangalore. Males had an early onset of OCD, and a higher prevalence of symmetry and religious obsessions, miscellaneous compulsions, and co-morbid attention deficit hyperactivity disorder, whereas females had a higher prevalence of cleaning compulsions. A serotonergic hypothesis of OCD was suggested originally whereby insufficiency of serotonin, another major neurotransmitter, triggered the disorder. A retrospective chart analysis of 15 cases of OCD with psychosis found that obsessive doubts, washing and checking compulsions were the most common symptoms. In a study of children and adolescents, all aged 16 years and below, contamination obsessions were the commonest, followed by obsessions related to aggression, symmetry, sex and religion. Regarding compulsions, cleaning and washing was the commonest followed by repeating, checking, ordering, counting and hoarding.

Some weird obsessive habits that people develop inadvertently are trivial but simultaneously painful. Examples could be…. taking a medication at exactly the same time every morning, down to the minute. If the minute is missed, they wait an hour; or measuring shoelaces to the exact length; or eating fruits in order of largest to smallest; or even reorganizing things in a store or folding saris in the shop. And…like most of us do… 'knock on wood' (which one often substitutes with one's head in the absence of a piece of wood nearby) when an unpleasant thing is said; or leave the egg yolk on the plate till everything else is over before popping it into our mouth! And to say the least about rolling up sleeves by one and quarter inch, not more, not less; and a latest being checking if the mobile phone is still in the bag! Fascinatingly, most people who have OCD also have a great sense of humor. This may have to do with creative thinking, a quick wit, or just sheer necessity. But the ability to laugh at oneself, especially in the face of adversity, is a huge boon — not only for those who have obsessive-compulsive disorder, but for those who care about someone with OCD. A stressful situation looked at from a humorous perspective will surely reduce anxiety, or at least keep it from overtaking the sufferer. And laughter is good for us. It relaxes us, helps us recharge, and can even boost our immune systems.

How easily can you get out of it? Once the disorder sucks you in, it's not easy. One actually falls into a vicious cycle. It starts with obsessions, which act as a trigger. Obsessions

*It is more likely that identical twins have a greater risk of sharing the disease if it runs in the family. A shuchi-bai grosto pishima or jethima and even a pasher barir boudi can inculcate this vice into other members of the family and neighborhood, silently and passionately, often involuntarily, creating a peer group, who would willingly support each others' activities.*

of perfection lead to anxiety, which acts as a fuel and tries to find means of fulfilling the obsessions. This leads to compulsions, or rather reinforcers of actions. Once repeated actions are complete, it leads to temporary relief, which secretly acts as a stimulus for the next set of obsessions. Sigmund Freud attributed OCD to internal conflicts. Others have held factors like childhood abuse, trauma, illness or even occupational changes responsible for developing OCD. It is more likely that identical twins have a greater risk of sharing the disease if it runs in the family. A *shuchi-bai grosto pishima* or *jethima* and even a *pasher barir boudi* can inculcate this vice into other members of the family and neighborhood, silently and passionately, often involuntarily, creating a peer group, who would willingly support each others' activities.

To make things worse, OCD may be associated with or lead to other neuro-disorders, like age-related attention deficit syndrome. Consider the following confession of a patient, who started with mild OCD and landed up with severe attention deficiency…. and do admit how many of you have suffered anything close to this!

'*I decided to wash my car as I had to attend a meeting at The Marriott. As I walked towards the garage, I noticed bills and letters in the mailbox and decided to go through them and pay the bills before washing the car. As I laid down the*

*car keys on the mailbox, I noticed the lilies were drooping and decided to water the plant first, before paying the bills. As I went to get the water can, my aide asked me to finish the cup of tea left unfinished on the breakfast table. Since the tea was cold, I decided to reheat it in the microwave, when I finally found my spectacles, which I was searching for all morning, lying beside the microwave. I set the tea cup and filled the water can, when the mobile rang. It was the man who wanted to clean the kitchen chimney and asked for a date. While warding him off, I decided to call the centre for the driver who was supposed to be there by ten since I had to leave for the meeting. The tea was too hot, so I decided to pay the bills first, but realized my cheque book didn't have a single page left. It was then that the driver arrived and asked for the car keys. But where did I leave the car keys? At the end, the car was unwashed…tea became cold again…the lilies were not watered… and I did not carry my spectacles, so could not take important notes during the meeting…'*

OCD is rarely totally curable. Few people show significant improvement on treatment with a combination of antipsychotic and anti-obsessional drugs, especially those that boost the levels of serotonin. Psychotherapy, exercise and relation techniques may help reduce anxiety and stress, and reduce symptoms of OCD to a certain extent. Researchers at the Stanford Obsessive-Compulsive Disorders Program are committed to improving the diagnosis and treatment of obsessive-compulsive and related clinical problems in adults. The program pursues this mission through four core activities: (i) by providing expert consultation and state-of-the-art medication and psychotherapy treatment in a supportive outpatient environment that respects the safety, dignity and confidentiality of every patient; (ii) helping patients previously resistant to treatment and patients with complex, related problems; (iii) educating psychiatrists and other health care professionals and members of the community regarding the nature, treatment and human costs of OCD and related clinical problems; and (iv) advancing patient care through research into new treatment modalities. Similar centers can be found in Johns Hopkins Medical Institute, National Institute of Mental Health, USA and the International OCD Foundation, to name a few, which emphasizes on OCD pathophysiology in kids.

A few people with this disorder acknowledge their predicament. They often classify themselves as perfectionists. I know someone who craves to excel in whatever he does, including achieving highest marks in all trivial exams. He was extremely diligent about following every teacher in and out of a class, to procure jottings in black on semi-faded sheets, more appropriately, notes. He never missed any, provided the teacher was ready to share, and often inquired whether anyone else in class could obtain a note in his absence. One day, while entering college, I was handed a printed leaflet by a man distributing them on the pavement. Since I was late, I rushed into class holding the leaflet in my hand, only to be almost pounced on by the person concerned, since he was sure it was a precious note which I could acquire from a teacher. Ten seconds later, and quite enraged, he thrust it back into my hands… it happened to be an ad for a '*datobyo chikitshaloy*'. What these people do not realize is that being a perfectionist would augment their self-esteem and success; whereas OCD would interfere in their daily activities and everyday functioning. It's a fine line between excelling and being controlled, where the latter situation would definitely reduce promising potentials of the affected and often could lead to deterioration of one's health, especially if someone took a shower four times a day just to keep germs away or because an 'unclean outsider' touched them unknowingly. Such people need to be handled with a lot of care. Therefore, be aware… of you and of people around you… and stay safe folks!

# শতবর্ষে কবি-অধ্যাপক হরপ্রসাদ মিত্র

মঞ্জুভাষ মিত্র

পৃথিবীতে কোনও কোনও মানুষ যেন কপালে রাজটিকা নিয়ে আসে, তাদের চেহারায় যেমন আচার আচরণেও তেমন একটা রাজকীয় মর্যাদা ও ভঙ্গী প্রকাশ পায়। ডঃ হরপ্রসাদ মিত্রকে যখনই দেখেছি তখনই এই কথাটি মনে হয়েছে। উনি ছিলেন যাকে বলে 'ক্যারিশম্যাটিক', ওঁর ঘনিষ্ঠ সম্পর্কে যাঁরা এসেছেন তাঁরাই ওঁর ব্যক্তিত্বের মোহময় আকর্ষণ অনুভব করেছেন। আমিও নিজেকে ওঁর গুণমুগ্ধ ভক্তদের মধ্যে পরিগণ্য করি।

হরপ্রসাদ মিত্রকে প্রথম আমি জেনেছিলাম কবি হিসেবে পনেরো বছর বয়সে। একটি অসাধারণ জীবন পালটে দেয়ার মত বই আমার হাতে আসে – বুদ্ধদেব বসু সম্পাদিত 'আধুনিক বাংলা কবিতা'। সেখানে পড়ি ''নিকট বালি, দূর জল'' বলে, একটি কবিতা, ''এসপ্ল্যানেড'' বলে আর একটা কবিতা আমার মনে বেশ ছাপ ফেলেছিল। দুটো পংক্তি মনে আছে –

পথে ওঠা কত ক্লান্তির ক্লেদ
এসপ্ল্যানেড!

মিলের মুন্সিয়ানা সহজেই নজরে পড়ে। কবির নাম হরপ্রসাদ মিত্র। বছর খানেক পরে আরেকটা বই – কবিতার বই – পড়ে ফেললাম, 'প্রেম যুগে যুগে' – সম্পাদক স্বনামধন্য প্রেমেন্দ্র মিত্র। এখানেও একটা কবিতা 'মণিমালা রায়' যাকে বলে মনের মধ্যে গেঁথে গেল। একটা নিটোল মধুর প্রেমের কবিতা–

দেখিলাম কী নিথর বনছায়া
কাঁপে দূর পাহাড়ের নীচে
দুপুর তো যায়। কে ঘুমায়?
মণিমালা রায়!

সেই নবকৈশোরেও বুঝতে পেরেছিলাম কবিতাটি রচিত হয়েছে 'বনলতা সেনে-র অমোঘ প্রভাবে। বলা বাহুল্য ততদিনে আমার নব আবিষ্কৃত এই 'মডার্ন' ও 'স্মার্ট' কবিকে ভিতরে ভিতরে খুবই ভালোবেসে ফেলেছি।

হরপ্রসাদ মিত্রকে প্রথম চাক্ষুষ দেখি হিন্দু হস্টেলের একতলার ঘরটিতে যেটিকে উনি সকালবেলা অফিস হিসেবে ব্যবহার করতেন। তখন উনি প্রেসিডেন্সি কলেজের বাংলাভাষা ও সাহিত্যের নামজাদা অধ্যাপক। আবার হিন্দু হস্টেলের সুপারিনটেনডেনটের দায়িত্বও তাঁর ছিল। তিনি হিন্দু হস্টেলেই সপরিবারে থাকতেন। মধ্য জীবনে উপনীত প্রিয় কবিকে দেখলাম ওই ষাটের দশকের প্রথম দিকে – গৌরবর্ণ সুপুরুষ সুমিষ্ট চেহারা। কথাবার্তায় মনে হল বুদ্ধিদীপ্ত ও ব্যক্তিত্ববান। আমি আজন্ম কলকাতাবাসী লাজুক মুখচোরা ছেলে, একটা দুটোর বেশি কথা বলতে পারিনি। ক্রমে ক্রমে ওঁর ছাত্র হ'লাম। অধ্যাপক হিসেবে ডঃ হরপ্রসাদ মিত্রের পরিচয়টা আমার কাছে মনোরম ও হার্দ্য ব'লে প্রতীত হ'ল। এদিকে উনি কিন্তু আমাকে মোটেই চেনেন না, আমি ছিলাম যাকে বলে Self-effasive নেপথ্যচারী – সবার পিছে সবার নীচে থাকতে ভালোবাসতাম।

গোপনে গোপনে কিন্তু আন্দোলিত হতাম স্যারের প্রভাবচ্ছটায়। ছাত্রাবস্থায় ডঃ হরপ্রসাদ মিত্রের 'সত্যেন্দ্রনাথ দত্তের কবিতা ও কাব্যরূপ' বইটা অন্তত তিনবার আদ্যোপান্ত পড়বার ও দু'বার ওই বই থেকে নোট করার সৌভাগ্য আমার হয়েছিল। প্রত্যেকবারই মনে হয়েছিল এ এক আনন্দিত যাত্রা – আমি বুঝতে পারছি কবিতাকে চিনে নেয়ার প্রক্রিয়াগুলো, বুঝতে পারছি সাহিত্য সমালোচনা জিনিসটা ঠিক কি। আসলে এই বইটি ছিল হরপ্রসাদ মিত্রের ডক্টরেটের থিসিস। তিনি অত্যন্ত মেধাবী ছাত্র ছিলেন তাই পাণ্ডিত্য বা Scholarship স্বভাবতই রয়েছে, কিন্তু লেখাটা ভালো লেগেছিল আজ বুঝতে পারি তা এক সাহিত্যিকের লেখা বলে। 'রবীন্দ্রসাহিত্যপাঠ', 'বঙ্কিমসাহিত্যপাঠ' ইত্যাদি অনেক ভালো ভালো criticism বা সমালোচনার বই তিনি লিখেছেন, জীবনানন্দচর্চায় তাঁর নাম সুবিদিত। তাঁর একটা বই, নামটা যতদূর মনে পড়ে 'কবিতার বিচিত্রকথা', বেশ বড় বই– ছাত্রজীবনে ভালো লেগেছিল। বিশেষত সেই বই-এ ''রবীন্দ্রবরণ ও রবীন্দ্রবিরোধের যুগান্ত'' নামক অধ্যায়ে রোমান্টিক কবিতা ও আধুনিক কবিতার পারস্পরিক সম্বন্ধের সুন্দর বিশ্লেষণ আছে। আসলে আধুনিক

কবিরা সকলেই প্রচণ্ড রবীন্দ্রভক্ত আবার তাঁরাই কবিতা লেখার সময় নতুন পথ খুঁজছেন। কবি হরপ্রসাদ মিত্র সম্বন্ধেও এই কথাটিই প্রযোজ্য।

হরপ্রসাদ মিত্রের কবিতা নিয়ে এই প্রসঙ্গে একটা দুটো কথা বলে নিই। হাতের কাছে পাচ্ছি একটা কবিতার বই 'হৃদয়ে চকিত কে সে'। বইটা তিনি আমাকে স্বহস্তে লিখে উপহার দিয়েছেন ১৩৮১ সালে অর্থাৎ ১৯৭৪ খৃষ্টাব্দে। তখন উনি থাকতেন লেকটাউনে। স্ত্রীর অকালমৃত্যু হয়েছে, নিঃসঙ্গ জীবন, সকালের দিকে মাঝে মাঝে ওঁর বাড়ী যেতাম।

'কাব্যের নাম' কবিতাটিতে কবির বেদনাময় চৈতন্য, প্রেম ও শব্দের প্রতি ভালোবাসার পরিচয় পাচ্ছি–

আমার ঘোলা জলের বালিহাঁস এই শব্দেরা,
আমার রক্তের মধ্যে বালি, – আমার জ্বালা,
বিকালের আলোতে তার গ্রীবাভঙ্গি এখন সর্পিনী।

নিজে ছিলেন চিরযুবা চিরজীবি জীবনরসপিপাসু তার ছাপ নিচের পংক্তিগুলিতে–

আমি রঙ ভালোবাসি
এ কথাই শিমূলের ফুলে।
চৈত্রের দুপুরে তাজা সূর্যমুখী
বিকেলে চামেলি,
ভোরের প্রথম পাখি–
পাতার সবুজে গন্ধরাজ।
(রঙ)

আরেকটি কবিতায় সময়চেতনার ছাপ যা বিংশ শতাব্দীয় কবির অস্তিত্বের সংকটকে ঘড়ির কাঁটার মত অমোঘভাবে অঙ্গুলি দিয়ে দেখায় –

আমরা দুর্ভিক্ষের দুস্তর দিন পেরিয়ে এসেছি,
যুদ্ধের কঠিন সব প্রহরের সাক্ষী আমরা,
জীবনের রক্তাক্ত ক্ষত সকলেই জানি
বিন্দু বিন্দু।

কবিতার নাম ''জেগে থাকি, জেগে থাকো''।

কবির 'আশ্বিনের ফেরিওয়ালা' কাব্যগ্রন্থ তিনি আরো পরে লেখেন। 'সাঁকো থেকে দেখা' তাঁর আর একটি কাব্যের নাম। এম.সি.সরকার প্রকাশনা সংস্থার শ্রী সুপ্রিয় সরকার তাঁর ব্যক্তিগত বন্ধু – মনে আছে একটা সেমিনারের পর তিনি শ্রী সরকারের গাড়ী করে চলে গেলেন। হরপ্রসাদ মিত্রের অধিকাংশ বই–ই এখন ছাপা নেই। স্বয়ং লেখকের মুখে এই নিয়ে আক্ষেপ আমি বেশ কয়েকবার শুনেছি। এম.সি. সরকার যদি তাঁর কিছু কিছু মূল্যবান বই প্রকাশের উদ্যোগ নেন ভালো হয়। আমি একবার স্যারকে প্রশ্ন করেছিলাম – নারায়ণ গঙ্গোপাধ্যায় এত বড় লেখক ছিলেন, অসাধারণ সব উপন্যাস ও গল্প লিখেছেন – কিন্তু আজকাল আর তাঁকে নিয়ে হইচই হয় না কেন? উনি বললেন, দেখ লেখকের মৃত্যুর পর লোকে তার কথা দ্রুত ভুলে যায়, তার

> হরপ্রসাদ মিত্র ছিলেন ভ্রমণবিলাসী মানুষ। মনে আছে একদিন তিনি সকালবেলা রাজস্থান থেকে এলেন, বিকেলবেলা ছুটছেন দক্ষিণভারত সফরে। ওই দক্ষিণ ভারত সফরে গিয়েই তিনি ঝুঁকে পড়লেন ঋষি অরবিন্দের দিকে।

বইগুলোর নামও তলিয়ে যায় বিস্মৃতির আঁধারে। কাল বড়ই নির্মম। ভয় হয় লেখক হরপ্রসাদ মিত্রকে বাঙালী ভবিষ্যৎ ভুলে যাবে না তো। কারণটাতো বাঙ্গালীর জাতীয় চরিত্রের মধ্যেই নিহিত – বাঙ্গালী বড় আত্মবিস্মৃত জাতি!

দেশ, আনন্দবাজারে এই কবির কবিতা পড়েছি। গোধূলিগগনেও তিনি নিয়মিত লিখতেন। একটা ছিমছাম সপ্রতিভতা সবসময় তাঁর কবিতায় ছিল। 'দেশ' না কোথায় একবার তাঁর একটা কবিতা পড়ে চমৎকার লেগেছিল – নাম ছিল সম্ভবত 'ইয়াক' বা ঐ জাতীয় কিছু। হরপ্রসাদ মিত্র কবিতা ও গদ্যের জন্যে যদি লেখক হিসেবে সাহিত্যে একাডেমি পুরস্কার পেতেন ব্যক্তিগতভাবে আমি সুখী হতাম। কারণ আমি মনে করি ওঁর যোগ্যতা ছিল।

হরপ্রসাদ মিত্র যে ছোটোগল্প লিখতেন তা অনেকের অজানা। উনি একবার 'জ্যোতিষবচনার্থ' বলে ওঁর একটা বই আমাকে পড়তে দিয়েছিলেন। বলাবাহুল্য বইটা out of print, নাম গল্পটা ও আরো একটা গল্প আমার মনে বেশ ধাক্কা দেয়। প্রথমে 'জ্যোতিষবচনার্থ' গল্পটা বলছি। ...পাড়াগাঁর জমিদারের একমাত্র ছেলে বিলেতে পড়তে গিয়ে মেম বিয়ে করে এনেছে। বাপ জ্যোতিষী দিয়ে একদা ছেলের ভাগ্যগণনা করিয়েছিলেন, নববধূর কারণে বিয়ের এক বছরের মধ্যে পুত্রের মৃত্যু হতে পারে – ফাঁড়া আছে। ফলে বাবা দেশে ফেরার পর বউ–এর জন্য আর ছেলের জন্য দুটি আলাদাঘর নির্দিষ্ট করলেন। এও বলেছিলেন এক বছর তাদের মধ্যে কোনো সম্পর্ক থাকবে না। এক জ্যোৎস্নারাতে ছেলে রাত্রিবেলা লুকিয়ে লুকিয়ে বিশাল উঠান পাড়ি দিয়ে বিদেশিনী বউ এর ঘরে যাওয়ার চেষ্টা করেছিল। হঠাৎ একটা বাঘ আচমকা এসে তাকে মুখে করে নিয়ে যায়। পরদিন একটা ঝোপে আবিষ্কৃত হয় তার অর্ধভুক্ত মৃতদেহ। দ্বিতীয় গল্পটির নাম ভুলে গেছি। এক ভদ্রলোক মাঝে মধ্যে সাঁওতাল পরগণায় তাঁর বাগানবাড়ীতে যেতেন। জমি জুড়ে আমলকী গাছ। অরণ্যবাসে এসে এক কালো দেহাতি মেয়ের প্রেমে পড়েছেন। মেয়েটি তাঁর বাড়ীতে জলতোলা ঘর

ঝাঁট দেয়া ইত্যাদির কাজ করে। খোদ দারোয়ানের মেয়ে অথবা নাতনি। মধ্যরাতে অভিসারের সময় নির্দিষ্ট হয়েছে। শয়নঘরে একাকী বিনিদ্র রাত জাগছেন বিপত্নীক ক্ষমতাগর্বী পুরুষটি। ঝমর ঝমর মলের শব্দ শোনা গেল। অন্ধকারে উদগ্রীব পায়ে তিনি মধ্যবর্তী দরজা দিয়ে পাশের গোপন ঘরে ছুটে গেলেন। এই হচ্ছে অভিসারের নির্দিষ্ট সংকেতস্থল। তৃষিত বাহু মেলে জড়িয়ে ধরলেন প্রত্যাশিত কৃষ্ণাঙ্গী নায়িকাকে। মুখ থেকে নির্গত হ'ল এক যন্ত্রণাকাতর আর্তনাদ, বুক থেকে গড়িয়ে গেল কয়েক ফোঁটা রক্ত। ভোরবেলা সবাই দেখল একটা শজারুকে আলিঙ্গন করে বাবুমশাই ঘরে পড়ে আছেন। আসলে মাঝরাতে ঘরে এসেছিল মেয়েটি নয়, একটা শজারু – শজারু যখন চলাফেরা করে তখন তার কাঁটাগুলো ঝনঝন করে বাজে ঠিক রূপার মলের মত।

গল্প শুনেছি, হরপ্রসাদ মিত্র প্রথমা পত্নী মন্টুরানীকে ভালোবেসে বিয়ে করেছিলেন। তাঁর একটা পায়ে অসুবিধা ছিল, বিশেষভাবে তৈরী জুতো পরতে হতো। লেকটাউনের বাড়ীর দেয়ালে তাঁর ছবি দেখেছি, মুখটি সুমিষ্ট। এক কবি–সম্পাদকের স্ত্রীর মুখে শুনেছি মন্টুরানীর মৃত্যু হয়েছিল আকস্মিকভাবে তরকারি কুটতে কুটতে – লেকটাউনের নতুন বাড়িতে। চারপাশে ছড়িয়ে ছিল আধকাটা আনাজপাতি, ঘরনীর মৃত্যু হয়েছিল মস্তিষ্কের রক্তক্ষরণে। অনেক বছর উনি নিঃসঙ্গ ছিলেন। পরে স্মৃতিভারে ভরা লেকটাউনের বাড়ী বিক্রি করে গলফগ্রীনে শেষপর্যন্ত থিতু হন। ওঁর পরবর্তী জীবনসঙ্গিনী ডঃ নমিতা মিত্র – তিনিও বাংলা সাহিত্যের অধ্যাপনায় নিযুক্ত ছিলেন।

১৯৭৩ থেকে ১৯৭৫ লেকটাউনে স্যারের বাড়ীতে প্রায়ই যেতাম। তখনকার কথা কিছু বলি। একদিন দোতলা না তেতলার ঘরে বসেছি। অধ্যাপক এম.এ–র খাতা দেখছেন। আমাকে দেখে বললেন – খাতাগুলির নম্বর ঠিকমত যোগ করেছি কিনা মিলিয়ে দ্যাখো। Half-Paper প্রত্যেকটা খাতা দেখতে মিনিট পাঁচেক লাগছে। একটা মেয়েকে ৩২ দিলেন ৫০এ, প্রথম শ্রেণী। খাতার উপরে লেখা শ্রী শ্রী আদ্যামা। ঠাট্টা করলাম, স্যার কি আদ্যামা দেখেই প্রথম শ্রেণী দিলেন। ইতিমধ্যে রাঁধুনী এসে ভাজা 'বেগুনী' দিয়ে গেছে, আমরা খাচ্ছি। আর একদিন গিয়ে দেখি স্যার একটা টেপ রেকর্ডার কিনেছেন – আমার দিকে মাউথপিসটা এগিয়ে দিয়ে বললেন একটা নিজের লেখা কবিতা পড়। আমি মন থেকে একটা স্বরচিত কবিতা পড়লাম। সেই আমার প্রথম নিজের রেকর্ড করা গলা নিজে শোনা।

উনি যে কত মহৎ বুঝেছি দু একটা ছোটো ঘটনা থেকে। বুদ্ধদেব বসুর মৃত্যুর পর 'কালি ও কলম একটি অবিস্মরণীয় সংখ্যা বার করে। সম্পাদনার দায়িত্বে ছিলেন স্বয়ং হরপ্রসাদ মিত্র। আমাকে বললেন, একটি কবিতা দাও। কবিতা দিলাম। একমাস পরে হঠাৎ এক ছাত্রকে আমার বাড়ী পাঠিয়ে দিয়েছেন সকালবেলা। সঙ্গে চিঠি। দেয়া কবিতার একটা copy এখনই চাই। আদেশ পালন করলাম। বুঝতে পারলাম স্যার কত জেদী ও দৃঢ় চরিত্রের মানুষ। নতুন লিখছি – প্রেসে কবিতা হারিয়ে যাওয়াটা কে জানে নেপথ্যে কারো ইচ্ছাকৃত কি না!

হরপ্রসাদ মিত্র ছিলেন ভ্রমণবিলাসী মানুষ। মনে আছে একদিন তিনি সকালবেলা রাজস্থান থেকে এলেন, বিকেলবেলা ছুটছেন দক্ষিণভারত সফরে। ওই দক্ষিণ ভারত সফরে গিয়েই তিনি ঝুঁকে পড়লেন ঋষি অরবিন্দের দিকে। জীবনের দ্বিতীয়ার্ধে তাঁর এই এক আশ্চর্য conversion বা রূপান্তর। আমি বললাম – স্যার, আমি তো আপনাকে atheist বা নাস্তিক বলেই জানতাম। উনি হাসলেন। আমাকে উপহার দিলেন পণ্ডিচেরীর emblem বা চিহ্নপ্রতীক পদ্ম আঁকা একটি ছোটো গোল মানিব্যাগ। ১৯৭৫এ তখন আমি সদ্য ঝাড়গ্রাম সরকারী কলেজে অধ্যাপক হয়েছি।

দেখেছি লেকটাউনের বাড়ীতে সকালে ওঁর কাছে নানা ধরনের জনসমাগম হতো। প্রথম প্রথম আমাকেও পাঁচ মিনিট পরে বলতেন – আচ্ছা এখন এসো, ভাই। পরে কিন্তু ঠাঁই দিয়েছিলেন অন্তরে। বসে থাকতাম যতক্ষণ খুশী। কিন্তু সতর্ক থাকতাম, অকারণে ওঁর সময় যেন নষ্ট না করি।

গলফগ্রীনে যে বাড়ীর একতলাতে উনি থাকতেন তার দ্বিতলে আত্মীয়তাসূত্রে আমি মাঝেমধ্যে যেতাম। গেলেই ওঁর কাছে আসতাম। ওঁকে একটু বিষণ্ণ মনে হোত, উনি যেন মনে মনে বলতে চাইতেন–

ম্লান দিবসের শেষের কুসুম তুলে
এ কূল হইতে নবজীবনের কূলে
চলেছি আমার যাত্রা করিতে সারা
(রবীন্দ্রনাথ)

প্রসঙ্গত উল্লেখযোগ্য হার্টষ্ট্রোক হওয়ায় উনি বুকে পেসমেকার ব্যবহার করতেন।

আমি কলেজ স্ট্রীটে প্রেসিডেন্সি কলেজের সামনে একটা পুরোনো বই এর দোকানে স্যারের 'সত্যেন্দ্রনাথ দত্তের কবিতা ও কাব্যরূপ' বইটা হঠাৎ দেখতে পাই ও সঙ্গে সঙ্গে কিনে ফেলি। বলা বাহুল্য বইটা ছিল out of print, দুষ্প্রাপ্য। উনি শুনে খুব খুশী হন। ইচ্ছে ছিল ওঁকে দিয়ে sign বা সাক্ষর করিয়ে নেব। কিন্তু শিক্ষাগুরুর অকাল তিরোধানে ইচ্ছেটা মেটাতে পারি নি।

মৃত্যুর মাত্র একমাস আগে হঠাৎ ওঁর ফোন পেলাম। আমার লেখা একটা কবিতার ভীষণ প্রশংসা করলেন। প্রশংসা করলেন আমার গদ্যেরও। চোখে জল এসে গেল। মনে পড়ল আমি নিজে যখন অধ্যাপক হয়েছি ওঁকে কলকাতা বিশ্ববিদ্যালয়ে ''রবীন্দ্রনাথ ঠাকুর'' অধ্যাপকরূপে বিচরণ করতে দেখেছি। সে বড় আভিজাত্যময় অবস্থান! এখানে আমি 'কল্লোল যুগ' বইটি থেকে অচিন্ত্যকুমার সেনগুপ্তের একটা মন্তব্য তুলে দিচ্ছি – অচিন্ত্যকুমার বলেছেন মাঝে মাঝে শ্রীরামপুর থেকে আসতেন এক রূপবান যুবা – তিনিই হরপ্রসাদ মিত্র।

ডঃ হরপ্রসাদ মিত্রের বাল্যবয়স দেওঘরে কিছুটা কেটেছে। বাবার ছিল

বদলীর চাকরী, তিনি ছিলেন ষ্টেশনমাস্টার। অধ্যাপক নিজে আমাকে বলেছেন, দেওঘরে ওঁদের বাগানে ছিল আদরের ছোট বোনের সমাধি। তাঁর বিখ্যাত সহপাঠী হচ্ছেন নারায়ণ গঙ্গোপাধ্যায়। অধ্যাপক হয়ে প্রথম মাইনে পান ৬০ টাকা, রবীন্দ্র অধ্যাপক হিসেবে মাইনে পেতেন ১৫০০ টাকা। আমার কাছে আক্ষেপ করেছিলেন, তোমরা এখন কত বেশী মাইনে পাও।

আমার মনে হয় জীবনে ওঁকে কিছু কিছু বেদনা–বঞ্চনার সম্মুখীন হতে হয়েছে। প্রতিভাবান সব মানুষেরই এই নিয়তি, নকশালপন্থী আন্দোলনের সময় যখন ওঁর স্ত্রী অসুস্থ, হস্টেলে ছাত্ররা আলো নিভিয়ে ওঁকে ঘরবন্দী করে রেখেছিল– নানা প্রতিকূল Slogan দিয়েছিল বা ধ্বনি তুলেছিল। এম.এ. ক্লাসে পড়ানোর সময় একটি মর্মস্পর্শী ভাষণে নিজের অন্তরবেদনা প্রকাশ করেছিলেন, ক্লাসরুমে আমি ছিলাম। পড়াতেন 'কালান্তর', দাঁড়িয়ে স্পষ্ট কাটা কাটা উচ্চারণে।

পরিশেষে ডঃ হরপ্রসাদ মিত্র মৃত্যুর অল্প কিছুদিন আগে আমাকে যে চিঠি দিয়েছিলেন তা আনুপূর্বিক উদ্ধৃত করে দিচ্ছি – স্বহস্তে টাইপ করে নিজের নাম ঠিকানা এবং আমার নাম ঠিকানা (এমন কি ডিগ্রি পর্যন্ত!) লিখেছেন। চিঠিতে লিখছেন – তারিখ ৮ই মে, ১৯৯৪, বৈশাখ ১৪০১।

স্নেহাস্পদেষু,

মঞ্জুভাষ, এই রবীন্দ্র জন্মমাসে তোমাকে আমার প্রীতি ও শুভেচ্ছা জানাচ্ছি। জীবন সম্বন্ধে কোনো শেষ কথা নেই। নিজেকে প্রত্যেক জাগ্রত মুহূর্তেই আবিষ্কার করার সুযোগ ও সম্ভাবনা থেকে যায়। শিক্ষার অশেষ সম্ভাবনা ঘটছেই তো। অন্তরে আগ্রহী থেকেও ইহজীবনে নিশ্চয়তার অভাবে ইহজীবনের সেই সুযোগ গ্রহণ করতে পারিনি বলে দুঃখ হয়।

শুভার্থী<br>
হরপ্রসাদ মিত্র

কয়েকবছর পরে ডিসেম্বরের গোড়ায় লেকটাউনে একটা কাজে সকালবেলা গিয়েছিলাম। সত্তর দশকের প্রথমার্ধে শীতকালে লেকটাউন ছিল ফুলে ফুলে ভরা – সেই প্রিয় ব্যক্তিগত মিথপ্রতিমা 'লেকনগরী'তে আমার ছিল আসাযাওয়া, আজো দেখি সব কিছু ঠিক তেমনি আছে। ভীষণভাবে মনে পড়ে গেল প্রিয় অধ্যাপক, আমার জীবনপথের অন্যতম দিশারী প্রিয় কবি ও গদ্যলেখক ডঃ হরপ্রসাদ মিত্রের কথা। পায়ে পায়ে কখন অজান্তে তাঁরই বাড়ীটার সামনে বুঝি এসে পড়েছি। মনে পড়ে গেল জীবনের এক সন্ধিক্ষণে তাঁকে role model বা অনুকরণযোগ্য আদর্শ করেছিলাম। পুনশ্চ মনে মনে উচ্চারণ করলাম ''তুমি আছো অন্তরে''।

# Forgotten Barrackpore

MONABI MITRA

Beyond the northern fringes of Calcutta lies Barrackpore, once a stylish summer retreat of the Company's Governors General. Today a forgotten, out-of-the-way peripheral seat of the Police and a poor castoff of Raj Bhavan with only the Army cantonment keeping the show intact. J.P. Losty describes the Governor's seat at Barrackpore as "almost rivalling in magnificence the Calcutta one, which he intended as the country residence for future Governor-Generals…"

ওদিকে রাম বসে আছেন অযোধ্যার সিংহাসনে। এমন সময় কাল অর্থাৎ সময় (মতান্তরে, বশিষ্ঠ ও ব্রহ্মা) সাধুর বেশে রামের সঙ্গে সাক্ষাৎ করতে এলেন। রামকে কাল বললেন, তিনি মহর্ষি অতিবলের প্রেরিত দূত। অতিবল হল ব্রহ্মার ছদ্মনাম। কাল জানালেন, তিনি যখন রামের সঙ্গে কথা বলবেন তখন যেন সেই স্থানে কেউ প্রবেশ না করে। যদি কেউ সেখানে ঢুকে পড়ে তাহলে তাকে রাম বধ করবেন। দাশরথি রাম এমন প্রতিজ্ঞা করার পর একটি বদ্ধ ঘরে কাল ও নরচন্দ্রমা কথা বলতে শুরু করলেন। বদ্ধ দরজার অন্য দিকে প্রহরী হিসাবে রইলেন লক্ষ্মণ। কাল বললেন, হে রাজা, আপনার সময় ফুরিয়ে এসেছে, আপনাকে এই বার মর্ত্যলোক ছেড়ে দেবলোকে যেতে হবে। রাম তাতে সম্মতি জানালেন। দুজনে যখন কথা বলছেন তখন দুর্বাসা (মতান্তরে, বিশ্বামিত্র) মুনি রামের সঙ্গে দেখা করতে এলেন। লক্ষ্মণকে তিনি বললেন, এক্ষুনি রামকে তাঁর আগমনের সংবাদ দিতে। লক্ষ্মণ একটু অপেক্ষা করতে বললে তিনি ক্রোধে অগ্নি শর্মা হয়ে বলে উঠলেন, এই মুহূর্তে তাঁর আগমনের খবর রামকে না দিলে তিনি গোটা অযোধ্যা সবংশে বিনষ্ট করে দেবেন। লক্ষ্মণ ভাবলেন, গোটা রাজ্য এবং তার মানুষ ধ্বংস হওয়ার চেয়ে তাঁর একার বিনাশ মঙ্গল। লক্ষ্মণ রামের কাছে গিয়ে দুর্বাসা মুনির আগমনের সংবাদ দিলেন। কাল বিদায় নিলেন। দুর্বাসা রামকে বললেন, তাঁর দীর্ঘকালের উপবাস শেষ হয়েছে, তিনি খাদ্য চান। তাঁকে নানা প্রকার সুখাদ্যে তুষ্ট করার পর রাম ভাবলেন, লক্ষ্মণকে বধ করাই হল সত্যধর্ম। বশিষ্ঠ বললেন, অনুজ–কে পরিত্যাগ করা মানে তাঁকে বধ করা। ত্যাগ ও বধ সমান। লক্ষ্মণ রামের দ্বারা ত্যাজ্য হয়ে সরযূতীরে প্রাণ বিসর্জন দিলেন। রাম পুত্রদ্বয়কে সিংহাসনে অভিষিক্ত করে মহাপ্রস্থানের উদ্যোগ করলেন। সরযূ নদীতে তিনিও প্রাণ বিসর্জন দিলেন।

ওদিকে অধোভুবনে হনুমান রয়েছেন ভূতের রাজার নৈশাহারের থালায়। তিনি একমনে রামনাম জপ করে যাচ্ছেন। তাই শুনে রাজা বললেন, তুমি কে হে বাপু?

হনুমান।

এখানে এসেছ কেন?

ভগবান রামের আংটি একটি ফাটলে হারিয়ে যায়। সেই ফাটল ধরে আংটি খুঁজতে খুঁজতে এই খানে এসে পড়েছি।

ভূতের রাজা একটি প্রকাণ্ড থালায় কয়েক হাজার আংটি এনে বললেন, তোমার রামের আংটি এখান থেকে খুঁজে নাও।

হনুমান সহস্র সহস্র অঙ্গুরীয় দেখে ঘাবড়ে গিয়ে বললেন, আমি ঠিক চিনতে পারছি না কোন আংটি আমার প্রভু রামের।

ভূতের রাজা বললেন, এখানে যত আংটি দেখছো, প্রত্যেকটি এক একজন রামের। তুমি যখন অযোধ্যায় ফিরে যাবে, তখন আর দশরথের পুত্র রামচন্দ্রকে দেখতে পাবে না। দাশরথি রামের কাল শেষ তাই তাঁর আংটি অধোভুবনে। একজন রাম মারা গেলে তাঁর আংটি এখানে চলে আসে আর আমি সেগুলি নিজের সংগ্রহে রেখে দিই।

হনুমান ফিরে এলেন।

একজন রাম পিছু একটি করে রামায়ণ লেখা হয়েছে। কোনও রামায়ণই মৌলিকত্ব দাবি করতে পারে না। আবার কোনও ভাষ্যই পুনর্ভাষ্য নয়। এবং এই সব উপাখ্যানের যে যাত্রাপথ তারও শেষ নেই।

রামানুজন নামের এক পণ্ডিত 'তিন শত রামায়ণ' নামে একটি প্রবন্ধ রচনা করেন যেটি দিল্লি বিশ্ববিদ্যালয়ে এক সময় পাঠ্য ছিল। খুব সম্প্রতি

অনুভূতিতে আঘাত লাগছে ভেবে সেটি পাঠক্রম থেকে বাদ দিয়ে দেওয়া হয়। সেখানে লেখক রামায়ণ নির্মাণের একটি ইতিহাস বর্ণনা করার চেষ্টা করেছেন। কীভাবে ২৫০০ বছর ধরে এশিয়ার বিভিন্ন স্থানে এই রামকথা ছড়িয়ে পড়ে তার বিবরণও পাওয়া যায় ওই প্রবন্ধে। বাল্মীকির রামায়ণ নামক কাব্যের তুলনায় রামকথা যা আদতে গদ্য তা হল বেশি প্রাচীন, এমন একটা জোরালো মত ওই প্রবন্ধে পাওয়া যায়। প্রমোদ কুমার, দীননাথ বাত্রার মতো কয়েক জন এই প্রবন্ধের তীব্র বিরোধিতা করে কলম ধরেছেন এবং নানা অভিযোগ তুলেছেন। মুকুল কেশবন বছর দুই আগে কলকাতার একটি ইংরেজি সংবাদপত্রে লেখেন, Almost every sentence of this complaint is objectively, as old school lefties used to say, untrue. Ramanujan, far from being malicious about the texts he discusses, obviously loves them. His language is neither abusive nor libellous. He does not distort, by scholarly consensus, the texts that he translates and the charge that in writing this essay he is trying to create communal differences is, in fact, the only part of this story that is truly libellous.

ফলে এমন কথা ধরে নেওয়া যায় যে, বাল্মীকির রচনার পূর্বে রামকথা ছিল, এবং তা হয়তো ওই সুন্দর কাব্যের আকারে ছিল না, কিন্তু ছিল। শুধু রামানুজনের প্রবন্ধের যুক্তি এখানে বাল্মীকি রামায়ণের অপেক্ষাকৃত নবীনতা নিয়ে একমাত্র যুক্তি নয়। হনুমান ও ভূতের রাজার কথোপকথনও একটি জোরালো প্রমাণ। যেহেতু পৌরাণিক ইতিহাসের যুক্তির নিয়ম একটু অন্য ধারায় চলে, তাই এখানে ওই গল্পটিকে প্রমাণ হিসাবে নেওয়া সম্ভব। এমন যুক্তি মহাভারতের ক্ষেত্রে জৈন পণ্ডিতরাও দিয়েছেন। রামায়ণের তিন শো কেন, হাজার হাজার উপাখ্যানের মধ্যে বৌদ্ধ, কাশ্মীরি, ইরানি, যবদ্বীপীয় প্রভৃতি 'কথা' যেমন রয়েছে, তেমনি রয়েছে আওয়াধি, বাংলা, অসমিয়া, কন্নড় নানা ভাষায় বিভিন্ন রামায়ণ। তাদের মধ্যে আছে অনেক ফারাক। মূল কাকে বলা হবে সে নিয়েও রয়েছে তর্ক। যদি বাল্মীকির রামাযণকে মূল ধরা হয়, তাহলে আওয়াধি রামায়ণে তুলসীদাস তাকে সম্পূর্ণরূপে অনুসরণ করলেন না কেন, কৃত্তিবাস ওঝা কিংবা অন্য ভাষার রামায়ণকাররা তাকে অক্ষরে অক্ষরে মেনে চললেন না কেন, এমন প্রশ্ন ওঠে। যাকে আমরা বাল্মীকি রামায়ণ বলি সেখানে বাল্মীকির যে নিজস্ব পরিচয় তাও বদলে গিয়েছে তুলসীদাসের রামায়ণে।

নিরুক্তে ফেরা যাক। প্রাচীন ভারতবর্ষে আপাত অসঙ্গতি দূর করার জন্য নিরুক্তকে পদ্ধতি হিসাবে গ্রহণ করে অর্থ নিষ্কাশনের কথা বলা হযেছে এবং নিরুক্ত হল বেদাঙ্গ।

বাল্মীকি হলেন প্রচেতাপুত্র। 'প্রচেতা' শব্দের অর্থ হল প্রকৃষ্ট জ্ঞান (ঋগ্বেদ ১.৪৩.১) প্রকৃষ্ট চেতঃ যাহার। 'পুত্র' (পুৎঔ√ত্রৈঔঅ (ক)-ক) এই প্রকৃষ্ট জ্ঞানবানকে ত্রাণ করেন এবং তিনিই বাল্মীকি। 'চেতঃ' বা 'জ্ঞান' শব্দটির তাৎপর্য গভীর। এই জ্ঞানের মধ্যে যেমন প্রত্যক্ষ-অনুমিতি-উপমিতি-শাব্দ-অর্থাপত্তি-অনুপলব্ধি আছে তেমনই আছে ঐতিহ্য ও পুরাণ। ফলত, বাল্মীকির চেতনা বা জ্ঞানের মধ্যে ঐতিহ্য ও পুরাণের ভূমিকা আছে বলেই অনুমান করা যায়। সেই ঐতিহ্য ও পুরাণ কোথা থেকে তিনি পেলেন? 'বাল্মীকি' শব্দটি এসেছে 'বল্মীক' থেকে। বাল্মীকি প্রচেতার দশম পুত্র। বল্মীক থেকে তাঁর উৎপত্তি। বল্মীক হল আগম (বঙ্গীয় শব্দকোষ, হরিচরণ বন্দ্যোপাধ্যায়)। শব্দটির একটি মানে হল, পণ্যদ্রব্যের দেশান্তরে উপস্থিতি, অর্থাৎ অন্য দেশে নিয়ে আসা, আমদানি (মনু ৮.৪০১)। অন্যান্য অর্থের মধ্যে রয়েছে পুরাণ, শব্দপ্রমাণ, আপ্তবচন, জনপ্রবাদ, প্রমাণসাধন সাক্ষী ও পত্রাদি। বাল্মীকি চতুরানন ব্রহ্মার কৃপা লাভ করেছেন বা অন্য মতে, বাল্মীকি ব্রহ্মার অবতার। তুলসীদাসকেও এমন অভিধায় ভূষিত করেছেন কেউ কেউ। যিনি চারদিকে দৃষ্টিই শুধু রাখতে পারেন না, অন্যান্য ইন্দ্রিয়ও তাঁর চতুর্মুখ। তিনিই ব্রহ্মা, অতি মহৎ, জ্ঞান - ইনি স্রষ্টা প্রজাপতি ও পিতামহ। এই পিতামহের কৃপা না থাকলে বাল্মীকি রামায়ণ লিখতে সক্ষম হতেন না।

ভারত তথা এশিয়ায় গল্প-কাহিনি-উপাখ্যানের ঐতিহ্য দীর্ঘকালের। বাচ্চারা পিতামহ-পিতামহীর কোলে চড়ে বহু উপাখ্যান শুনেছেন। লিপি আসার পূর্বে এই ঐতিহ্য ছিল অনেক বেশি প্রবহমান। জ্ঞানের মতো গল্পেরও কোনও ভৌগোলিক সীমারেখা থাকে না। তারা এক সমাজ থেকে অন্য সমাজে দ্রুত যাতায়াত করে। সব উপাখ্যান ও কাহিনি কোনও ব্যক্তিবিশেষের একক বা নিজস্ব নির্মাণ নয়। মানব সভ্যতার দীর্ঘ জ্ঞান বা চেতা উপাখ্যানের মধ্যে নিহিত থাকে। ঐতিহ্য ও পুরাণ ছাড়া কোনও সাংস্কৃতিক নির্মাণ সম্ভব নয়। বাল্মীকিও এর ব্যতিক্রম নন। এক সময় গল্প বলা ছিল মানুষের পেশা। মহাভারতের শুরুতে সূতজাত কথক সৌতিঠাকুর জনমেজয়ের সর্পসত্রে গল্প শোনাচ্ছেন। তাঁর পেশাই হল পুরাণ কথন। তিনি সেই কাহিনি শুনে এসেছেন নৈমিষারণ্য থেকে, শৌনকের দ্বাদশ বর্ষব্যাপী যজ্ঞে বৈশম্পায়ন বলছিলেন সেই উপাখ্যান। বৈশম্পায়ন শুনেছেন গুরু ব্যাসদেবের কাছে। ব্যাসদেব আদিতে ১০ হাজার শ্লোকের 'জয়' রচনা করেন। কালক্রমে তা বৃদ্ধি পেতে পেতে এক লক্ষ শ্লোকে পরিণত হয়। এই প্রবন্ধের প্রতিপাদ্য ছিল এমন, যদি বাল্মীকির রামায়ণ পাঠ করা হয়, তবে অনুধাবন করা যাবে যে তিনি এমন সকল জায়গার আদ্যোপান্ত চিত্র দিয়েছেন যে সব স্থানে তাঁর পদচিহ্ন পড়েনি। বাল্মীকি দক্ষিণ ভারত পার হয়ে সেতু যোগে রাবণের স্বর্ণলঙ্কায় পাঠালেন কাহিনির বহু চরিত্রকে, এমনকি সমুদ্র নিয়ে, তার গভীরতা নিয়ে ও বললেন নানা তত্ত্ব কথা। কীভাবে সম্ভব হল? বাল্মীকি প্রথম জীবনে ছিলেন রত্নাকরদস্যু। 'রত্নাকর' হল রত্নখনি। তিনি লুণ্ঠন করেন। কী লুন্ঠন করেন? রত্ন বা উত্তমধন। তাকি গল্প না আগম নাকি ঐতিহ্য সম্পদ! নারদ এলেন, যিনি আত্মজ্ঞান দেন, যিনি পিতৃগণকে জল দেন, তিনি আগম। দস্যু রত্নাকর তাঁর সংস্পর্শে এসে কবি হলেন। সব সম্পদ তিনি ফেরত দিলেন তাঁর মহাকাব্যে। ব্রহ্মা বলে, তব নাম রত্নাকর ছিল। আজি হইতে তব নাম বাল্মীকি হইল। বাল্মীকি পণ্য দ্রব্য অন্য দেশে নিয়ে এলেন, আমদানি করলেন। তিনি হলেন মহাকবি। তাঁর কবিত্বশক্তি দেশকাল অতিক্রম করে রামায়ণকে কথা থেকে একটি কালজয়ী মহাকাব্যে প্রতিষ্ঠা করল।

# দিনগুলি মোর সোনার খাঁচায় রইলো না

চৈতালী ব্রহ্ম

বহুদিন বাদে গতবছর সে তার পুরোনো কলেজে গেলো পুরোনো বন্ধুদের সঙ্গে দেখা করতে, হয়তো বা পুরোনো (আমি) টাকে একবার ঝালিয়ে নিতেও। আঁতিপাতি–স্মৃতির অলিগলিতে, পোর্টিকো, প্রমোদদার ক্যান্টিন, বেসিন, লাইব্রেরি, সিঁড়ি, সিঁড়ির মাথায় এখন অদৃশ্য ঘন্টা, দোতলায় অদৃশ্য গার্লস কমন রুম, ছাদের গম্বুজ, শীতের ছাদ থেকে নাখোদা মসজিদ, মাঠের সবুজ গালচে, আর, আর কবে মরে যাওয়া দারোয়ান জনি। সব কিছু সামনে এসে দাঁড়ালো। সামনের দশাসই স্যুটেট–বুটেট একদম টাকলু পদস্থ বন্ধুটা হয়ে গেলো ল্যাঙ্কি প্যাঙ্কি – উজ্জ্বল চোখের পটলা। ভোঁতা, চুল খালি হয়ে আসা – আর এক বন্ধু হয়ে গেলো সেদিনের সেই খাদির পাঞ্জাবি পর ইউনিয়নের জনপ্রিয় লিডার। আর সে? সে হয়ে গেলো কাঁধ অবধি স্টেপকাট – মাথার সামনে ঝাপড়া ঝাঁকড়া চুলের জিনস্, পাঞ্জাবি আর মণিপুরি জ্যাকেট পরা কিংবা গ্যালিস দেওয়া কিউলট আর বুকে চশমা আঁকা গেঞ্জি পরা একটা 'আমি', যে তার নিজের ডিপার্টমেন্টে খাপ খায় না, আঁটে না, কিন্তু কলেজের সমস্ত ডিপার্টমেন্টের নানা ছেলেমেয়েদের নিয়ে তার এক মস্ত বড় গ্রুপ। ক্যানটিনে নিয়মিত আড্ডা, হাইবেঞ্চে বসে লো বেঞ্চে পা রেখে প্রমোদদার পচা ফিশচপের টাক্‌নায় রাষ্ট্রবিপ্লব আর পশুপ্রেমের মেলবন্ধন ঘটানোর বাক্যবাগীশ নিরন্তর প্রচেষ্টা।

'সে' সেদিন গিয়ে দেখে, প্রমোদদার ক্যান্টিনে আর ভাঁড়ের চা নেই, আছে মেশিনের কুলীন চা, বারিস্তার সঙ্গে টক্কর দেবার প্রচেষ্টা আর কি। ফিশ চপ নেই, অদ্ভুত দর্শন অদ্ভুত স্বাদ চিকেন পকোড়া, যা তার থেকে কানা কুকুরটাই পছন্দ করলো বেশি। হাইবেঞ্চ লো বেঞ্চ অদৃশ্য, ভিতরের ঘরটা, যেখানে চা–চুমু–চীৎকার–চট্‌কানো সবই নির্দ্ধিধায় চলতো। আরো এক বছর বাদে আজ সে দেখে, এখন প্রমোদদাও ক্যান্টিন থেকে অদৃশ্য।

মনে পড়ে গেলো, সে একটি ছোট্টো খাট্টো টুকটুকে ফরসা অতীব মিষ্টি ছেলেকে দাদা বানাতে চেয়ে, (বয়সে বড়ো ছিলো তো, তাই–ভাই বলতে পারবে কি করে?) একটি ব্রাদারস কার্ড দিয়েছিলো ডেকে, ছেলেটি অত্যন্ত ঘাবড়ে গিয়ে ইতস্তত করতে করতে কার্ডটা নিয়ে চলে গিয়েছিলো ইউনিয়নরুমের পিছন দিকে গাছের নিচে। কার্ডটা দেখে ফিরে আসার সময় তার মুখটা ছিলো তাকিয়ে দেখবার মতো। এতো বিস্মিত বোধহয় ছেলেটি আগে কোনোদিনও হয়নি। প্রেমপত্তর নয়? ভাই? একটি মেয়ে বোন হতে চেয়ে কার্ড দিচ্ছে? তারপর ক্যানটিনে বসে সপারিষদ ছেলেটি যখন টেবিল পিটিয়ে গাইছে – ''দেখা হ্যায় পহলি বার – সাজন কি আঁখোমে প্যার, ডিম পাঁউরুটি – ডিম পাঁউরুটি – ডিম পাঁউরুটি –ডিম পাঁউরুটি'' –

তখন তার ইচ্ছে করতো, ছেলেটির পুচু পুচু গাল দুটো টিপে দেয়। আজ সে ছেলের লম্বা লম্বা চুল, মুখময় দাড়ি–গোঁফ, বপ্পের সবচেয়ে বড়ো সুরকার। সে জানে না, দেখা হলে আজ কিভাবে কথা বলবে তার সেদিনের সেই প্রিয় মিষ্টি দাদাটি।

সে যে বিভাগে পড়তো, সেখানে ক্লাসে একটি একা কুম্ভ (পুরুষ!) নকল বুঁদিগড় রক্ষা করতো। দৈর্ঘ্যে–প্রস্থে একেবারে এক সে ছেলেটি কি তার প্রতি কোনোভাবে.....? এখনো তো ক্লাসের বন্ধুরা তা ই ই বলে। আর তা না পেয়েই কি অঙ্কের সিনিয়র দাদাকে গিয়ে ছেলেটির মিথ্যা বলে আসা ''সে তোমায় ভালোবাসে অ..দা''। ক্যানটিনে সবার সামনে অ...দা তাকে সেকথা বলে নিরস্ত করতে যেতেই সে তখন কালী কপালিনী খর্পরধারিনী, ক্লাসের অ..টিকে বধ করবার জন্য ধাবমানা। বাকি বছরগুলো, এমনকি এখনও সেই ক্লাসের অ...টি (অকালকুষ্মাণ্ড? নাকি অসহ্য, না অপ্রেমী, অথবা অতিরিক্ত?) তার সঙ্গে কথা বলে বোধহয় একটু মেপে।

তার মনে পড়ে যায়, বাংলা–ইংরেজি, সোশিওলজি, ফিলসফি, ইতিহাস, ভূগোল, পল.সায়েন্স, স্ট্যাটিসটিকস্, সব বিষয়ের নানা বন্ধুরা মিলে প্রথম বছর ডায়মণ্ডহারবার এবং তার পরের বার জনাই পিকনিক করতে যাওয়া। জনাই-তে আধকাঁচা মাংস, মনোহরা আর সদ্য গজানো কয়েকটি জুটির প্রেম, সে এসব বুঝতো না কিছুই। কলেজপ্রেম করবে না প্রতিজ্ঞা ছিলো। তাই বন্ধুরা মিলে নলবনে গিয়ে জোড়া কপোত কপোতীদের পিছনে লাগা, একদিন হঠাৎ ছুটিতে সিনেমা

দেখতে গিয়ে নিউএম্পায়ারের হল ভর্তি তারই সহপাঠীরা, সিনেমা 'স্লিপিং উইথ দ্য এনিমি', ভয়ের সিনে সবার একসঙ্গে কলরোল।

কলেজের ফেস্ট, ভীমসেন যোশী, হরিপ্রসাদ চৌরাসিয়া, বিশ্বমোহন ভাট, অরুণ ভাদুড়ি, পণ্ডিত যশরাজ, প্রতুল মুখার্জি, ঊষা উত্থুপ, সঙ্গীত রিসার্চ একাডেমি বা ডোভার লেন যাবার প্রয়োজনই হতো না, কিংবা অঞ্জন দত্ত, বিভাস চক্রবর্তীর নাটক, মায়া সেন, ঋতু গুহ, চিত্রলেখা চৌধুরীর রবীন্দ্রসঙ্গীত, একশো পঁচাত্তরতম কলেজবার্ষিকীতে রক্তকরবী অভিনয়, অন্তাক্ষরীতে দ্বিতীয় পুরস্কার, কলেজ ম্যাগাজিনে কবিতা, সংস্কৃতি চর্চার পীঠস্থান তখন তার কলেজ।

এবার গিয়ে দেখলো, কেউ রবীন্দ্রসঙ্গীত গাইছে না, ক্যানটিনে শ্রীজাত-র কবিতার উদ্ধৃতি লেখা ভুল বানানে। গাঁজা-হাশিস-হেরোইন যুগে যুগে অবিনশ্বর, পোশাক বিপ্লব বরং ছিলো তাদের সময়ে। এখন সবই গা সওয়া।

সবার হাতে এখন মোবাইল, তখন বেকার বিল্ডিং-এর একতলায় একটা পাবলিক টেলিফোন, এক টাকার কয়েন ফেললেই তিনমিনিট কথা, একবার ফাঁক দিয়ে ঝনঝন করে ঝরে পড়া কয়েন নেবার হুড়োহুড়ি। মাঠে শীতের দুপুরে সাবুর মা তার কাকিমার করা পাটিসাপটা আর কেক দিয়ে জমাটি যাপন, দোতলার জি.সি.আর.-এ সে আর সাবু, একের পর এক রবীন্দ্রসঙ্গীত, অনার্সে-ফার্স্ট হবার পর হেড অফ দি ডিপার্টমেন্টের অপমানে সাবুর কোলে মুখ গুঁজে অঝোরে কান্না, পাসের কলেজে সংস্কৃত পাসের ক্লাস করতে গিয়ে একটি শ্রীলঙ্কার ছেলের সঙ্গে বন্ধুত্ব, ক্যাণ্ডি নাচ, স্যারেদের ভালোবাসা। এক একটি ঐতিহাসিক গথিক স্থাপত্য, বুকের ভিতরে জমানো ইতিহাস। ভালো লাগা, মন্দ লাগা, মিলে মিশে একাকার হয়ে যেতে থাকে। আর পাল্টে যেতে থাকে প্রেসিডেন্সি, আমার কলেজ।

# স্বর্ণকুমারীর ব্রোচ

## রাজশ্রী মুখোপাধ্যায়

দক্ষিণমুখী আয়তাকার বারান্দায় রোদ পোয়াচ্ছে পাতাবাহার আর বিশালকায় ঝুলন্ত ঝিনুক। এই ঝিনুক এসেছিল কন্যাকুমারী থেকে। ৩৫/১এ, গরচা রোডের দোতলার এক আবহমান দৃশ্য। বাড়িটার চিহ্নকও বটে। যেমন সে বাড়ির চিহ্নক ছিলেন তার মালকিন ডঃ কল্যাণী মল্লিক। গরচাপাড়ার বাকি বাসিন্দাদের মধ্যে সহজেই নজর কাড়তেন এই ব্যক্তিত্বময়ী বর্ষীয়সী। নিপুণ রুচিশীল সাজে সুচরিতা, হেমনলিনী, এলা, লাবণ্যর সহাজাত লাবণ্যময় সাজ মনে পড়ত। রবীন্দ্রনাথের নায়িকাদের মতোই ব্যক্তিত্বে উজ্জ্বল ছিলেন তিনি। খোঁপা বাঁধার পরিপাটি কায়দা ছিল দেখার মত। বিনুনী করা চুলের দড়ি পাকিয়ে পাকিয়ে গোল করে কাঁটা দিয়ে আটকানো। একটি চুলও বাইরে থাকতো না! দেখলেই অবনঠাকুরের অন্তঃপুরের খোঁপার লিষ্টি মনে পড়ে যেত – মোচা খোঁপা, কলা খোঁপা, বিবিয়ানা খোঁপা, পিছেফাঁস খোঁপা, মনধরা খোঁপা, হ্যাঁ, তাঁর এই সাজে, বাটার চটিজুতো আর মেহগিনির লাঠি ঠুকঠুকে, তিনি ছিলেন এক্কেবারে চুল টানা বিবিয়ানার সার্থক নিদর্শন।

শিশু আমি কল্যাণী মল্লিককে ঈষৎ অদ্ভুত নামে ডাকতাম – দিদিমে। দিদি–'মা' না হয়ে 'মে' কেন তার কোনও সদুত্তর পাওয়া সম্ভব না। কারণ শিশু যে নামের নেশায় ডাকে। বাবা ঠাট্টা করে বলতেন ''ওটা ফরাসী টাচ্। তুই আর তোর দিদিমে তোরা দুজনেই তো মেমসাহেব!'' দিদিমে কল্যাণী মল্লিক ছিলেন আমাদের বাড়িওয়ালি। তাঁর বাড়িতে আমার জীবনের প্রথম ২৭ বছর কেটেছে। তিনি দুটো কথা প্রায়ই বলতেন – ''জানো তো আমি রবীন্দ্রনাথ ঠাকুরের নাতনি'' আর ''তুমি কিন্তু আমার জন্যই ঠিকঠাক জন্মেছো। আর একটু দেরি হলেই হয়েছিলো''। প্রথম উক্তিটি ঐতিহাসিক সত্য। শ্রীমতী কল্যাণী মল্লিক ছিলেন রবীন্দ্রনাথের ন'দিদি স্বর্ণকুমারী দেবীর আপন নাতনি। স্বর্ণকুমারী ও জানকীনাথ ঘোষালের বড়ো মেয়ে ছিলেন হিরণ্ময়ী। তাঁর বিয়ে হয়েছিল ফণীভূষণ মুখোপাধ্যায়ের সঙ্গে। হিরণ্ময়ী ও ফণীভূষণের কন্যা কল্যাণী। অর্থাৎ স্বর্ণকুমারীর আপন ও রবীন্দ্রনাথের সম্পর্কে নাতনি। কল্যাণীর মা হিরণ্ময়ী আজ প্রায় বিস্মৃত নাম। কিন্তু বালিগঞ্জ ফাঁড়ির পঞ্চমুখী মোড়ের কাছে, হাজরা রোডের উপর মেয়েদের যে হোস্টেল আছে, কলকাতা বিশ্ববিদ্যালয়ের ছাত্রীদের আবাসিক আস্তানা, তার সাইনবোর্ডে পরিষ্কার লেখা আছে তাঁর নাম –''হিরণ্ময়ী গার্লস হোস্টেল''। গরচা–হাজরা অঞ্চলে হিরণ্ময়ীর শ্বশুরবাড়ির বেশ কিছু সম্পত্তি ছিল বোঝা যায়, কারণ এই হোস্টেল বাড়ি ছাড়াও আরও দুটি বাড়ির মালিক ছিলেন তারা। ক্রমে তার একটি নার্সিংহোমে পরিণত হয় (একদা বিখ্যাত, অধুনা লুপ্ত নিউল্যান্ডস্ নার্সিংহোম) আর ৩৫/১এ তিনতলা বাড়ি কল্যাণী মল্লিকের বসবাসের জন্য রেখে দেন। কল্যাণীর দ্বিতীয় কন্যা উক্তি এই নার্সিংহোমের সঙ্গে যুক্ত।

সে বছর সেপ্টেম্বর মাসের গোড়ায় বর্ষার শেষ কামড়ে ভয়ানক বৃষ্টি হচ্ছিল। রাস্তায় জল জমে রীতিমত বন্যা পরিস্থিতি। সেই ভয়ানক বৃষ্টির দুপুরে আমি–সম্ভবা মা খিচুড়ি আর ডিমভাজা খেয়েছিলেন। বিকেলের দিকে প্রসব বেদনা উঠলে মা তাকে খিচুড়ি–জনিত পেট ব্যথা ভেবেছিলেন। কিন্তু দিদিমে আসল ব্যাপারটা বুঝতে পেরে ডাক্তারকে ফোন করে প্রচণ্ড তৎপরতার সঙ্গে ডেলিভারির ব্যবস্থা করেন। বালিগঞ্জের কোনও একটা নার্সিংহোমে বুকিং ছিল। কিন্তু ডাক্তারকে যেখানে গামবুট পরে জল ভেঙে আসতে হয়েছিল, সেখানে প্রসূতি কেমন করে অত দূরে যাবে? অতএব পাশের বাড়ির নার্সিংহোমেই আমার জন্ম এবং দিদিমের মধ্যস্থতায়। বাকি নিকট আত্মীয়েরা তো ঝড়–জলে আটকে গিয়েছে। আমার জন্মের ক্ষেত্রে তাঁর এই ভূমিকা তিনি খুব মজা করে সবার কাছে গল্প করতেন।

তিনি নিজে ছয় সন্তানের জননী ছিলেন। স্নাতক হওয়ার আগেই কল্যাণী মুখোপাধ্যায়ের বিয়ে হয় অজিত মল্লিকের সাথে। বিয়ের পর সংসার সামলে তিনি চালিয়ে গেছেন পড়াশুনা, শিখেছেন সেতার ও বেহালা। ১৯৩২ সালে অনার্স সহ গ্রাজুয়েট হন। আমার নিজের দিদা ১৯৩৫ সালে বেথুন কলেজ থেকে পাশ করেন এবং তাঁর নামও ছিল কল্যাণী। এই নামের মিল ধরে দিদিমে আমার দিদাকে 'মিতা' বলে ডাকতেন। স্নাতক হওয়ার পরীক্ষার কয়েকমাস বাদে কল্যাণীর ষষ্ঠ সন্তানের জন্ম হয়। 'প্রবাসী' পত্রিকায় কল্যাণী ও তাঁর সন্তানদের ছবি ছাপিয়ে, সম্পাদক রামানন্দ চট্টোপাধ্যায় প্রশংসা করে পরিচয়লিপিতে লেখেন 'ছয় সন্তানের মাতার কৃতিত্ব'। কৃতিত্বই বটে। প্রথম শ্রেণীতে তৃতীয় ও মেয়েদের মধ্যে প্রথম হয়ে, তিনি ১৯৩৬ সালে স্নাতকোত্তর হন

কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে, এবং কমলরাণী স্বর্ণপদক প্রাপ্ত হন। বাংলা সাহিত্য ছিল তাঁর পড়াশোনার বিষয়। কিন্তু দর্শন ও সংস্কৃত ভাষায় গভীর আগ্রহ ও অনুরাগ ছিল। লোরেটো স্কুলের কেন্দ্রীয় শাখা, মিডলটন রো-তে, সংস্কৃতের শিক্ষিকা ছিলেন তিনি।

বিদ্যানুরাগ ও চর্চা ছিল তাঁর রক্তে। স্বর্ণকুমারী দেবীর চারিত্রিক দৃঢ়তা ও লেখনীশক্তি সঞ্চারিত হয়েছিল নাতনি কল্যাণীর মধ্যে। বাংলা, ইংরাজি দুই ভাষাতেই পারদর্শী ছিলেন – দুই ভাষাতেই লিখতেন। নারী স্বাধীনতা, স্ত্রী শিক্ষার প্রচার-প্রসারে আগ্রহী ছিলেন। তাই দিদিমার কথা, মায়ের কথা, জ্ঞানদানন্দিনী দেবীর কথা লিখেছেন। উনবিংশ শতাব্দীর স্ত্রীশিক্ষা নিয়ে প্রবন্ধও লিখেছেন। এই বিষয়ে গবেষণারও ইচ্ছা ছিল, তবে গোপীনাথ কবিরাজের পরামর্শে তিনি নাথযোগীদের দর্শন, ইতিহাস ও ধর্ম নিয়ে গবেষণা শুরু করেন। ১৯০১ সালের জনগণনায় ভারতে ৪৫,৪৬৩ নাথযোগীদের সন্ধান পাওয়া যায়। কানফাটা যোগী নামে পরিচিত এই শৈব যোগীদের ধর্মাচারের সঙ্গে বৌদ্ধ ধর্মের সাদৃশ্য আছে। যে চুরাশিজন সিদ্ধ যোগীর উল্লেখ চর্যাপদে মেলে, তাঁদের অনেকের নাম নাথযোগীদের মধ্যো পাওয়া যায়। বাংলা সাহিত্যে যে গোরক্ষ বিজয়, গোপীচন্দ্রের সন্ন্যাস এবং ময়নামতীর গান পাওয়া যায়, তার সঙ্গে লোকসাহিত্যের যোগ ছিল। তন্ত্র, হঠযোগ, শৈবাচার, ধর্মপূজা, বজ্রযান, সহজিয়া- সবকিছুর মিলিত প্রভাব পড়েছিল নাথযোগীদের সাধনায়। এই জটিল ও বিচিত্র বিষয় নিয়ে কল্যাণী তাঁর গবেষণা সম্পন্ন করেন। তাঁর অবদানের জন্য শুধু পি.এইচ.ডি. নয়, 'মহামহোপাধ্যায়' উপাধি পান তিনি। ১৯৮৩ সালে আমার মা বায়োকেমিস্ট্রিতে ডক্টরেট করলে তিনি বলতেন, 'দেখো, এই বাড়িতে দুজন মহিলা ডক্টরেট। তোমায় তো গবেষণা করতেই হবে।' তখন এই কথার মানে বুঝতাম না। কিন্তু পরবর্তীকালে উড়িষ্যার মন্দির ভাস্কর্য নিয়ে গবেষণা করতে গিয়ে আমার যাঁর কথা বার বার মনে হয়েছে, তিনি হলেন দিদিমে। বেঁচে থাকলে তিনি বোধহয় সবচেয়ে খুশী হতেন যে আমি তাঁর আশা পূরণ করেছি।

খুব স্বাভাবিক ভাবেই তাঁর চোখের সামনে বেড়ে ওঠা আমার লেখাপড়া নিয়ে তাঁর তদারকি ও উৎসাহের অন্ত ছিল না। প্রতি সপ্তাহে দেখাতে হত, সবিস্তারে বলতে হত কী পড়াশোনা হচ্ছে স্কুলে। তা শুনে তিনি নানারকম উপদেশ ও নির্দেশ দিতেন। সেটা আমার কাছে তখন বেশ বিরক্তিকর ব্যাপার ছিল। কিন্তু এড়ানো ছিল প্রায় অসম্ভব। দিদিমে থাকতেন দোতলায়, মেয়ে রতনমণির সঙ্গে। দুই বিধবার সংসার। আমরা থাকতাম তিনতলায়। দোতলা পেরিয়ে তিনতলা যেতে হতো – সিঁড়িতে পায়ের আওয়াজ পেলেই নাম ধরে ডাকতেন। কেমন করে যেন বুঝতে পারতেন আমি উঠছি বা নামছি। আরও একটা ব্যাপার ছিল। সেটা হলো গল্পের আকর্ষণ। পড়াশোনার কথা শেষ হলে, রোজই তাঁর মেয়েবেলা, তাঁর মামাবাড়ি ঠাকুরবাড়ির নানা গল্প করতেন। ততদিনে আমি জেনে গেছি রবীন্দ্রনাথ ঠাকুরকে। 'শিশু ভোলানাথ'-এর কবিতা পড়তে হতো ক্লাসে। সকালের প্রার্থনায় গাইতে হতো তাঁর গান। তাই আমারও বেশ চমকপ্রদ লাগত এইসব গল্প শুনতে।

ঠাকুরবাড়ির মেয়েরা সাধারণের চেয়ে অন্যতর এক জীবনচর্চায় রত থাকতেন, এই কথা তিনি বার বার বলতেন। সাজসজ্জা, সংসার পরিচালনা, শিল্পসংস্কৃতি, সাহিত্য চর্চা এমনকি সন্তান পালনেও নিজস্ব ধারা অনুসরণ করতেন তাঁরা। দুটি শিশু সন্তান নিয়ে একা সন্তানসম্ভবা জ্ঞানদানন্দিনী বিলেত গিয়েছিলেন নির্ভয়ে। শিক্ষা ও শিশুপালনে প্রচলিত মায়ের কর্তব্য ছাড়াও সহজাত বুদ্ধিবৃত্তির যোগে সর্বদাই নানা উপায়ে শেখাবার কথা ভাবতেন। ভাষা শিখতে হলে মেলামেশার দরকার। তাই নিজে না গিয়ে, ছেলেমেয়েদের পাঠাতেন ফরাসি হোটেলের রান্নাঘরে দুধ বা জল আনতে। কারোয়ারে থাকাকালীন ঘোড়ায় চড়ে বনে বনান্তরে ঘুরে বেড়াতেন। অশ্বারূঢ়া জ্ঞানদানন্দিনীর এই গল্প আমার কাছে রূপকথার থেকে কিছু কম ঠেকত না। হাঁ করে শুনতাম কী ভাবে তিনি হিরে বসানো সোনার হ্যামিলটনের বালা ও চূড় বেচে দিয়েছিলেন গঙ্গার তীরে মার বাড়ি করার জন্য। গল্পের সঙ্গে দিদিমে টুকিটাকি খাবার পরিবেশন করতেন। কখনো চিড়ের মোয়া, নারকোল নাড়ু, কখনো বা আখরোট, কমলালেবু, কুচো গজা। এই কুচো গজার কথা ইন্দিরা দেবীর লেখায় পরবর্তী কালে পড়েছি।

'এঁচোড়ের আচার খেয়েছো কখনো?' তাঁর মামাবাড়ির এক বৈশিষ্ট্য ছিল নাকি এঁচোড়ের আচার। সর্ষের তেলে মজানো। 'আর রবি দাদু স্কুল থেকে ফিরে কী খেতেন জানো?' সত্যিই, আমাদের চাউমিন, আর টোস্ট লাঞ্ছিত সময়ে আমি ভেবেই উঠতে পারতাম না যে রবীন্দ্রনাথ, যাঁর গান শিখি, তিনি নতুন বউঠানের হাতের চিংড়ি মাছের চচ্চড়ি আর পান্তাভাত লঙ্কা সহযোগে খেতে সবচেয়ে বেশি ভালো বাসতেন। রান্না-খাওয়ার ব্যাপারে যথেষ্ট উৎসাহ ছিল কবির। শিলাইদহে থাকার সময় নানান নতুন নতুন রান্না ভেবে সেগুলি রান্না করতে বলতেন। সেই সব 'অপূর্ব ভোজ্যের বিবরণ' যে খাতায় ছিল, সেটি পরবর্তীকালে হারিয়ে যাওয়ায় কবি হেমন্তবালা দেবীকে লিখেছিলেন – ''আমার একটা মহৎ কীর্তি বিলুপ্ত হল। রূপকার রবীন্দ্রনাথের নাম টিকতেও পারে, সূপকার রবীন্দ্রনাথকে কেউ জানবে না।'' কবির বড়দি সৌদামিনী দেবী রন্ধনশিল্পে পারদর্শী ছিলেন। তিনি নারকোল দিয়ে 'বিবিঙ্কা' নামে পর্তুগিজ মিষ্টি বানাতেন। কচুর মুড়কি করতেন! পরবর্তীকালে ইন্দিরা দেবীর স্মৃতিকথার সাথে দিদিমের বলা গল্প মিলিয়ে দেখেছি – ভাসা ঘিয়ে সাদা মুচমুচে করে ভাজা চিঁড়ের কদর ছিল খুব। যশুরে চই নামে এক রকম শিকড় দিয়ে ঝোল রাঁধা হত, কিন্তু তা ইন্দিরা দেবীর মতে মোটেই উপাদেয় ছিল না। এই চইটি সম্ভবত কাসাভা যেটা আফ্রিকান ও ক্যারিবিয়ানদের প্রিয় খাদ্য।

কল্যাণীর কাছে লোকজনের আনাগোনা লেগেই থাকতো। আত্মীয়স্বজন ছাড়াও বন্ধু ও অনুসন্ধিৎসু গবেষক, যেমন চিত্রা দেব। চিত্রা দেবের সঙ্গে আলাপ করিয়ে দিয়েছিলেন। বলেছিলেন – ''এই মাসী কিন্তু ঠাকুরবাড়ির মেয়েদের ওপর বই লিখছেন।'' উনি মিষ্টি হেসে, কোন ক্লাসে পড়ো ইত্যাদি জিজ্ঞাসা করেছিলেন। তখন কি আর জানি বাংলা সাহিত্যের অন্যতম সেরা গবেষিকার সঙ্গে কথা বলছি? আর একজন যাকে আমার খুব মনে আছে তিনি হলেন 'দক্ষিণের বারান্দা' খ্যাত মোহনলাল গঙ্গোপাধ্যায় (অবনীন্দ্রনাথের নাতি)-এর স্ত্রী মিলাডা গঙ্গোপাধ্যায়। মিলাডা কাছাকাছি থাকতেন। প্রায়ই গল্প করতে আসতেন।

দীর্ঘাঙ্গী মিলাডা বয়সের ভারে অল্প কুঁজো হয়ে পড়েছিলেন, কিন্তু পাড় বসানো রেশমের শাড়ি কিংবা তাঁতের শাড়ি আর নিটোল খোঁপায় ঠাকুরবাড়ির আভিজাত্যের সীলমোহর স্পষ্ট ছিল। অবনীন্দ্রনাথের মেজ মেয়ে করুণার ছেলে মোহনলালের সঙ্গে চেকোস্লোভাকিয়ার মিলাডার আলাপ হয় লন্ডনে। এক শীতের সন্ধ্যায়, সঙ্গীতানুষ্ঠানে। ভারতীয় ছাত্র মোহনলালকে মিলাডা জানিয়েছিলেন তিনি রবিঠাকুরের গীতাঞ্জলীর চেক অনুবাদ পড়েছেন। আর মোহনলাল জানিয়েছিলেন লেখকের সঙ্গে তাঁর আত্মীয়তার কথা। এভাবেই আলাপ পরিচয় পর্ব পেরিয়ে ধীরে ধীরে বন্ধুত্ব এবং বন্ধুত্ব গাঢ় হয় প্রেমে। ত্রিশ দশকের মাঝামাঝি তাঁরা ঠিক করেন বিয়ে করবেন। তখন দ্বিতীয় বিশ্বযুদ্ধের দামামা বেজে উঠেছে। চারিদিকের পরিস্থিতি অশান্ত। তাই লন্ডনেই বিয়েটা সেরে ফেলেছিলেন তাঁরা। মিলাডা দেশ ছেড়ে ভারতে চলে আসার দুদিন পরেই দ্বিতীয় বিশ্বযুদ্ধ শুরু হয়। তিনি কলকাতায় আসার পর ''দেবর শোভনলাল বউদিদির হাতে তুলে দিলেন গোলাপের স্তবকের বদলে পদ্মকুঁড়ির গুচ্ছ। জোড়াসাঁকোর পাঁচ নম্বর বাড়ি তখন পূর্বগৌরব হারিয়েছে, তবু মেয়েরা এসে তাঁকে শাঁখ বাজিয়ে নববধূর মত নিয়ে গেলেন। অবনীন্দ্রনাথ তখন ছবি আঁকছিলেন। তাঁকে দেখে বললেন, 'I am sorry for the parents who have lost you forever.' উনিশশো সাতচল্লিশের আগে তিনি আর স্বদেশের স্বজনদের খোঁজ পান নি। তাঁর মাকে নাৎসিরা ধরে নিয়ে গিয়েছিল। তিনি আর কখনও ফেরেন নি।

এই যে নানারকম লোকজন আসতো দিদিমের কাছে, তাঁদের জন্য এক অভিনব নির্দেশ ছিল। তাঁর ঘরে ঢোকার মুখে বাঁদিকে একটি কালো গোল টেবিল থাকত। তার উপর থাকতো ফুলদানি, আর ফুলদানির গায়ে হেলান দেওয়া একটা ছোট কার্ড। কার্ডটিতে নন্দলাল বসুর শৈলীতে আঁকা দুটি পা, এবং তার পাশে সুন্দর হস্তাক্ষরে লেখা

''জুতার ধুলা নয় গো<br>
তোমার চরণ ধুলা দিয়ো।।''

'জুতো খুলে ঢুকবেন' বলার এই সুচারু পদ্ধতিতে মোহিত হতেন, মজা পেতেন সবাই।

দিদিমে কল্যাণী মল্লিক মারা যান ১৯৮০র দশকের মাঝামাঝি। তাঁর উইল পড়া হলে জানা গেল আমার জন্যেও কিছু একটা রেখে গেছেন। দিদিমের মেয়ে মণিমাসী, আমার হাতে অপূর্ব জালি বা ফিলিগ্রির কাজ করা, তিনটে পলা বসানো একটি ব্রোচ দিয়ে বললেন, ''এটা তোমার, খুব সাবধানে রাখবে। মা এটা পেয়েছিলেন তাঁর দিদিমা স্বর্ণকুমারী দেবীর থেকে।''

দিদিমে প্রতি জন্মদিনে আমাকে উপহার দিতেন। তাঁর স্মৃতি বিজড়িত কীটসের কবিতার বই থেকে শুরু করে ওনার বেলজিয়াম ভ্রমণের স্মারক, এমন কি রথীন্দ্রনাথের হাতে বানানো লম্বা সরু চামড়ার খাপও দিয়েছিলেন। কি যে অপূর্ব সেই কারুকাজ! পূর্ব এশিয়ার প্রভাব স্পষ্ট তাতে – সার বেঁধে জাপানি সারস উড়ছে। কাওয়াবাতার

...তাঁর ঘরে ঢোকার মুখে বাঁদিকে একটি কালো গোল টেবিল থাকত। তার উপর থাকতো ফুলদানি, আর ফুলদানির গায়ে হেলান দেওয়া একটা ছোট কার্ড। কার্ডটিতে নন্দলাল বসুর শৈলীতে আঁকা দুটি পা, এবং তার পাশে সুন্দর হস্তাক্ষরে লেখা

''জুতার ধুলা নয় গো<br>
তোমার চরণ ধুলা দিয়ো।।''

'জুতো খুলে ঢুকবেন' বলার এই সুচারু পদ্ধতিতে মোহিত হতেন, মজা পেতেন সবাই।

'হাজার সারস' মনে পড়ত। কিন্তু সব উপহারকে ছাপিয়ে গিয়েছিল এই শোভনসুন্দর অলঙ্কার।

ব্রোচটি হাতে নিলে আমার চোখের সামনে নানা জগত দৃশ্যমান হয়। যেমন, জোড়াসাঁকোর মেয়েদের আড্ডা বসেছে স্বর্ণকুমারীর ঘরে। বিশাল ছড়ানো পালঙ্কে চলছে গড়ানো বাক্যালাপ। বেগুনি, ফুলুরি ইত্যাদির সঙ্গে গান ও আবৃত্তির আসর। আজও মহিলাদের মিলিত আসরে সংস্কৃতি চর্চার এই ধারা নতুন মাত্রা যোগ করে।

ব্রোচটির সূক্ষ্ম তারের কাজের ওপর আঙুল বোলাই। দেখতে পাই কল্যাণী মল্লিকের নানা ক্ষেত্রানুসন্ধানের বিভিন্ন জাল। নাথ যোগীদের মঠে ঘুরে বেড়াচ্ছেন, পুঁথির ভাণ্ডার ঘাঁটছেন। সাহায্যের হাত বাড়িয়ে দিলেও এক নারী গবেষিকার পক্ষে এই গূঢ়, জটিল সাধন পদ্ধতির রহস্য ভেদ করা সহজ হয় নি। বহু পরিশ্রম ও সাধনার ফলে উন্মোচিত হয়েছে নাথপন্থের সাধন পদ্ধতি। বাংলা সাহিত্য–দর্শনে নাথ সাহিত্য ও যোগীদের নিয়ে এই মাপের কাজ আজ অবধি হয় নি। এই একবিংশ শতাব্দীতে যখন যোগী আদিত্যনাথ বলেন মেয়েদের ভাবনাচিন্তা করার ক্ষমতা নেই, তাদের একা ছাড়া উচিত নয়, তখন দিদিমে কল্যাণী মল্লিকের লেখা 'নাথ সম্প্রদায়ের ইতিহাস, দর্শন ও সাধনপ্রণালী' তাঁর দিকে চেয়ে হাসে।

স্বর্ণকুমারীর ব্রোচ ঝকঝক করে ওঠে।

# Social Media – Death by Opinion

PAROMA ROY CHOWDHURY

Just a few months ago, a tidal wave of outrage had followed the brazen murder of senior journalist and activist, Gauri Lankesh. While her family, friends, colleagues and millions of readers struggled to come to terms with her death, the flood of tweets and posts across social media, condoning the act and actually mentioning that she deserved the bullets for her anti-establishment views, was deplorable. Of late, a similar wave of outrage, though of an entirely different kind, is sweeping through social media, denouncing the yet-to-be-released film 'Padmavati', for allegedly violating Rajput pride.

One tweet by former journalist Jagrati Shukla is just one example. "So, Commy Gauri Lankesh has been murdered mercilessly. Your deeds always come back to haunt you, they say. Amen. #Bengaluru#GauriLankesh" This tweet was up for a long time and was being merrily retweeted. There are scores of similar tweets issuing threats of death and dismemberment to the cast and crew of Padmavati, especially targeting the female lead and the director.

Which is what leads one to think about the terms of service and community guidelines of social media platforms like Twitter, Facebook and YouTube, when it comes to abusive, graphic and violent content? Why does some of this content stay up, despite being repeatedly reported or even reviewed? Why are takedown requests not responded to, or why do they require court orders and explicit government requests? Do you and I as ordinary citizens have any possibility of being heard, if our sentiments are hurt?

### Explicit guidelines

On paper, the social media guidelines look perfect. Twitter says, "In order to ensure that people feel safe expressing diverse opinions and beliefs, we do not tolerate behavior that crosses the line into abuse, including behavior that harasses, intimidates, or uses fear to silence another user's voice." YouTube similarly has very explicit guidelines around sexual content or nudity, violent, hurtful and graphic content, spam, copyright, and content around dangerous acts, as do most such platforms.

But what is the reality on ground? How is content reviewed and at what frequency? Does it need to be flagged manually? Does it require human intervention to be reviewed? Are local sensitivities taken into account along with global standards of what comprises as offensive? And most importantly, is the offending content removed, once flagged?

### Flagging

Content is reviewed only when flagged. None of the social media platforms can be proactively monitored, due to the sheer volume of content generated. For instance, YouTube has 500 hours of video content uploaded every minute.Facebook has two billion users around the world, including both 30-day active and seven-day active users. On an average, around 6,000 tweets are tweeted on Twitter every second, which corresponds to over 3,50,000 tweets sent per minute, 500 million tweets per day and around 200 billion tweets per year. This ensures that content is reviewed only when it is flagged as offensive, illegal and/or as violating terms of service and community guidelines. While proactive censoring is neither desirable, nor feasible, the flagging mechanism does put a constraint on the amount of content that can be reviewed. There's only so much even a million pair of eyes can see.

## Human hand

Once content is flagged, it goes to reviewers and moderators spread across the globe, who review the flagged content on a 24/7 basis and take action, if they think it is required. And quite often, this is found to be woefully inadequate. 'The Guardian' reports in a recent story that Facebook announced that it was hiring an additional 3,000 moderators; on top of the 4,500 individuals it already employs worldwide, to take down questionable content. More moderators, the argument goes, could better handle the fire hose of abusive and damaging, "offensive" content. But there is no magic number of people that will check the flow of violent, hateful, and threatening content, even if they are able to respond more quickly to reports. Adding and supporting moderators, while critical, has nothing to do with the process of deciding what is acceptable content, whether that content is on YouTube, Snapchat, Facebook or Twitter.

## Local nuances

One of the reasons why this could be happening is that the inherent strength of the reviewing mechanism is also its greatest weakness. The geographical spread ensures that there is no time lag in response, but it also precludes, at times, active consideration of local sensitivities and nuances. People outside Thailand might think juxtaposition of a pair of shoes with the king's picture is humorous, but in Thailand, you'd face prosecution for it as Google found out over a YouTube image. Closer home, when I worked for Google, in 2012 we had to take a call on the removing of "The Innocence of Muslims" video on YouTube fearing unrest in the Jammu & Kashmir region following Friday prayers, as country management and had to explain our decision to the headquarters at length, because it was seen as violating free speech. Quite often, something which is seen as violating local sensibilities is not perceived through a similar lens globally. The threat to physically harm people of course is taken seriously, across geographies.

## Global positioning

If you have worked in a Silicon Valley company or in parts of Europe, you would have seen that free speech to most is religion. It is so integral to an organization's operating philosophy, even a massacre in its office in 2015 did not deter French satirical magazine Charlie Hebdo to dilute its editorial stance.  In a case of dispute, possibly in 80 cases out of 100, a global organization will uphold its global philosophy over local sensitivity, as it has to defend itself in multiple countries and it can't have a different behavioral code for each, even if it offends a few in the short term.

## Way forward

The problem is not easily containable. More regulation is certainly not the answer. United States laws leave it highly unregulated when it comes to user-generated content, thanks to Section 230 of the Communications Decency Act, which legally absolves platforms from responsibility for user-generated content. In India too, post the Indian Supreme Court declaring Section 66A of Information Technology Act as unconstitutional and struck it down, misuse of the act to penalize people for posting critical comments about social and political issues and political leaders on social networking sites, has reduced considerably.

Executives, civil society advocates, and subject matter experts who have worked with social media platforms during the past decade, believe that greater transparency and engagement are critical to both the assessment of problems and finding solutions. Most social media platforms refuse to share details of their content regulation. And yet there are compelling reasons for more transparency and accountability. Add to this, the layer of local sensitivity and expertise, the problem could be mitigated to an extent.

Google, the big daddy of the Internet, has an ambitious plan to use artificial intelligence to weed out abusive comments and control online mobs. A technology incubator in the company, called Jigsaw—formerly known as Google Ideas—intends to spot and remove digital harassment with an automated program called Conversation AI. Conversation AI will primarily streamline the community moderation that is today performed by humans. So even if it is unable to neutralize the worst behavior online, it might foster more and better discourse on some sites. Jigsaw is already running a pilot at the New York Times. The challenge, however, will be using it, to prevent abuse like threatening to cut off DeepikaPadukone's nose and not to control or monitor for alleged threats to reputation or national security.

# চেতনা'র অরুণ আলোয়

## নাট্যব্যক্তিত্ব অরুণ মুখোপাধ্যায়ের মুখোমুখি সুকৃতি লহরী সিন্‌হা

অরুণ মুখোপাধ্যায় (জ. ১৯৩৭) বাংলার এক প্রবাদপ্রতিম নাট্যব্যক্তিত্ব। জন্ম হাওড়ার শিবপুরের এমন এক যৌথ পরিবারে যে বাড়িতে ছিল নাটমন্দির, বসত কীর্তনের আসর। যাত্রাগানের চল ছিল সে অঞ্চলে। মাত্র পনের বছর বয়সে ম্যাট্রিক পরীক্ষা দিয়ে দুঃসাহসিক এক সিদ্ধান্ত নিয়ে ফেলেন। বাড়ি থেকে পালিয়ে চলে যান উত্তর ভারত। কিছুদিন পরে ফিরে আসা। আই.এ. পড়তে ভর্তি হন প্রেসিডেন্সি কলেজে। অল্পদিনের সংযোগ কিন্তু আজও অরুণ মুখোপাধ্যায়ের সঙ্গে প্রেসিডেন্সি কলেজ / ইউনিভার্সিটি প্রাক্তনী সংসদের যোগ বড় নিবিড়। নাট্যসম্পর্কিত বিষয়ে 'অরুণদা'র শরণাপন্ন হতে দ্বিধা করে না প্রাক্তনীরা। 'অরুণদা'-ও সহাস্যে বাড়িয়ে দেন তাঁর হাত।

সেদিন ছিল ২৫শে ডিসেম্বর — বড়দিন। প্রেসিডেন্সির এক প্রাক্তনীর কাছে হাজির হলো ১৯৮২ - ১৯৮৫-র আরেক প্রাক্তনী — প্রাক্তনী সংসদের তরফ থেকে। নিয়মমাফিক সাক্ষাৎকারের প্রথা ভেঙে জমে উঠল গল্প-আড্ডা-অভিজ্ঞতা অনুভূতির বিনিময়, চা-কেক সহযোগে, যার মধুরেণ সমাপয়েৎ 'মারীচ সংবাদ'-এর মেরিবাবার গানে ! চেয়ারে বসে আশি পেরিয়ে আসা এক তেজি যুবক আর উল্টোদিকে মাটিতে বসে বড়লাম আমি-এক নাট্যশিক্ষার্থী ।

**সুকৃতি ঃ অরুণ কি প্রশ্ন করব বলুন তো! এর আগে ব্রাত্য (ব্রাত্য বসু, প্রেসিডেন্সির আরেক প্রাক্তনী) আপনার সঙ্গে দীর্ঘ কথোপকথনে সব কথাই তো জেনে নিয়েছে যা ইতিমধ্যে প্রকাশিত 'যে কথা বলোনি আগে এ বছর সেই কথা বলো' – শীর্ষক গ্রন্থে। আবার 'সায়ক' নাট্যপত্রিকায় প্রকাশিত হয়েছে দীর্ঘ সাক্ষাৎকার। আমার তো কোনও নতুন প্রশ্ন আসছে না। তবে একটা জিনিস খুব জানতে ইচ্ছে করছে এখনও এতোটা প্রাণশক্তি কোথা থেকে পান?**

**অরুণ ঃ** দর্শককে ভালো লাগাবার জন্য আলাদা কোনও মেথড বা সিস্টেম নেই। নিজের যে বিশ্বাস যে ধারণা এবং আমি নিজে থিয়েটারটা যেভাবে দেখি একটা পারফরমিং আর্ট হিসেবে - সেই যে করতে পেরেছি, কোনও জায়গায় কম্প্রোমাইজ করতে হয়নি বা করিনি সেইটেই আমার প্রাণশক্তির মূল উৎস কিন্তু। আমার জোর সেই জায়গাটা। বেশ কিছু নাটক আছে যেগুলো বেশি মানুষ দেখেননি, যাঁরা দেখেছেন উচ্ছ্বসিত হয়েছেন, কিন্তু আমাদের নাটকের মুশকিল তো সেইখানেই না, যতক্ষণ না তুমি বেশি বেশি দর্শকের কাছে পৌঁছোচ্ছ ততক্ষণ যেন তার বৃত্ত সম্পূর্ণ হয় না। একটা উদাহরণ দিয়ে বলছি তোমায় ধরো আমাদের প্রথম দল — দলের থেকেই আরম্ভ করি যদিও তার আগে আমার নিজেকে তৈরি করার অনেক ইতিহাস আছে। কিন্তু দল যখন তৈরি হল ১৯৭২-এ, দলের মানে 'চেতনা'-র প্রথম নাটকই পপুলার হলো। পপুলার মানে ভীষণ পপুলার হলো। কিন্তু আমি ফার্স্ট ক্যাপাবেল অপারচুনিটিতে আমার নিজের যে পছন্দের নাটক 'ভালো মানুষের পালা' করলাম এবং সেটা দর্শক বিচারে ফেলিওর। মারীচের পরে 'রামযাত্রা' হয়েছে, 'স্পার্টাকাস' হয়েছে, 'রোশন' হয়েছে, আরো কয়েকটা নাটক হয়েছে। মাঝারি দর্শক দেখেছে। মোটামুটি। কিন্তু 'জগন্নাথ' যখন প্রচণ্ড সফল হলো তারপরেই আমি আবার ওই নাটকটা করেছি। এই দিয়ে আমি নিজেকে বিচার করি, আমি কেন ওই নাটকটা আঁকড়ে রইলাম - এটা কি কোনও জেদ? জেদ মানে আমার নিজেরই প্রথমবারে মনে হয়েছিল যে আমার অভিনয় বা প্রযোজনার ডিজাইনের মধ্যে কোথাও কোনও ফাঁক ছিল। দ্বিতীয়বার সম্পূর্ণ অন্য ডিজাইন করে করলাম কিন্তু সেবারেও নাটকটা ফেল করল। আবার আমি এতোদিন বাদে ওই স্ক্রিপ্ট বার করে 'আবার একবার করলে হয়' এমন মনোভাব আমার কাজ করছে। ব্যাকগ্রাউন্ডে যদি ওই সাকসেসটাকে আমি ক্রাইটেরিয়া করতাম তাহলে এই জিনিসটা আমি কোথাও করতাম না। নাটকটা অসম্ভব ভালো নাটক, প্রয়োজনীয় নাটক, সেই নাটক আবার তো করাই যায়, এই সময়েও করা যায় — আবার করতে গিয়ে আবার নতুন ভাবনা যদি আসে ওইভাবে নতুন ভাবনা ভেবে তো করা যায় না — এইখান থেকে আমার মনে হয় আমার প্রাণশক্তির উৎসটা ওইখানে। আর যেহেতু আমি পেশাদার করিনি নিজেকে, পেশাদার করতে পারিনি রাদার, সেইহেতু ওই সুযোগটা একটু বেশি আছে। পেশাদার হলে যতখানি চাপ থাকে আর কি, যে বেশি দর্শকের কাছে পৌঁছনোর তাগিদটা - সেই তাগিদ এখনও আছে, সবারই থাকে কিন্তু আলটিমেট্‌লি বিশ্বাসটা রাখতে হয় নিজের ওপর নিজের ধ্যানধারণা, নিজের শিল্পের প্রতি দৃষ্টিভঙ্গি ও ভালবাসার ওপরে। এটাকে করেই করতে হয় - এটাই আমার প্রাণশক্তির উৎস বলে আমার মনে হয়।

থিয়েটার একেবারে নগদ লেনদেন তো – কিছু করার নেই। এই প্রসঙ্গে আরেকটা নাটকের কথা বলি 'দুখীমুখী যোদ্ধা' – এই নাটক আজও আমাকে ভাবায়। এ নাটকের স্মৃতি অনেকের মনেই রয়েছে – যাঁরা দেখেছিলেন তাঁরা অসম্ভব ভালো বলেছিলেন – কেউ কেউ 'জগন্নাথ'-এর থেকেও ভালো প্রোডাকশন বলেছেন। তবে এর থেকে ভালো ওর থেকে ভালো বলে কিছু হয় না। খুবই পছন্দের নাটক। আবার ইচ্ছে করে। মানে, দামী নাটক, প্রয়োজনীয় নাটক, কিন্তু আমি বলতে পারলাম না – দর্শক গ্রহণ করল না। তবে দর্শকের ওপর রাগ করে তো কোন লাভ নেই। দর্শক তো তৈরি হয় অনেকগুলো ফ্যাক্টর নিয়ে। আমরা শুধু কলকাতার কথা ভাবি বা কয়েকটা মফঃস্বল শহরের কথা ভাবি। কিন্তু আরেকটু ভেতর দিকে যাও — অসংখ্য দর্শক রয়েছে তোমার। তাদের কাছে তো তুমি পৌঁছতেই পারলে না। সিনেমার যে সুবিধাটা আছে – যে কোনও প্রত্যন্তে পৌঁছে যেতে পারে আমরা তো তা পারি না। ওই অর্থে, কোন জায়গায় বেশ দমে যাওয়া, আর লোকে দেখল না বলে বসে পড়ার মনোভাব আমার মধ্যে আসেনি – কোনও দিনই আসেনি। এটাও আমার প্রাণশক্তি।

**সুকৃতিঃ সেই প্রাণশক্তির জোরেই এই ২০১৭-তে এতগুলো ছেলেমেয়েকে নিয়ে পরিচালনা করে ফেললেন 'খড়ির গণ্ডি'?**

**অরুণ ঃ** আমার এই লাস্ট যে কাজটা 'খড়ির গণ্ডি' — নিজেকে আবিষ্কার বলা যায়! এই নাটকটা কতবার পড়েছি কত ভালো নাটক জানি, কিন্তু করতে গিয়ে দেখলাম, যা ভেবেছিলাম তার কয়েকগুণ বেশি ভালো নাটক! ডিজাইনটা যখন করছি এবং আর্টিস্টদের বোঝাতে হচ্ছে তখন তো আমার কোনও ফাঁকিবাজি থাকলে হবে না — নিজের বোঝা, একক ভাবে বোঝা, সেটা এক জিনিস আর একটা প্রোডাকশন করতে গিয়ে দেখলাম রন্ধ্রে রন্ধ্রে মণিমুক্তো ছড়ানো রয়েছে। না করলে এভাবে বোঝা যায় না। বোঝা যায় বলে আমার মনে হয় না। কারণ প্রত্যেকটা প্রবলেম সলভ করতে হচ্ছে। যে এক্সিকিউট্ করবে অর্থাৎ অভিনেতা তাকে বোঝাতে হচ্ছে আবার অভিনেতার দায়িত্ব হচ্ছে দর্শককে বোঝানো। তখন আমি দেখলাম, আরে একটার পর একটা দরজা খুলে যাচ্ছে। বড়মাপের নাটক করার সুফল কিন্তু এটাই। বড় মাপের নাটক করলে যে পরিচালক সে শিক্ষিত হয়, সে যোগ্য হয়ে ওঠে। চ্যালেঞ্জটা না নিলে এ সুযোগটা তার জীবনে ঘটে না। ধরো, সেক্সপীয়রের নাটক। পণ্ডিত, হয়ত সেক্সপীয়র পড়া বা ইংরেজি জানা মানুষ, তিনি হয়ত সবথেকে ভালো বুঝবেন, কিন্তু থিয়েটার করতে বললে তিনি তো পারবেন না। থিয়েটার যেভাবে দর্শকের কাছে পৌঁছোয় তার তর-তারিকা তাকে সবকিছু জানতে হবে তো? তাই পণ্ডিতের বোঝা আর থিয়েটারের মাধ্যমে দর্শককে বোঝানো সম্পূর্ণ আলাদা। এইখানেই প্রশ্নটা এসে যায় এইখানে তুমি ভেজাল মেশাবে কি, ভেজাল মিশিয়ে জিনিসটা তরল করবে কি? করবে না। উপায় নেই তুমি যদি বড় মাপের কাজ করতে যাও এই ঝুঁকি তোমায় নিতেই হবে। নিতেই হবে। এই ঝুঁকি খুব আনন্দেরও বটে। হয়ত এতটা দুঃখ পাশাপাশি থাকে যে বেশি দর্শক দেখছে না। কিন্তু – আমায় কতলোক বলেছে জানো যে 'মারীচ সংবাদ'-এর মতো আরেকটা ওই রকম নাটক লিখলেন না – আমি বললাম আরেকটা ওইরকম নাটক লেখা সম্ভব না রে ভাই। এ তো ফর্মূলা নয় – যে একবার ট্রেডমার্ক হয়ে গেল তারপর ছাপ দিলেই হবে। হয় না।

**সুকৃতি ঃ ''খড়ির গণ্ডি'' আপনি বড় মাপের নাটক বলছেন – কেন বলছেন আর এর প্ল্যানটা কবে থেকে শুরু হল??**

**অরুণ ঃ** না, প্ল্যান না। যখন 'মিনার্ভা' থেকে আমাকে বলা হল যে আপনি আপনার পছন্দ মতো নাটক করুন, তখন এই নাটকটা বাছলাম। পড়লাম প্রথমে। তারপর একজনকে দিয়ে অনুবাদ করানো হল, যদিও দু-তিনটে অনুবাদ আছে। পছন্দ হল না বলব না, কিন্তু আমার মনে হল.... একজন ইয়াং ড্রামাটিস্ট শুভঙ্কর দাশশর্মা তাকে দিয়ে বললাম চ্যালেঞ্জটা তুই নে। দুজনে মিলে অনেক পরামর্শ-টরামর্শ হয়েছে। মূলত পুরো ছকটাই সে করেছে। বিশেষ করে তার কবিতা লেখার হাতটা ভালো বলে গানগুলো অত ভালো হয়েছে। বাণীগুলো অত ভালো হয়েছে।

তো নাটকটা করতে গিয়ে বুঝলাম নাটকটা কঠিনও বটে। আবার, ওই তুমি কতদূর সাঁতরে যেতে পার। যতদূর সাঁতরে যেতে পারবে দিঘিটা তত বেড়ে যাবে। বুঝলে – এই হচ্ছে কথা।

**সুকৃতি ঃ আর যারা অভিনয় করল? সবাই তো মিনার্ভা রেপার্টরির। এটা খুব সুবিধার কাজের ক্ষেত্রে।**

**অরুণ ঃ** হ্যাঁ এদের মধ্যে কয়েকজন মাঝারি মাপের বা দু-একজন ভালো অভিনেতা আছে। বাকিরা সব সাধারণ অভিনেতা – প্রচুর পরিশ্রম করছে, বোঝার চেষ্টা করেছে। কোনও কোনও জায়গায় একটু ভুল বোঝাবুঝিও হয়েছে। মানে ওরা ঠিক এই ধরণের রিহার্সালে অভ্যস্ত নয় বলেই। যেমন রিডিং রিহার্সাল আমি অনেকদিন করেছি। পরের দিকে বুঝতে পারল কেন এতো রিডিং রিহার্সাল দরকার। ওই একটা কথা নিয়ে, মানে কি হতে পারে – ব্রেখট কেন এমন ঘুরিয়ে বলছে – তুমি যা ভাবছ তা নয় – তারপর পেয়ে গেলাম বুদ্ধদেব দাসকে। নইলে এই নাটকটা হয়ত করাই যেত না। নাটকটার রিহার্সাল চলতে চলতেই চরিত্র বাছাই হয়েছে, এডিট হয়েছে, রি-রাইট হয়েছে প্রচুর বার। আমি ওসব কিছু মানিনি। তবে আমার পক্ষে খুব এনটারটেইনিংও হতো। খুব উৎসাহজনক হতো। আমি কখনও বাড়িতে বসে ডিজাইন করিনা, জানোতো, প্রথম দিকে করতাম, তবে অনেকদিন ছেড়ে দিয়েছি। এবং অ্যাকটরদেরও আমি ম্যাক্সিমাম লিবার্টি দিই – দিয়ে থাকি, সে উইক অ্যাক্টর হলেও। লিবার্টি দিয়ে আমি দেখেছি ফল সব সময় ভালো পাওয়া যায়। ওই দেখিয়ে দিন বলে দিন – তো দেখিয়ে দিয়ে কী হবে? স্টক অ্যাক্টিং-এর একটা প্রবণতা তো থাকেই। একটু দক্ষ অভিনেতা হলে তাদের নিয়ে একরকম প্রবলেম আবার অদক্ষদের নিয়ে আরেক রকম। দক্ষ অভিনেতা হয়তো তাল পাচ্ছেনা তো তাকে একটু হেল্প করার জন্য একটা লাঠি দিয়ে সাহায্য করা – সেটা করতেই হয়। আবার দক্ষ অভিনেতার ক্ষেত্রে ইমপ্রেস করার একটা চেষ্টা থাকে। আমি বলি তোমার যেটা মনে হয় সেটা করো। ইমপ্রেস করতে যেওনা ধরা পড়ে যাবে। তো এরকম করতে করতে প্রোডাকশন যেটা দাঁড়িয়েছে সেটা খুব স্মুথ। ছোট বড় অ্যাক্টিং গুলো কম বেশি তার মধ্যেও কি খামতি নেই? খামতি অবশ্যই আছে। কিন্তু চমৎকার দাঁড়িয়েছে।

**সুকৃতি ঃ তারপর অনেক মানুষ নিয়ে কাজ।**

**অরুণ ঃ** হ্যাঁ অনেক মানুষ নিয়ে স্টেজে একসঙ্গে ফার্স্ট সিনটা করতেই তো কালঘাম ছুটে গেছে।

**সুকৃতি ঃ এটার একটা সুবিধা ছিল বোধহয়, অরুণদা।**

**অরুণ ঃ** সবচেয়ে সুবিধা হচ্ছে একসঙ্গে পাওয়া এবং মঞ্চে রিহার্সাল দিতে পারা।

**সুকৃতি ঃ এবং যখন বলছেন তারা আসছে। রেগুলারিটি ছিল।**

**অরুণ ঃ** একদম।

**সুকৃতি ঃ তাছাড়া ওদেরও তো পরিচালক মানুষটিকে চিনতে সময় লাগবে। একেকজন পরিচালকের তো একেক রকম পদ্ধতি। আর আপনাকে তো ওদের চিনতে হবে। আপনি তো পথ বদল করবেন না।**

**অরুণ ঃ** না, পথ বদল করতে তো আমি পারব না। আমার দায়িত্ব আমাকে নিতে হবে আর অ্যাকটরদের বলেছি তোমাদের দায়িত্ব তোমাদের। তুমি ভালো করলে তোমার প্রশংসা।

**সুকৃতি ঃ এই যে ভাবনাটা এটা তো একটা রিস্ক ছিল — এই যে এতো বড় একটা কাজ — এত লোককে নিয়ে বিভিন্ন দলের ঘরানার ছেলেমেয়েরা – তারমধ্যে চার পাঁচজন একেবারে নতুন।**

**অরুণ ঃ** হ্যাঁ রিস্ক ছিল। তবে ওরা বলে দিয়েছিল কোনও স্টার আর্টিস্ট নেওয়া চলবে না। আমি বললাম ঠিক আছে। স্টার বলতে দক্ষ, মানে যারা নিয়মিত করছে। ওই সুধা মেয়েটি রোল করছে আর বুদ্ধদেব। এই দুটো যখন পাওয়া গেল মনে হল এরা পারবে — তখন আমার দ্বিধাটা কেটে গেল। তবে একেক জনকে ৪–৫টা রোল করতে হয়েছে। ৭৫ না আশিটা চরিত্র!

**সুকৃতি ঃ 'খড়ির গণ্ডি' তো আপনি দেখেছেন? নান্দীকারের প্রোডাকশন?**

**অরুণ ঃ** হ্যাঁ নান্দীকারেরটা দেখেছি। ভালো লেগেছিল। সুব্রতরটাও ভালো লেগেছিল। সুব্রত নন্দী করেছিল। বাদলদারটাও তো অন্যরকম ভাবে। বেশ ভালো লেগেছিল। সবকটাই ভালো লেগেছিল।

**সুকৃতি ঃ এইগুলোর থেকে বেরোলেন কি করে?**

**অরুণ ঃ** না, অনেকদিন তো কেটে গেছে –

**সুকৃতি ঃ ওই স্মৃতিগুলো নেই?**

**অরুণ ঃ** এমনভাবে চাপ দিয়ে নেই – যে মাথাতে একরকম ভার হয়ে বসে আছে।

আমি একদম স্ট্রেট অ্যাপ্রোচ করেছি। একদম সিধে রাস্তা, রিহার্সালে ওদের সব কম্পোজিশন সব আপনা হতে হয়েছে। আমি গ্রাফ করে নিয়ে গিয়ে কম্পোজিশন করেছি, ব্যাকিং করেছি — সেরকম কিছু না। মানে, আমি সময়ও পেয়েছি। সকাল ১১টা থেকে ৮/৯ ঘন্টা রিহার্সাল হতো। আর স্টেজে রিহার্সাল হতো মানে অসম্ভব সুবিধা হয়েছে। আসলে ঘরে যেটা কষ্ট করে করতে হয়ে আবার সেটা স্টেজে গিয়ে নতুন করে বদলাতে হয়। তারপর সেট্–টেট ওখানে তৈরি হচ্ছে পোশাক ওখানে তৈরি হচ্ছে, গোটা ব্যাপারটা খুব.....

**সুকৃতি ঃ নিজের দলে করতে গেলে যেমন সব দিকে মাথা ঘামাতে হয় – মিনার্ভায় সেটা....**

**অরুণ ঃ** না ওসব ভাবতে হয়নি। আর, আমাকে অনেকখানি সাহায্য করেছে – চুমকি মানে সঙ্গীতা (পাল), ও' ছিল আমার প্রধান সহকারী। অনেকটা দায়িত্ব নিয়েছে। অনেকটা মানে কস্টিউমটা তো চমৎকার করেছে, সময় প্ল্যানিং থেকে আরম্ভ করে। তারপর প্রতিনিয়ত স্ক্রিপ্ট–এ কোথায় কি গণ্ডগোল হচ্ছে সেগুলো দেখেছে। আমি একদম ওপেন রেখেছিলাম নিজেকে। অ্যাকটরদেরও বলেছিলাম যে তোমরা নিজেরটা শুধু নয় অন্যদের অ্যাক্টিং–এ যদি কিছু থাকে বলতে পার। সবার সামনে বলতে পার – কোনও অসুবিধা নেই। ওরকম একটা আবহাওয়া তৈরি করতে পেরেছিলাম। ১১ না ১২টা লাইটের রিহার্সাল হয়েছে তুমি ভাবো না। কোনও দিন আমরা এটা করতে পারি? করিয়েছি, মূল গায়ক দেবরাজকে দিয়ে। অসম্ভব মিষ্টি গলা। চমৎকার গলা। তাকে দিয়ে সুর করিয়েছি। সাহায্য করেছি সামান্য। সবটাই ও' করেছে। সহজ সরল সুর হয়েছে – ও' নিজে গাইছে। লাইভ মিডাসিক। হারমোনিয়াম আর ঢোলক যারা বাজালেন দুজনেই খুব এক্সপার্ট। বাইরে থেকে এসেছেন। এরাও প্রায় ১৬টা রিহার্সাল দিয়েছেন। স্টেজে বসে এতক্ষণ সময় ধরে হচ্ছে, তারমানে তুমি বুঝতে পারছ? একেকটা অংশ আমি অনেকটা সময় দিয়ে করতে পারছি। ৭/৮ ঘন্টা যদি তুমি রিহার্সালে সময় পাও তাহলে অনেকটা রিল্যাক্স ওয়েতে রিহার্সাল করা যায়। আমি দেখতাম সবসময় ওরা খালি বলত 'রান থ্রু' 'রান থ্রু', – তা আমি 'রান থ্রু'–র বিপক্ষে। 'রান থ্রু' মানে ডিরেকটরের শুধু বসে থাকা, কোনও কারেকশন করা যায় না। শোটাকে রান থ্রু ধরব। তখন আমি বসে বসে দেখব।

**সুকৃতি ঃ আপনিও যে এতদিন পর এতোগুলো ইয়াং ছেলেমেয়েদের সঙ্গে কাজ করলেন আপনার মানসিকতাও কিছুটা কি বদলালেন?**

**অরুণ ঃ** অবশ্যই, অবশ্যই। অবশ্যই আমি গেইন করেছি এদের থেকে। যে সুযোগ এই মিনার্ভা রেপার্টরি থেকে পাওয়া যায় দলে ওভাবে করার কথা ভাবতেই পারি না।

**সুকৃতি ঃ আপনি এই প্রজন্মের সঙ্গে তো কাজ করলেন – কী দেখলেন তাদের একটা পজিটিভ বা একটা নেগেটিভ দিকও দেখেছেন ? কী মনে হয়েছে এই জেনারেশন সম্পর্কে?**

**অরুণ ঃ** না, দেখো–এখানে যে পদ্ধতিতে এঁরা সিলেকশন করেন এর থেকে সায়েনটিফিক আর হয় না। এঁরা গ্রাম লেভেল থেকে কমিটি করে ছেলে মেয়ে সিলেক্ট করে ধাপে ধাপে এসে ফাইনাল আর্টিস্ট সিলেক্ট করেন। ফলে তুমি যে এতগুলো ছেলে পাচ্ছো তাদের এভারেজ লেভেল খুব high আমি বলব না, তবে বেস্ট চয়েস বলব। এদের মধ্যে যারা আরও দক্ষ, মিনার্ভায় আগের ব্যাচে যারা ছিল আর কি, তারা বেরিয়ে নিজেরা দল করেছে – একজন তো খুবই প্রমিন্যান্ট অনির্বাণ (ভট্টাচার্য), তারপর কৌশিক কর, কৌশিক অধিকারী আরো কয়েকজন। সবার নাম হয়তো মনে পড়ছে না – বেশ কয়েকজন। এদের মধ্যেই এরা লুকিয়ে আছে।

**সুকৃতি ঃ অরুণদা, অনেকদিন ধরেই তো আপনি থিয়েটারের সঙ্গে থাকলেন – কখনও আপনি থিয়েটার ছেড়ে চলে যেতে চাননি?**

**অরুণ ঃ** না, কোন প্রশ্নই নেই। কোন প্রশ্নই নেই।

**সুকৃতি ঃ থিয়েটারে কি পেলেন আর কি পেলেন না?**

**অরুণ ঃ** আমার ওরকম কিছু কাজ করে না। একটাই আফশোস, যে আমি তো আমার দক্ষতাটা প্রমাণ করেছি, আমি যদি আমাকে বাইরে থেকে দেখি, এই মানুষটা তাকে যদি সরকারী অফিসে কেরানীগিরি না করতে হোত রুটিরুজির জন্য, তাহলে আমি ডেফিনিটলি আরও ভালো কাজ করতে পারতাম। লাইফ তো একটাই। অবশ্য, সেটা নিয়ে দুঃখ করার বা আক্ষেপ করার, কান্নাকাটি করার কিছু নেই। তার মধ্যে যতটা সম্ভব কাজ করার, করেছি। অবশ্য, কাজে যে ফাঁকি দিয়েছি সেটাও খুব প্রশংসার যোগ্য নয়। কাজে ফাঁকি দিয়েছি, অফিসে ছুটি নিয়েছি, তিন বছর তো আমি উইদাউট পে হয়েছি। আবার একই সঙ্গে নিজেকে যোগ্য করে তুলেছি। আমার কোনও গুরুর কাছে যাবার সুযোগ হয়নি – একেবারেই নিজে নিজে তৈরি হওয়া। শিবপুর আইপিটিএ–তে আসার আগেই আমরা শিবপুরের কয়েকজন সমবয়সী মিলে একটা দল তৈরি করেছিলাম। তারপর ঋত্বিক সম্প্রদায়ে প্রায় দশবছর (১৯৫৫–১৯৬৫)। আর, 'শিবপুর গণনাট্য সংঘ'–এ শুধু অভিনেতা হিসেবে নয়, পরিচালনা, সঙ্গীত পরিচালনা সবই করেছি। নাটকও লিখেছি। খুব অল্প বয়সে চাকরীতে ঢুকেছি – সেখানেও নাটক আমার সঙ্গী। প্রথমে পাসপোর্ট অফিসে, তারপর রাইটার্স বিল্ডিং–এ আসার পর কো–অর্ডিনেশন কমিটির হয়ে। সেখান থেকেই তৈরি হল ১৯৭২–এ' 'চেতনা' নাট্যগোষ্ঠী। তাই বলছি সবটাই তৈরি করেছি নিজে কাজ করতে করতে। – তবে বলব যা করেছি ভালোবেসে করেছি। ওই যে তুমি বললে না, কি পওয়া আর কি না পাওয়া? তো পাওয়াটাই আমার মনে আছে। পাওয়াটাতেই আমি সন্তুষ্ট। আমার না–পাওয়া নেই। বরং আমার পরিবারের, বাড়ির — তাদের অনেক স্যাক্রিফাইস করতে হয়েছে। বিশেষ করে আমার স্ত্রী। তাঁকে অনেক বেশি সময় দিতে হয়েছে। ছেলেরাও যে মানুষ হয়েছে, প্রধান ভূমিকা তাঁর। আমি তো সারাদিনই এইটে নিয়ে ব্যস্ত।

**সুকৃতি ঃ তার জন্য তো তিনি অভিযোগও করেননি কখনও।**

**অরুণ ঃ** না। অভিযোগ করেননি। তারপর ছেলেরা বড় হয়েছে, তাদের যোগ্যতা প্রমাণ করেছে। তাঁরও কিছু কিছু প্রাপ্তি ঘটেছে ঠিকই। কিন্তু আমি বলছি ওই জায়গাটা — আমার তো নাম হয়েছে, লোকে ভালোবেসেছে, দর্শকদের ভালোবাসা পেয়েছি। আমার পাওয়াটা তো অনেক। যদি ওই বাড়ি গাড়ির কথা হিসেব না করি, তাহলে পাওয়াটাই বেশি। কারণ এ দেশে থিয়েটার করে কেউ বড়লোক হবে – এটা ভাবতে পারে না। এখানে শম্ভুদাকে প্রথমদিকে বোম্বেতে গিয়ে কাজ করতে হয়েছে, উৎপলদাকে তো করতেই হয়েছে অনেক। অত বড়ো মাপের মানুষ ছিলেন তাঁরা। অজিতেশবাবুও তাই। কারণ, উপায় নেই।

**সুকৃতি ঃ আপনি নিজেকে খুশি রাখতে পেরেছেন বলেই বোধহয় এতদিন থিয়েটারটা করে যেতে পারলেন–**

**অরুণ ঃ** নিজেকে খুশি রাখতে না পারলে তুমি থিয়েটারটা করতে পারবে না।

**সুকৃতি ঃ নাটকের জন্য যা যা লাগবে সে সবই আপনি সবসময় করে গেছেন –**

**অরুণ ঃ** করে গেছি। নাটকের পড়াশুনাটা ওই ১৬/১৭/১৮–র আগে শুরু হয়নি। সবই হাতে কলমে শেখা। যেমন টেকনিক্যাল দিকগুলো সেট্ বলো, লাইট বলো, মিউজিকে তো জন্মগত দক্ষতা ছিল। গান লিখেছি, সুর করেছি। নাটকের মিউজিক করেছি।

**সুকৃতি ঃ রাজ্য কো–অর্ডিনেশন কমিটির পরিচালক হিসাবে আপনার অভিজ্ঞতা তো খুব ভালো।**

**অরুণ ঃ** হ্যাঁ। অনেকগুলো কাজ করেছি। রাজ্য সরকারী কর্মচারীদের সংগঠন। বছরে একটাই করে নাটক করত। কিন্তু ভেরি মাচ সিরিয়াস। একেবারে গ্রুপ থিয়েটারের যে শৃঙ্খলা সেই শৃঙ্খলা মেনে রিহার্শাল হতো। ৫.৩০টায় ছুটি – ৫.৪০ এর মধ্যে সবাই এসে যাচ্ছে।

**সুকৃতি ঃ আসতেন সবাই?**

**অরুণ ঃ** হ্যাঁ, কোনও কামাই নেই। কামাই হলে তার জবাবদিহি করতে হতো। ছুটি নিতে হোত।

[ এর মধ্যে মহাদেবদা নিয়ে এলেন চা, আমাদের জন্য লিকার চা মানে 'নাট্য–চা' আর অবশ্যই কেক। ]

বড়ো বড়ো প্রোডাকশন্ করেছি। গোর্কির 'মা' করেছি ৬৫ জন প্রায়, 'স্পার্টাকাস' করেছি – সেও প্রায় ৫০ জন। ওই রাইটার্স বিল্ডিং–এর ক্যান্টিন হলে। একটা শো কিন্তু তার জন্য কত পরিশ্রম। 'গোর্কির মা' তো যাত্রা ফর্মে করলাম। এই ফর্মটা আমি ইনভেন্ট করলাম। ক্যান্টিন হলের যে স্টেজ সেটা খুব ছোট, আর সাউন্ড সিস্টেমও ভালো নয়। তো আমি অভিনয়টা নিয়ে এলাম মাঝখানে, চারদিকে দর্শক।

**সুকৃতি ঃ পরিচালক আপনি?**

**অরুণ ঃ** হ্যাঁ পরিচালক আমি। নাটক লিখেছিও। নাটক লিখতে যে খুব ভালোবাসি তা নয়। ওঁরা লেখাবেনই। নিজেদের নাটক নিজেরা লিখব, নিজেরা করব এটা ওঁরা বিশ্বাস করতেন। এমনও হয়েছে একটা ইস্যু নিয়ে একদিকে নাটক লিখে, তৈরি করে তার অভিনয়ও হয়েছে।

**সুকৃতি ঃ অরুণদা, আপনি নিজেকে যেমন তৈরি করেছেন তেমনি সেই সময় আপনি বিখ্যাত সব মানুষদের নাটক দেখেছেনও। আমি তিনজনের কথা জিজ্ঞাসা করব – শম্ভু মিত্র, উৎপল দত্ত এবং অজিতেশ বন্দ্যোপাধ্যায়। এঁরা কি কোনভাবে আপনাকে প্রভাবিত করেছেন?**

